DESCO
POWER IS YOURS

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড
নির্বাহী পরিচালক (অপারেশন) এর দপ্তর
২২/বি কবি ফররুখ সরণি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯
www.desco.org.bd

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০০৫.০৬.০১৪.২০.৯৩

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৭
১৪ ডিসেম্বর ২০২০

বিষয়: **মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহীত সার্বিক কর্মসূচী বাস্তবায়নের অগ্রগতি, সরকারি অফিসসহ সকল বকেয়া আদায় কার্যক্রম আরও জোরদার করা, HT/LTCT Meter Test, BERC অনুমোদিত HT/LTCT অভিন্ন Reading Sheet অনুযায়ী মিটার রিডিং গ্রহণ, Pre-payment মিটার স্থাপনের পূর্বে Post Paid Meter এর বিপরীতে থেকে যাওয়া বকেয়া আদায়, WASA'র বিদ্যুৎ বিলের তথ্য প্রদান নিশ্চিতকরণ, অনাবাসিক গ্রাহকদের বিপরীতে LPC আদায়, স্বাস্থ্য বিধি মেনে চলা, Small Scale Line নির্মাণ, গণশুনানী ও বিবিধ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি : নূর মহম্মদ, নির্বাহী পরিচালক (অপারেশন)
তারিখ : 08/12/২০20ইং (মঙ্গলবার)
স্থান : অনলাইন
সময় : দুপুর ২:৩০ ঘটিকা

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র. নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহীত কার্যক্রমের বাস্তবায়নের অগ্রগতি | ক) মুজিববর্ষ উপলক্ষ্যে ডেসকো কর্তৃক প্রদানকৃত ভ্রাম্যমান গ্রাহক সেবা সংক্রান্ত প্রতিদিনের তথ্য দিন শেষে প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (ইষ্ট জোন) কে অবহিত করতে হবে। | |
| | | খ) গ্রাহক সচেতনতার জন্য তৈরীকৃত অডিও ক্লিপ নিয়মিত এক অবস্থানে সেবা কেন্দ্র ও প্রবেশদ্বারের সম্মুখে সাউন্ড সিষ্টেমের মাধ্যমে বাজাতে হবে। | |
| | | গ) মুজিববর্ষ উপলক্ষ্যে বিভিন্ন বি ও বি বিভাগ কর্তৃক ভবনের বাইরে টাঙ্গানো ব্যানার ও দেয়ালে কোন লেখা থাকলে এবং তা মলিন হয়ে গেলে প্রয়োজনে পুনরায় লিখাতে হবে এবং যে সকল বৃক্ষ রোপন করা হয়েছে নিয়মিত তা পরিচর্যা করতে হবে। | |
| | | ঘ) প্রত্যিটি বি ও বি বিভাগকে তার আওতাধীন সকল স্থাপনাসমূহ নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। | |
| | | ক) সরকারি / আধা-সরকারি / স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বকেয়া বিদ্যুৎ বিল আদায় নিশ্চিতকল্পে জুলাই, ২০২০ মাস হতে ডিসেম্বর, ২০২০ মাস পর্যন্ত ব্যবহারের ভিত্তিতে ২০২০-২১ অর্থ বছরে অবশিষ্ট মাসসমূহের সম্ভাব্য বিলের পরিমান উল্লেখকরতঃ মোট বিলের পরিমান সংশ্লিষ্ট অফিসকে অবহিতকরণসহ স্ব স্ব সংস্থার বর্তমান বাজেটে বিদ্যুৎ বিল খাতে প্রয়োজনীয় অর্থ সংকুলান না থাকলে সংশোধিত বাজেটে বরাদ্দ প্রাপ্তির ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানাতে হবে। বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধে ব্যর্থতায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ২। | সরকারি অফিসসহ সকল বকেয়া আদায় কার্যক্রম আরও জোরদারকরণ | খ) ওয়াসার কোন পুরাতন বিল বকেয়া থাকলে তার তালিকা তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলী হয়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে। বিল নিয়ে কোন বিতর্ক থাকলে প্রয়োজনে নিম্নস্বাক্ষরকারীর সাথে আলোচনাক্রমে সমাধান করবেন এবং ওয়াসাকে তা পরিশোধের জন্য পত্র দিতে হবে। এছাড়া নিয়মিত মাসিক বিলের তথ্য বি ও বি বিভাগ হতে সংশ্লিষ্ট মডস জোনে ও প্রধান প্রকৌশলী (ওয়েষ্ট জোন) এর নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করবে। | |
| | | গ) বাংলাদেশ পুলিশের কোন পুরাতন বিল বকেয়া থাকলে তাহার তালিকা তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলী হয়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে। বকেয়ার তথ্যসহ বাংলাদেশ পুলিশ এর সদর দপ্তরে প্রয়োজনে প্রধান প্রকৌশলী স্ব স্ব জোন থেকে পত্র প্রদান করা হবে। | |
| | | ঘ) ইজতেমা মাঠের ডিপ টিউবওয়েলসমূহের বকেয়া বিলসহ অন্যান্য স্থাপনার বিলের সর্বশেষ অবস্থা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ইষ্ট জোন-২) নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবে। ইজতেমা মাঠের বকেয়া বিল আদায়ের বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ইষ্ট জোন-২) সার্বিক তত্ত্বাবধান করবেন এবং নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ইষ্ট জোন-২) |
| ৩। | HT/LTCT Meter Test | ইতোপূর্বে গৃহীত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক প্রতিটি বি ও বি বিভাগকে তার আওতাধীন সকল HT/LTCT মিটারের সিডিউল তৈরী করে প্রতি ৬ (ছয়) মাসে একবার করে পরীক্ষা করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ৪। | BERC অনুমোদিত HT/LTCT অভিন্ন Reading Sheet অনুযায়ী মিটার রিডিং গ্রহণ, | প্রতিটি বি ও বি বিভাগ BERC অনুমোদিত HT/LTCT অভিন্ন Reading Sheet অনুযায়ী রিডিং সংগ্রহ করবে। অন্ততঃ প্রতি ৩ (তিন) মাস অন্তর তার আওতাধীন সকল HT/LTCT মিটারের মিটার রিডিং গ্রহণকালীন সময়ে ফরমের সকল তথ্য পূরণ করতে হবে। | |
| ৫। | Pre-payment মিটার স্থাপনের পূর্বে Post Paid Meter এর বিপরীতে থেকে যাওয়া বকেয়া আদায় | Pre-payment মিটার স্থাপনের পূর্বে Post Paid Meter এর বিপরীতে থেকে যাওয়া বকেয়া জন্য গ্রাহকদেরকে নোটিশ প্রদান করতে হবে, অন্যথায় স্মার্ট মিটারধারী গ্রাহকদের অনলাইনে সংযোগ বিচ্ছিন্ন করা হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ৬। | অনাবাসিক গ্রাহকদের বিপরীতে LPC আদায় | কোভিড-১৯ এর কারণে সরকার ঘোষিত সাধারণ ছুটিকালীন সময়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী কিছু কিছু অনাবাসিক গ্রাহকদের বিল LPC ছাড়া গ্রহণ করা হয়েছিল। পরবর্তীতে BERC কর্তৃক আবাসিক ব্যতীত অন্য কোন গ্রাহকদের LPC মওকুফ না করায় কোন কোন অনাবাসিক গ্রাহকের মূল বিল পরিশোধ থাকলেও LPC বকেয়া হিসেবে প্রদর্শিত হচ্ছে। যে সব অনাবাসিক গ্রাহকদের ৫০০ টাকার কম LPC বকেয়া রয়েছে, তাদের LPC'র টাকা চলমান বিলের সাথে যোগ করে আদায়ের ব্যবস্থা নিতে হবে। যে সকল বড় বড় শিল্প ও বাণিজ্যিক গ্রাহকদের LPC'র পরিমান বেশী তাদেরকে নোটিশ প্রদান ও ব্যক্তি যোগাযোগের মাধ্যমে LPC'র টাকা আদায়ের ব্যবস্থা নিতে হবে। কোন নোটিশেই আপাততঃ সংযোগ বিচ্ছিন্ন করার বিষয় উল্লেখ করা যাবে না। সকল এলাকায় একসাথে নোটিশ প্রদান না করে এলাকাভিত্তিক নোটিশ প্রদান করতে হবে। | |
| ৭। | স্বাস্থ্য বিধি মেনে চলা | ক) বি ও বি বিভাগের প্রতিটি কর্মকর্তা/কর্মচারীকে সকল ধরনের স্বাস্থ্য বিধি মেনে চলাসহ আবশ্যিকভাবে মাস্ক পরিধান করতে হবে<br>খ) স্বাস্থ্য বিভাগ থেকে প্রেরিত স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন শ্লোগান সমূহ দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে। | |
| ৮। | Small Scale Line নির্মাণ | Small Scale Line নির্মাণের ক্ষেত্রে সম্ভাব্য ডিপোজিট ওয়ার্কের কাজ ও ট্রান্সফরমার অগমেন্টেশনের কাজ অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্ন করতে হবে। | ইঞ্জিনিয়ারিং ইনচার্জ<br>সকল জোন |
| ৯। | গণশুনানী | APA'র লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রতিটি বি ও বি বিভাগকে নিয়মিত Zoom এর মাধ্যমে গনশুনানীর আয়োজন করতে হবে। বিদ্যুৎ বিভাগ নির্দেশিত গনশুনানীর জন্য দুই জোনের প্রধান প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | নির্বাহী প্রকৌশলী,<br>সকল বি ও বি বিভাগ<br>ও<br>প্রধান প্রকৌশলী<br>(ইষ্ট/ওয়েষ্ট জোন) |
| | | ক) ভোল্টেজ সীমার মধ্যে ৮০ কি:ও: লোড পর্যন্ত এলটিতে সংযোগ দেয়ার ফলে বিদ্যমান ট্রান্সফরমার যাহাতে কোনভাবেই ওভারলোডেড না হয় তাহা নিশ্চিত হতে হবে। ট্রান্সফরমার ওভারলোড হওয়ার সম্ভাবনা থাকলে ট্রান্সফরমার উত্তোলন/ লোড বিভাজনপূর্বক লোড বরাদ্দ দিতে হবে।<br>খ) ট্রান্সফরমার স্থাপনে বিলম্বের কারণে সংযোগ বিলম্বিত হওয়ার সম্ভাবনা থাকলে তা পত্র দ্বারা গ্রাহককে অবহিত করতে হবে। গ্রাহক বিলম্ব করতে রাজী না হলে তাকে HT সংযোগ গ্রহণের জন্য পরামর্শ দিতে হবে।<br>গ) প্রতিটি বি ও বি বিভাগকে মিটার রিডিং বই ও গ্রাহক আঙ্গিনায় অবস্থিত মিটার রিডিং কার্ডে মিটার রিডারগণ যথাযথভাবে নিয়মিত মিটার রিডিং লিপিবদ্ধ করছে কিনা তা নিয়মিত চেক করতে হবে। | নির্বাহী প্রকৌশলী,<br>সকল বি ও বি বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ১০। | বিবিধ | ঘ) প্রি-পেইড মিটারধারী আবাসিক গ্রাহকের ক্ষেত্রে ফ্লাটের /টিনশেড ঘরের বিপরীতে বরাদ্দকৃত মিটার ওভারলোডে ব্যবহার করলে অনুমোদিত লোড বৃদ্ধি করা হবে। তবে বানিজ্যিক ও ক্ষুদ্র শিল্প গ্রাহকদের ক্ষেত্রে দেখে শুনে ওভারলোডে ব্যবহারকারী গ্রাহকদের যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক লোড বৃদ্ধির ব্যবস্থা নিতে হবে। | |
| | | ঙ) প্রতিটি বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী বিভিন্ন আইন যেমন- বিদ্যুৎ আইন, ২০১৮, বিদ্যুৎ বিধিমালা, ২০২০ বিইআরসি কর্তৃক প্রেরিত আদেশ, ডেসকো'র Article of Memorandum ইত্যাদির সংকলন সংরক্ষণ করবেন এবং এগুলি সম্পর্কে সম্যক ধারনা লাভ সহ নিজ নিজ অফিসের মাসিক সমন্বয় সভায় সকলের সাথে এ বিষয়ে আলোচনা করবেন। | |
| | | চ) গ্রাহকদের বকেয়ার তথ্য SMS এর মাধ্যমে অবহিত করার জন্য প্রধান প্রকৌশলী (ওয়েস্ট জোন) SMS এর content তৈরী করে প্রাক্কলনের জন্য আইসিটি বিভাগে প্রেরন করবেন। প্রাক্কলনপ্রাপ্তির পর নিম্নস্বাক্ষরকারী কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে আলোচনাক্রমে ICT বিভাগের সহায়তায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রধান প্রকৌশলী (ওয়েস্ট জোন) |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে সমন্বিত চেষ্টা ও আন্তরিকতার সাথে সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪-১২-২০২০
নুর মহম্মদ
নির্বাহী পরিচালক

বিতরণ :

১) এসএন্ডডি অপারেশন

২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০০৫.০৬.০১৪.২০.৯৩/১

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৭
১৪ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

১৪-১২-২০২০
মোহাম্মদ মিজানুর রহমান
স্টাফ অফিসার

DESCO ADMINISTRATION
Received No. 1656
Date 02/03/2020

অতিব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ অধিশাখা।
www.powerdivision.gov.bd

160
02-03-2020

নং-২৭.০০.০০০০.০৫২.৩১.০০৯.১৮-৩৪৪

১৪ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
তারিখঃ
২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত সংশোধিত পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে "Getting Electricity (rank)–Ease of Doing Business" এর বিভিন্ন সূচক এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নির্ধারিত সময়সীমার মধ্যে সকল নাগরিকের জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানে বিদ্যমান সময়সীমা (নং-২৭.০০.০০০০.০৫১.০৩১.০৩.২০১৪.৮১, তারিখঃ ১৭.০২.২০১৭) কমিয়ে আনার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত সিদ্ধান্তের আলোকে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত সংশোধিত পরিপত্রটি (নং-২৭.০০.০০০০.০৫২.৯৯.০০১.১৯-১১৭, তারিখঃ ২০.০২.২০২০) যথাযথভাবে অনুসরণপূর্বক স্ব স্ব সংস্থা/কোম্পানিসমূহের ওয়েবসাইটে প্রকাশ করে স্ন্যাপ শট (Snap Shot) এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ সংশোধিত পরিপত্র - ০১ (এক) ফর্দ।

২৭.০২.২০২০
(আইরিন পারভীন)
উপসচিব (সমন্বয়-২)
ফোন: ৪৭১২০৩০৮।
(coord-2@pd.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ, ২২/বি ফারুক স্মরণী, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, মেইন রোড, খুলনা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, নদার্ন ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, বিদ্যুৎ ভবন, হেতেম খান, রাজশাহী।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব এর একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০৩। অতিরিক্ত সচিব (সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

Office of The MD DESCO
Received No. 986 Date 27/2/2020

# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েব সাইট: www.berc.org.bd।

নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫৩

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৬বঙ্গাব্দ / ২৭ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনঃনির্ধারণ করে ২৭ ফেব্রুয়ারি ২০২০ তারিখে কমিশন কর্তৃক জারিকৃত আদেশ অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর আওতাধীন পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড, ওয়েষ্ট জোন পাওয়ার পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিমিটেড এর খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি নিম্নলিখিতভাবে নির্ধারণ করা হলো, যা কমিশনের আদেশ মোতাবেক স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫২; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর মাধ্যমে জারীকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর অবিচ্ছেদ্য অংশ হিসেবে বিবেচিত হবে:

## খুচরা বিদ্যুৎ মুল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি

১. **বিলম্ব-পরিশোধ মাশুল:**

(ক) সকল গ্রাহকশ্রেণির ক্ষেত্রে বিদ্যমান ৫% (পাঁচ শতাংশ) হারে এককালীন বিলম্ব-পরিশোধ মাশুল প্রযোজ্য হবে।

(খ) ২২ ডিসেম্বর ২০১১ তারিখে জারিকৃত বিলম্ব-পরিশোধ মাশুল সংক্রান্ত কমিশন আদেশ কার্যকরের পূর্ববর্তী সময়ের অনিষ্পন্ন বকেয়ার ক্ষেত্রে ৫% (পাঁচ শতাংশ) হারে এককালীন বিলম্ব-পরিশোধ মাশুল বিবেচনা করে বকেয়া পরিশোধের বিষয়টি নিষ্পত্তি করা যাবে।

২. **মূল্য সংযোজন কর:**

বিদ্যুৎ বিলের ওপর সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হবে।

৩. **পাওয়ার ফ্যাক্টর সারচার্জ:**

(ক) অনুমোদিত লোড ২০ কিলোওয়াট (কি.ও.) এর উর্ধ্বের সকল নিম্নচাপ (এলটি) গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) অবশ্যই ০.৯৫ বা তার উর্ধ্বে রাখতে হবে।

(খ) সকল মধ্যমচাপ (এমটি), উচ্চচাপ (এইচটি) এবং অতি উচ্চচাপ (ইএইচটি) গ্রাহককে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) অবশ্যই ০.৯৫ বা তার উর্ধ্বে রাখতে হবে।

(গ) অনুচ্ছেদ ৩(ক) এবং ৩(খ) এ বর্ণিত গ্রাহকের ক্ষেত্রে সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯৫ এর কম রেকর্ড হলে নিম্নোক্ত হারে সারচার্জ প্রযোজ্য হবে:

সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯৫ এর অব্যবহিত নিম্ন থেকে মাসিক গড় পিএফ ০.৭৫ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কম এর জন্য গ্রাহকের বিলের এনার্জি চার্জের ওপর ০.৭৫% (শূণ্য দশমিক সাত পাঁচ শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।

(ঘ) সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৭৫ এর নীচে নেমে গেলে প্রতি বিল মাসে গ্রাহককে লিখিতভাবে অবহিত করতে হবে। পর পর ০৩ (তিন) বিল মাস সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর ০.৭৫ এর নীচে নেমে গেলে গুণগত মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের স্বার্থে গ্রাহককে ১৫ (পনেরো) দিনের নোটিশ প্রদানপূর্বক বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হবে।

(ঙ) উপরের অনুচ্ছেদ ৩(ঘ) এ উল্লিখিত কারণে বিচ্ছিন্ন হওয়া গ্রাহকের বিদ্যুৎ সংযোগ যথাযথ শুদ্ধকরণ সরঞ্জাম (পাওয়ার ফ্যাক্টর ইমপ্রুভমেন্ট প্ল্যান্ট) স্থাপন এবং প্রযোজ্য সংযোগ বিচ্ছিন্নকরণ ও পুনঃসংযোগ চার্জ প্রদান সাপেক্ষে পুনর্বহাল করা যাবে।

৪. **নিরাপত্তা জামানত:**

(ক) নতুন সংযোগ এবং অনুমোদিত লোড পরিবর্তনের ক্ষেত্রে নিম্নোক্ত হারে নিরাপত্তা জামানত প্রযোজ্য হবে:

| গ্রাহকশ্রেণি | | জামানতের হার (টাকা/কি.ও.) |
|---|---|---|
| ১ | এলটি—এ এবং এলটি—বি | ৪০০.০০ (০২ কি.ও. পর্যন্ত) |
| | | ৬০০.০০ (০২ কি.ও. এর উর্ধ্বে) |
| ২ | এলটি—সি ১, এলটি—সি ২, এলটি—ডি ১, এলটি—ডি ২, এলটি—ডি ৩, এলটি—ই এবং এলটি—টি | ৮০০.০০ |
| ৩ | এমটি, এইচটি এবং ইএইচটি | ১,০০০.০০ |

(খ) প্রি-পেইড মিটারের মাধ্যমে নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে অথবা বিদ্যমান প্রি-পেইড গ্রাহকদের লোড বৃদ্ধির ক্ষেত্রে অনুমোদিত লোড/অতিরিক্ত অনুমোদিত লোডের বিপরীতে নিরাপত্তা জামানত প্রযোজ্য হবে না।

(গ) প্রি-পেইড মিটার দ্বারা বিদ্যমান মিটার প্রতিস্থাপন করা হলে গ্রাহকের পূর্বের নিরাপত্তা জামানত বিতরণ সংস্থা/কোম্পানী গ্রাহককে ফেরত প্রদান নিশ্চিত করবে।

(ঘ) অনুচ্ছেদ ৪(ক) এর সারণিতে উল্লিখিত নিরাপত্তা জামানত ব্যতীত অন্য কোনো নিরাপত্তা জামানত আরোপ করা যাবে না।

৫. **অনুমোদিত লোডসীমা অতিক্রম এবং স্থাপনার লোড পরিবর্তন:**

(ক) কোনো গ্রাহকের অনুমোদিত লোড হতে তার মিটারের রেকর্ডকৃত সর্বোচ্চ চাহিদা বেশি হলে অনুমোদিত লোডের অতিরিক্ত লোডের জন্য দ্বিগুণ হারে ডিমান্ড রেট/চার্জ প্রযোজ্য হবে।

(খ) কোনো গ্রাহকের সর্বোচ্চ চাহিদা ক্রমাগতভাবে ৩ (তিন) মাস অনুমোদিত লোডের ১১০% (একশত দশ শতাংশ) অতিক্রম করলে অতিরিক্ত লোড অনুমোদন করিয়ে নেয়ার জন্য গ্রাহককে নোটিশ দিতে হবে। চতুর্থ মাসেও সর্বোচ্চ চাহিদা অনুমোদিত লোডের ১১০% (একশত দশ শতাংশ) এর বেশি হলে গ্রাহকের বিদ্যুৎ সংযোগ ১৫ (পনেরো) দিনের নোটিশ প্রদানপূর্বক বিচ্ছিন্ন করা হবে।

(গ) কোনো গ্রাহক তার প্রয়োজন অনুসারে লিখিত অনুরোধের মাধ্যমে নিয়মানুযায়ী তার স্থাপনার অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড পরিবর্তনের (বৃদ্ধি বা হ্রাস) জন্য বিতরণ সংস্থা/কোম্পানীর নিকট আবেদন করতে পারবে। এরূপ ক্ষেত্রে বিতরণ সংস্থা/কোম্পানী গ্রাহকের আবেদন গ্রহণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিয়মানুযায়ী গ্রাহকের অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড পরিবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবে।

(ঘ) কোনো গ্রাহকের বিদ্যমান অনুমোদিত/চুক্তিবদ্ধ লোড বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে পরিবর্তন করা যাবে না।

৬. **গ্রাহকের অনুরোধে সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প এবং কৃষিভিত্তিক মৌসুমী ক্ষুদ্র শিল্প গ্রাহকের বিলিং পদ্ধতি এবং সংযোগ বিচ্ছিন্নকরণ:**

(ক) এলটি—বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) শ্রেণির গ্রাহক সেচ মৌসুমের পর এবং এলটি—সি ১ (ক্ষুদ্র শিল্প) শ্রেণির অন্তর্ভুক্ত কৃষিভিত্তিক মৌসুমী ক্ষুদ্র শিল্প গ্রাহক মৌসুমের পর কিংবা অন্য কোনো কারণে (গ্রাহকের ইচ্ছানুযায়ী) প্রযোজ্য সংযোগ বিচ্ছিন্নকরণ চার্জ পরিশোধ সাপেক্ষে সংযোগ বিচ্ছিন্ন রাখতে পারবে।

(খ) উপরের অনুচ্ছেদ ৬(ক) এ বর্ণিত গ্রাহকের পুনরায় সংযোগ গ্রহণের ক্ষেত্রে পুনঃসংযোগ চার্জ প্রযোজ্য হবে। তবে সংযোগ বিচ্ছিন্নকালীন সময়ে ডিমান্ড চার্জ বা অন্য কোনো চার্জ প্রযোজ্য হবে না।

৭. **ব্যাটারি চার্জিং স্টেশন গ্রাহকের বিলিং:**

এলটি—বি (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প), এলটি—ডি ১ (শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল) এবং এমটি—৮ (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) গ্রাহক আঙ্গিনা ব্যতীত অন্যান্য স্থাপনায় ব্যাটারি চার্জিং করা হলে ব্যবহৃত বিদ্যুৎ উক্ত সংশ্লিষ্ট স্থাপনার শ্রেণিতে ব্যবহৃত হয়েছে মর্মে গণ্য হবে।

৮. **মিটার ভাড়া:**

এ বিষয়ে কমিশনের ২৩ নভেম্বর ২০১৭ তারিখের আদেশ অনুযায়ী স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০১৩.১২-৬৪৮৮; তারিখ: ২৩ নভেম্বর ২০১৭ এর মাধ্যমে জারীকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহারের শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত বিজ্ঞপ্তির অনুচ্ছেদ-১১ বহাল থাকবে।

৯. **প্রি-পেইড মিটার:**

(ক) প্রি-পেইড মিটার গ্রাহকগণ বিদ্যমান নিয়মানুসারে মূল্য সংযোজন কর ব্যতিত নীট বিলের ওপর ১% (এক শতাংশ) হারে রিবেট প্রাপ্ত হবেন।

(খ) ইমার্জেন্সি ব্যালান্সের ক্ষেত্রে সুদ প্রযোজ্য হবে না।

(গ) কোনো কারণে প্রি-পেইড মিটার লক হয়ে গেলে, গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি মিটার আনলকের ব্যবস্থা নিবে। কারিগরি ত্রুটির কারণে প্রি-পেইড মিটার লক হলে, কোনো চার্জ/ফি প্রযোজ্য হবে না।

(ঘ) সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানীর ভেন্ডিং/রিচার্জ স্টেশন বা ব্যাংক থেকে গ্রাহক কোনো চার্জ/ফি প্রদান ব্যতিরেকে প্রি-পেইড মিটারে ভেন্ডিং/রিচার্জ করবে।

(ঙ) গ্রাহক কর্তৃক বিল প্রদান সহজতর করার জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী পর্যাপ্ত সংখ্যক ভেন্ডিং/রিচার্জ স্টেশন এবং ব্যাংক ও ব্যাংক শাখার মাধ্যমে প্রি-পেইড মিটারে ভেন্ডিং/রিচার্জ করার কার্যকর ব্যবস্থা নিবে।

(চ) প্রি-পেইড মিটার বিষয়ে গ্রাহকদের সঠিক ধারণার জন্য সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানী তথ্য সমৃদ্ধ (যেমন-প্রি-পেইড মিটার সম্পর্কিত প্রাথমিক ধারণা, বিলিং পদ্ধতি, ভেন্ডিং নিয়ম-কানুন ইত্যাদি) একটি সহায়ক নির্দেশিকা (Instruction Manual) বিদ্যমান ও নতুন প্রি-পেইড মিটার গ্রাহককে প্রদান করবে।

১০. প্রযোজ্যতা:

(ক) এলটি – সি ২: নির্মাণ

(১) ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রীজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র, ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এলটি – সি ২ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ গ্রাহকশ্রেণিতে রূপান্তর করা হবে।

(খ) **এলটি – ডি ১: শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল**

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সরকারি-বেসরকারি সকল শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতালের বিদ্যুৎ ব্যবহার এলটি – ডি ১ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(গ) **এলটি – ডি ২: রাস্তার বাতি ও পানির পাম্প**

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল রাস্তার বাতি এবং খাবার পানি সরবরাহের উদ্দেশ্যে জনস্বার্থে স্থাপিত সকল পানির পাম্প/নলকূপ, গ্রামীণ এলাকায় আর্সেনিক মুক্ত পানি সরবরাহের জন্য জনস্বার্থে স্থাপিত সকল খাবার পানির পাম্প এবং জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে জনস্বার্থে স্থাপিত পানি নিষ্কাশন পাম্প এলটি – ডি ২ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(ঘ) **এলটি – ডি ৩: ব্যাটারি চার্জিং স্টেশন**

৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের ব্যাটারি চার্জিং স্টেশনের বিদ্যুৎ ব্যবহার এলটি – ডি ৩ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(ঙ) **এলটি – টি: অস্থায়ী**

(১) ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং বাণিজ্যিক কার্যক্রমের (যে সকল সংযোগ সাধারণত স্থায়ী সংযোগে রূপান্তরিত হয় না) বিদ্যুৎ ব্যবহার এলটি – টি গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) সাধারণভাবে সর্বোচ্চ ০৩ (তিন) মাসের জন্য এ শ্রেণির সংযোগ বিবেচনা করা হবে, তবে গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে এলটি – টি গ্রাহকশ্রেণির বিদ্যুৎ ব্যবহারের সর্বোচ্চ সময়সীমা ০১ (এক) বছর পর্যন্ত বৃদ্ধি করা যাবে।

(চ) **এমটি – ১: আবাসিক**

(১) ৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সম্পূর্ণ আবাসিক ভবন/স্থাপনা এবং সমিতি পরিচালিত বহুতল সম্পূর্ণ আবাসিক ভবন/স্থাপনার সম্পূর্ণ আবাসিক বিদ্যুৎ ব্যবহার এমটি – ১ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) সাধারণভাবে মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে এমটি – ১ গ্রাহকশ্রেণির মিটারিং/বিলিং হবে। তবে একক মিটারভিত্তিক ব্যবস্থাও বহাল থাকবে। উভয় ক্ষেত্রেই ট্রান্সফরমারের উচ্চচাপ প্রান্তে একটি মেইন মিটার থাকবে এবং তথায় সমুদয় এনার্জি রেকর্ড হবে। গ্রাহক ট্রান্সফরমার, উচ্চচাপ নিয়ন্ত্রণকারী এবং রক্ষাকারী সরঞ্জাম এবং পাওয়ার ফ্যাক্টর শুদ্ধকরণ সরঞ্জাম সহযোগে তার নিজের উপকেন্দ্র স্থাপন করবেন।

(৩) মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে মিটারিং/বিলিং এর ক্ষেত্রে প্রতিটি আবাসিক ফ্ল্যাট/গ্রাহকের জন্য মেইন মিটারের আওতায় পৃথক সাব-মিটার ও হিসাব নম্বর থাকবে এবং এলটি—এ (আবাসিক) গ্রাহকশ্রেণির মূল্যহার (স্ল্যাব সুবিধাসহ), শর্তাবলী (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদিসহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী আবাসিক সাব-মিটারসমূহের বিল করা হবে।

(৪) মেইন মিটারের মোট ব্যবহৃত ইউনিট হতে আবাসিক সাব-মিটারসমূহের রেকর্ডকৃত/বিলকৃত ইউনিটের যোগফল বাদ দিয়ে প্রাপ্ত অবশিষ্ট ইউনিট কমন সার্ভিস ব্যবহার (Common Service Use) হিসাবে গণ্য হবে এবং এমটি—১ (আবাসিক) গ্রাহকশ্রেণির মূল্যহার, শর্তাবলী (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদিসহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী কমন সার্ভিস ব্যবহারের বিল করা হবে। কমন সার্ভিস ব্যবহারের অনুমোদিত লোড নির্দিষ্ট করা থাকতে হবে।

(৫) গ্রাহকের অনুরোধে একক মিটারভিত্তিক বিলিং ব্যবস্থা মেইন মিটার সাব-মিটারভিত্তিক মিটারিং/বিলিং ব্যবস্থায় রূপান্তর করা যাবে।

(ছ) **এমটি—২: বাণিজ্যিক**

(১) ৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল অফিস, দোকানপাট, শপিং কমপ্লেক্স/প্লাজা, হোটেল/মোটেল/রেস্টুরেন্ট, রিসোর্ট, বিনোদন স্থাপনা, সিনেমা হল, ব্যবসায়িক/ট্রেডিং, বাণিজ্যিক ও সেবা প্রদানকারী অন্যান্য স্থাপনা/প্রতিষ্ঠান এবং বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার বাণিজ্যিক এবং কমন সার্ভিসের বিদ্যুৎ ব্যবহার এমটি—২ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) ট্রান্সফরমারের উচ্চচাপ প্রান্তে একটি মেইন মিটার থাকবে এবং তথায় সমুদয় এনার্জি রেকর্ড হবে। গ্রাহক ট্রান্সফরমার, উচ্চচাপ নিয়ন্ত্রণকারী এবং রক্ষাকারী সরঞ্জাম এবং পাওয়ার ফ্যাক্টর শুদ্ধকরণ সরঞ্জাম সহযোগে তার নিজের উপকেন্দ্র স্থাপন করবে।

(৩) বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনা ব্যতীত অন্য সকল গ্রাহকের ক্ষেত্রে একক পয়েন্ট মিটারিং ব্যবস্থায় বিল করা হবে।

(৪) বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার ক্ষেত্রে মেইন মিটার ও সাব-মিটার পদ্ধতিতে বিলিং হবে। প্রতিটি আবাসিক ফ্ল্যাট/গ্রাহকের জন্য মেইন মিটারের আওতায় পৃথক সাব-মিটার ও হিসাব নম্বর থাকবে এবং এলটি-এ (আবাসিক) গ্রাহকশ্রেণির মূল্যহার (স্ল্যাব সুবিধাসহ), শর্তাবলী (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদিসহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী আবাসিক সাব-মিটারসমূহের বিল করা হবে।

(৫) মেইন মিটারের মোট ব্যবহৃত ইউনিট হতে আবাসিক সাব-মিটারসমূহের রেকর্ডকৃত/বিলকৃত ইউনিটের যোগফল বাদ দিয়ে অবশিষ্ট ইউনিট বাণিজ্যিক এবং কমন সার্ভিস ব্যবহার (Common Service Use) হিসেবে গণ্য হবে এবং এক্ষেত্রে এমটি—২ (বাণিজ্যিক ও অফিস) গ্রাহকশ্রেণির মূল্যহার, শর্তাবলী (পাওয়ার ফ্যাক্টর সারচার্জ, নিরাপত্তা জামানত ইত্যাদিসহ) এবং বিবিধ চার্জ/ফি অনুযায়ী বিল করা হবে। বাণিজ্যিক এবং কমন সার্ভিস ব্যবহারের অনুমোদিত লোড নির্দিষ্ট করা থাকতে হবে।

(৬) যে সকল বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনায় বর্তমানে একক মিটারিং ব্যবস্থা প্রচলিত রয়েছে, সেগুলোর ক্ষেত্রে গ্রাহক ইচ্ছা পোষণ করলে স্বীয় ব্যয়ে মিটারিং ব্যবস্থা মেইন মিটার ও সাব-মিটার ব্যবস্থায় রূপান্তর করতে পারবেন।

(৭) একক মিটারিং ব্যবস্থা মেইন মিটার ও সাব-মিটার ব্যবস্থায় রূপান্তরের পূর্ব পর্যন্ত একক মিটারভিত্তিক বিলিং ব্যবস্থা বহাল থাকবে।

(জ) এমটি—৪: নির্মাণ

(১) ৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রীজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র, ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এমটি—৪ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ গ্রাহকশ্রেণিতে রূপান্তর করা হবে।

(ঝ) এমটি—৫: সাধারণ

এমটি—১ (আবাসিক), এমটি—২ (বাণিজ্যিক ও অফিস), এমটি—৩ (শিল্প), এমটি—৪ (নির্মাণ), এমটি—৬ (অস্থায়ী), এমটি—৭ (ব্যাটারি চার্জিং স্টেশন) এবং এমটি—৮ (সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প) গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত গ্রাহক ব্যতীত ৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের একক পয়েন্ট মিটারভিত্তিক অন্যান্য মধ্যমচাপ গ্রাহক যেমন: সরকারি-বেসরকারি সকল শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল; ক্যান্টনমেন্ট; পাবলিক লাইব্রেরী; যাদুঘর; খাবার পানি সরবরাহের উদ্দেশ্যে জনস্বার্থে স্থাপিত পানির পাম্প; জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে জনস্বার্থে স্থাপিত পানি নিষ্কাশন পাম্প; রেলওয়ে; মেট্রোরেল; বিমানবন্দর; ইত্যাদি এমটি—৫ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(ঞ) এমটি—৬: অস্থায়ী

(১) ৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের স্বল্পস্থায়ী সামাজিক অনুষ্ঠান, প্রদর্শনী এবং বাণিজ্যিক কার্যক্রমের (যে সকল সংযোগ সাধারণত স্থায়ী সংযোগে রূপান্তরিত হয় না) বিদ্যুৎ ব্যবহার এমটি—৬ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) সাধারণভাবে সর্বোচ্চ ০৩ (তিন) মাসের জন্য এ শ্রেণির সংযোগ বিবেচনা করা হবে, তবে গ্রাহকের অনুরোধের পরিপ্রেক্ষিতে এমটি—৬ গ্রাহকশ্রেণির বিদ্যুৎ ব্যবহারের সর্বোচ্চ সময়সীমা ০১ (এক) বছর পর্যন্ত বৃদ্ধি করা যাবে।

(ট) এমটি—৭: ব্যাটারি চার্জিং স্টেশন

৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত মধ্যমচাপে অনুমোদিত লোডের ব্যাটারি চার্জিং স্টেশনের বিদ্যুৎ ব্যবহার এমটি—৭ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(ঠ) এমটি—৮: সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প

৫০ কিলোওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ০৫ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প এমটি—৮ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(ড) এইচটি—১: সাধারণ

এইচটি—২ (বাণিজ্যিক ও অফিস), এইচটি—৩ (শিল্প) এবং এইচটি—৪ (নির্মাণ) গ্রাহকশ্রেণির আওতাধীন বাণিজ্যিক ও অফিস, শিল্প এবং নির্মাণ স্থাপনা/গ্রাহক ব্যতিত ০৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের একক পয়েন্ট মিটারভিত্তিক অন্যান্য সকল গ্রাহক এইচটি—১ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(ঢ) এইচটি—২: বাণিজ্যিক ও অফিস

০৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল অফিস, দোকানপাট, শপিং কমপ্লেক্স/প্লাজা, হোটেল/মোটেল/রেস্টুরেন্ট, রিসোর্ট, বিনোদন স্থাপনা, সিনেমা হল, ব্যবসায়িক/ট্রেডিং, বাণিজ্যিক ও সেবা প্রদানকারী অন্যান্য স্থাপনা/প্রতিষ্ঠান এবং বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার বাণিজ্যিক এবং কমন সার্ভিসের বিদ্যুৎ ব্যবহার এইচটি—২ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(গ) এইচটি – ৪: নির্মাণ

(১) ০৫ মেগাওয়াটের অব্যবহিত উর্ধ্ব থেকে সর্বোচ্চ ৩০ মেগাওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের সকল নির্মাণ কাজে (যথা-আবাসন, বাণিজ্যিক ও শিল্প স্থাপনা, ব্রীজ, ফ্লাইওভার, বিদ্যুৎ কেন্দ্র, ইত্যাদি) বিদ্যুৎ ব্যবহার এইচটি—৪ গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হবে।

(২) নির্মাণ কাজ সমাপ্তিতে নির্ধারিত প্রক্রিয়ায় নির্মাণ সংযোগ প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ গ্রাহকশ্রেণিতে রূপান্তর করা হবে।

১১. প্রযোজ্যতা অনুযায়ী নির্ধারিত শ্রেণির গ্রাহক হিসেবে রূপান্তর:

(ক) নতুন সংযোগের ক্ষেত্রে ৮০ কিলোওয়াট অনুমোদিত লোড পর্যন্ত এলটি গ্রাহক হিসেবে বিবেচিত হবে। প্রয়োজন অনুসারে ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব থেকে ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের নতুন গ্রাহক এলটি অথবা এমটি গ্রাহকশ্রেণির অন্তর্ভুক্ত হতে পারবে। তবে ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব থেকে ৮০ কিলোওয়াট পর্যন্ত অনুমোদিত লোডের বিদ্যমান গ্রাহকের ক্ষেত্রে তাদের বর্তমান গ্রাহকশ্রেণি (অনুমোদিত লোড ৫০ কিলোওয়াট পর্যন্ত এলটি এবং অনুমোদিত লোড ৫০ কিলোওয়াট এর অব্যবহিত উর্ধ্ব থেকে ৮০ কিলোওয়াট পর্যন্ত এমটি) অপরিবর্তিত/অব্যাহত থাকবে।

(খ) যেসকল গ্রাহককে কমিশনের স্মারক নং-২৮.০১.০০০০.০১২.০৪.০০৩.২০.৬৫২; তারিখ: ২৭ ফেব্রুয়ারি ২০২০ এর মাধ্যমে জারিকৃত খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এবং উপরের অনুচ্ছেদ-১০ ও ১১(ক) অনুযায়ী নির্ধারিত গ্রাহকশ্রেণি ব্যতীত ভিন্ন কোনো গ্রাহকশ্রেণিতে বিল করা হচ্ছে সে সকল গ্রাহক **বিল মাস মার্চ ২০২০** থেকে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত শ্রেণির গ্রাহক হিসেবে রূপান্তর হয়েছে বলে গণ্য হবে। এজন্য কোনো চার্জ/ফি প্রযোজ্য হবে না।

১২. বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবা এবং বিবিধ চার্জ/ফি:

(ক) বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি কর্তৃক গ্রাহককে সেবা প্রদানের ক্ষেত্রে মিটার পর্যন্ত বাউন্ডারি পয়েন্ট বিবেচনায় বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবা এবং বিবিধ চার্জ/ফি নিম্নোক্ত হারে নির্ধারণ করা হলো:

| | বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার বিবরণ | গ্রাহকশ্রেণি/প্রযোজ্যতা | | ফি/চার্জ (টাকা) |
|---|---|---|---|---|
| (১) | নতুন সংযোগ এবং লোড পরিবর্তনের আবেদন ফি (প্রতিটি মিটারের জন্য) | এলটি | (i) এক ফেজ | ১০০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৩০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১,০০০.০০ |
| | | ইএইচটি | | ২,০০০.০০ |
| (২) | অস্থায়ী সংযোগের আবেদন ফি | এলটি | (i) এক ফেজ | ২৫০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৫০০.০০ |
| | | এমটি | | ১,০০০.০০ |
| (৩) | (অ) বকেয়ার কারণে সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) চার্জ | এলটি | (i) এক ফেজ | ৩০০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৮০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ৫,০০০.০০ |
| | | ইএইচটি | | ১০,০০০.০০ |
| | (আ) বকেয়ার কারণে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC) | এলটি | (i) এক ফেজ | ৩০০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৮০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ৫,০০০.০০ |
| | | ইএইচটি | | ১০,০০০.০০ |

| বিদ্যুৎ সম্পর্কিত বিবিধ সেবার বিবরণ | | গ্রাহকশ্রেণি/প্রযোজ্যতা | | ফি/চার্জ (টাকা) |
|---|---|---|---|---|
| (৪) | (অ) গ্রাহকের অনুরোধে সংযোগ বিচ্ছিন্নকরণ (DC) চার্জ | এলটি | (i) এক ফেজ | ২০০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৪০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১,০০০.০০ |
| | | ইএইচটি | | ২,০০০.০০ |
| | (আ) গ্রাহকের অনুরোধে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ চার্জ (RC) | এলটি | (i) এক ফেজ | ২০০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৪০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১,০০০.০০ |
| | | ইএইচটি | | ২,০০০.০০ |
| (৫) | গ্রাহকের অনুরোধে মিটার পরীক্ষা চার্জ | এলটি | (i) এক ফেজ | ২০০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৪০০.০০ |
| | | | (iii) এলটিসিটি | ৬০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ২,০০০.০০ |
| | | ইএইচটি | | ৪,০০০.০০ |
| (৬) | গ্রাহকের অনুরোধে গ্রাহক আঙ্গিনায় মিটার পরিদর্শন চার্জ | এলটি | (i) এক ফেজ | ১৫০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৩০০.০০ |
| | | | (iii) এলটিসিটি | ৫০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১,০০০.০০ |
| | | ইএইচটি | | ২,০০০.০০ |
| (৭) | গ্রাহকের অনুরোধে মিটার/মিটারিং ইউনিট স্থাপন/ পরিবর্তন/স্থানান্তর ফি | এলটি | (i) এক ফেজ | ৩০০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৭০০.০০ |
| | | | (iii) এলটিসিটি | ২,০০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ৫,০০০.০০ |
| | | ইএইচটি | | ১০,০০০.০০ |
| (৮) | গ্রাহকের অনুরোধে সার্ভিস ড্রপ ক্যাবল (সার্ভিস ক্রিমপিট/ক্ল্যাম্পসহ) মেরামত/পরিবর্তন/স্থানান্তর ফি | এলটি | (i) এক ফেজ | ২০০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৫০০.০০ |
| | | এমটি ও এইচটি | | ১,২৫০.০০ |
| | | ইএইচটি | | ২,৫০০.০০ |
| (৯) | গ্রাহকের অনুরোধে সরবরাহ চুক্তি সংশোধন ফি | এলটি | (i) এক ফেজ | ১০০.০০ |
| | | | (ii) তিন ফেজ | ৩০০.০০ |
| | | এমটি, এইচটি ও ইএইচটি | | ১,০০০.০০ |
| (১০) | গ্রাহকের অনুরোধে প্রি-পেইড মিটার কার্ড রি-ইস্যু ফি | এলটি, এমটি, এইচটি ও ইএইচটি | | ২০০.০০ |
| (১১) | গ্রাহকের অনুরোধে ট্রান্সফরমারের তেল (Transformer Oil) পরীক্ষা চার্জ | এমটি, এইচটি ও ইএইচটি | | ১,০০০.০০ |
| (১২) | গ্রাহকের অনুরোধে জরুরী প্রয়োজনে ড্রপআউট ফিউজ কাট-আউটসহ ট্রান্সফরমার ভাড়া | সর্বোচ্চ ৩০ দিন | | ২.০০ কেভিএ/দিন |
| | | ৩০ দিন পর থেকে | | ৪.০০ কেভিএ/দিন |

(খ) উপরের অনুচ্ছেদ ১২(ক) এর সারণিতে উল্লিখিত ফি/চার্জ ব্যতীত অন্য কোনো ফি/চার্জ আরোপ করা যাবে না।

(গ) উপরের অনুচ্ছেদ ১২(ক) এর ক্রমিক (৩) এবং (৪) ব্যতীত অন্য কোনো বিবিধ সেবা প্রদানের ক্ষেত্রে সংযোগ বিচ্ছিন্নকরণ বা পুনঃসংযোগ চার্জ আরোপ করা যাবে না।

(ঘ) বহুতল আবাসিক বা বহুতল মিশ্র (বাণিজ্যিক ও আবাসিক) ভবন/স্থাপনার আবাসিক গ্রাহক তার আবাসিক সাব-মিটার এবং বহুতল ভবন/স্থাপনার ফ্ল্যাট মালিক সমিতি উক্ত ভবন/স্থাপনার আবাসিক ফ্ল্যাটের মিটার পরীক্ষার জন্য নির্ধারিত ফিসহ বিতরণ সংস্থা/কোম্পানীর নিকট আবেদন করলে সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানি উক্ত আবাসিক ফ্ল্যাটের মিটার পরীক্ষা করবে এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) উপরের অনুচ্ছেদ ১২(ক) এর সারণিতে উল্লিখিত বিবিধ ফি/চার্জের ওপর সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত হারে মূল্য সংযোজন কর প্রযোজ্য হবে।

১৩. ব্যাখ্যা:

খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি সংক্রান্ত কোনো বিধানের ব্যাখ্যা অথবা কোনো গ্রাহকের গ্রাহকশ্রেণি নির্ধারণের ক্ষেত্রে কোনোরূপ অস্পষ্টতার উদ্ভব হলে, কমিশনে প্রেরণ করতে হবে এবং এ সংক্রান্ত কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. খুচরা বিদ্যুৎ মূল্যহার, ২০২০ এর শর্তাবলী, প্রযোজ্যতা এবং বিবিধ চার্জ/ফি বিল মাস মার্চ ২০২০ হতে কার্যকর হবে।

১৫. পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জারীকৃত এ আদেশ বলবৎ থাকবে।

কমিশনের আদেশক্রমে,

২৭.২.২০২০

মোঃ রফিকুল ইসলাম
সচিব
ফোন: ০২-৯১৪ ০১২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ অধিশাখা।
www.powerdivision.gov.bd

নং-২৭.০০.০০০০.০৫৩.৯৯.০০১.১৯- ৬৯৭

তারিখঃ ০৭ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

## সংশোধিত পরিপত্র

### বিষয়ঃ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত।

"Getting Electricity (rank)–Ease of Doing Business" এর বিভিন্ন সূচক এর লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে নির্ধারিত সময়সীমার মধ্যে সকল নাগরিকের জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানে বিদ্যমান সময়সীমা কমিয়ে আনার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। নতুন বৈদ্যুতিক সংযোগ প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত সময়সীমা অনুসরণ করতে হবেঃ

### উচ্চ চাপে বৈদ্যুতিক সংযোগ (HT Connection)

১) নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন (নির্ধারিত সকল শর্তাদি প্রতিপালন ও তথ্যাদিসহ দাখিল করা হলে) প্রাপ্তির ০৫ দিনের মধ্যে কারিগরী তদন্ত ও জরিপ কাজ সম্পন্ন করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় আবেদনকারীকে তাৎক্ষণিক জানিয়ে দিতে হবে;

২) তদন্ত ও জরিপ প্রতিবেদন প্রাপ্তির পরবর্তী ০৮ দিনের মধ্যে লোড বরাদ্দ করে ডিমান্ড নোট ইস্যু করতে হবে। তদন্ত ও জরিপ প্রতিবেদনে ত্রুটি/বিচ্যুতি পাওয়া গেলে আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে জানিয়ে দিতে হবে;

৩) ডিমান্ড নোট প্রাপ্তির ০৩ দিনের মধ্যে আবেদনকারীকে ডিমান্ড নোটের অর্থ জমা দিতে হবে। যদি উক্ত সময়সীমার মধ্যে আবেদনকারী অর্থ পরিশোধে ব্যর্থ হয় তা হলে আবেদনের প্রসেস আর্কাইভ হয়ে যাবে। অর্থ পরিশোধের পরে আবেদন প্রসেস পূণরুজ্জীবিত করতে হবে;

৪) টাকা জমা দেওয়ার পরবর্তী ০২ দিনের মধ্যে মিটার সরবরাহ করে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে;

### আবাসিক সংযোগ

৫) আবাসিক বৈদ্যুতিক সংযোগ প্রদানের ক্ষেত্রে আবেদন (প্রয়োজনীয় তথ্যাদিসহ) প্রাপ্তির পরবর্তী ০১ থেকে ০৭ দিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় তাৎক্ষণিক আবেদনকারীকে জানিয়ে দিতে হবে।

নোটঃ ইপিজেড, বেজা এলাকায় সকল শর্ত পূরণ করলে ২৪ ঘন্টার মধ্যে সংযোগ প্রদান করতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

২০/০২/২০২০
(আইরিন পারভীন)
উপসচিব (সম-২)
ফোনঃ ৪৭১২০৩০৮।
coord-2@pd.gov.bd

সদয় কার্যার্থে ও সদয় অবগতির জন্য অনুলিপি:

০১। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ, ২২/বি ফারুক স্মরণী, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, মেইন রোড, খুলনা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, নদার্ন ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, বিদ্যুৎ ভবন, হেতেম খান, রাজশাহী।
০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
০৯। সচিব এর একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। অতিরিক্ত সচিব (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
১২। যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

অতিব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ অধিশাখা।
www.powerdivision.gov.bd

নং-২৭.০০.০০০০.০৫২.৩১.০০৯.১৮-৩৮

তারিখঃ ০১ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
১৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে যে সমস্ত ডকুমেন্টস এর প্রয়োজন তার একটি সাধারণ ডকুমেন্টস তালিকা (Unified List of Documents) প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ২৭/১০/২০১৯ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির সমন্বয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী Unified List of Documents বিষয়ে কোন সংশোধনীর প্রয়োজন আছে কিনা তা পর্যালোচনার জন্য কমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটি কর্তৃক Unified List of Documents পর্যালোচনান্তে বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে সংশোধিত একটি কমন (সাধারণ) ডকুমেন্টস তালিকা (Unified List of Documents) প্রণয়ন করা হয়েছে। উক্ত কমন (সাধারণ) ডকুমেন্টস এর তালিকা যথাযথভাবে অনুসরণপূর্বক স্ব স্ব দপ্তর/সংস্থা/কোম্পানির ওয়েব সাইটে প্রকাশ করে স্ন্যাপ শট (Snap Shot) এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তিঃ ডকুমেন্টস এর তালিকা (Unified List of Documents)।

১৫.০১.২০২০
(আইরিন পারভীন)
উপসচিব (সমন্বয়-২)
ফোনঃ ৪৭১২০৩০৮।
(coord-2@pd.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর, জ্যোৎস্না কমপ্লেক্স, ২৪, তোপখানা রোড, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ (ডেসকো), ২২/বি ফারুক সরণী, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, মেইন রোড, খুলনা।
০৭। ব্যবস্থাপনা পরিচালক, নর্থ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, প্রধান কার্যালয়, বিদ্যুৎ ভবন, হেতেম খান, রাজশাহী।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
০১। যুগ্মসচিব (সমন্বয়-৩), বিদ্যুৎ বিভাগ।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব এর একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০৪। প্রোগ্রামার, বিদ্যুৎ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। অতিরিক্ত সচিব (সমন্বয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

# বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা
## (সকল বিতরণ সংস্থা/কোম্পানির জন্য প্রযোজ্য)

### ১) আবাসিক নতুন বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমেন্ট লাগবে না);

৪। বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ;

৫। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে)।

[বিঃ দ্রঃ আবাসিক গ্রাহকের লোড ৫০ কিলোওয়াটের উপরে হলে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন লাগবে]

### ২) বাণিজ্যিক নতুন বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমেন্ট লাগবে না);

৪। বাণিজ্যিক ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ;

৫। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

৬। এইচটি সংযোগের ক্ষেত্রে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন লাগবে।

### ৩) শিল্প সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি;

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (একই নামে বা স্থানে আরো সংযোগ নিতে নতুন করে আর কোন ডকুমেন্ট লাগবে না);

৪। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

৫। শিল্প সংযোগের ক্ষেত্রে লোড ৫০ কিলোওয়াটের অধিক হলে প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র চালুর অনুমোদন ও অগ্নি নির্বাপন সনদ লাগবে।

## ৪) শিক্ষা প্রতিষ্ঠান/ধর্মীয় প্রতিষ্ঠান/সেবামূলক প্রতিষ্ঠান/হাসপাতালে সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

২। জমির মালিকানা দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজপত্র;

৩। পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৪। রাজউক/সিডিএ/কেডিএ/আরডিএ এবং অন্যান্য ক্ষেত্রে সিটি কর্পোরেশন/পৌরসভা/সরকার কর্তৃক অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে);

৫। বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) লাগবে।

## ৫) সামাজিক বা বাণিজ্যিক কর্মকাণ্ড বা নির্মাণ কাজের জন্য অস্থায়ী সংযোগের ক্ষেত্রে প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। পাসপোর্ট সাইজের ছবি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

২। জাতীয় পরিচয় পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

৩। সামাজিক বা বাণিজ্যিক কর্মকাণ্ডের জন্য কর্তৃপক্ষের অনুমতিপত্র;

৪। ডেভেলপার কর্তৃক ভবন নির্মাণ করা হলে ভূমির মালিক কর্তৃক প্রদত্ত পাওয়ার অব এটর্নি।

## ৬) সেচ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টের তালিকা

১। পাসপোর্ট সাইজের ছবি (ব্যক্তি/প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির ক্ষেত্রে);

২। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (প্রতিষ্ঠানের মনোনীত ব্যক্তির);

৩। সেচ কমিটির অনুমোদনপত্র।

১৩/৭/২০২০

আবুল বায়ের মোঃ আমিনুর রহমান
যুগ্ম-সচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

২০ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ

স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০০১.১৮.০০১.১৯- ০৩ তারিখঃ------------------------

০৩ জানুয়ারি, ২০১৯ ইং

**বিষয়ঃ নতুন সংযোগ, বকেয়া বিল আদায়, সিস্টেম লসসহ বিবিধ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ নূর মহম্মদ, নির্বাহী পরিচালক (অপারেশন)
তারিখ ঃ ২৭/১২/২০১৮ ইং (বৃহস্পতিবার)
স্থান ঃ ডেসকো'র প্রধান কার্যালয়ের কনফারেন্স রুম
সময় ঃ সকাল ১০:০০ ঘটিকা

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ

১) প্রকৌঃ এ কে এম মহিউদ্দিন, প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন-ইষ্ট জোন )।
২) প্রকৌঃ মোঃ জাকির হোসেন, প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন-ওয়েষ্ট জোন )।
৩) প্রকৌঃ মোঃ মনজুরুল হক, প্রধান প্রকৌশলী (নেটওয়ার্ক অপারেশন)।
৪) প্রকৌঃ মোঃ শরিফুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ইষ্ট জোন-১)।
৫) প্রকৌঃ মির্জা আবু নাছের, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ইষ্ট জোন-২)।
৬) প্রকৌঃ মোঃ মফিজুল ইসলাম ভূঞা, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ওয়েস্ট জোন-১)।
৭) প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ওয়েস্ট জোন-২)।
৮) প্রকৌঃ মোঃ মঈনদ্দিন খান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রীড সিস্টেম প্রটেকশন এন্ড এনার্জি আউট)
৯) প্রকৌঃ আব্দুস ছালাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (এমভিএসএস মেইনটেন্যান্স)
১০) প্রকৌঃ মোহাম্মদ মিজানুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন, ইষ্ট জোন) এর দপ্তর
১১) প্রকৌঃ ইসমাইল বিন ইব্রাহীম, স্টাফ অফিসার টু নির্বাহী পরিচালক (অপারেশন)।

সভায় নতুন সংযোগ, বকেয়া বিদ্যুৎ বিল আদায়, সিস্টেম লসসহ বিবিধ বিষয়ে আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১) | অস্থায়ী সংযোগের ক্ষেত্রে ভবনের প্ল্যান না থাকলেও অস্থায়ী মিটার প্রদান করতে হবে। তবে এক্ষেত্রে, সংযোগ গ্রহনের ০৩(তিন) মাসের মধ্যে নির্মাণ কাজ শুরু না করলে সংযোগ বিচ্ছিন্ন করা হবে এবং এ সংযোগ কখনও স্থায়ী হবে না মর্মে ডিমান্ড নোটের উপর সীল দিতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী ও সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী। |
| ২) | সরকারী প্রকল্পে অস্থায়ী সংযোগ প্রদানের ক্ষেত্রে, ঠিকাদারের নামে অস্থায়ী সংযোগ প্রদান করা হবে। এক্ষেত্রে ঠিকাদারী প্রতিষ্ঠান আবেদনের সাথে কার্যাদেশের কপি এবং সংশ্লিষ্ট প্রকল্পের প্রকল্প পরিচালক বা দায়িত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক সংস্থার লেটারহেড প্যাডে কার্যাদেশ নাম্বার উল্লেখপূর্বক ঠিকাদারী প্রতিষ্ঠানের নামে সংযোগ প্রদানের বিষয়ে সুপারিশ সম্বলিত পত্র জমা প্রদান করবেন। | |
| ৩) | উচ্চচাপ সংযোগ আবেদনের ক্ষেত্রে ELB Certificate না থাকলেও সিটিজেনস্ চার্টার অনুযায়ী অন্যান্য কাগজপত্র জমা নিয়ে পরিদর্শনোত্তর লোড অনুমোদন সাপেক্ষে ডিমান্ড নোট ইস্যু করা হবে। তবে ডিমান্ডনোট পরিশোধিত কপির সাথে অবশ্যই ELB Certificate জমা প্রদান করতে হবে এবং স্থাপনা পরিদর্শন করে অন্যান্য আনুষাজ্ঞিক অন্যান্য বিষয়াদী নিশ্চিত হয়ে সংযোগ প্রদান করতে হবে। | |

POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০০১.১৮.০০১.১৯- ০১৩

২০ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ------------------------
০৩ জানুয়ারি, ২০১৯ ইং

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৪) | লোড অনুমোদনের পর দ্রুত ডিমান্ড নোট ইস্যুকরণ নিশ্চিত করতে হবে। এর ব্যত্যয় হলে, সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী দায়ী হবে। | |
| ৫) | নতুন সংযোগের নথি To and Fro Motion এ ঘুরাঘুরি করার ফলে প্রচুর সময় ব্যয় হওয়ায় কাঙ্খিত সময়ের মধ্যে নতুন সংযোগ প্রদান করা সম্ভব হয় না। যাতে অহেতুক সময় নষ্ট না হয় সে লক্ষ্যে পরিদর্শনে প্রাপ্ত তথ্যে বিষয়ে Confusion থাকলে তাৎক্ষণিকভাবে উর্দ্ধতন কর্মকর্তার সাথে আলোচনা করে স্বল্পতম সময়ে অনুমোদন/ নিষ্পত্তির ব্যবস্থা নিতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী ও সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী। |
| ৬) | নতুন সংযোগের ফিল্ড ভিজিটের সময় নথি সাথে করে নিয়ে যেতে হবে এবং নথিতে প্রদত্ত ছবি এবং টেলিফোন/মোবাইল নম্বর স্থাপনার মালিকের কিনা তা স্থাপনা ও তার আশেপাশে বসবাসকারীদের থেকে যাচাই করে নিশ্চিত হতে হবে। ফিল্ড ভিজিটের সময় আবেদনে প্রদত্ত টেলিফোন/মোবাইল নম্বর আবেদনকারীর নিজের কিনা তা নিশ্চিত হতে হবে। | |
| ৭) | নতুন সংযোগের ক্ষেত্রে ৬ তলা পর্যন্ত নির্মিত কোন ভবনে ১টি লিফট ও কমন ব্যবহারের লোডসহ কমন মিটারের লোড ৮ (আট) কি:ও: হিসাবে গণ্য হবে এবং ৬ তলার বেশি উচ্চতার ভবনের ক্ষেত্রে ১টি লিফট ও কমন ব্যবহারের লোডসহ কমন মিটারের লোড ১০ কি:ও: হিসেবে গণ্য হবে। | |
| ৮) | ফ্লোর এরিয়া হিসাবের সময় প্রতি ফ্লোরের ইউনিটসমূহের ফ্লোর এরিয়ার যোগফল ছাদের মোট ফ্লোর এরিয়ার সমান হতে হবে। এক্ষেত্রে সিঁড়ি ঘরের আয়তন আনুপাতিক হারে ফ্ল্যাটের সাথে যোগ হবে। | |
| ৯) | নির্মাণ কাজের জন্য সংযোগ গ্রহণের সময় রাজউক হতে ইস্যুকৃত বসবাস বা ব্যবহার সনদ (Occupancy Certificate) ও প্ল্যান অনুযায়ী বাড়ী নির্মাণসহ অন্যান্য আনুষাঙ্গিক কাগজপত্র সম্পর্কে জ্ঞাতব্য বিজ্ঞপ্তি আবেদনকারীকে প্রদান করতে হবে এবং আবেদনকারী কর্তৃক প্রাপ্তি নিশ্চিত করতে ফাইল জমা রশিদে "জ্ঞাতব্য বিজ্ঞপ্তি সংযুক্ত" মর্মে সীল দিতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী ও সংশ্লিষ্ট কর্মকর্তা/ কর্মচারী। |
| ১০) | ভবনের তলা এবং ব্যবহারের ধরন অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে ফায়ার সার্টিফিকেট জমা নিতে হবে। | |
| ১১) | বর্তমানে নতুন সংযোগের সময় আবেদনকারীর নিকট হতে যে সকল বিষয়ে স্ট্যাম্পে অঙ্গিকারনামা গ্রহণ করা হয়, সে সকল বিষয়ের মধ্যে স্ট্যাম্প ছাড়া নির্ধারিত ফরমেটে কোন কোন বিষয়ে গ্রাহকের অঙ্গিকার গ্রহণ করা যায় সে লক্ষ্যে সকল জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণের সমন্বয়ে একটি প্রতিবেদন তৈরী করবেন এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ওয়েস্ট জোন-১) আহবায়ক হিসেবে উক্ত প্রতিবেদন নির্বাহী পরিচালক (অপারেশন) বরাবর দাখিল করবেন। | সকল জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ |

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০০১.১৮.০০১.১৯- ০৩

২০ পৌষ, ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ------------------------
০৩ জানুয়ারি, ২০১৯ ইং

| ক্র.নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১২) | বকেয়া আদায় কার্যক্রম আরও জোরদার করতে হবে। এইচটি ও শিল্প গ্রাহকদের ১ মাসের মাসের বিল অপরিশোধিত থাকলেই সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। অন্যান্য গ্রাহকদের ক্ষেত্রে ৩/৬ মাসের বকেয়ার ভিত্তিতে তালিকা প্রস্তুতপূর্বক অগ্রাধিকার ভিত্তিতে সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ।<br><br>সংশ্লিষ্ট জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ বিষয়টি মনিটর করবেন। |
| ১৩) | টঙ্গী সিটি কর্পোরেশনের বকেয়া বিল পরিশোধের লক্ষ্যে পত্র প্রদানপূর্বক নিবীড় যোগাযোগের মাধ্যমে বিল আদায়ের ব্যবস্থা নিতে হবে। সরকারি অফিসের বকেয়া বিদ্যুৎ বিল আদায় নিশ্চিতকল্পে গত জুলাই, ২০১৮ মাস হতে ডিসেম্বর, ২০১৮ মাস পর্যন্ত ব্যবহারের ভিত্তিতে আগামী ০৬ (ছয়) মাসের সম্ভাব্য বিলের পরিমান উল্লেখ করতঃ মোট বিলের পরিমান সংশ্লিষ্ট অফিসকে অবহিতকরণসহ স্ব স্ব সংস্থার বর্তমান বাজেটে বিদ্যুৎ বিল খাতে প্রয়োজনীয় অর্থ সংকুলান না থাকলে রিভাইজড বাজেটে বরাদ্দ প্রাপ্তির ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে ১৫ই জানুয়ারি, ২০১৯ইং তারিখের মধ্যে পত্র প্রদান করতে হবে। | |
| ১৪) | Not Found গ্রাহকদের তালিকা যাচাইপূর্বক তাদের খুঁজে বের বকেয়া আদায়ের ব্যবস্থা নিতে হবে। কোন গ্রাহককে কোনক্রমেই খোঁজে না পাওয়া গেলে কর্তৃপক্ষ বরাবর তাদের Write-off এর প্রস্তাব প্রেরণ করতে হবে। | |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে সমন্বিত চেষ্টা ও আন্তরিকতার সাথে সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩/০১/১৯
**(নূর মহম্মদ)**
নির্বাহী পরিচালক (অপারেশন)

**বিতরণঃ** উপস্থিত কর্মকর্তাগণ।

**অনুলিপিঃ**
১। ব্যবস্থাপনা পরিচালক : সদয় অবগতির জন্য।
২। প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (ইষ্ট/ওয়েষ্ট জোন)/নেটওয়ার্ক অপারেশন।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ইষ্ট জোন-১/২)/(ওয়েষ্ট জোন-১/২)/গ্রীড সিষ্টেম প্রটেকশন এন্ড এনার্জি অডিট/ এমভিএসএসএম।
৪। নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (আগারগাঁও/কাফরুল/পল্লবী/মনিপুর/শাহআলী/রূপনগর/টঙ্গী (পশ্চিম)/টঙ্গী (পূর্ব)/উত্তরা (পূর্ব)/উত্তরা (পশ্চিম) /উত্তরখান/দক্ষিণখান/গুলশান/জোয়ারসাহারা/বারিধারা/বাড্ডা)।
৫। অফিস কপি।

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)
নির্বাহী পরিচালক (অপারেশন) এর দপ্তর
www.desco.org.bd
২২/বি ফারুক সরনি, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০০৫.০৬.০৩৯.১৯.৫২

তারিখ: ৪ পৌষ ১৪২৬
১৯ ডিসেম্বর ২০১৯

বিষয়: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের পত্রের আলোকে বিদ্যুৎ সেক্টরে সুশাসন (Good Governance) প্রতিষ্ঠা ও বিদ্যুৎ ব্যবস্থার স্থিতিশীলতা বজায় রাখা এবং প্রি-পেইড মিটারের মাধ্যমে প্রতিস্থাপনের ফলে খুলে আনা ডিজিটাল মিটারের হিসাব সংরক্ষণ ও ব্যবহারসহ বিবিধ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : নূর মহম্মদ, নির্বাহী পরিচালক (অপারেশন)
তারিখ : ২৬ নভেম্বর, ২০১৯ ইং (মঙ্গলবার)
স্থান : ডেসকো'র প্রধান কার্যালয়ের কনফারেন্স রুম
সময় : দুপুর ২:৩০ ঘটিকা

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তার তালিকা সংযুক্ত। সভার আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক) বিদ্যুৎ সেক্টরে সুশাসন (Good Governance) প্রতিষ্ঠা

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১) | বি ও বি বিভাগের অভিযোগ কেন্দ্র কর্তৃক Quick Response | বি ও বি বিভাগের অভিযোগ কেন্দ্রে ফোন নম্বর আপডেট না থাকলে তা আপডেট করতে হবে। যে সব বি ও বি বিভাগের বিল ফরমেটের পেছনে অভিযোগ কেন্দ্রের সঠিক ফোন নম্বর নেই, পরবর্তী বিল ফরমেট ছাপানোর সময় সঠিক ফোন নম্বর থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে। আপাততঃ বর্তমান বিল ফরমেটের প্রথম পৃষ্ঠায় অভিযোগ কেন্দ্রের সঠিক ফোন নম্বর সম্বলিত সিল ব্যবহারের মাধ্যমে গ্রাহককে অবহিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ২) | গ্রাহকগণকে ফিডব্যাক প্রদান | কোন কোন বি ও বি বিভাগে ডিমান্ড ইস্যুর পরও আবেদনকারীগণ ডিমান্ড নোট সংগ্রহ করে তা পরিশোধ করেন না। এসব ক্ষেত্রে ফাইলে রক্ষিত আবেদনকারীর ফোন নম্বরে ফোন করে ডিমান্ড নোট সংগ্রহের জন্য অবহিত করতে হবে। | |

| | | | |
|---|---|---|---|
| ৩) | নতুন সংযোগের ক্ষেত্রে Common list of documents এর বাইরে বাড়তি Document না চাওয়া | ক) ৭ দিনের মধ্যে LT সংযোগ ও ২৮ দিনের মধ্যে HT সংযোগ প্রদান নিশ্চিত করতে হবে। প্রত্যেক মাসের শেষে এতদসংক্রান্ত রিপোর্ট প্রধান প্রকৌশলীগণের মাধ্যমে নির্বাহী পরিচালক (অপারেশন) এর দপ্তরে প্রেরণ করতে হবে।<br>খ) গ্রাহকের ওয়্যারিং সার্টিফিকেট ব্যতীত Common list of documents এর বাইরে আর কোন বাড়তি Document নেয়া যাবে না।<br>গ) একাধিক মালিকানাধীন স্থাপনায় বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে যিনি আবেদন করবেন তিনি এই মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন যে, আবেদনের পর অন্যান্য মালিকগণ কর্তৃক কোন আপত্তি উত্থাপন করা হলে বিদ্যুৎ সংযোগ প্রদান স্থগিত / সংযোগ বিচ্ছিন্ন করা হলে কোন আপত্তি থাকবে না।<br>ঘ) ভাড়াটিয়ার নামে বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে ভাড়াটিয়া কর্তৃক বিল পরিশোধে ব্যর্থ হলে জমির মালিক তা পরিশোধ করতে বাধ্য থাকবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। তবে ভাড়া চুক্তির শর্তাবলীতে ভাড়াটিয়া কর্তৃক বিল বকেয়া রেখে চলে গেলে জমির মালিক কর্তৃক বিল পরিশোধের শর্ত উল্লেখ থাকলে তার জন্য এই অঙ্গীকারনামা প্রযোজ্য হবে না।<br>ঙ) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক বিভিন্ন শর্ত সাপেক্ষে সংযোগ প্রদানের ক্ষেত্রে নথিতে উল্লিখিত বিষয়ে অঙ্গীকারনামা গ্রহণ করতে হবে। তবে এসব অঙ্গীকারনামা প্রদানের ক্ষেত্রে স্ট্যাম্প প্রয়োজ্য হবে না।<br>চ) গ্রহণযোগ্য বিশেষ কোন কারণ ছাড়া নামজারী ব্যতিরেকে দীর্ঘদিনের পুরাতন দলিল দিয়ে আবেদন গ্রহণযোগ্য হবে না।<br>ছ) ডেসকো'র সময়ে সংযোগ হলে মিটার/লোড বৃদ্ধির ক্ষেত্রে বিদ্যুৎ বিলের কপি / ডিমান্ড নোটের কপি, জাতীয় পরিচয় পত্র ও 02 (দুই) কপি ছবি নিয়ে সংযোগ দিতে হবে, অন্য কোন ডকুমেন্ট প্রয়োজন হবে না। তবে ভবন সম্প্রসারণ/পুনঃ নির্মাণের কোন আলামত পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্ল্যানের কপি জমা দিতে হবে।<br>জ) বস্তিবাসীর ক্ষেত্রে আবেদনকারীগণের জাতীয় পরিচয় পত্র সহ কমিশনারের নিকট হতে বিদ্যুৎ সংযোগের বিষয়ে সার্টিফিকেট গ্রহণপূর্বক প্রি-পেইড মিটার দিয়ে সংযোগ প্রদান করা যাবে। | প্রধান প্রকৌশলী (ইষ্ট/ওয়েষ্ট জোন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল জোন) ও নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪) | গ্রাহকের নিকট হতে সেবা সংক্রান্ত মতামত | ক) প্রত্যেক গণশুনানী শেষে কার্যবিবরণী প্রস্তুত করতে হবে। কার্যবিবরণীতে গ্রাহকগণের অভিযোগ/পরামর্শ ও সমাধান উল্লেখ করতে হবে। গণশুনানীতে গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি মনিটর করতে হবে।<br>খ) KIOSK মেশিনে গ্রাহক কর্তৃক সেবা সম্পর্কে Unsatisfactory Comments করলে তার ফোন নম্বরে যোগাযোগ করে তার Unsatisfaction এর কারণ জিজ্ঞাসা করে কাঙ্খিত সেবা প্রদান/সেবা প্রদান করা সম্ভব না হলে তার কারণ সম্পর্কে গ্রাহককে ভালভাবে বুঝিয়ে বলতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ৫) | গ্রাহকের সাথে সদাচারণ | ক) অভিযোগ কেন্দ্র / এক অবস্থানে সেবা কেন্দ্রে কর্মরত এমপ্লয়ীগণ ফোনে অভিযোগকারী / আগত অভিযোগকারীগণকে স্যার/ম্যাডাম সম্বোধন করবেন।<br>খ) গ্রাহকের কোন আবেদন বিবেচনা করা সম্ভব না হলে এ বিষয়ে তাকে ভালোভাবে বুঝাতে হবে। নিজে ব্যর্থ হলে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা/অফিস প্রধানের সহায়তায় তাকে বুঝিয়ে বলতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ৬) | বিভিন্ন বিষয়ে ঐক্যমত্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ | ক) অধস্তন কোন কর্মকর্তা/কর্মচারী কোন বিষয়ে না বুঝলে তাকে উক্ত বিষয়ের সুফল কুফল বুঝিয়ে ঐক্যমত্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণের চেষ্টা করতে হবে।<br>খ) যতদুর সম্ভব To and Fro motion এ ফাইলের ঘুরাঘুরি বন্ধ করতে হবে। জটিল কোন বিষয় হলে উক্ত বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনা পূর্বক নোট/নথি অগ্রগামী করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ৭) | অডিট আপত্তি সমূহের নিষ্পত্তি | যে কোন সময়ের অডিট আপত্তির জবাবের ক্ষেত্রে যখন যিনি দায়িত্বে থাকবেন তাকেই জবাব দিতে হবে। প্রয়োজনে পূর্বতন কর্মকর্তার সাহায্য নিতে হবে, কোনভাবেই অনীহা প্রদর্শন করা যাবে না। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ৮) | সেবা প্রদানের ক্ষেত্রে গ্রাম-শহর, ধনি-দরিদ্র, নারী -পুরুষ ইত্যাদি বৈষম্য সৃষ্টি না করা | সেবা প্রদানের ক্ষেত্রে গ্রাম-শহর, ধনি-দরিদ্র, নারী -পুরুষ ইত্যাদি বৈষম্য সৃষ্টি করা যাবে না। এক্ষেত্রে সেবা প্রদানের সাথে জড়িত সংশ্লিষ্ট সকলকে নিয়ে আলোচনা করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ৯) | সুশাসন (Good Governance) প্রতিষ্ঠা বিষয়ক সভার আয়োজন | আগামী সপ্তাহের মধ্যে প্রতিটি বি ও বি বিভাগকে সুশাসন (Good Governance) প্রতিষ্ঠা বিষয়ক মন্ত্রণালয়ের পত্রের উপর সভা করে কার্যবিবরণী প্রেরণ করবেন। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ১০) | দুর্ঘটনা এড়ানোর জন্য পূর্ব প্রস্তুতি | প্রতিটি বি ও বি বিভাগ দুর্ঘটনা এড়ানোর জন্য সপ্তাহে 01 (এক) দিন নির্বাহী প্রকৌশলী/উপ-বিভাগীয় প্রকৌশলী/সহকারী প্রকৌশলী সামরিক বাহিনীর ন্যায় LEM গ্যাংকে Fall in করিয়ে নিরাপত্তা, নির্ধারিত পোশাক পরিধান ও যথাযথ টুলস ব্যবহার করে লাইনে কাজ করার বিষয়ে নির্দেশনা প্রদান করবেন। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

খ) বিদ্যুৎ ব্যবস্থার স্থিতিশীলতা বজায় রাখা

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১) | ব্যাটারী চার্জিং স্টেশন | ক) কোন দোকান বা বাসার সাথে একই মিটারে অটো রিক্সার ব্যাটারী চার্জিং করার ব্যবস্থা থাকলে তাদের সাশ্রয়ী রেটে (D-2) বিদ্যুৎ পাওয়ার বিষয়টি উল্লেখপূর্বক Motivate করে ব্যাটারী চার্জিং স্টেশনের জন্য আলাদা ঘর নির্মাণ করে মিটার নিতে উদ্বুদ্ধ করতে হবে।<br>খ) শুধুমাত্র ব্যাটারী চার্জিং এর কাজে ব্যবহৃত স্টেশনের মিটারের ট্যারিফ D-2 ভিন্ন অন্য কোন ট্যারিফে বিল হয়ে থাকলে অবিলম্বে তা D-2 তে রূপান্তর করতে হবে। ০১ (এক) সপ্তাহের মধ্যে বর্ণিত কাজ সম্পাদন পূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

গ) প্রি-পেইড মিটারের মাধ্যমে প্রতিস্থাপনের ফলে খুলে আনা ডিজিটাল মিটারের হিসাব সংরক্ষণ ও ব্যবহারঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১) | প্রি-পেইড মিটারের মাধ্যমে প্রতিস্থাপনের ফলে খুলে আনা ডিজিটাল মিটার যথাযথভাবে সংরক্ষণ ও ব্যবহার প্রসঙ্গে। | টেশিস বা অন্য যে কোন প্রতিষ্ঠান কর্তৃক প্রি-পেইড মিটার দ্বারা ডিজিটাল মিটার প্রতিস্থাপনের পর মিটারসমূহ পরিস্কার করে বি ও বি বিভাগে জমা প্রদান করতে হবে। বি ও বি বিভাগের মিটার টেষ্ট রুমে উক্ত মিটারসমূহ পরীক্ষা করে তার তথ্য আলাদা রেজিষ্টারে লিপিবদ্ধ করে রাখবে। ব্যবহার উপযোগী খুলে আনা মিটারসমূহ পরীক্ষা করার পর নতুন মিটার স্থাপন ও পুরাতন মিটার পরিবর্তনের ক্ষেত্রে ব্যবহার করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

বিবিধঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১) | নতুন সংযোগ | ক) ডেভেলপার কর্তৃক নির্মিত ভবনে কোনভাবেই Partly নতুন সংযোগ প্রদান করা যাবে না। তবে ব্যক্তি মালিকানাধীন ভবনের ক্ষেত্রে Partly ব্যবহার উপযোগী করে মিটারের আবেদন করলে তা প্রদান করা হবে। ভবনের মোট ফ্লোর এরিয়া ১৪,৫০০ বর্গফুটের মধ্যে হলে Partly নতুন সংযোগের ক্ষেত্রে স্ব স্ব অনুমোদনকারী কর্মকর্তাগণ তার অনুমোদন সীমার মধ্যে অনুমোদন দিবেন। তবে ভবনের নির্মাণ কাজ শেষ হলে আয়তন ১৪.৫০০ বর্গফুটের অধিক অথবা ফ্ল্যাট সাইজ অনুযায়ী/ওয়্যারিংকৃত লোড ৫০ কি:ও: অতিক্রম করলে HT সংযোগ গ্রহণ করবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। প্রধান প্রকৌশলী (ওয়েষ্ট জোন) অঙ্গীকারনামার ফরমেট প্রস্তুত পূর্বক জারী করার ব্যবস্থা করবেন।<br>খ) ব্যক্তি মালিকানাধীন ভবনের ক্ষেত্রে- লিফটের প্রবিশন না থাকলে, ফ্ল্যাট সাইজ ছোট ছোট ও ফ্ল্যাট সাইজ অনুযায়ী লোড ৫০ কি:ও: এর কম হলে ১৫.০০০ বর্গফুট পর্যন্ত এলটিতে সংযোগ প্রদান বিবেচনা করা যাবে।<br>গ) যে সব ভবনে লিফটের প্রবিশন আছে/লিফট বসানো আছে এবং ভবনের ফ্লোর এরিয়া ১৪.৫০০ বর্গফুটের বেশী তাদের লোড স্বাভাবিকভাবেই ৫০ কি:ও: অতিক্রম করবে, এক্ষেত্রে অবশ্যই HT সংযোগ প্রযোজ্য হবে।<br>ঘ) ফ্লোর এরিয়া পরিমাপের ক্ষেত্রে ছাদের বর্ধিত অংশ ও Void বাদ দিয়ে অবশিষ্ট অংশ ভবনের মোট ফ্লোর এরিয়া হিসাবে বিবেচনা করতে হবে।<br>ঙ) কোন আবেদনকারী অসুস্থ বা বিদেশে থাকলে তার ক্ষেত্রে Authorization Letter গ্রহণযোগ্য। তবে অসুস্থ ব্যক্তির ক্ষেত্রে ফিল্ড পরিদর্শককে স্থাপনা পরিদর্শনে গিয়ে স্বাক্ষর যাচাই করতে হবে। বিদেশে অবস্থানকারীর ক্ষেত্রে পাসপোর্টের কপিসহ Authorization Letter ই-মেইলে পাঠাতে হবে এবং তার ছবি আশেপাশের লোকদেরকে দেখিয়ে নিশ্চিত হতে হবে।<br>চ) Developer এর ক্ষেত্রে কোম্পানির যে কোন কর্মকর্তাকে Authorized করলে তা গ্রহণযোগ্য হবে এবং উক্ত Authorized ব্যক্তি নতুন সংযোগের যাবতীয় কার্য সম্পাদনের ক্ষেত্রে ডেসকো'র সাথে যোগাযোগ করবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১) | নতুন সংযোগ | ছ) লোড ছাড়পত্রের মেয়াদের মধ্যে নতুন সংযোগ/লোড বৃদ্ধির আবেদন জমা দিলে প্রক্রিয়ার কারণে নতুন সংযোগ প্রদানে বিলম্ব হলে উক্ত লোড ছাড়পত্রের আর মেয়াদ বৃদ্ধি প্রয়োজন হবে না।<br>জ) গ্রাহকের কোন আবেদন বা সংযুক্ত ডকুমেন্ট নিয়ে সন্দেহ থাকলে আবেদনকারীকে নির্বাহী প্রকৌশলী বা সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা সাপেক্ষে সমাধান দিতে হবে, গ্রাহককে বিনা কারণে ঘুরানো যাবে না। অন্য সকল ক্ষেত্রে এক অবস্থানে সেবা কেন্দ্রে সরাসরি আবেদন গ্রহণ করা যাবে।<br>ঝ) যে সব আবাসিক ভবনে লিফট সংযুক্ত আছে তাদের লিফটের লোড লোকের ধারণ ক্ষমতার উপর নির্ভর করবে, Common মিটারের আওতায় লিফট, পানির পাম্প, গ্যারেজ ও সিড়ির লাইট ছাড়া অন্য কোন লোড না থাকলে-<br>Up to 06 Persons, Common মিটারের লোড - ৮ কি:ও:<br>Up to 08 Persons, Common মিটারের লোড - ১০ কি:ও:<br>ঞ) ভবনের ফ্লোর এরিয়া অনুর্ধ্ব ১৪.৫০০ বর্গফুট এবং অনুর্ধ্ব লোড ৫০ কি:ও: এর মধ্যে থাকলে এইচটি সংযোগের জন্য পত্র প্রদান করা প্রয়োজন নাই, নিয়মানুযায়ী অঙ্গীকারনামা গ্রহণসাপেক্ষে LT তে সংযোগ প্রদান করতে হবে।<br>ট) যেখানে ঘরে মিটার স্থাপন করা যায় সেখানে Long Service Drop হলেও ঘরে মিটার স্থাপনের মাধ্যমে সংযোগ দিতে হবে। পোল মিটার দ্বারা সংযোগ দেয়া যাবে না। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| ২) | মুজিব বর্ষ পালনের প্রস্তুতি | ক) মুজিব বর্ষ উপলক্ষে ডেসকো'র বিভিন্ন স্লোগানসমূহ সংগ্রহ ও প্রয়োজনে সংশোধন পূর্বক স্থাপন করতে হবে। কোন একটি এস এন্ড ডি কে মডেল হিসাবে তৈরী করতে হবে এবং অন্যান্য এস এন্ড ডি গুলোকে তা Follow করতে হবে।<br>খ) মুজিব বর্ষ উপলক্ষে কার কি করণীয় তা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সকল জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলীদের নিকট পাঠাতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ প্রধান প্রকৌশলী ও নির্বাহী পরিচালক (অপারেশন) এর সাথে আলোচনা সাপেক্ষে করণীয় নির্ধারণ করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী সকল জোন |
| ৩) | বিল রি-প্রিন্ট ফি আদায় | টানা বিলের ফরমেটে বিল রি-প্রিন্টের ক্ষেত্রে কোন রি-প্রিন্ট ফি প্রযোজ্য হবে না। তবে ডেসকো'র নির্ধারিত এলটি/এলটিআই/এইচটি বিল ফরমেটে বিল রি-প্রিন্টের ক্ষেত্রে নির্ধারিত সেবা মূল্য ফি প্রযোজ্য হবে। এক্ষেত্রে বিল ফরমেটে বিল রি প্রিন্ট দেয়ার সময়ই পূর্বের ন্যায় বিলের সাথে রি-প্রিন্ট ফি যোগ হয়ে যাবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ ও আইসিটি |

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪) | অন্যান্য | ক) কোন স্থাপনায় নির্মাণ ট্যারিফ ব্যতীত অন্য কোন মিটার দিয়ে নির্মাণ কাজ শুরু করলে মিটার রিডারদের মিটার রিপোর্ট করতে হবে। এর ব্যত্যয় হলে COSS ঠিকাদারের সংশ্লিষ্ট মিটার রিডারের বিরুদ্ধে নিয়মানুযায়ী ব্যবস্থা নিতে হবে। বিষয়টি COSS ঠিকাদারদের অবহিত করতে হবে।<br>খ) কোন স্থাপনায় নির্মাণ ট্যারিফ ব্যতীত অন্য কোন মিটার দিয়ে নির্মাণ কাজ শুরু করলে, আশপাশে খবর নিয়ে নির্মাণকালীন সময় নির্ধারণ করে বিদ্যমান মিটারের বিল নির্মাণ ট্যারিফে রূপান্তর করে গ্রাহকের নিকট হতে বিল আদায় করতে হবে।<br>গ) Existing গ্রাহক ওভারলোডে বিদ্যুৎ ব্যবহার করলে তার অনুমোদিত লোড বাড়িয়ে দিয়ে সোলার প্যানেল স্থাপনের জন্য পত্র দিতে হবে।<br>ঘ) 132 কেভি লাইনের নিচ দিয়ে কোন সার্ভিস ড্রপ ক্রস করতে পারবে না। প্রয়োজনে আন্ডারগ্রাউন্ড সার্ভিস ক্যাবলের মাধ্যমে সংযোগ দেয়া যেতে হবে।<br>ঙ) বিদ্যুৎ বিভাগ কর্তৃক জারিকৃত পরিপত্র নং- 27.052.031.00.00.001.2010-847, তারিখ: 07/11/2010ইং এর আলোকে যে কোন গ্রাহকের (আবাসিক, বাণিজ্যিক ও শিল্প সংযোগ) ক্ষেত্রে 02 কিলোওয়াট পর্যন্ত লোড বরাদ্দপ্রাপ্ত গ্রাহকদের সোলার প্যানেল স্থাপনের জন্য অনুরোধ জানাতে হবে না।<br>চ) লিফট ও পানির পাম্প বাদে কমন মিটারের লোড নগণ্য হলে সোলার স্থাপনের জন্য পত্র প্রদানের প্রয়োজন নাই, তবে কমন মিটারে কমন ব্যবহার ছাড়া অন্য কোন লোড সংযুক্ত থাকলে সোলার প্যানেল বসাতে হবে। | প্রধান প্রকৌশলী (ইষ্ট/ওয়েষ্ট জোন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল জোন) ও নির্বাহী প্রকৌশলী সকল বি ও বি বিভাগ |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে সমন্বিত চেষ্টা ও আন্তরিকতার সাথে সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯-১২-২০১৯

নূর মহম্মদ
নির্বাহী পরিচালক

বিতরণ :

১) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (নেটওয়ার্ক অপারেশন)
এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড
(ডেসকো)

২) উপ-মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক (ইন্টারনাল অডিট) এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

৪) এসএন্ডডি অপারেশন

স্মারক নম্বর: ২৭.২৪.০০০০.০০৫.০৬.০৩৯.১৯.৫২/১

তারিখ: ৪ পৌষ ১৪২৬
১৯ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)

১৯-১২-২০১৯
মোহাম্মদ মিজানুর রহমান
স্টাফ অফিসার

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

১৭ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ

স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০০৫.০৬.০১৩.১৯- ৭৪ তারিখঃ---------------------

০১ আগষ্ট, ২০১৯ ইং

**বিষয়ঃ ২০১৯-২০ অর্থ বছরের APA এর লক্ষ্যমাত্রা, Not found গ্রাহকদের Write off কাজের অগ্রগতি, ইন্টারনাল অডিটে উত্থাপিত আপত্তি, বকেয়া আদায়, প্রি-পেইড মিটার স্থাপনের বাস্তবায়ন অগ্রগতি, ঈদ-উল-আযহার ছুটিকালীন সময়ে মাসিক রিডিং গ্রহণ, পেন্ডিং নতুন সংযোগের ফাইল সমূহসহ বিবিধ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ নূর মহম্মদ, নির্বাহী পরিচালক (অপারেশন)
তারিখ ঃ ৩১ জুলাই, ২০১৯ইং (বুধবার)
স্থান ঃ ডেসকো'র প্রধান কার্যালয়ের কনফারেন্স রুম
সময় ঃ দুপুর ২:৩০ ঘটিকা

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তার তালিকা সংযুক্ত। সভায় উপরোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১) | ২০১৯-২০ অর্থ বছরের APA এর লক্ষ্যমাত্রা | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ নির্ধারিত বি ও বি বিভাগওয়ারী ২০১৯-২০ অর্থ বছরের APA এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ২) | Not found গ্রাহকদের Write off কাজের অগ্রগতি | ক) প্রত্যেক বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ তাদের আওতাধীন প্রতিটি Not found গ্রাহকের BIS পর্যালোচনা ও যাচাই বাছাই পূর্বক সংশ্লিষ্ট জোনাল তত্ত্বাবধায়ক প্রকৌশলী এর সাথে আলোচনা করে Not Found গ্রাহকদের Write off এর তালিকা চুড়ান্ত করবেন।<br>খ) উত্তরা (পূর্ব), উত্তরা (পশ্চিম), আগারগাঁও, রূপনগর ও কাফরুল বি ও বি বিভাগ আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে তাদের সংশ্লিষ্ট Not found গ্রাহকের BIS পর্যালোচনা করে যাচাই বাছাই পূর্বক Not Found গ্রাহকদের Write off এর চূড়ান্ত তালিকাসহ একটি প্রতিবেদন নির্বাহী পরিচালক (অপারেশন) বরাবর প্রেরণ করবেন।<br>গ) গুলশান বি ও বি বিভাগের আওতাধীন ডেসা কর্তৃক হস্তান্তরকৃত ডিপিডিসি এলাকায় ঠিকানাধীন যে সকল গ্রাহক Not Found হিসাবে ডেসকোর ডাটাভেজে আছে তাদের যাচাই বাছাই করে ডাটাভেজ থেকে অপসারনের ব্যবস্থা করতে হবে। এছাড়াও গুলশান বি ও বি বিভাগের যে সকল গ্রাহক ডেসা কর্তৃক বিল ইস্যু করা হয়েছে কিন্তু ডেসকোর সময়কালে কোনো বিল ইস্যু করা হয় নাই, সে সকল Not Found গ্রাহক কে Right off এর ব্যবস্থা গ্রহন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ, সকল জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ |
| ৩) | Internal Audit এ উত্থাপিত আপত্তির প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা ও অগ্রগতি | ক) Internal Audit কর্তৃক উত্থাপিত আপত্তিসমূহের বিষয়ে সকল বি ও বি বিভাগ দ্রুত ব্যবস্থা গ্রহণ করবে।<br>খ) Internal Audit কর্তৃক উত্থাপিত পোস্টপেইড মিটারের সাথে রিডিং কার্ড না থাকা এবং রিডিং কার্ডে মাসিক রিডিং লিপিবদ্ধ না করায় সংক্রান্ত আপত্তির বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১০০% পোস্টপেইড মিটারের সাথে রিডিং কার্ড থাকা নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসে সংগ্রহকৃত রিডিং মিটার কার্ডে লিপিবদ্ধ করা নিশ্চিত করতে হবে।<br>গ) Estimated Bill পরিহারের লক্ষ্যে গ্রাহকের সরবরাহকৃত মিটার নষ্ট হওয়ার ক্ষেত্রে ডেসকো'র প্রি-পেইড মিটারের মাধ্যমে প্রতিস্থাপনের কারণে খুলে আনা মিটার থাকলে ভাড়া ভিত্তিতে গ্রাহককে মিটার সরবরাহ করতে হবে।<br>ঘ) নতুন সংযোগ প্রদানকালে যে সকল মিটারের CMO ইস্যু করা হয়েছে কিন্তু মিটার install করার পর CMO কনফার্ম না করার ফলে গ্রাহকের বিল ইস্যু বন্ধ রয়েছে, সে সকল মিটারের CMO যাচাই-বাছাই করতঃ CMO কনফার্ম করতে হবে। ভুলবশতঃ কোন মিটারের বিপরীতে একাধিক CMO ইস্যু করা হলে, তাহা ডাটাবেস হতে বাতিল করতে হবে। ভবিষ্যতে এ জাতীয় ভুল সংঘটিত না হওয়ার বিষয়ে সংশ্লিষ্টদের সতর্ক করতে হবে।<br>ঙ) বিদ্যুৎ বিল/ম্যাটেরিয়াল বিল বকেয়া রেখে স্থায়ীভাবে বন্ধ হওয়া হিসাব সমূহের বিপরীতে সংশ্লিষ্ট গ্রাহকদের পত্র প্রদান করতে হবে এবং বকেয়া আদায় নিশ্চিত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

১৭ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ

স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০০৫.০৬.০১৩.১৯- তারিখঃ--------------------

০১ আগষ্ট, ২০১৯ ইং

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪) | সরকারি / আধা-সরকারি / স্বায়ত্ত্বশাসিত এবং বেসরকারি অফিসসমূহের বকেয়া আদায় | ক) সরকারি / আধা-সরকারি / স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের পাওনা বকেয়া আদায়ের লক্ষ্যে গত ২১শে মে ২০১৯ইং তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদের(এনইসি) সম্মেলন কক্ষে অনুষ্ঠিত সভায় মাননীয় প্রধানমন্ত্রী ঈদুল ফিতরের পরপরই সকল সরকারী সংস্থাগুলিকে বিদ্যুৎ বিল পরিশোধের নোটিশ প্রদান এবং নোটিশ সময়ের মধ্যে বিল পরিশোধ না করলে সঙ্গে সঙ্গে বিদ্যুৎ লাইন বিচ্ছিন্ন করে দেওয়ার নির্দেশনা উল্লেখ করে পত্র প্রদান করতে হবে। উক্ত পত্রে চলতি অর্থ বছরে সম্ভাব্য মোট বিদ্যুৎ বিলের পরিমানও উল্লেখ করতে হবে।<br>খ) পূর্বের Allottee কর্তৃক বকেয়া রেখে চলে যাওয়ার কারণে যে সকল সরকারি কোয়ার্টারের বিপরীতে বকেয়া রয়েছে, সেই সকল Allottee গণের কে কোন সময় উক্ত বাসায় বসবাস করেছিলেন তাদের তালিকা চেয়ে বাসা বরাদ্দকারী কর্তৃপক্ষের নিকট পত্র প্রদান করতে হবে। তালিকা প্রাপ্তির পর সংশ্লিষ্ট Allottee এর বেতন থেকে বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর/সংস্থায় পত্র প্রদান করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ৫) | ৩ / ৬ / ৯ মাসের উপর বকেয়া থাকা গ্রাহকদের বকেয়া আদায় অগ্রগতি | ৩ / ৬ / ৯ মাসের বিদ্যুৎ বিল বকেয়া পড়া সকল গ্রাহকের নিকট হতে পাওনা টাকা আদায়ের প্রচেষ্টা জোরদার করতে হবে। ৩ (তিন) মাসের অধিক বকেয়া থাকা গ্রাহকদের বকেয়া আগামী এক মাসের মধ্যে আদায়/অনাদায়ে সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ৬) | গ্রীষ্ম মৌসুমে ওভারলোড সমস্যা নিরসনের লক্ষ্যে বিগত গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি | ক) ২৮/৩/১৯ইং তারিখে ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক মহাদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত চলমান ভূ-গর্ভস্থ ক্যাবল স্থাপন কাজের অগ্রগতি ও গুণগত মান সংক্রান্ত সভার যে সকল সিদ্ধান্ত এখনও বাস্তবায়ন করা হয়নি, সে সকল বিষয় উল্লেখপূর্বক একটি প্রতিবেদন আগামী ০৭/০৮/২০১৯ইং তারিখের মধ্যে নির্বাহী পরিচালক (অপারেশন) বরাবর প্রেরণ করতে হবে।<br>খ) নতুন লাইন নির্মাণ/লাইন রিনোভেশনের প্রস্তাব প্রেরণের লক্ষ্যে সকল বি ও বি বিভাগ কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে এ সংক্রান্ত প্রতিবেদন আগামী ২০/০৮/২০১৯ইং তারিখের মধ্যে নির্বাহী পরিচালক (অপারেশন) বরাবর দাখিল করতে হবে। ইতোপূর্বে এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করে থাকলে তার তথ্য প্রদাণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ৭) | বিইআরসিতে মামলা/কোর্টের মামলার কারণে অনাদায়ী বকেয়া ও সংযোগ বিচ্ছিন্ন না করতে পারার প্রেক্ষিতে করণীয় বিষয়ে আলোচনা | বিইআরসিতে মামলা/কোর্টের মামলার কারণে কোন বকেয়া আদায়/ সংযোগ বিচ্ছিন্নকরণ বাধাগ্রস্থ হয়ে থাকলে জোনাল তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলীগণ এ সকল মামলা পর্যালোচনাপূর্বক একটি প্রতিবেদন আগামী ০৭/০৮/২০১৯ইং তারিখের মধ্যে নির্বাহী পরিচালক (অপারেশন) বরাবর প্রেরণ করতে হবে। | সকল জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ ও প্রধান প্রকৌশলীগণ |
| ৮) | প্রি-পেইড মিটার স্থাপন কাজের বাস্তবায়ন অগ্রগতি | ২০১৯-২০ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অর্জনে প্রি-পেইড মিটার প্রকল্পের প্রকল্প পরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ প্রি-পেইড মিটার প্রকল্পের প্রকল্প পরিচালক এর সাথে সমন্বয়ের মাধ্যমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | প্রকল্প পরিচালক, প্রি-পেইড মিটার প্রকল্প ও নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০০৫.০৬.০১৩.১৯-

১৭ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখঃ--------------------
০১ আগষ্ট, ২০১৯ ইং

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৯) | ঈদ-উল-আযহার ছুটিকালীন সময়ে মাসিক মিটার রিডিং সংগ্রহ | আসন্ন পবিত্র ঈদ-উল-আযহার সম্ভাব্য তারিখ আগামী ১২/০৮/২০১৯ইং হওয়ায় সাপ্তাহিক ছুটির দিনসহ ৯ হতে ১৩ অগাস্ট তারিখ ঈদ-উল-আযহা উপলক্ষ্যে অফিস বন্ধ থাকবে। ১৪ আগষ্ট অফিস যথারীতি খোলা থাকবে এবং ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস ও সাপ্তাহিক ছুটির দিনসহ ১৫ হতে ১৭ আগষ্ট তারিখ অফিস বন্ধ থাকবে। সর্বসম্মতিক্রমে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, ১০ হতে ১২ আগষ্টের সকল এলটি মিটার রিডিং যথাক্রমে ৯ ও ১০ আগষ্ট এর মধ্যে এবং ১৩ হতে ১৫ আগষ্টের এলটি মিটার রিডিং যথাক্রমে ১৬ হতে ১৮ আগষ্টের মধ্যে নিয়মিত শিডিউলের পাশাপাশি গ্রহণ করতে হবে। তবে পূর্বের শিডিউলের মিটার রিডিং অবশ্যই পূর্বে গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ১০) | নির্ধারিত সময়ে (৭/২৮ দিন) নতুন সংযোগ দিতে না পারার কারণে পেন্ডিং ফাইলসমূহের বিষয়ে আলোচনাক্রমে সিদ্ধান্ত গ্রহণ | কোন ডকুমেন্টের ঘাটতির কারণে নতুন সংযোগের পেন্ডিং ফাইলসমূহ হ্রাসের জন্য কেস টু কেস পর্যালোচনা করে ঘাটতি ডকুমেন্ট জমাদানের জন্য নির্ধারিত সময়সীমার মধ্যে উক্ত ডকুমেন্ট জমা প্রদানে ব্যর্থ হলে ই-গভার্নেন্স-এ নতুন সংযোগের নথি Close করতে হবে। পরবর্তীতে আবেদনকারী আবেদন করলে নথি পুনর্জীবিত করে কার্যক্রম শুরু করা হবে।। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ১১) | বিবিধ | ক) সকল লক বিলের বিষয়ে রিডিং সুপারভাইজারগণ কর্তৃক সরেজমিনে তদন্ত/মতামত প্রদান নিশ্চিত হয়ে রিপোর্ট প্রদান করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| | | খ) মিরপুর গ্রিড উপকেন্দ্রের টান্সফরমারে ত্রুটি পরিলক্ষিত হওয়ার বিষয়ে নির্বাহী প্রকৌশলী, রূপনগর একটি নোট উপস্থাপন করবেন, যার প্রেক্ষিতে প্রধান প্রকৌশলী (নেটওয়ার্ক অপারেশন) জরুরী ভিত্তিতে ট্রান্সফরমার মেরামত কাজ সম্পাদনের জন্য পিজিসিবি বরাবর পত্র প্রদান করবেন। | নির্বাহী প্রকৌশলী, রূপনগর ও প্রধান প্রকৌশলী (নেটওয়ার্ক অপারেশন) |
| | | গ) ই-নথিতে নথিজাতযোগ্য ডাকের ক্ষেত্রে অধিনস্থ কর্মকর্তা উক্ত ডাক নথিজাত করার জন্য প্রস্তাব করে উর্ধ্বতন বরাবর প্রেরণ করবেন। উক্ত সুপারিশ উর্ধ্বতন কর্মকর্তা অনুমোদিত লিখে অধিনস্থ কর্মকর্তা বরাবর নথিজাত করার জন্য প্রেরণ করবেন। | সকল দপ্তরের কর্মকর্তা |
| | | ঘ) অনলাইনে ডেসকো'র বিদ্যুৎ বিল প্রদানের ক্ষেত্রে বিল প্রদানের পর ডেসকো'র ওয়েবসাইটে তার হালনাগাদ তথ্য দেখতে নুন্যতম ২৪ ঘন্টা সময় লাগার বিষয়ে ডেসকো'র ওয়েবসাইটে গ্রাহকের লগ ইন পেইজের দৃশ্যমান স্থানে উল্লেখ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) |
| | | ঙ) অনলাইনে বিল পরিশোধের পর এসএমএস এর মাধ্যমে গ্রাহকের বিল পরিশোধ নিশ্চিতকরণ এসএমএস প্রেরণ দ্রুত চালুর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে সমন্বিত চেষ্টা ও আন্তরিকতার সাথে সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নূর মহম্মদ)
নির্বাহী পরিচালক (অপারেশন)।

**বিতরণঃ** উপস্থিত কর্মকর্তাগণ।

**অনুলিপিঃ**

১। ব্যবস্থাপনা পরিচালক : সদয় অবগতির জন্য।
২। প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (ইষ্ট/ওয়েষ্ট জোন)/নেটওয়ার্ক অপারেশন।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ইষ্ট জোন-১/২)/(ওয়েষ্ট জোন-১/২)/আইসিটি।
৪। নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (গুলশান/বারিধারা/বাড্ডা/দক্ষিণখান/উত্তরখান/টঙ্গী (পূর্ব/পশ্চিম)/উত্তরা (পূর্ব)/জোয়ারসাহারা/ কাফরুল/পল্লবী/উত্তরা (পশ্চিম)/আগারগাঁও/মনিপুর/শাহআলী/রূপনগর)।

iSO 9001 : 2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LIMITED
Fax : +88 02 8900100
E-mail : info@desco.org.bd, mddesco@desco.org.bd
Website : www.desco.org.bd

উদ্যোগ

স্মারক নং-২৭.২৪.০০০০.০১.১৬.০৫.১৯.২২১

তারিখঃ ১৪ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ
২৮ মে ২০১৯ খ্রীষ্টাব্দ

সিনিয়র সচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা - 1000 ।

দৃষ্টি আকর্ষনঃ জনাব মোঃ মোস্তফা কামাল, সহকারী প্রধান, পরিকল্পনা-১ শাখা, বিদ্যুৎ বিভাগ।

**বিষয়ঃ প্রি-পেমেন্ট মিটার স্থাপনের বছর ভিত্তিক লক্ষ্যমাত্রার প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**
**সূত্রঃ নং-২৭.০০.০০০০.০৮১.১৪.০১৫.১৬-২২৭, তারিখঃ- ২২/০৫/২০১৯ পরিকল্পনা-১ শাখা, বিদ্যুৎ বিভাগ ।**

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের আলোকের জানানো যাচ্ছে যে, ডেসকো কর্তৃক মিটার ক্রয়ের দীর্ঘসূত্রিতার কারণে ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরের প্রি-পেমেন্ট মিটার স্থাপনের বছরভিত্তিক লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয়নি। বর্তমানে ডেসকো কর্তৃক নিজস্ব অর্থায়নে ২ লক্ষ প্রি-পেমেন্ট মিটার, এডিবি অর্থায়নে ২ লক্ষ প্রি-পেমেন্ট মিটার ক্রয় করা হয়েছে ও জিওবি ফান্ডের মাধ্যমে আরও ২ লক্ষ প্রি-পেমেন্ট মিটার ক্রয়ের কাজ প্রক্রিয়াধীন আছে এবং টেশিস কর্তৃক (ডেসকো'র নিজস্ব অর্থায়নে) সরবরাহকৃত প্রি-পেমেন্ট মিটারসমুহের স্থাপন কাজ ইতোমধ্যে শুরু হয়েছে। মন্ত্রণালয় কর্তৃক ২০২০-২১ অর্থ বছরে ডেসকো'র গ্রাহক সংখ্যা ১১,১৭,০০০ দেখানো হলেও বাস্তবে বর্তমান গ্রাহক সংখ্যা বৃদ্ধির হার বিবেচনায় গ্রাহক সংখ্যা ১০,১১,৭২২ হতে পারে। নিম্নে ডেসকো'র বছর ভিত্তিক প্রি-পেমেন্ট মিটার স্থাপনের বছরভিত্তিক সংশোধিত লক্ষ্যমাত্রা দেয়া হলোঃ

| ক্রমিক নং | সংস্থা | | অর্থ বছর | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০০৫-১৬ | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | |
| ১ | ডেসকো | লক্ষ্যমাত্রা | | ২৬,০০০ | ২,৫০,০০০ | ৫,৬৩,০০০ | ১,৭৮,০০০ | ১,০০,০০০ | *২৭/০৫/২০১৯ তারিখ পর্যন্ত ** সংশোধিত লক্ষ্যমাত্রা |
| ২ | | অর্জন/ সংশোধিত লক্ষ্যমাত্রা | ১৮,৫০০ | ৩৪,০০০ | ৭৬,৫৬১ | *৮২,৬৬১ | **২০০০০০ | **২০০০০০ | |

ডেসকো'র বর্তমান ক্রয় ও মিটার স্থাপন পরিকল্পনা অনুযায়ী আগামী ২০২১-২২ অর্থ বছরের মধ্যে ডেসকো'র সকল গ্রাহককে প্রি-পেমেন্ট মিটারের আওতায় আনা সম্ভব হবে।

ব্রিঃ জেনারেল মোঃ শাহিদ সারওয়ার, (অবঃ)
ব্যবস্থাপনা পরিচালক।

অনুলিপিঃ

১। যুগ্ম প্রধান, বিদ্যুৎ বিভাগ। [সদয় অবগতির জন্য]
২। নির্বাহী পরিচালক (সংগ্রহ/অপারেশন/প্রকৌশল), ডেসকো।
৩। অফিস কপি।

DESCO ADMINISTRATION
Received No. 4574
Date. 10/4/19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয় অধিশাখা -২
ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.powerdivision.gov.bd

| ED (Admin) | ED (Engg) | ED (Proc) |
|---|---|---|
| ED (F & A) | ED (Opn) | |

| DGM (Admin) | DGM (HR) |
|---|---|

নম্বর: ২৭.০০.০০০০.০৫২.৯৯.০০১.১৯-২১৭

তারিখ: ২৫ চৈত্র ১৪২৫
০৮ এপ্রিল ২০১৯

## পরিপত্র

বিষয়: বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে শিল্প প্রতিষ্ঠানের পরিবেশ ছাড়পত্র সংক্রান্ত।

০১। উপর্যুক্ত বিষয়ে পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ১২.১২.২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ মহোদয়ের সভাপতিতে National Committee for Monitoring Implementation of Doing Business Reforms (NCMID) এর ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত (নং-১১.৮) গৃহীত হয়ঃ
"বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে শিল্প প্রতিষ্ঠানের পরিবেশ ছাড়পত্রের প্রয়োজন নেই মর্মে পরিপত্র জারি করার সিদ্ধান্ত গৃহীত হয়।"

০২। উল্লিখিত গৃহীত সিদ্ধান্তের আলোকে "বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে শিল্প প্রতিষ্ঠানের পরিবেশ ছাড়পত্রের প্রয়োজন নেই।"

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

৯-৪-২০১৯
আইরিন পারভীন
উপসচিব
ফোন: ৪৭১২০৩০৮।
ইমেইল: coord-2@pd.gov.bd

বিতরণ:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা), ই-৬/বি আগারগাঁও, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব তৌহিদুর রহমান খান, পরিচালক, (নিবন্ধন ও সহায়তা স্থানীয় শিল্প)।
৩) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ জনাব মনীষ চাকমা, উপসচিব, পরিবেশ শাখা-৩)।
৪) চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।
৫) চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৩য় তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
৬) ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

৭) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
৮) ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো), খুলনা।
৯) ব্যবস্থাপনা পরিচালক, নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানী (নেসকো), রাজশাহী।
১০) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
১১) অতিরিক্ত সচিব (সমন্বয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

২২ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ

স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০০১.১৮.০০৩.১৯- ৩৭ তারিখঃ-----------------------

০৪ ফেব্রুয়ারি, ২০১৯ ইং

**বিষয়ঃ ওভারলোডেড ট্রান্সফরমারের বিপরীতে নতুন ট্রান্সফরমার উত্তোলন ও নতুন লাইন নির্মাণ/রিনোভেশন ষ্টেকিংশীটের বিপরীতে কাজের অগ্রগতি, শিল্প গ্রাহকগণকে ক্যাপটিভ পাওয়ারের পরিবর্তে সরবরাহকৃত বিদ্যুৎ ব্যবহারে উৎসাহিতকরণ এবং নিম্ন আয়ের জনগোষ্ঠীকে মিটার প্রদানসহ বিবিধ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

সভাপতি ঃ নূর মহম্মদ, নির্বাহী পরিচালক (অপারেশন)
তারিখ ঃ ২৯ জানুয়ারী ২০১৯ইং (মঙ্গলবার)
স্থান ঃ ডেসকো'র প্রধান কার্যালয়ের কনফারেন্স রুম
সময় ঃ দুপুর ১:৩০ ঘটিকা

সভায় প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (ইষ্ট/ ওয়েষ্ট জোন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ইষ্ট জোন-১, ২/ ওয়েষ্ট জোন-১, ২) এবং সকল বিক্রয় ও বিতরণ বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

সভায় নিম্নোক্ত আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনা হয়ঃ

১। ওভারলোডেড ট্রান্সফরমার পরিবর্তন কাজের অগ্রগতি
২। ডেসকো'র আওতাধীন বিভিন্ন এলাকায় নতুন লাইন নির্মাণ/নবায়নের জন্য প্রেরিত Stacking Sheet অনুযায়ী কাজের অগ্রগতি
৩। বিদ্যুৎ লাইন নিকটে থাকা সত্ত্বেও যে সকল প্রতিষ্ঠান Captive Power ব্যবহার করছে সে সকল প্রতিষ্ঠানের মালিকদের সাথে যোগাযোগের মাধ্যমে ডেসকো'র বিদ্যুৎ ব্যবহারে উদ্বুদ্ধকরা এবং কোনো প্রতিবন্ধকতা থাকলে তা সমাধানের ব্যবস্থা নেওয়া
৪। ডেসকো'র আওতাধীন এলাকায় বসবাসরত নিম্নআয়ের জনগোষ্ঠীর জন্য নিরাপদ ও সহজলোভ্য বিদ্যুৎ ব্যবহার নিশ্চিত করা
৫। বিবিধ

সভায় উপরোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১) | ওভারলোডেড ট্রান্সফরমারের বিপরীতে নতুন ট্রান্সফরমার উত্তোলনের জন্য প্রেরিত প্রস্তাব | সিস্টেম লস হ্রাস, ট্রান্সফরমার পুড়ে যাওয়া রোধ করার পাশাপাশি গ্রাহকগণকে নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে এ পর্যন্ত বিভিন্ন বিক্রয় ও বিতরণ বিভাগ হতে ওভারলোডেড ট্রান্সফরমারের বিপরীতে নতুন ট্রান্সফরমার উত্তোলন করার জন্য প্রেরিত প্রস্তাব সমূহের বিপরীতে এখন পর্যন্ত বেশ কিছু কাজ সম্পন্ন করা হয়নি বলে উপস্থিত নির্বাহী প্রকৌশলীগণ জানান। | যে সকল প্রস্তাবনার বিপরীতে এখনও কাজ সম্পন্ন হয়নি সে গুলির এস এন্ড ডি'র ডেসপাচ নাম্বার, প্রেরণের তারিখ ও বিস্তারিত তথ্যসহ ই-নথির মাধ্যমে আগামী ৩০/০১/২০১৯ ইং তারিখের মধ্যে প্রধান প্রকৌশলী বরাবর প্রেরন করবেন। প্রধান প্রকৌশলী একত্রীভূত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকৌশল দপ্তরে প্রেরণের ব্যবস্থা নিবেন। | প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (ইষ্ট জোন) ও নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ২) | নতুন লাইন নির্মাণ/ রিনোভেশন ষ্টেকিংশীটের বিপরীতে কাজের অগ্রগতি | গ্রাহক অভিযোগ ও সিস্টেম লস হ্রাস, গ্রাহকগণকে নিরবিচ্ছিন্ন ও যথাযথ মানের ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে প্রেরিত নতুন লাইন নির্মান/ রিনোভেশন ষ্টেকিংশীট সমূহের মধ্যে বেশ কিছু কাজ সম্পন্ন করা হয়নি বলে উপস্থিত নির্বাহী প্রকৌশলীগণ জানান। | | |

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০০১.১৮.০০৩.১৯-৩৭

২২ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
তারিখঃ-------------------------
০৪ ফেব্রুয়ারি, ২০১৯ ইং

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩) | শিল্প গ্রাহকগনকে নিজস্ব ক্যাপটিভ পাওয়ারের পরিবর্তে ডেসকো কর্তৃক সরবরাহকৃত বিদ্যুৎ ব্যবহারে উৎসাহিতকরন | বিভিন্ন বিক্রয় ও বিতরণ বিভাগ এর আওতাধীন এলাকায় বেশ কিছু বড় বড় শিল্প গ্রাহকের স্থাপনার নিকটে ডেসকো'র বিতরণ লাইন থাকলেও এখন পর্যন্ত তারা ক্যাপটিভ পাওয়ার ব্যবহার করছেন। পূর্বে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা অত্যন্ত নাজুক এবং মান সম্পন্ন বিদ্যুৎ সরবরাহ না পাওয়ার কারণে শিল্প উৎপাদন ঠিক রাখার জন্য ক্যাপটিভ পাওয়ার ব্যবহার করতেন। বর্তমানে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থার প্রভূত উন্নতি সাধিত হয়েছে। ফলে শিল্প মালিকদেরকে ডেসকো'র সরবরাহকৃত বিদ্যুতের মাধ্যমে শিল্প কল-কারখানা পরিচালনা করার বিষয়ে উদ্বুদ্ধকরণ বিষয়ে আলোচনা হয়। | বিক্রয় ও বিতরন বিভাগের নির্বাহী প্রকৌশলী এবং তার অধীনস্থ অন্যান্য কর্মকর্তা এ সকল শিল্প গ্রাহকের স্থাপনা সরেজমিনে পরিদর্শন করে তাদেরকে ডেসকো'র সরবরাহকৃত বিদ্যুতের মাধ্যমে শিল্প কল-কারখানা পরিচালনার বিষয়ে উদ্বুদ্ধ করবেন। ডেসকো'র বিতরণ ব্যবস্থায় লিমিটেশন থাকলে তা উল্লেখ করবেন। প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (ইষ্ট জোন) এ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য ১টি ফরমেটে প্রস্তুত করে দিবেন। আগামী ০৬/০২/২০১৯ইং তারিখের মধ্যে সকল নির্বাহী প্রকৌশলী ছক মোতাবেক তথ্য নির্বাহী পরিচালক (অপারেশন) বরবার প্রেরণ করবেন। | প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (ইষ্ট জোন) ও নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| ৪) | ডেসকো'র আওতাধীন এলাকায় বসবাসরত নিম্নআয়ের জনগোষ্ঠীর জন্য নিরাপদ ও সহজলোভ্য বিদ্যুৎ ব্যবহার নিশ্চিত করা | "শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ" এর বাস্তবায়নের অংশ হিসেবে নিম্ন আয়ের জনগোষ্ঠীর বসবাসরত এলাকায় সহজ শর্তে ও উপায়ে বিদ্যুৎ সংযোগ প্রদান করা প্রয়োজন বলে উপস্থিত সকলে একমত পোষন করেন। এতে সরকারের উদ্দেশ্য বাস্তবায়নের সাথে সাথে বিদ্যুৎ চুরি হ্রাস পাবে। | নির্বাহী প্রকৌশলীগণ ও সংশ্লিষ্ট জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলী সহ তাদের আওতাধীন বস্তি এলাকাসমূহ চিহ্নিত করে দ্রুত বিদ্যুৎ সংযোগ প্রদানের বিষয়ে প্রস্তাবনা পেশ করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল জোন ও নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

২২ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ

স্মারক নংঃ ২৭.২৪.০০০০.০০১.১৮.০০৩.১৯-৩৭ তারিখঃ-------------------------

০৪ ফেব্রুয়ারি, ২০১৯ ইং

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫) | বিবিধঃ<br>(ক) ই-নথির ব্যবহার নিশ্চিত করা। | সরকারি নির্দেশনা অনুযায়ী ই-নথি তে সকল অফিসিয়াল চিঠিপত্রাদি প্রেরনের কথা থাকলেও কেউ কেউ এখনও পুরাপুরি তা অনুসরণ করছেন না। | এখন হতে সকল প্রকার রিপোর্টসহ আন্তঃঅফিস স্মারক এবং দাপ্তরিক পত্রাদি ই-নথির মাধ্যমে প্রেরন করতে হবে।<br>এছাড়া গ্রাহকের বিভিন্ন ধরনের আবেদনের সম্ভাব্য সবগুলিই ই-নথিতে আপলোড করে নোট সৃজন করে ই-নথির মাধ্যমে সম্পন্ন করতে হবে। | উপস্থিত সকল কর্মকর্তা। |
| | (খ) ট্যুর ডায়েরী | বিক্রয় ও বিতরন বিভাগের সকল কর্মকর্তা এবং ফিল্ড পরিদর্শনে নিয়োজিত সকল কর্মচারী অবশ্যই ট্যুর ডায়েরী সংরক্ষন করবে এবং তা নিয়মিত পূরন করবেন। ট্যুর ডায়েরীতে পরিদর্শনে প্রাপ্ত বিষয়ের উপর মতামত/ মন্তব্য স্পষ্টভাবে লিপিবদ্ধ করতে হবে। | অধীনস্থদের ফিল্ড পরিদর্শন রিপোর্ট নির্বাহী প্রকৌশলীগণ নিয়মিত দেখে Seen করবেন। প্রধান প্রকৌশলী এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ পরিদর্শনে নির্বাহী প্রকৌশলীর ট্যুর ডায়েরী Seen করবেন ও অন্যান্যদের গুলিও Sample হিসেবে দেখবেন। | প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (ইষ্ট ও ওয়েষ্ট জোন) ও নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |
| | (গ) KIOSK মেশীন ব্যবহার | ইতোমধ্যে ০৭ টি বিক্রয় ও বিতরন বিভাগের ওয়ান স্টপ সার্ভিসে KIOSK মেশীন স্থাপন করা হয়েছে। অবশিষ্ট বিক্রয় ও বিতরন বিভাগ সমূহে স্থাপন প্রক্রিয়া চলমান আছে। এক অবস্থানে সেবা কেন্দ্রে আগত গ্রাহকগণ KIOSK মেশিনের সাথে অভ্যস্থ নহে বিধায় সেবা নেয়ার পর তারা কোনরূপ ফিডব্যাক না দিয়েই চলে যান। ফলে গ্রাহক সেবার মান সম্পর্কে মূল্যায়ন করা যাচ্ছেনা। | প্রতিটি বি ও বি বিভাগ KIOSK মেশীন এর নিকট একজন প্রতিনিধি উপস্থিত রাখবেন যিনি আগত গ্রাহককে টোকেন সংগ্রহ সহ সেবা গ্রহনের পর ফিডব্যাক প্রদানে সহায়তা করবেন। নির্বাহী প্রকৌশলীগণ প্রতিদিন বিষয়টি মনিটর করে নিশ্চিত করবেন। | নির্বাহী প্রকৌশলী, সকল বি ও বি বিভাগ |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে সমন্বিত চেষ্টা ও আন্তরিকতার সাথে সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশ দিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নুর মহম্মদ)
নির্বাহী পরিচালক (অপারেশন)

বিতরণঃ উপস্থিত কর্মকর্তাগণ।

অনুলিপিঃ
১। ব্যবস্থাপনা পরিচালক : সদয় অবগতির জন্য।
২। নির্বাহী পরিচালক (প্রকৌশল)।
৩। প্রধান প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (ইষ্ট/ওয়েষ্ট জোন)/নেটওয়ার্ক অপারেশন।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ইষ্ট জোন-১/২)/(ওয়েষ্ট জোন-১/২)/গ্রীড সিষ্টেম প্রটেকশন এন্ড এনার্জি অডিট/ এমভিএসএসএম।
৫। নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (আগারগাঁও/কাফরুল/পল্লবী/মনিপুর/শাহআলী/রূপনগর/টঙ্গী (পশ্চিম)/টঙ্গী (পূর্ব)/উত্তরা (পূর্ব)/উত্তরা (পশ্চিম) /উত্তরখান/দক্ষিণখান/গুলশান/জোয়ারসাহারা/বারিধারা/বাড্ডা)।

DESCO ADMINISTRATION
Received No. 2587
Date 29/3/18

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয় অধিশাখা -৩
www.powerdivision.gov.bd

স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০৫৩.০৬.০০৩.১৬.১৪৩ তারিখ: ১ চৈত্র ১৪২৪
১৫ মার্চ ২০১৮

বিষয়: মাসিক সমন্বয় সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রসঙ্গে।

গত ২৫-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

| ক্র নং | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১। | আলোচ্যসূচি-০৫ | (ঙ) নতুন সংযোগ দিতে হলে রাজউক এর occupatio cerfificate দিতে হবে মর্মে রাজউকের একটি সারকুলার এর বিষয়ে একটি আন্ত:মন্ত্রণালয় সভার আয়োজন করতে হবে। কোন ভবন নির্মাণের ক্ষেত্রে যেভাবে প্লান পাশ হয়েছে সেই ধরণ (ক্যাটাগরী) ঠিক থাকলে সংযোগ দিতে হবে। |

উক্ত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৫-৩-২০১৮
আবুল খায়ের মোঃ আমিনুর রহমান
যুগ্মসচিব
ফোন: ৪৭১২০৩১১।
ইমেইল: coord-3@pd.gov.bd

বিতরণ :
১) অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ, ঢাকা।
২) চেয়ারম্যান, বিউবো, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা।
৩) চেয়ারম্যান, বাপবিবো, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
৪) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো)
৫) ব্যবস্থাপনা পরিচালক, নেসকো, রাজশাহী।
৬) ব্যবস্থাপনা পরিচালক, ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো)
৭) ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী লিমিটেড
৮) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)

স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০৫৩.০৬.০০৩.১৬.১৪৩/১(২) তারিখ: ১ চৈত্র ১৪২৪
১৫ মার্চ ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ
১) সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (প্রশাসন/সমন্বয়), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

DESCO
POWER IS YOURS

**ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড**

২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২
ঢাকা-১২২৯, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩
ফ্যাক্স : +৮৮ ০২ ৮৯০০১০০
ই-মেইল : info@desco.org.bd; md-desco@desco.org.bd
ওয়েবসাইট : www.desco.org.bd

মেমো নং ঃ ডেসকো/নিঃপঃ(অপারেশন)/২০১৭/ ১৪৩

তারিখঃ ২৮ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর, ২০১৭ ইং

## সভার কার্যবিবরণী

সভাপতি ঃ নূর মহম্মদ,নির্বাহী পরিচালক (অপারেশন)
তারিখ ঃ ২৯/০৮/২০১৭ ইং (রোজ মঙ্গলবার)
স্থান ঃ সদর দপ্তরের কনফারেন্স রুম
সময় ঃ দুপুর ০২.০০ ঘটিকা

সভায় ডেসকো'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ

**উপস্থিত কর্মকর্তাবৃন্দ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)**

১। প্রকৌঃ এ.কে.এম মহিউদ্দিন, প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন) চঃ দাঃ।
২। প্রকৌঃ মোঃ মঞ্জুরুল হক, প্রধান প্রকৌশলী (নেটওয়ার্ক অপারেশন) চঃ দাঃ।
৩। প্রকৌঃ মোঃ শরিফুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উত্তরা জোন) ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিরপুর জোন)অঃদাঃ ।
৪। প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গুলশান জোন)অঃদাঃ।
৫। প্রকৌঃ মোঃ সাদেকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, মনিপুর।
৬। প্রকৌঃ গোলাম রব্বানী, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, টঙ্গী (পশ্চিম)।
৭। প্রকৌঃ মোঃ মঈনউদ্দিন খান, নির্বাহী প্রকৌশলী,গ্রীড প্রটেকশন বিভাগ।
৮। প্রকৌঃ মির্জা আবু নাসের, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, আগারগাঁও।
৯। প্রকৌঃ মোঃ আশফাক আহমেদ, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, উত্তরা (পূর্ব)।
১০। প্রকৌঃ মোঃ সায়েদুর রহমান, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, বারিধারা।
১১। প্রকৌঃ মোঃ শফিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, বাড্ডা।
১২। প্রকৌঃ মোঃ জাহিদুল হক, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, কাফরুল।
১৩। প্রকৌঃ মোঃ নাসির উদ্দিন মিঞা, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, গুলশান।
১৪। প্রকৌঃ মোঃ জিলহাজ উদ্দিন, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, উত্তরা (পশ্চিম)।
১৫। প্রকৌঃ মোঃ আখতার হোসেন সিদ্দিকী, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, দক্ষিনখান।
১৬। প্রকৌঃ এস. এম শাহ সুলতান, বি ও বি বিভাগ, রূপনগর।
১৭। প্রকৌঃ এ কে এম নাজিমুল ইসলাম, বি ও বি বিভাগ, টঙ্গী(পূর্ব)।
১৮। প্রকৌঃ মোঃ মঞ্জুরুল হাসান, বি ও বি বিভাগ, পল্লবী।
১৯। প্রকৌঃ নিয়াজ মোহাম্মদ, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, জোয়ার সাহারা, অঃদাঃ।
২০। প্রকৌঃ আব্দুল্লাহ বায়েজিদ, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, শাহআলী, অঃদাঃ।

সভার শুরুতে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় প্রি-পেইড মিটারের অগ্রগতি, আসন্ন ঈদ-উল-আযহায় করণীয়, নতুন সংযোগসহ বিবিধ বিষয়ে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমুহ গৃহীত হয়ঃ

১। প্রি-পেইড মিটার স্থাপনঃ প্রকল্প পরিচালক, (টেশিস কর্তৃক সরবরাহকৃত ১ লক্ষ প্রি-পেইড মিটার স্থাপন প্রকল্প) জানান, ইতোমধ্যে প্রায় ৫০,০০০ টি মিটার স্থাপন করা হয়েছে। অবশিষ্ট ৫০,০০০টি মিটার নভেম্বর'১৭ মাসের মধ্যে স্থাপন করা হবে। নভেম্বর'১৭ মাসের মিটার স্থাপনের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্তসমুহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | (ক) যেসব বি ও বি বিভাগে পূর্বে প্রি-পেইড মিটার স্থাপন করা হয়নি, সেসব বি ও বি বিভাগে প্রি-পেইড মিটার স্থাপন কাজ শুরু করতে হলে কি কি কার্যক্রম হাতে নিতে হবে তাহা ৩০.০৮.২০১৭ইং তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, প্রি-পেইড কে জানাতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (রূপনগর/পল্লবী/কাফরুল/দক্ষিণখান) |

DESCO
POWER IS YOURS
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড

২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২
ঢাকা-১২২৯, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩
ফ্যাক্স : +৮৮ ০২ ৮৯০০১০০
ই-মেইল : info@desco.org.bd; md-desco@desco.org.bd
ওয়েবসাইট : www.desco.org.bd

| ক্রমিক নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| | (খ) ইতোপূর্বে যেসব বি ও বি বিভাগে পূর্বে প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে, সেসব বি ও বি বিভাগে প্রি-পেইড মিটার স্থাপন কাজ তরান্বিত করতে কি করণীয়, তাহা প্রকল্প পরিচালক, প্রি-পেইড কে জানাতে হবে। | নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (উত্তরা(পূর্ব/পশ্চিম)/উত্তরখান/বারিধারা/ আগারগাঁও) |

২। **COSS ঠিকাদারের কার্যক্রম মনিটর করাঃ** নবনিযুক্ত COSS ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক চুক্তি অনুযায়ী কাজ সম্পাদন ও যথাযথ মনিটরিং এর লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | (ক) প্রতি তিন মাস অন্তর অন্তর মিটার রিডার, বিল সার্ভারদের সিডিউল পরিবর্তন করতে হবে।<br>(খ) ১ (এক) মাসের বেশি মিটার লক থাকলে তাহা অবশ্যই মিটার রিডারকে নির্ধারিত ফরমেটে রিপোর্ট করতে হবে।<br>(গ) সেপ্টেম্বর'১৭ মাসের এলটি মিটার রিডিং ঈদের ছুটির শেষে ০৫ (পাঁচ) তারিখের মধ্যে শুরু নিশ্চিত করতে হবে। এ বিষয়ে ঈদের ছুটির পূর্বেই ঠিকাদারদেরকে নির্দেশনা প্রদান করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (সকল বি ও বি বিভাগ) |

৩। **নতুন সংযোগঃ** বিদ্যুৎ বিভাগ কর্তৃক নির্দেশিত সময়ের মধ্যে আবাসিক ও শিল্প সংযোগ প্রদানের বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | (ক) যে সকল আবাসিক সংযোগ আবেদনের ০৭(সাত) দিনের মধ্যে এবং এইচটি ও শিল্প সংযোগ আবেদনের ২৮(আটাশ) দিনের মধ্যে প্রদান করা না হবে সে সকল নথিসমূহ স্ব স্ব জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী যাচাই করে বিলম্বের কারণ মাসের শেষে নির্বাহী পরিচালক(অপারেশন) মহোদয়কে অবহিত করবেন। এছাড়া আবেদনকারীকে অহেতুক পত্র প্রদান করা হলে, তার কারণও স্ব স্ব জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী অনুসন্ধান করে দেখবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল জোন) |
| | (খ) যেসব শিল্প সংযোগ এখনও পেন্ডিং আছে, তাহা ঈদের পর পরই সংযোগ প্রদান/নিষ্পত্তি করতে হবে।<br>(গ) নতুন সংযোগ গ্রহনেচ্ছুকদের যেন অহেতুক হয়রানি না করা হয়, সে বিষয়ে নির্বাহী প্রকৌশলীগণ স্ব স্ব বি ও বি বিভাগের নতুন সংযোগ বিভাগের সকলকে নিয়ে ঈদের পর সচেতনতামূলক সভা করে নির্বাহী পরিচালক(অপারেশন) কে অবহিত করবেন। | নির্বাহী প্রকৌশলী (সকল বি ও বি বিভাগ) |

DESCO
POWER IS YOURS
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড

২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২
ঢাকা-১২২৯, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩
ফ্যাক্স : +৮৮ ০২ ৮৯০০১০০
ই-মেইল : info@desco.org.bd; md-desco@desco.org.bd
ওয়েবসাইট : www.desco.org.bd

৪। **বিবিধঃ** বি ও বি বিভাগের সিস্টেম লস, ওয়ারিং ঠিকাদারের কর্মমূল্যায়নসহ বিবিধ বিষয়ে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | (ক) প্রতিটি বি ও বি বিভাগের সিস্টেম লস যাহাতে কোন মাসেই abnormally high/low না হয়, সে জন্য মিটার রিডিং সিডিউল অনুযায়ী রিডিং গ্রহণ নিশ্চত করতে হবে।<br><br>(খ) পিরিয়ডিক/শিডিউল কোন রিপোর্ট/তথ্য সদর দপ্তর বা অন্য কোন সংস্থায় প্রেরণের ক্ষেত্রে নির্বাহী প্রকৌশলী কর্তৃক যাচাই করে পাঠাতে হবে। ভুল তথ্য প্রেরনের জন্য নির্বাহী প্রকৌশলীগণ দায়ী থাকবেন।<br><br>(গ) তালিকাভুক্ত ওয়ারিং ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রতিনিধি কর্তৃক কোন গ্রাহক যাতে প্রতারিত না হয়, অসম্পন্ন ওয়ারিং এর উপর সার্টিফিকেট প্রদান না করে, অতিরিক্ত ফি আদায় না করে ইত্যাদি বিষয়গুলি নিয়ে ঈদ-উল-আযহা'র পর পরই ওয়ারিং ঠিকাদারদের নিয়ে স্ব স্ব বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী সচেতনতামূলক সভা করবেন। | নির্বাহী প্রকৌশলী<br>(সকল বি ও বি বিভাগ) |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২২/৮/১৭

( নূরু মহম্মদ )
নির্বাহী পরিচালক (অপারেশন)।

<u>বিতরণ</u> ঃ সভায় উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দ।

<u>অনুলিপি</u> ঃ
১। স্টাফ অফিসার টু এমডি, ডেসকো।
২। অফিস কপি।

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

১২ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ
মেমো নং ঃ ডেসকো/ইডি(অপারেশন)/২০১৭/ ৮১৬ তারিখঃ ---------------------
২৭ জুলাই, ২০১৭ ইং।

# সভার কার্যবিবরণী

সভাপতি ঃ নূর মহম্মদ,নির্বাহী পরিচালক (অপারেশন)
তারিখ ঃ ২৪/০৭/২০১৭ ইং (রোজ সোমবার)
স্থান ঃ সদর দপ্তরের কন্‌ফারেন্স রুম
সময় ঃ বিকাল ০৩.০০ ঘটিকা

সভায় ডেসকো'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেনঃ

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

১। প্রকৌঃ এ.কে.এম মহিউদ্দিন, প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন) চঃ দাঃ।
২। প্রকৌঃ মোঃ মঞ্জুরুল হক, প্রধান প্রকৌশলী (নেটওয়ার্ক অপারেশন) চঃ দাঃ।
৩। প্রকৌ ঃ মোঃ জাকির হোসন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিরপুর জোন)।
৪। প্রকৌঃ মোঃ মফিজুল ইসলাম ভূঁইয়া, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গুলশান জোন)।
৫। প্রকৌঃ মোঃ শরিফুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উত্তরা জোন)।
৬। প্রকৌঃ মোঃ সাদেকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, মনিপুর।
৭। প্রকৌঃ গোলাম রব্বানী, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, টঙ্গী (পশ্চিম)।
৮। প্রকৌঃ মোঃ মঈনউদ্দিন খান, নির্বাহী প্রকৌশলী,গ্রীড প্রটেকশন বিভাগ।
৯। প্রকৌঃ মির্জা আবু নাসের, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, আগারগাঁও।
১০। প্রকৌঃ মোঃ আশফাক আহমেদ, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, উত্তরা (পূর্ব)।
১১। প্রকৌঃ মোঃ সায়েদুর রহমান, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, বারিধারা।
১২। প্রকৌঃ মোঃ শফিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, বাড্ডা।
১৩। প্রকৌঃ মোঃ তৌহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, জোয়ার সাহারা।
১৪। প্রকৌঃ মোঃ জাহিদুল হক, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, কাফরুল।
১৫। প্রকৌঃ মোঃ নাসির উদ্দিন মিঞা, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, গুলশান।
১৬। প্রকৌঃ মোঃ জিলহাজ উদ্দিন, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, উত্তরা (পশ্চিম)।
১৭। প্রকৌঃ মোঃ আখতার হোসেন সিদ্দিকী, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, দক্ষিনখান।
১৮। জনাব মোহাম্মদ রাশেদুল হক শামসি, উপ-ব্যবস্থাপক, বি ও বি বিভাগ, রূপনগর।
১৯। প্রকৌঃ মোঃ রায়হান আরাফিন, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, উত্তরখান, অঃদাঃ।
২০। প্রকৌঃ মো কামাল হোসেন খন্দকার, উপ-বিভাগীয় প্রকৌশলী, বি ও বি বিভাগ, টঙ্গী(পূর্ব)।
২১। প্রকৌঃ মোঃ নিয়াজ বান্দা, উপ-বিভাগীয় প্রকৌশলী, বি ও বি বিভাগ, পল্লবী।
২২। প্রকৌঃ আব্দুল্লাহ বায়েজিদ, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, শাহআলী, অঃদাঃ।
২৩। প্রকৌঃ মোঃ নাসিরুল হাসান, উপ-বিভাগীয় প্রকৌশলী, এমভিএসএস এন্ড এসসি।

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

সভার শুরুতে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি গত ২০১৬-১৭ অর্থ বছরের বি ও বি বিভাগওয়ারী কেপিআই এর অর্জন তুলে ধরেন। সভাপতি প্রতিটি বি ও বি বিভাগের কেপিআই অর্জন নিয়ে সন্তোষ প্রকাশ করেন।

১। **Not found গ্রাহকদের তালিকা চূড়ান্তকরণ ও writ-off করা ঃ** প্রতিটি বি ও বি বিভাগের আওতায় Not found গ্রাহক রয়েছে। উক্ত গ্রাহক সংখ্যা হ্রাসের নিমিত্ত নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | যেসব হিসাবের হোল্ডিং/দাগ নম্বর রয়েছে এবং যাহা বাস্তবেও রয়েছে, সেসব হিসাবের বকেয়া বিল পরিশোধের জন্য আগামী ০১ (এক) মাসের মধ্যে বর্তমান জমি/ভবনের মালিক/ দখলদারদেরকে নোটিশ প্রদান করতে হবে। প্রয়োজনে বর্তমান সংযোগ বিচ্ছিন্নসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী গণ |
| খ) | যে সকল গ্রাহকদের ডেসা আমল হতেই 'শুন্য ইউনিট/এস্টিমেটেট ' বিল হয়ে আসছিল, তাদের BIS পর্যালোচনা করে বিল বাতিলের সুপারিশ করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে Not found গ্রাহক তালিকা হতে বাদ দিতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী গণ |
| গ) | সরকারী বিভিন্ন প্রকল্পের কারণে (যেমন - ৩০০ ফুট রাস্তা নির্মাণ, কুড়িল ফ্লাইওভার নির্মাণ, মিরপুরে ৬০ ফুট রাস্তা নির্মাণ ইত্যাদি) স্থাপনা উচ্ছেদের ফলে যে সকল গ্রাহক নিখোঁজ রয়েছে এবং খোঁজ পাওয়া যাচ্ছে না, তাহার তালিকা হালনাগাদ করে writ-off এর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | |

২। **Perlamentary Audit Committee (PAC)তে উত্থাপিত ২০০৮-০৯ অর্থ বছরের আপত্তিসমুহ নিষ্পত্তিকরণ ঃ**

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | PAC তে উত্থাপিত ২০০৮-০৯ অর্থবছরের আপত্তিসমুহ ০৭(সাত) দিনের মধ্যে যাচাইবাছাই করে সর্বশেষ অগ্রগতির বিষয়ে প্রতিবেদন দাখিল করতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী গণ |

৩। **নতুন সংযোগ পেন্ডিং হ্রাসকরণ ঃ** মন্ত্রণালয়ে প্রেরিত তালিকা অনুযায়ী ২০১৪ হতে জুন, ২০১৭ পর্যন্ত ১,১৪৯টি ফাইলের বিপরীতে ৩,৭৪০টি হিসাবের সংযোগ পেন্ডিং দেখাচ্ছে। ইতোমধ্যে আইসিটি বিভাগ হতে পেন্ডিং হ্রাস করার বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রতিটি বি ও বি বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নির্দেশনা মোতাবেক সকল বি ও বি বিভাগকে এইচটি গ্রাহকদের ২৮ দিনের মধ্যে এবং আবাসিক এলটি গ্রাহকদের ০৭ দিনের মধ্যে সংযোগ প্রদান নিশ্চিত করতে হবে। কোন কারণে উল্লিখিত সময়ের মধ্যে সংযোগ প্রদান সম্ভব না হলে 'কারণ' উল্লেখপূর্বক নথিটি নিষ্পত্তি করতে হবে। যাতে পেন্ডিং হিসেবে প্রদর্শন না করে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী গণ |
| খ) | ১২,৫০০ বর্গফুট বা এর বেশি ফ্লোর এরিয়া সম্পন্ন ভবন মালিকগণ এইচটি সংযোগ গ্রহণে গড়িমসি করতে থাকে। ফলে ফাইলসমুহ দীর্ঘ সময় পেন্ডিং দেখাতে থাকে। এধরনের আবেদনকারীগণকে বর্ণিত বিষয়ে পত্র দিয়ে তার আবেদনসমুহ নিষ্পত্তি হিসাবে গণ্য করে পেন্ডিং তালিকা হতে বাদ দিতে হবে। শর্তাবলী পূরণ করে লিখিত আবেদন করলে নথিটি পুনঃউপস্থাপনের মাধ্যমে সংযোগ প্রদান করতে হবে। লিখিত আবেদনের তারিখ হতে সময় গণনা করা হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী গণ। আইসিটি বিভাগ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। |

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

৪। **New/renovation লাইন নির্মাণ এর প্রস্তাব ও স্টেকিং শীট প্রেরণ করণ** ঃ মাননীয় প্রধানমন্ত্রীর উদ্ভাবনী উদ্যোগ সম্পর্কিত সভার সিদ্ধান্ত অনুযায়ী "ঘরে ঘরে বিদ্যুৎ" কর্মসূচী বাস্তবায়নের পাশাপাশি মান সম্মত বিদ্যুৎ নিশ্চিত করতে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | এলাকাবাসীর আবেদনের অপেক্ষা না থেকে প্রতিটি বি ও বি বিভাগ কর্তৃক ১০০% ভৌগলিক এলাকা পরিদর্শন করে বছরের শুরুতে নতুন লাইন নির্মাণ/নবায়নের প্রস্তাব (সরকারি/বেসরকারি আবাসন প্রকল্প ব্যতীত) প্রেরণ করতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ |
| খ) | কারিগরী সিস্টেম লস কমাতে ও মান সম্মত বিদ্যুৎ নিশ্চিত করতে যতদুর সম্ভব এইচটি লাইন নির্মাণ করে এলটি লাইনের দৈর্ঘ্য কমিয়ে আনতে হবে। ভবিষ্যতে ট্রান্সফরমার স্থাপনের Provision রাখতে হবে। | |
| গ) | একইভাবে কারিগরী লস কমানোর জন্য লোড সেন্টারে নতুন উপকেন্দ্র স্থাপনের প্রস্তাবসহ ফিডার বিভাজনের প্রস্তাব প্রেরণ করতে হবে। | |

৫। **প্রি-পেইড মিটার** ঃ টেশিসের সাথে প্রি-পেইড মিটার নিয়ে পৃথক সভা হওয়ায় এ সভায় প্রি-পেইড মিটার নিয়ে বিস্তারিত কোন আলোচনা করা হয়নি। তবে প্রি-পেইড মিটারধারী গ্রাহকদের ভেন্ডিং এর ভোগান্তি কমাতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | ব্যাংক কর্তৃক ভেন্ডিংআওয়ার কম রাখায় ডেসকো পরিচালিত ভেন্ডিং ষ্টেশনসমুহ রিচার্জ এর উপর বেশি চাপ পড়ে। এক্ষেত্রে ব্যাংককে ভেন্ডিংআওয়ার বাড়ানোর জন্য অনুরোধ জানাতে হবে। প্রয়োজনে ডেসকো'র নিজস্ব ভেন্ডিং এ বুথের সংখ্যা বাড়ানোর বিষয়ে প্রস্তাব প্রেরণ করতে হবে। | বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী (বি ও বি বিভাগ, উত্তরা(পূর্ব/পশ্চিম), বারিধারা, উত্তরখান ও আগারগাঁও) |
| খ) | i-Power prepaid meter এর সফটওয়ারে ২% রিবেট সিস্টেম এখনও বিদ্যমান রয়েছে। তাহা বিলুপ্ত করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী নোটশীট উপস্থাপন করবেন। | বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী (বি ও বি বিভাগ, উত্তরা(পূর্ব/পশ্চিম)) |
| গ) | i-Power prepaid meter এর অভিযোগ সংখ্যা অনেক বেশি। এখন হতে এ মিটারে ত্রুটি দেখা দিলে রিপেয়ার না করে টেশিস সরবরাহকৃত মিটার দ্বারা পরিবর্তনের ব্যবস্থা নিতে হবে। | |

৬। **ফিডারওয়ারী সিস্টেম লস নিরূপণঃ** বিগত ২০১৬-১৭ অর্থ বছরে প্রতিটি বি ও বি বিভাগকে ফিডারওয়ারী সিস্টেম লস নিরূপন এবং কান বি ও বি বিভাগের সাথে অন্য কোন বি ও বি বিভাগের একই ফিডারে এনার্জি ভাগাভাগি করতে হলে, আউটডোর সিটিপিটি এর মাধ্যমে মিটারিং সিস্টেম স্থাপনের নির্দেশনা প্রদান করা হয়েছিল। কিন্তু এখনও পর্যন্ত কোন কোন বি ও বি বিভাগ ফিডারওয়ারী সিস্টেম লস নিরূপনে ব্যবস্থা গ্রহণ করে নাই, আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | অগাস্ট'১৭ মাস হতে প্রতিটি বি ও বি বিভাগের প্রতিটি ফিডারের সিস্টেম লস বের করতে হবে। এজন্য এখন হতেই মিটাররিডার ও তাদের সুপারভাইজারদেরকে ফিডারওয়ারী মিটার রিডিং বই আলাদা করার নির্দেশনা প্রদান করতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী গণ |
| খ) | যেসব এলাকায় প্রি-পেইড মিটার স্থাপন করা হয়েছে, সেসব এলাকায় কোন মিটার রিডিং বই নেই এবং তাদের ডাটাবেজেও ফিডার আলাদা করা নেই মর্মে নির্বাহী প্রকৌশলী বি ও বি বিভাগ, উত্তরা (পূর্ব) জানান। এক্ষেত্রে টেশিসের সাথে আলোচনা করে ফিডারওয়ারী সিস্টেম লস নিরূপন করার উপায় বের করতে হবে। | |

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

৭। **১২,৫০০ বর্গফুটের বেশি ফ্লোর এরিয়া সম্পন্ন ভবনসমূহের এরিয়া পরিমাপ ঃ** বিভিন্ন বি ও বি বিভাগের ফ্লোর এরিয়া পরিমাপের ভিন্নতার কারণে ফ্লোর এরিয়া পরিমাপ নিয়ে জটিলতা দেখা দেয়। এ বিষয়ে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | বাড়ির ছাঁদ পরিমাপ করে তার ভিত্তিতে ফ্লোর এরিয়া হিসাব করতে হবে। তবে কার্নিশ/সান-শেড হিসেবে বাড়তি অংশ বাদ দিয়ে ছাঁদ পরিমাপ করতে হবে। যেহেতু রাজউক প্ল্যানে বারান্দাকে ফ্লোর এরিয়ার ভিতরে বিবেচনা করা হয়, সেহেতু ভবনের এরিয়া পরিমাপের ক্ষেত্রে বারান্দাকেও অন্তর্ভূক্ত করতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী গণ |

৮। **সরকারী বকেয়া আদায় ঃ** সার্বিকভাবে ২০১৬-১৭ অর্থ বছরে সরকারি বকেয়া আদায়ের হার সন্তোষজনক।২০১৭-১৮ অর্থবছরের সরকারী বকেয়া আদায়ের নিমিত্ত নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | প্রতিটি সরকারি দপ্তর/বিভাগ/মন্ত্রণালয়কে চলতি অর্থ বছরে সম্ভাব্য বিলের অর্থ এবং বিগত সময়ের বকেয়া উল্লেখপূর্বক বাজেট সংস্থান রাখার বিষয়ে পত্র দিতে হবে। এখন হতে মাসিক বিলসমূহ নিয়মিত পরিশোধসহ সেপ্টেম্বর'১৭ মাসের মধ্যে পুরাতন বকেয়া বিল পরিশোধের অনুরোধ জানাতে হবে। উক্ত সময়ের মধ্যে বিল পরিশোধে ব্যর্থ হলে ১০(দশ) দিনের সময় দিয়ে পুনঃপত্র প্রদান করতে হবে। এভাবে তিন বার নোটিশের পর বকেয়া পরিশোধ না করলে প্রয়োজনে সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী গণ |
| খ) | সরকারি বিভিন্ন দপ্তর/বিভাগ/মন্ত্রণালয় কর্তৃক যথাসময়ে বিল পরিশোধ না করায় LPC যোগ হয় এবং সবসময় উক্ত বিল সমূহ LPC ছাড়া পরিশোধ করা হয়ে থাকে। ফলে LPC বকেয়া হিসেবে থেকে যাচ্ছে এবং দিন দিন এ LPC এর পরিমাণ বৃদ্ধি পাচ্ছে। সরকারি অফিসের LPC পরিশোধ/মওকুফের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইসিটি) এর সহায়তায় প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন) বিষয়টি ডেসকো বোর্ডে কার্যপত্র আকারে উত্থাপন করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী(আইসিটি) ও প্রধান প্রকৌশলী (এসএন্ড ডি অপারেশন) |

৯। **বিদ্যুৎ সংযোগ গ্রহণেচ্ছুক/গ্রাহকদের সাথে অসদাচরণঃ** কোন কোন বি ও বি বিভাগে আসা বিদ্যুৎ সংযোগ/ অন্য কোন সেবা গ্রহণেচ্ছুকদের সাথে কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ পাওয়া যায়। এ বিষয়ে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | বিদ্যুৎ সংযোগ/ অন্য কোন সেবা গ্রহণেচ্ছুক কোন কারণে কাংক্ষিত সেবা প্রদান করা সম্ভব না হলেও তাদেরকে বিষয়টি ভালোভাবে বুঝাতে হবে। প্রয়োজনে উর্ধ্বতন কর্মকর্তার সহায়তা নিতে হবে। কোন গ্রাহক/ব্যক্তি বিদ্যুৎ সুবিধা ভোগের ক্ষেত্রে কোন অনিয়ম করলেও তার সাথে কোন প্রকার দুর্ব্যবহার করা যাবে না। এজন্য প্রতিটি বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ বি ও বি বিভাগের কর্মকর্তা-কর্মচারীসহ COSS ও LEM ঠিকাদারের লোকবলকে নিয়ে প্রতি মাসে একটি করে সচেতনতামূলক সভা করতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ |

DESCO
POWER IS YOURS
ISO 9001:2008 Certified
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

22/B, Faruque Sarani Road, Nikunja-2, Dhaka-1229, Phone:+88-028900110-11, 8900820-23
Fax: +88-028900100, E-mail: info@desco.org.bd, Website: www.desco.org.bd

১০। **বিহারী ক্যাম্প বিদ্যুতায়ন ও তাদের বিলিং এর আওতায় আনয়ন ঃ** সরকারি সিদ্ধান্ত অনুযায়ী এপ্রিল'১৬ মাসের পর হতে ত্রাণ মন্ত্রণালয় হতে বিহারী ক্যাম্পের জন্য আর কোন বিল সরকার কর্তৃক ভর্তুকি হিসাবে প্রদান করবে না। এ বিষয়ে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | ইতোমধ্যে পল্লবী বি ও বি বিভাগ মন্ত্রণালয়ের বর্ণিত সিদ্ধান্ত উল্লেখপূর্বক চলমান বকেয়া বিল নিয়মিত পরিশোধসহ বকেয়া বিদ্যুৎ বিলসমূহ পরিশোধের জন্য বিহারী ক্যাম্পের চেয়ারম্যান/সভাপতিদের পত্র প্রদান করেছে, কিন্তু কোন সাড়া পাওয়া যায়নি। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিরপুর জোন) দ্রুততম সময়ের মধ্যে বিহারী ক্যাম্পের চেয়ারম্যান/সভাপতিদের সাথে বিল পরিশোধের বিষয়ে একটি সভা আয়োজন করবেন। | বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী, পল্লবী |
| খ) | বিহারী ক্যাম্প এলাকায় কোন জরাজীর্ণ লাইন থাকলে তাহা নবায়নের ব্যবস্থা করতে হবে, প্রয়োজনে নতুন লাইন নির্মাণ করতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিরপুর জোন) কর্তৃক ক্যাম্প এলাকা পরিদর্শন করে সার্বিক অবস্থা নিয়ে নির্বাহী পরিচালক (অপারেশন) এর সাথে আলোচনা করে লাইন নির্মাণের প্রস্তাব পিএন্ডডি বিভাগে প্রেরণ করা হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিরপুর জোন) |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(নূরু মহম্মদ) ২৭/৪/১৭
নির্বাহী পরিচালক (অপারেশন)।

**বিতরণ ঃ সভায় উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দ।**

অনুলিপি ঃ
১। স্টাফ অফিসার টু এমডি, ডেসকো।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা।
www.powerdivision.gov.bd

1

নং-২৭.০০.০০০০.০৫২.৩১.০০১.১৫- ৩২২

তারিখ : ১১ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ Doing Business Reforms 2016-17 এর আওতায় বিদ্যুৎ বিভাগের কার্যক্রম ত্বরান্বিত/মনিটর করার বিষয়ে গঠিত কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

Doing Business Reforms 2016-17 এর আওতায় বিদ্যুৎ বিভাগের কার্যক্রম ত্বরান্বিত/মনিটর করার বিষয়ে গঠিত কমিটির আহ্বায়ক মোছা: মাকছুদা খাতুন, অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ এর সভাপতিত্বে গত ১৬/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে এরসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী। ।

২৬.০৭.১৭
(আইরিন পারভীন)
সিনিয়র সহকারী সচিব (সম-২)
ফোন-৯৫৫৯৮৩৮।
(coord-2@pd.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
০২। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
০৩। জিএম (কমার্শিয়াল অপারেশন), বিউবো, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০৫। নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি লিঃ, ঢাকা।
০৬। নির্বাহী পরিচালক (অপারেশন), ডেসকো লিঃ, ঢাকা।
০৭। নির্বাহী পরিচালক (প্রকৌশল), ওজোপাডিকো, খুলনা।
০৮। পরিচালক (কারিগরি), নেসকো, রাজশাহী।
০৯। জনাব মোহাম্মাদ মফিজুর রহমান, উপসচিব, সমন্বয়-১ অধিশাখা, বিদ্যুৎ বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
০১। চেয়ারম্যান, বিউবো/বাপবিবো, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/ওজোপাডিকো/নেসকো/ ঢাকা/খুলনা/রাজশাহী।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০৪। অতিরিক্ত সচিব (সমন্বয়) ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

স্মারক নং-ডেসকো/ইডি (অপারেশন)/২০১৭/ ৯২২

তারিখঃ আগস্ট ০৩, ২০১৭ইং.

বিতরণঃ সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবেন।
১। প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন)/(নেটওয়ার্ক অপারেশন) চলতি দায়িত্ব, ডেসকো।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (উত্তরা/গুলশান/মিরপুর জোন), ডেসকো।
৩। নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, (কাফরুল/পল্লবী/মনিপুর/রূপনগর/আগারগাঁও/শাহআলী/উত্তরা (পূর্ব)/উত্তরা (পশ্চিম)/ টঙ্গী (পূর্ব)/টঙ্গী (পশ্চিম)/উত্তরখান/দক্ষিণখান/গুলশান/জোয়ারসাহারা/বারিধারা/বাড্ডা)/গ্রীড এন্ড প্রটেকশন/এমভিএসএসএমসি।

অনুলিপিঃ
১। স্টাফ অফিসার টু এমডি, ডেসকো।
২। অফিস কপি।

(নুর মহম্মদ)
নির্বাহী পরিচালক (অপারেশন)

Doing Buisness Reforms 2016-17 এর আওতায় বিদ্যুৎ বিভাগের কার্যক্রম ত্বরান্বিত/মনিটর করার বিষয়ে গঠিত কমিটির গত ১৬/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ মাকছুদা খাতুন<br>অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ |
| তারিখ | : | ১৬ জুলাই ২০১৭ খ্রি.। |
| সময় | : | সকাল ১১:০০ টা। |
| স্থান | : | অতিরিক্ত সচিব (সমন্বয়) মহোদয়ের অফিস কক্ষ<br>(কক্ষ নং-২১৬, ৩য় তলা, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| উপস্থিতি | : | সংযোজনী "ক" । |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার প্রেক্ষাপট বর্ণনা করে বলেন, Doing Buisness Reforms 2016-17 এর আওতায় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) এর ১৫টি পর্যবেক্ষণ/সুপারিশ রয়েছে। উক্ত সুপারিশসমূহের মধ্যে অধিকাংশের সুপারিশের উপর বিদ্যুৎ বিভাগ ঐক্যমত পোষণ করে। তিনি বলেন, BIDA'র সুপারিশসমূহের মধ্যে উল্লেখযোগ্য সুপারিশ হচ্ছে ৭ দিনের মধ্যে আবাসিক সংযোগ এবং ২৮ দিনে শিল্প সংযোগ প্রদান করা। বর্ণিত সুপারিশ ইতোমধ্যে বাস্তবায়ন করা শুরু হয়েছে। BIDA'র অন্যান্য পর্যবেক্ষণ/সুপারিশের উপর বিদ্যুৎ বিতরনকারী সংস্থা/কোম্পানিসমূহ কর্তৃক কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা সভায় উপস্থাপন করার জন্য সংস্থা/কোম্পানির প্রতিনিধিদের আহবান জানান হয়।

২.০। এ পর্যায়ে সংস্থা/কোম্পানিসমূহের প্রতিনিধিগণ নির্ধারিত সময়ে বিদ্যুৎ সংযোগ প্রদান ও গ্রাহক সেবা উন্নত করার বিষয়ে বিস্তারিত কর্মসূচি তুলে ধরেন। এরপর সভাপতি বলেন, বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহের লাইন নির্মাণ নীতিমালার মধ্যে কিছু কিছু বিষয়ে পার্থক্য রয়েছে।

৩.০। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১। | নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান ও গ্রাহক সেবা উন্নত করার বিষয়ে সংস্থা/কোম্পানিসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে; | বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহ |
| ০২। | গ্রাহক সেবা সহজীকরণের লক্ষ্যে Ease of Doing Business এর উদ্দেশ্যে স্ব-স্ব সংস্থা/কোম্পানি লাইন নির্মাণ নীতিমালা Revisit করবে; | বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহ |
| ০৩। | বিদ্যুৎ সংযোগের আবেদনের সময় পরিবেশ ছাড়পত্র দরকার নেই মর্মে বিদ্যুৎ বিভাগ কর্তৃক পত্র জারি করা যেতে পারে; | বিদ্যুৎ বিভাগ |
| ০৪। | পবিস এর জেনারেল ম্যানেজার কর্তৃক লোড বরাদ্দ করার ক্ষমতা ২৫০ কিঃওঃ এর পরিবর্তে ৫০০ কিঃওঃ করার সুপারিশ করা হলো। | বাপবিবো |

৪.০। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০৭/১৭

(মোছাঃ মাকছুদা খাতুন)
অতিরিক্ত সচিব (সমন্বয়)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা।
www.powerdivision.gov.bd

নং-২৭.০০.০০০০.০৫২.৩১.০০১.১৫- ৬২২

তারিখ : ১১ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ Doing Business Reforms 2016-17 এর আওতায় বিদ্যুৎ বিভাগের কার্যক্রম ত্বরান্বিত/মনিটর করার বিষয়ে গঠিত কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

Doing Business Reforms 2016-17 এর আওতায় বিদ্যুৎ বিভাগের কার্যক্রম ত্বরান্বিত/মনিটর করার বিষয়ে গঠিত কমিটির আহ্বায়ক মোছা: মাকছুদা খাতুন, অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ এর সভাপতিত্বে গত ১৬/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে এরসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী। ।

২৫.০৭.১৭
(আইরিন পারভীন)
সিনিয়র সহকারী সচিব (সম-২)
ফোন-৯৫৫৯৮৩৮।
(coord-2@pd.gov.bd)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, রমনা, ঢাকা।
০২। সভাপতি, এফবিসিসিআই, ফেডারেশন ভবন, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
০৩। জিএম (কমার্শিয়াল অপারেশন), বিউবো, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০৫। নির্বাহী পরিচালক (অপারেশন), ডিপিডিসি লিঃ, ঢাকা।
০৬। নির্বাহী পরিচালক (অপারেশন), ডেসকো লিঃ, ঢাকা।
০৭। নির্বাহী পরিচালক (প্রকৌশল),ওজোপাডিকো, খুলনা।
০৮। পরিচালক (কারিগরি), নেসকো, রাজশাহী।
০৯। জনাব মোহাম্মাদ মফিজুর রহমান, উপসচিব, সমন্বয়-১ অধিশাখা, বিদ্যুৎ বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ
০১। চেয়ারম্যান, বিউবো/বাপবিবো, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/ওজোপাডিকো/নেসকো/ ঢাকা/খুলনা/রাজশাহী।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০৪। অতিরিক্ত সচিব (সমন্বয়) ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

স্মারক নং-ডেসকো/ইডি (অপারেশন)/২০১৭/ ৯২২

তারিখঃ আগস্ট ০৩, ২০১৭ইং

বিতরণঃ সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করবেন।

১। প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন)/(নেটওয়ার্ক অপারেশন) চলতি দায়িত্ব, ডেসকো।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (উত্তরা/গুলশান/মিরপুর জোন), ডেসকো।
৩। নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, (কাফরুল/পল্লবী/মনিপুর/রূপনগর/আগারগাঁও/শাহআলী/উত্তরা (পূর্ব)/উত্তরা (পশ্চিম)/ টঙ্গী (পূর্ব)/টঙ্গী (পশ্চিম)/উত্তরখান/দক্ষিণখান/গুলশান/জোয়ারসাহারা/বারিধারা/বাড্ডা)/গ্রীড এন্ড প্রটেকশন/এমভিএসএসএমসি।

অনুলিপিঃ
১। স্টাফ অফিসার টু এমডি, ডেসকো।
২। অফিস কপি।

(নুর মহম্মদ)
নির্বাহী পরিচালক (অপারেশন)

Doing Buisness Reforms 2016-17 এর আওতায় বিদ্যুৎ বিভাগের কার্যক্রম ত্বরান্বিত/মনিটর করার বিষয়ে গঠিত কমিটির গত ১৬/০৭/২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ মাকছুদা খাতুন<br>অতিরিক্ত সচিব (সমন্বয়), বিদ্যুৎ বিভাগ |
| তারিখ | : | ১৬ জুলাই ২০১৭ খ্রি.। |
| সময় | : | সকাল ১১:০০ টা। |
| স্থান | : | অতিরিক্ত সচিব (সমন্বয়) মহোদয়ের অফিস কক্ষ<br>(কক্ষ নং-২১৬, ৩য় তলা, ভবন নং-৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) |
| উপস্থিতি | : | সংযোজনী "ক" । |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার প্রেক্ষাপট বর্ণনা করে বলেন, Doing Buisness Reforms 2016-17 এর আওতায় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA) এর ১৫টি পর্যবেক্ষণ/সুপারিশ রয়েছে। উক্ত সুপারিশসমূহের মধ্যে অধিকাংশের সুপারিশের উপর বিদ্যুৎ বিভাগ ঐক্যমত পোষণ করে। তিনি বলেন, BIDA'র সুপারিশসমূহের মধ্যে উল্লেখযোগ্য সুপারিশ হচ্ছে ৭ দিনের মধ্যে আবাসিক সংযোগ এবং ২৮ দিনে শিল্প সংযোগ প্রদান করা। বর্ণিত সুপারিশ ইতোমধ্যে বাস্তবায়ন করা শুরু হয়েছে। BIDA'র অন্যান্য পর্যবেক্ষণ/সুপারিশের উপর বিদ্যুৎ বিতরনকারী সংস্থা/কোম্পানিসমূহ কর্তৃক কী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা সভায় উপস্থাপন করার জন্য সংস্থা/কোম্পানির প্রতিনিধিদের আহবান জানান হয়।

২.০। এ পর্যায়ে সংস্থা/কোম্পানিসমূহের প্রতিনিধিগণ নির্ধারিত সময়ে বিদ্যুৎ সংযোগ প্রদান ও গ্রাহক সেবা উন্নত করার বিষয়ে বিস্তারিত কর্মসূচি তুলে ধরেন। এরপর সভাপতি বলেন, বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহের লাইন নির্মাণ নীতিমালার মধ্যে কিছু কিছু বিষয়ে পার্থক্য রয়েছে।

৩.০। অত:পর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১। | নির্ধারিত সময়ের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান ও গ্রাহক সেবা উন্নত করার বিষয়ে সংস্থা/কোম্পানিসমূহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে; | বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহ |
| ০২। | গ্রাহক সেবা সহজীকরণের লক্ষ্যে Ease of Doing Business এর উদ্দেশ্যে স্ব-স্ব সংস্থা/কোম্পানি লাইন নির্মাণ নীতিমালা Revisit করবে; | বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানিসমূহ |
| ০৩। | বিদ্যুৎ সংযোগের আবেদনের সময় পরিবেশ ছাড়পত্র দরকার নেই মর্মে বিদ্যুৎ বিভাগ কর্তৃক পত্র জারি করা যেতে পারে; | বিদ্যুৎ বিভাগ |
| ০৪। | পবিস এর জেনারেল ম্যানেজার কর্তৃক লোড বরাদ্দ করার ক্ষমতা ২৫০ কিঃওঃ এর পরিবর্তে ৫০০ কিঃওঃ করার সুপারিশ করা হলো। | বাপবিবো |

৪.০। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/০৭/১৭

(মোছাঃ মাকছুদা খাতুন)
অতিরিক্ত সচিব (সমন্বয়)

প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন) এর দপ্তর
তারিখ ঃ ১৭/০৫/২০১৭ ইং

বিষয় ঃ Ease of doing business এর আলোকে সিটিজেন চার্টার উল্লেখিত দলিলাদির সংখ্যা কমিয়ে নতুন সংযোগ প্রদান প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১০-১১-২০১৬ ইং তারিখে ISO Certificate হস্তান্তর অনুষ্ঠানে মাননীয় প্রতিমন্ত্রী (বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়) মহোদয় ডেসকো'র নতুন সংযোগ প্রক্রিয়া নিয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং নতুন সংযোগ সহজীকরণের জন্য নির্দশনা প্রদান করেন। এর প্রেক্ষিতে নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয়ের মৌখিক নির্দেশে নিম্নবর্ণিত কর্মকর্তাগনের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়ঃ

Received No.: ১৩৩৫
Received By: [signature]
Date: ১৭-০৫-১৭

১) প্রকৌঃ এ.কে.এম মহিউদ্দিন ,প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন), অঃ দাঃ। -- আহবায়ক

২) প্রকৌঃ মোঃ কামরুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (বি ও বি বিভাগ, গুলশান)। -- সদস্য

৩) প্রকৌঃ মোঃ গোলাম রব্বানী, নির্বাহী প্রকৌশলী (বি ও বি বিভাগ, টঙ্গী পশ্চিম)। -- সদস্য

৪) প্রকৌঃ মির্জা আবু নাসের, নির্বাহী প্রকৌশলী (বি ও বি বিভাগ, রুপনগর)। -- সদস্য

৫) প্রকৌঃ মোঃ সায়েদুর রহমান, নির্বাহী প্রকৌশলী (বি ও বি বিভাগ, শাহ আলী)। -- সদস্য

২। উক্ত কমিটি বর্নিত বিষয়ের প্রেক্ষিতে এবং ব্যবসা প্রতিষ্ঠান প্রসারের নিমিত্তে সরকারের সংযোগ প্রক্রিয়া সহজীকরণের আলোকে কমিটির সদস্যবৃন্দ একটি প্রস্তাবনা পেশ করেন। এছাড়া স্ব স্ব জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ তাদের আওতাধীন বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী ও নতুন সংযোগ শাখায় কর্মরত সকলকে নিয়ে বিভিন্ন সময় বিস্তারিত আলোচনান্তে সিটিজেন চার্টার বিদ্যমান দলিলাদির সংখ্যা হ্রাস করে ~~নিম্নোক্ত~~ দলিলাদি জমা প্রদানের মাধ্যমে নতুন সংযোগ প্রদানের বিষয়ে একমত পোষন করেন। (প্রস্তাবনা সংযুক্ত)

এমতাবস্থায় উক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদন ও পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্তে পেশ করা হলো।

[signature] ১৭/০৫/১৭

(প্রকৌঃ এ.কে.এম মহিউদ্দিন)
প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন), অঃ দাঃ।

নির্বাহী পরিচালক (অপারেশন) মহোদয়

৩। অনুমোদনের জন্য পেশ করা হলো।
[signature] ১৭/০৫/১৭

MD/PL
৪। অনুমোদিত।
[signature] ২১/৫/17

ED (OP)
৫। Circulate to all SE D(S).
[signature] ২১/৫/১৭

CE (S&D)

১। আবাসিক ( এল.টি ) সংযোগের ক্ষেত্রে ঃ

**প্রস্তাবিত কাগজপত্র**

ক) আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরণকৃত ১ কপি ছবিসহ আবেদনপত্র।
খ) রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন এর হোল্ডিং নম্বর এবং নামজারি কাগজের (আরএস/সিটি জরিপ) সত্যায়িত কপি।
গ) ভবনের ক্ষেত্রে রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত প্ল্যানের কপি।
ঘ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

**প্রয়োজনীয় ক্ষেত্রে নিম্নলিখিত ডকুমেন্টসমূহ জমা দিতে হবেঃ**

ক) জমির মূল মালিকের অবর্তমানে উত্তরাধিকার সনদ।
খ) পূর্বে কোন স্থায়ী/অস্থায়ী সংযোগে থাকলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি।
গ ) ডেভেলাপার কর্তৃক নির্মিত হলে পাওয়ার অব এটর্নীর সত্যায়িত কপি।

২। আবাসিক (এইচ.টি ) সংযোগের ক্ষেত্রে ঃ

**প্রস্তাবিত কাগজপত্র**

ক) আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরণকৃত ১ কপি ছবিসহ আবেদনপত্র।
খ) রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন এর হোল্ডিং নম্বর এবং নামজারি কাগজের (আরএস/সিটি জরিপ) সত্যায়িত কপি।
গ) বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র সংক্রান্ত ছাড়পত্র।
ঘ) ভবনের ক্ষেত্রে রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত প্ল্যানের কপি।
ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

**প্রয়োজনীয় ক্ষেত্রে নিম্নলিখিত ডকুমেন্টসমূহ জমা দিতে হবেঃ**

ক) জমির মূল মালিকের অবর্তমানে উত্তরাধিকার সনদ।
খ) পূর্বে কোন স্থায়ী/অস্থায়ী সংযোগে থাকলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি।
গ) ডেভেলাপার কর্তৃক নির্মিত হলে পাওয়ার অব এটর্নীর সত্যায়িত কপি।
ঘ) ফায়ার সার্ভিস-এর ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
ঙ) পরিবেশ ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

৩। বানিজ্যিক ( এল.টি ) সংযোগের ক্ষেত্রে ঃ

**প্রস্তাবিত কাগজপত্র**

ক) আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরণকৃত ১ কপি ছবিসহ আবেদনপত্র।
খ) রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন এর হোল্ডিং নম্বর এবং নামজারি কাগজের (আরএস/সিটি জরিপ) সত্যায়িত কপি।
গ) ভবনের ক্ষেত্রে রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত প্ল্যানের কপি।
ঘ) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি।
ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

**প্রয়োজনীয় ক্ষেত্রে নিম্নলিখিত ডকুমেন্টসমূহ জমা দিতে হবেঃ**

ক) জমির মূল মালিকের অবর্তমানে উত্তরাধিকার সনদ।
খ) পূর্বে কোন স্থায়ী/অস্থায়ী সংযোগে থাকলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি।
গ) ভাড়াটিয়ার ক্ষেত্রে জমি/ভবনের ভাড়ার চুক্তিপত্রের ফটোকপি ও মালিকের সম্মতি পত্র ।
ঘ) ফায়ার সার্ভিস-এর ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
ঙ) পরিবেশ ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪। বানিজ্যিক (এইচ.টি ) সংযোগের ক্ষেত্রে ঃ

**প্রস্তাবিত কাগজপত্র**

ক) আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরণকৃত ১ কপি ছবিসহ আবেদনপত্র।
খ) রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন এর হোল্ডিং নম্বর এবং নামজারি কাগজের (আরএস/সিটি জরিপ) সত্যায়িত কপি।
গ) বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র সংক্রান্ত ছাড়পত্র।
ঘ) ভবনের ক্ষেত্রে রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত প্ল্যানের কপি।
ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
চ) ফায়ার সার্ভিস-এর ছাড়পত্র।
ছ) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি।

**প্রয়োজনীয় ক্ষেত্রে নিম্নলিখিত ডকুমেন্টসমূহ জমা দিতে হবেঃ**
ক) জমির মূল মালিকের অবর্তমানে উত্তরাধিকার সনদ।
খ) পূর্বে কোন স্থায়ী/অস্থায়ী সংযোগে থাকলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি।
গ) ভাড়াটিয়ার ক্ষেত্রে জমি/ভবনের ভাড়ার চুক্তিপত্রের ফটোকপি ও মালিকের সম্মতি পত্র।
ঘ) পরিবেশ ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

৫। ক্ষুদ্র শিল্প (এল.টি) সংযোগের ক্ষেত্রে ঃ

**প্রস্তাবিত কাগজপত্র**

ক) আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরণকৃত ১ কপি ছবিসহ আবেদনপত্র।
খ ) রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন এর হোল্ডিং নম্বর এবং নামজারি কাগজের (আরএস/সিটি জরিপ) সত্যায়িত কপি।
গ) ট্রেড লাইসেন্স এবং বিসিক এর ক্ষুদ্র শিল্প নিবন্ধন সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
ঘ ) ভবনের ক্ষেত্রে রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত প্ল্যানের কপি।
ঙ ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
চ) শিল্প প্রতিষ্ঠানের জন্য ফায়ার সার্ভিস-এর ছাড়পত্রের কপি জমা দিতে হবে।

**প্রয়োজনীয় ক্ষেত্রে নিম্নলিখিত ডকুমেন্টসমূহ জমা দিতে হয় ঃ**

ক ) জমির মূল মালিকের অবর্তমানে ~~সাকসেশন~~ (উত্তরাধিকার) সনদ।
খ) পূর্বে কোন স্থায়ী/অস্থায়ী সংযোগে থাকলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি।
গ) লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকর্পোরেশন ও মেমোরেন্ডাম অব আর্টিক্যালস এর সত্যায়িত কপি।
ঘ) ভাড়াটিয়ার ক্ষেত্রে জমি/ভবনের ভাড়ার চুক্তিপত্রের সত্যায়িত কপি।
ঙ) পরিবেশ ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

৬। শিল্প (এইচ.টি ) সংযোগের ক্ষেত্রে ঃ

**প্রস্তাবিত কাগজপত্র**

ক) আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরণকৃত ১ কপি ছবিসহ আবেদনপত্র।
খ) রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন এর হোল্ডিং নম্বর এবং নামজারি কাগজের (আরএস/সিটি জরিপ) সত্যায়িত কপি।
গ) বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের উপকেন্দ্র সংক্রান্ত ছাড়পত্র।
ঘ) ভবনের ক্ষেত্রে রাজউক/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত প্ল্যানের কপি।
ঙ) জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
চ) ফায়ার সার্ভিস-এর ছাড়পত্র।
ছ) ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি।

**প্রয়োজনীয় ক্ষেত্রে নিম্নলিখিত ডকুমেন্টসমূহ জমা দিতে হবেঃ**

ক) জমির মূল মালিকের অবর্তমানে সাকসেশন (উত্তরাধিকার) সনদ।
খ) পূর্বে কোন স্থায়ী/অস্থায়ী সংযোগে থাকলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি।
গ) ভাড়াটিয়ার ক্ষেত্রে জমি/ভবনের ভাড়ার চুক্তিপত্রের সত্যায়িত কপি।
ঘ) পরিবেশ ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LIMITED

22/B, Faruk Sarani, Nikunja-2, Khilkhet,
Dhaka-1229, Bangladesh.
PABX : +88 02 8900110-11, 8900820-23
Fax : +88 02 8900100
E-mail : info@desco.org.bd; mddesco@desco.org.bd
Website : www.desco.org.bd

মেমো নং ঃ ডেসকো/ইডি(অপারেশন)/২০১৭/৫১

২১ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ
তারিখঃ ---------------------
০৪ মে, ২০১৭ ইং।

## সভার কার্যবিবরণী

সভাপতি ঃ নূর মহম্মদ, নির্বাহী পরিচালক (অপারেশন)।
তারিখ ঃ ২৪/০৪/২০১৭ ইং (রোজ সোমবার)
স্থান ঃ ডেসকো'র সদর দপ্তরের সম্মেলন কক্ষ
সময় ঃ দুপুর ৩:৩০ ঘটিকা

সভার শুরুতে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয় সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীদের নিকট হতে স্ব স্ব অভিযোগকেন্দ্রের টেলিফোন ও মোবাইল নম্বর জানতে চান এবং তাদের মোবাইলে নম্বরগুলি সেভ রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। সভায় সংযুক্ত তালিকা অনুযায়ী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

১। অভিযোগকেন্দ্র স্থাপন ঃ

বি ও বি বিভাগ, মনিপুর ও কাফরুল, গুলশান ও জোয়ার সাহারা, বারিধারা ও বাড্ডা, উত্তরা (পূর্ব) ও উত্তরা (পশ্চিম) এবং উত্তরখান ও দক্ষিণখান একই অভিযোগকেন্দ্র হতে গ্রাহক অভিযোগ সমাধান করে থাকে। অভিযোগকেন্দ্রসমূহ পৃথক করার বিষয়ে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | বনানী - ২ সুইচিং ষ্টেশনে জোয়ারসাহারা বি ও বি বিভাগের অভিযোগকেন্দ্র খোলার নিমিত্তে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গুলশান জোন) নির্বাহী প্রকৌশলী সহকারে স্থাপনা পরিদর্শন করে ০৩ (তিন) দিনের মধ্যে রিপোর্ট প্রদান করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গুলশান জোন)<br>ও<br>নির্বাহী প্রকৌশলী, জোয়ার সাহারা বি ও বি |
| খ) | বাড্ডা বি ও বি বিভাগের অভিযোগকেন্দ্রর বিপরীতে পোষ্টিং প্রদানকৃত সহকারী কমপ্লেইন সুপারভাইজারগণ প্রশিক্ষণ হিসেবে নির্ধারিত সময়ে দায়িত্ব পালনের পর পুরাতন সহকারী কমপ্লেইন সুপারভাইজারগণের সাথে অতিরিক্ত সময় দায়িত্ব পালন করবেন। | নির্বাহী প্রকৌশলী, বাড্ডা বি ও বি |
| গ) | মনিপুর বি ও বি বিভাগের অফিস ভবনে পাশে নির্মিত ভবনের নীচতলায় মনিপুর বি ও বি বিভাগের জন্য আলাদা অভিযোগকেন্দ্র খোলার অগ্রগতি নির্বাহী প্রকৌশলী নিবিড় পর্যবেক্ষণে রাখবেন। | নির্বাহী প্রকৌশলী, মনিপুর বি ও বি |
| ঘ) | উত্তরা (পশ্চিম) বি ও বি বিভাগের অভিযোগকেন্দ্র খোলার বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উত্তরা জোন) নির্বাহী প্রকৌশলী সহকারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উত্তরা জোন)<br>ও<br>নির্বাহী প্রকৌশলী, উত্তরা (পশ্চিম) বি ও বি |
| ঙ) | দক্ষিণখান বি ও বি বিভাগের অভিযোগকেন্দ্রের পাশে উত্তরখান বি ও বি বিভাগের অভিযোগকেন্দ্র খোলার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উত্তরা জোন) ও নির্বাহী প্রকৌশলী, উত্তরখান বি ও বি বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উত্তরা জোন)<br>ও<br>নির্বাহী প্রকৌশলী, উত্তরখান বি ও বি |
| চ) | যেসব বি ও বি বিভাগের অভিযোগকেন্দ্র মোবাইল সীম বরাদ্দ পাননি, প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন) কেন্দ্রীয়ভাবে প্রশাসন বিভাগের সাথে যোগাযোগপূর্বক সেসব বি ও বি বিভাগের অভিযোগকেন্দ্রে মোবাইল সীম বরাদ্দের ব্যবস্থা নিবেন। | প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন) |

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LIMITED

22/B, Faruk Sarani, Nikunja-2, Khilkhet,
Dhaka-1229, Bangladesh.
PABX : +88 02 8900110-11, 8900820-23
Fax : +88 02 8900100
E-mail : info@desco.org.bd; mddesco@desco.org.bd
Website : www.desco.org.bd

২। প্রাকৃতিক দুর্যোগ ও জরুরী পরিস্থিতি মোকাবেলা ঃ

প্রাকৃতিক দুর্যোগ ও জরুরী পরিস্থিতি মোকাবেলা বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | প্রাকৃতিক দুর্যোগ ও জরুরী পরিস্থিতি মোকাবেলার স্বার্থে বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলীগণের ব্যবহৃত গাড়ী গাড়ীচালকগণকে তাদের বাসস্থানের নিকটবর্তী স্থানে রাখার ব্যবস্থা করতে হবে। যেসব কর্মকর্তাগণ ভাড়ার গাড়ী ব্যবহার করে থাকেন, তাদের ক্ষেত্রে প্রশাসন বিভাগের সহযোগিতায় বাসস্থানের নিকটবর্তী স্থানে গাড়ী ও গাড়ীচালকের থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল জোন) ও সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ। |
| খ) | বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণের ছুটি প্রদান/গমনের ক্ষেত্রে প্রধান প্রকৌশলী ও নির্বাহী পরিচালক (অপারেশন) কে অবহিত করতে হবে। | |
| গ) | প্রাকৃতিক দুর্যোগ ও জরুরী পরিস্থিতি মোকাবেলার ক্ষেত্রে বি ও বি বিভাগে কর্মরত সকল শাখার কর্মকর্তা-কর্মচারীগণকে জড়িত করতে হবে।। | |
| ঘ) | প্রাকৃতিক দুর্যোগ ও জরুরী পরিস্থিতি মোকাবেলার স্বার্থে অভিযোগকেন্দ্রে দায়িত্বরত সহকারী কমপ্লেইন সুপারভাইজার প্রয়োজন হলে, অন্য সহকারী কমপ্লেইন সুপারভাইজারগণের সহায়তায় নিয়ে দুর্যোগকালীন সময়ে দায়িত্ব পালন করবেন। | |
| ঙ) | প্রাকৃতিক দুর্যোগ ও জরুরী পরিস্থিতি মোকাবেলার স্বার্থে নির্বাহী প্রকৌশলীগণ নিজ নিজ বি ও বি বিভাগের LEM gang ছাড়াও প্রয়োজনে অন্য বি ও বি বিভাগের LEM gang এর সহায়তা চাইতে পারবেন। সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী (জোন) বিষয়টি সমন্বয় করবে। | |
| চ) | গত কয়েকদিনে কালবৈশাখী ঝড়ে যেসব ফিডার বন্ধ হয়েছে, সেসব ফিডারে সমস্যা চিহ্নিত করে special schedule প্রস্তুতের মাধ্যমে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ সম্পন্ন করতে হবে। | |
| ছ) | বি ও বি বিভাগ, বারধারা এর নির্বাহী প্রকৌশলী জানান যে, কালবৈশাখী ঝড়ের সময় তাহার উপ-বিভাগী প্রকৌশলী ও উপ-ব্যবস্থাপককে প্রশিক্ষণে পাঠানো হয়েছে। বর্তমানে প্রাকৃতিক দুর্যোগকালীন সময় ও জুন, ২০১৭ পর্যন্ত সময়ের মধ্যে বি ও বি বিভাগের কোন কর্মকর্তাকে প্রশিক্ষণের উদ্দেশ্যে পাঠানো অফিস আদেশ জারী করা হলে, তাহা বন্ধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| ঝ) | কোন ফিডার ১০ মিনিটের বেশি সময় বন্ধ থাকলে বি ও বি বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী (পদ্ধতি পরিচালন) নির্বাহী প্রকৌশলী এর মাধ্যমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (জোন) কে অবহিত করবেন। তাঁহার সাথে যোগাযোগ করা সম্ভব না হলে, সরাসরি নির্বাহী পরিচালক (অপারেশন) কে অবহিত করবেন। | |
| ঞ) | বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ প্রাকৃতিক দুর্যোগ ও জরুরী পরিস্থিতি মোকাবেলার জন্য উপরোক্ত সিদ্ধান্ত সমূহের আলোকে ব্যবস্থা গ্রহণের বিষয়ে স্বল্পতম সময়ে সিস্টেমের সাথে সম্পর্কিত সকলকে নিয়ে একটি সভা করবেন এবং হাজিরা সহ কার্যবিবরণী প্রেরণ করবেন। | |

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LIMITED

22/B, Faruk Sarani, Nikunja-2, Khilkhet,
Dhaka-1229, Bangladesh.
PABX : +88 02 8900110-11, 8900820-23
Fax : +88 02 8900100
E-mail : info@desco.org.bd; mddesco@desco.org.bd
Website : www.desco.org.bd

৩। বিবিধ ঃ LEM ঠিকাদারের লোকবল কর্তৃক বিবিধ ব্যবসায় জড়ানো এবং বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীদের মাঠ পর্যায়ে পরিদর্শনবৃদ্ধিসহ বিবিধ বিষয়ে আলোচনা হয়।

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | LEM ঠিকাদারের লোকবল সোলারসহ বিবিধ ব্যবসায় জড়িয়ে পড়ছে। তাদেরকে এ কাজে বিরত রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে এ ধরনের এমপ্লয়ীদের চিহ্নিত করে তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল জোন) ও সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ। |
| খ) | বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীদের মাঠ পর্যায়ে পরিদর্শন সংখ্যা বাড়াতে হবে। এত করে গ্রাহক পর্যায়ে সমস্যাসমুহ সহজে চিহ্নিত করে দ্রুত সমাধানের ব্যবস্থা করা যাবে। | |
| গ) | নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে, আবেদনকারীর প্রকৃত নাম তাহার জাতীয় পরিচয়পত্রের সাথে মিলিয়ে নিশ্চিত হতে হবে, যাহাতে ভবিষ্যতে কোন জটিলতা দেখা না দেয়। | |
| ঘ) | কোন স্থাপনা ভেঙ্গে সম্পূর্ণ নতুন করে নির্মাণ কাজ শুরু করা হলে, উক্ত ভবনে পূর্বে কোন মিটার থাকলে তাহার হিসাব স্থায়ীভাবে বন্ধ করে অস্থায়ীভাবে মিটার প্রদান করতে হবে। | |
| ঙ) | বিদ্যুৎ বিলের পেছনে স্ব স্ব বি ও বি বিভাগের টেলিফোণ নম্বর সঠিক আছে কিনা নতুন বিল ফরমেট প্রিন্ট দেয়ার পূর্বেই তাহা নিশ্চিত করতে হবে। | |
| চ) | LEM ঠিকাদারের লোকবলের প্রত্যেকের জুতা ও রেইনকোর্ট Contract Document- এর GCC 14.7 অনুযায়ী আছে কিনা তা নিশ্চিত হতে হবে। | |
| ছ) | প্রাকৃতিক কারণে এলটিসিটি/এইচটি মিটার নষ্ট হয়ে গেলে গত ১৯/০৫/২০১৫ইং তারিখে জারিকৃত ডেসকো'র ক্রয়কৃত মিটার গ্রাহক পর্যায়ে বিক্রয়/বিতরণ/ভাড়ায় প্রদান সংক্রান্ত নীতিমালা-২০১৫ (সংশোধিত) এর অনুচ্ছেদ-১০.০ এর গ) অনুযায়ী ডেসকো'র সরবরাহকৃত মিটার প্রাকৃতিক কোন দুর্যোগের কারণে মিটার বিনষ্ট হলে (যে সমস্ত বিষয় গ্রাহক সৃষ্ট নয়) গ্রাহক ৫০% মূল্য পরিশোধ করে পুনরায় মিটার প্রদান করতে হবে।<br><br>একই নীতিমালার অনুচ্ছেদ-১০.০ এর খ) অনুযায়ী গ্রাহক হস্তক্ষেপ/অবহেলা/ওভার লোড জনিত কারণে বিনষ্ট হলে সংশ্লিষ্ট গ্রাহককে পুনরায় নতুন মিটারের মূল্য পরিশোধ করতে হবে। এছাড়া পূর্বের মিটারের কিস্তি (যদি বকেয়া থাকে) পরিশোধ করতে হবে। | |

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সংশ্লিষ্ট সকলকে সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নূর মোহাম্মদ)
নির্বাহী পরিচালক (অপারেশন)।

বিতরণঃ উপস্থিত কর্মকর্তাগণ।

অনুলিপিঃ
১। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো ঃ সদয় অবগতির জন্য।
২। নির্বাহী পরিচালক (প্রশাসন), ডেসকো।
৩। অফিস কপি।

লাইন রক্ষণাবেক্ষণ সংক্রান্ত সভার হাজিরা

| ক্রমিক নং | উপস্থিত কর্মকর্তার নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | প্রকৌঃ নূর মুহম্মদ | নির্বাহী পরিচালক (অপারেশন) | |
| ২. | A.K.M. Mahiuddin | | |
| ৩. | Md. Sharifal Islam | SE, O2, | |
| ৪. | Md. Enamul Haque | SE (GZ) | |
| ৫. | মোঃ শফিকুল ইসলাম | নির্বাহী প্রকৌশলী, রাজস্ব | 24/04/17 |
| ৬. | মোঃ তৌহিদুল ইসলাম | নির্বাহী প্রকৌশলী (প্রশাসন) | 24.04.17 |
| ৭. | মোহাম্মদ জাহিদুল হক | নির্বাহী প্রকৌশলী বি এ বি কনস্ট্রাকশন | 24/04/17 |
| ৮. | Md. Mustafizur Rahman | SE | 24.04.17 |
| ৯. | MD. SADEQUL ISLAM | XEN (M&NI) | 24.04.17 |
| ১০. | MIRZA ABU NASHER | XEN (AG) | 24/04/17 |
| ১১. | Golam Rabbani | XEN (T-N) | 24/4/17 |
| ১২. | A.K.M. Aminul Islam | XEN (T-E) | |
| ১৩. | Md. Raihan Arafin | XEN (UK) a.c. | |
| ১৪. | Md. Akter Hossain Siddique | XEN (DK) | |
| ১৫. | Md Sayedur Rahman | Xen (Shah Ali) | |
| ১৬. | Md. Ashfaq Ahmed | XEN (UE) | |
| ১৭. | Md. Nasir Uddin Miah | XEN (Gul) | |
| ১৮. | SK. Tanvir Ahmmed | SDE (Pallabi) | 24/04/17 |
| ১৯. | S.M. Shah Sultan | XEN (Rupnagar S&D) | 24/04/17 |
| ২০. | Md. Zelhaj uddin. | XEN (UW) | 24/04/17 |
| ২১. | | | |
| ২২. | | | |

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

House# 22/B, Farook Sarani, Nikunja-2
[illegible]
Phone: 8900110, 8900111
Fax: +8900100
email: Info@desco.org.bd; mddesco@desco.org.bd
www.desco.org.bd

১৫ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ

স্মারক নং-ডেসকো/নির্বাহী পরিচালক (অপারেশন)/২০১৭/ ২৫ তারিখঃ-------------------------

২৭ ফেব্রুয়ারি, ২০১৭ইং

# অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ১৬/০২/২০১৭ ইং তারিখে নির্বাহী পরিচালক (অপারেশন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় নতুন সংযোগের আবেদনকারীগণকে সহজ উপায়ে দ্রুততম সময়ে সংযোগ প্রদানের বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদনের নিম্নোক্ত সুপারিশ সমূহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন লাভ করেছে।

i) কোন আবাসিক ভবনের মোট আয়তন যাহাই হউক না কেন ওয়্যারিংকৃত লোড অথবা ফ্ল্যাটের সাইজ অনুযায়ী ন্যূনতম লোডের ভিত্তিতে নিরূপিত মোট লোড এর যেকোন একটি ৫০ (পঞ্চাশ) কিঃওঃ এর অধিক হলে সকল অবস্থাতেই HT সংযোগ প্রযোজ্য হবে।

ii) আবাসিক ভবনের ওয়্যারিংকৃত লোড অথবা ফ্ল্যাটের সাইজ অনুযায়ী ন্যূনতম লোডের ভিত্তিতে নিরূপিত মোট লোড এর উভয়টিই ৫০ (পঞ্চাশ) কিঃওঃ এর কম হলে এবং ০৫ (পাঁচ) বছরের মধ্যে কোন লোড বৃদ্ধি হবে না মর্মে আবেদনকারী কর্তৃক অঙ্গীকারনামা প্রদান সাপেক্ষে LT তে সংযোগ প্রদান করা যেতে পারে, তবে এক্ষেত্রে ভবনের ফ্লোর এরিয়া কোনভাবেই ১৪৫০০ (বেজমেন্ট, কার পার্ক ও অন্যান্য কমন ইউজ এরিয়া সহ) বর্গফুট এর অধিক হবে না।

iii) আবাসিক ভবনের মোট ফ্লোর এরিয়া ১৪৫০০ (বেজমেন্ট, কার পার্ক ও অন্যান্য কমন ইউজ এরিয়া সহ) বর্গফুটের অধিক হলে ওয়্যারিংকৃত লোড অথবা ফ্ল্যাটের সাইজ অনুযায়ী ন্যূনতম লোডের ভিত্তিতে নিরূপিত মোট লোড যাহাই হউক না কেন HT সংযোগ প্রযোজ্য হবে।

উপরোক্ত সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং ইতোমধ্যেই আবাসিক সংযোগের জন্য আবেদনকারীগণের পেন্ডিং নথি সমূহ দ্রুত নিষ্পত্তি করার বিষয়ে সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীদের নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

২৭/২/১৭

(নুর মহম্মদ)
নির্বাহী পরিচালক (অপারেশন)।

বিতরণঃ

কার্যার্থেঃ

১। প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন) অঃদাঃ, ডেসকো।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এস এন্ড ডি অপারেশন (উত্তরা/গুলশান/মিরপুর জোন), ডেসকো।
৩। নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, (কাফরুল/পল্লবী/মনিপুর/রূপনগর/আগারগাঁও/শাহআলী/উত্তরা(পূর্ব)/উত্তরা (পশ্চিম)/টঙ্গী (পূর্ব)/টঙ্গী (পশ্চিম)/উত্তরখান/দক্ষিণখান/গুলশান/জোয়ারসাহারা/বারিধারা/বাড্ডা)।

স্ব স্ব জোনের আওতাধীন বি ও বি'র নির্বাহী প্রকৌশলীগণের বাস্তবায়নের বিষয়টি মনিটর করবেন।

অনুলিপিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক ঃ সদয় অবগতির জন্য।
২। অফিস কপি।

E:\Director Operation\Ali Intre Office Memo copy.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-৩ অধিশাখা।
(www.powerdivision.gov.bd)

(11)

নং-২৭.০০.০০০০.০৫১.০৩১.০৩.২০১৪. ৮৯

তারিখ ঃ ৮ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
২০ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিস্টাব্দ

## পরিপত্র

ভিশন ২০২১ ও এসডিজি এর লক্ষ্যমাত্রা অর্জনে নির্ধারিত সময়সীমার মধ্যে সকল নাগরিকের জন্য বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করতে বিদ্যুৎ বিভাগ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের বিদ্যমান সময়সীমা কমিয়ে আনার নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করেছে। উচ্চ বৈদ্যুতিক চাপ (H.T) ও আবাসিক নতুন সংযোগ প্রদানের জন্য নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ঃ

### উচ্চ বৈদ্যুতিক চাপের বৈদ্যুতিক সংযোগ (HT Connection)

১। নতুন বিদ্যুৎ সংযোগের আবেদন (নির্ধারিত সকল শর্তাদি প্রতিপালন ও তথ্যাদিসহ দাখিল করা হলে) প্রাপ্তির ৫ দিনের মধ্যে কারিগরী তদন্ত ও জরিপ কাজ সম্পন্ন করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় আবেদনকারীকে তাৎক্ষনিক জানিয়ে দিতে হবে।

২। তদন্ত ও জরিপ প্রতিবেদন প্রাপ্তির পরবর্তী ১০ দিনের মধ্যে লোড বরাদ্দ করতে হবে। তদন্ত ও জরিপ প্রতিবেদনে ত্রুটি/বিচ্যুতি পাওয়া গেলে আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে জানিয়ে দিতে হবে।

৩। লোড বরাদ্দের পরবর্তী ২ দিনের মধ্যে ডিমান্ড নোট ইস্যু করতে হবে।

৪। ডিমান্ড নোট প্রাপ্তির ৪ দিনের মধ্যে আবেদনকারীকে ডিমান্ড নোটের অর্থ ও মিটারের টাকা জমা দিতে হবে।

৫। টাকা জমা দেওয়ার পরবর্তী ৭ দিনের মধ্যে মিটার সরবরাহ করে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে।

### আবাসিক সংযোগ

৬। আবাসিক বৈদ্যুতিক সংযোগ প্রদানের ক্ষেত্রে আবেদন (প্রয়োজনীয় তথ্যাদিসহ) প্রাপ্তির পরবর্তী ১ থেকে ৭ দিনের মধ্যে বিদ্যুৎ সংযোগ প্রদান করতে হবে। অসম্পূর্ণ আবেদনের বিষয় তাৎক্ষণিক আবেদনকারীকে জানিয়ে দিতে হবে।

20/2/17

(আবুল খায়ের মোঃ আমিনুর রহমান)
যুগ্মসচিব
ফোন-৯৫৪০২৮৯
coord-3@pd.gov.bd

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ঃ

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, বা/এ, ঢাকা।
০২। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি), ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো), ঢাকা।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, নর্থওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (নওজোপাডিকো), বিদ্যুৎ ভবন, হেতেম খান রোড, রাজশাহী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

০১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/সমন্বয়/পরিকল্পনা ও নবায়নযোগ্য জ্বালানি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
০৪। যুগ্ম-সচিব (কোম্পানি এ্যাফেয়ার্স/উন্নয়ন/বাজেট)/যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

DESCO
POWER IS YOURS
ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড

২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২
ঢাকা-১২২৯, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩
ফ্যাক্স : +৮৮ ০২ ৮৯০০১০০
ই-মেইল : info@desco.org.bd; md-desco@desco.org.bd
ওয়েবসাইট : www.desco.org.bd

মেমো নং ঃ ডেসকো/নির্বাহী পরিচালক (অপারেশন)/২০১৭/ ৯৮

০৭ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ
তারিখঃ ---------------------
১৯ ফেব্রুয়ারী, ২০১৭ ইং।

## সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ নূর মহম্মদ, নির্বাহী পরিচালক (অপারেশন)। |
| তারিখ | ঃ ১৬/০২/২০১৭ ইং (রোজ বৃহস্পতিবার) |
| স্থান | ঃ ডেসকো'র সদর দপ্তরের সম্মেলন কক্ষ |
| সময় | ঃ দুপুর ৩:০০ ঘটিকা |

সভায় ডেসকো'র নিম্নলিখিত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন ঃ

**উপস্থিত কর্মকর্তাবৃন্দ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়)**

১। প্রকৌঃ এ. কে. এম মহিউদ্দিন, প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন) অতিরিক্ত দায়িত্ব এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিরপুর জোন)।
২। প্রকৌঃ মোঃ শরীফুল ইসলাম, প্রধান প্রকৌশলী (নেটওয়ার্ক অপারেশন) অতিরিক্ত দায়িত্ব এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উত্তরা জোন)।
৩। প্রকৌঃ মোঃ এনামুল হক, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গুলশান জোন)।
৪। প্রকৌঃ মোঃ সাদেকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, মরিপুর।
৫। প্রকৌঃ মির্জা আবু নাসের, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, আগাঁরগাঁও।
৬। প্রকৌঃ মোঃ জাহিদুল হক, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, কাফরুল।
৭। প্রকৌঃ এস. এম. শাহ সুলতান, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, রূপনগর।
৮। প্রকৌঃ মোঃ মঞ্জুরুল হাসান, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, পল্লবী।
৯। প্রকৌঃ মোহাম্মদ সায়েদুর রহমান, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, শাহআলী।
১০। প্রকৌঃ মোঃ নাসির উদ্দিন মিয়া, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ গুলশান।
১১। প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, বারিধারা।
১২। প্রকৌঃ মোঃ তৌহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, ঝোয়ার সাহারা।
১৩। প্রকৌঃ মোহাম্মদ শফিকুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, বাড্ডা।
১৪। প্রকৌঃ মোঃ আশফাক আহমেদ, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, উত্তরা (পূর্ব)।
১৫। প্রকৌঃ মোঃ জিলহাজ উদ্দিন, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, উত্তরা (পশ্চিম)।
১৬। প্রকৌঃ মোঃ গোলাম রাব্বানী, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, টঙ্গী (পশ্চিম)।
১৭। প্রকৌঃ এ কে এম নাজিমুল বসিলাম, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, টঙ্গী (পূর্ব)।
১৮। প্রকৌঃ মোঃ আকতার হোসেন সিদ্দিকী, নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ, দক্ষিণখান।
১৯। প্রকৌঃ মোঃ রায়হান আরেফিন, নির্বাহী প্রকৌশলী,(অতিরিক্ত দায়িত্ব) এবং উপ-বিভাগীয় প্রকৌশলী, বি ও বি বিভাগ, উত্তরখান।
২০। প্রকৌঃ মোহাম্মদ মিজানুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন) এর দপ্তর।

সভার শুরুতে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মিরপুর জোন) ও প্রধোন প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন) অতিরিক্ত দায়িত্ব ২০১৬-১৭ অর্থ বছরের সিস্টেম লস ও বকেয়ার বি ও বি বিভাগওয়ারী অর্জন তুলে ধরেন।

১। **সিস্টেম লসঃ** জানুয়ারী/ ২০১৭ মাস পর্যন্ত ২০১৬-১৭ অর্থ বছরে সকল বি ও বি বিভাগের সিস্টেম লসের নির্ধারিত সীমার মধ্যে আছে। সিস্টেম অর্থ বছরের অবশিষ্ট সময়ে নির্ধারিত সীমার মধ্যে রাখার লক্ষ্যে আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | পোর্টেবল সিটি Analyzer দ্বারা গ্রাহকের সিটিসমূহ পর্যায়ক্রমে পরীক্ষা করতে হবে। পরীক্ষান্তে প্রাপ্ত তথ্য অনুযায়ী বিল জারী করতে হবে। | প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল জোন) ও সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ। |
| খ) | যেসব মেইন মিটারের বিল নেগেটিভ হওয়ার কারণে 'শুণ্য' ইউনিট ধরে মিনিমাম বিল ইস্যু হচ্ছে, তার তালিকা প্রস্তত করে মাঠ পর্যায়ে যাচাইপূর্বক এর প্রকৃত কারণ উদঘাটন করে মার্চ, ২০১৭ মাসের মধ্যে সমাধান পূর্বক নির্বাহী পরিচালক (অপারেশন) কে অবহিত করতে হবে। | |
| গ) | Unified software এ প্রি-পেইড মিটারের kwh consumption কিভাবে হিসাব করা হচ্ছে-তাহা সম্পর্কিত প্রতিবেদন নির্বাহী প্রকৌশলী (বারিধারা বি ও বি বিভাগ), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গুলশান জোন) এর মাধ্যমে দাখিল করবেন। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গুলশান জোন) ও নির্বাহী প্রকৌশলী (বারিধারা বি ও বি বিভাগ)। |

DESCO
POWER IS YOURS

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড

২২/বি, ফারুক সরণি, নিকুঞ্জ-২
ঢাকা-১২২৯, বাংলাদেশ
ফোন : +৮৮ ০২ ৮৯০০১১০-১১, ৮৯০০৮২০-২৩
ফ্যাক্স : +৮৮ ০২ ৮৯০০১০০
ই-মেইল : info@desco.org.bd; md-desco@desco.org.bd
ওয়েবসাইট : www.desco.org.bd

২। বকেয়া আদায় ঃ জানুয়ারী/ ২০১৭ মাস পর্যন্ত ২০১৬-১৭ অর্থ বছরে সকল বি ও বি বিভাগের কালেকশনের অবস্থা সন্তোষজনক, বকেয়া আদায়ের এ ধারা অব্যাহত রাখতে সকলকে পরামর্শ প্রদান করেন। সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বকেয়া আদায়ের বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | গত বছরের ন্যায় এ বছরও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল জোন) এর তত্ত্বাবধানে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বকেয়া আদায়ের নিমিত্তে স্ব-স্ব বি ও বি বিভাগ পত্র প্রদান করবেন এবং প্রয়োজনে স্ব-শরীরে হাজির হয়ে নিবিড় যোগাযোগের মাধ্যমে বকেয়া আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। যে সকল সরকারী/আধা-সরকারী /স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বিল বকেয়া রয়েছে, বকেয়া আদায়ের স্বার্থে ৩/৪ বার নোটিশ প্রদানের পর প্রয়োজনে সংযোগ বিচ্ছিন্ন করতে হবে। স্ব স্ব জোনের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ কর্তৃক আগামী ১০ (দশ) দিনের মধ্যে সরকারী/আধা-সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের বিল বকেয়া আদায়ের পরিকল্পনা/অগ্রগতি সম্পর্কে নির্বাহী পরিচালক (অপারেশন) কে অবহিত করতে হবে। | প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল জোন) ও সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ। |
| খ) | বিভিন্ন খাতে প্রদর্শিত সামান্য বকেয়ার (অনুর্ধ্ব ২০০/= টাকা) কারণে জন্য কোন গ্রাহকের বিল পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন পত্র যাতে আটকে না থাকে সেজন্য case to case যাচাই-বাছাই করে সমাধান করতে হবে। | সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ। |

৩। **Not found** গ্রাহকদের **write-off** ঃ রূপনগর বি ও বি বিভাগের ১২২ জন অনাদায়ী বকেয়া write-off করার প্রস্তাব গত ২১/১১/২০১৬ইং তারিখে অনুষ্ঠিত ৩২৯তম বোর্ডে উপস্থাপন করা হলে, বোর্ডে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

উদ্ধৃতি শুরু

৬.১ ডেসকো'র রূপনগর বিক্রয় ও বিতরণ বিভাগের ১২২ জন Not Found গ্রাহকের আদায়যোগ্য বিদ্যুৎ বিল অবলোপনের (Write-off) প্রস্তাব আপততঃ বিবেচনা করা হলো না। তবে, বিদ্যুৎ বিল Write-off করার ক্ষেত্রে প্রয়োজনীয় সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করতঃ পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করা হবে।

উদ্ধৃতি শেষ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
| ক) | বোর্ড সিদ্ধান্তের আলোকে Not found গ্রাহকদের তালিকা অধিকতর যাচাই-বাছাই করতঃ Write-off করার ক্ষেত্রে প্রয়োজনীয় সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করতঃ পর্যায়ক্রমে বোর্ড সভায় উপস্থাপনের ব্যবস্থা করতে হবে। প্রথমে রূপনগর বি ও বি বিভাগের, পরবর্তীতে উত্তরা (পূর্ব) বি ও বি বিভাগের এবং পর্যায়ক্রমে অন্যান্য সকল বি ও বি বিভাগের Not found গ্রাহকদের বিদ্যুৎ বিল Write-off করার প্রস্তাব বোর্ডে উপস্থাপন করতে হবে। | প্রধান প্রকৌশলী (এস এন্ড ডি অপারেশন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল জোন) ও সকল বি ও বি বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ। |

৪। দ্রুত নতুন সংযোগ প্রদান ঃ নতুন সংযোগ কার্যক্রম তরান্বিত করার বিষয়ে উপস্থিত সকলে বিস্তারিত আলোচনা করেন। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|
সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ২৪/০৯/২০১৩ ইং তারিখে অনুষ্ঠিত ডেসকো বোর্ডের ২৫৫ তম সভায় গুলশান-বনানী এলাকায় লোড বরাদ্দ বন্ধের সিদ্ধান্ত প্রত্যাহরের প্রস্তাব বিবেচনার জন্য উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

**উদ্ধৃতি শুরু**

৪.১ গুলশান-বনানী এলাকায় অবস্থিত উপকেন্দ্রসমূহে অক্টোবর-মার্চ মাসের লোড চাহিদা হ্রাস পাওয়া এবং আগামী গ্রীষ্মের পূর্বেই নতুন দুইটি উপকেন্দ্র চালুর বিষয়টি বিবেচনায় নিয়ে ২৮/০২/২০১৩ ইং তারিখে অনুষ্ঠিত ডেসকো বোর্ডের ২৪৩ তম সভায় বর্ণিত উপকেন্দ্রেরসমূহের আওতাধীন এলাকায় লোড বরাদ্দ বন্ধ রাখার সিদ্ধান্ত প্রত্যাহারের প্রস্তাব এতদ্বারা অনুমোদন করা হলো;

৪.২ 'আগের আবেদনকারীগণ আগে লোড বরাদ্দ পাবেন' এ ধরনের চলমান নীতির ব্যত্যয় করা যাবে না। তবে, সরকারের অগ্রাধিকারমূলক প্রকল্প বাস্তবায়নের স্বার্থে কোন স্থাপনায় বিদ্যুৎ সংযোগ/লোড বরাদ্দ প্রদানের প্রয়োজন হলে অগ্রাধিকার ভিত্তিতে উক্ত স্থাপনায় বিদ্যুৎ সংযোগ/লোড বরাদ্দ প্রদান করা যাবে।

**উদ্ধৃতি শেষ**

বর্ণিত বোর্ড সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

(মোঃ সফিকুল ইসলাম চৌধুরী)
মহাব্যবস্থাপক (প্রশাসন))

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

১। নির্বাহী পরিচালক (প্রশাসন/ইঞ্জিনিয়ারিং/অপারেশন/সংগ্রহ/অর্থ ও হিসাব), ডেসকো।
২। প্রধান প্রকৌশলী (এসএন্ডডি অপারেশন/নেটওয়ার্ক অপারেশন/পিএন্ডডি)/মহাব্যবস্থাপক (সংগ্রহ), ডেসকো।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পি এন্ড ডি/ম্যাটেরিয়াল প্ল্যানিং এন্ড স্টোরস/প্রকিউরমেন্ট, ইন্সপেকশন এবং টেস্টিং/ডেভেলপমেন্ট এন্ড মিটার প্ল্যান্ট/আইসিটি/সাবস্টেশন এন্ড নেটওয়ার্ক/এস এন্ড ডি অপারেশন (উত্তরা জোন)/প্রশাসন/প্রজেক্টস/অর্থ/এস এন্ড ডি অপারেশন (গুলশান/মিরপুর জোন)/ উপ-মহাব্যবস্থাপক (এইচ আর এম/ইন্টারনাল অডিট/হিসাব)/কোম্পানী সচিব।
৪। নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (গুলশান/জোয়ারসাহারা)।
৫। স্টাফ অফিসার টু এমডি।
৬। অফিস কপি।

D:\Documents\DGM(Admn)\Office Order\Off Order (Board decision).doc

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

House # 22/B, Faruque Sarani, Nikunja-2
Dhaka-1229, Bangladesh
Phone: +88028900110; 88028900111
Fax: +88028900100
email: info@desco.org.bd; mddesco@desco.org.bd
www.desco.org.bd

Date: 06/06/2013
Memo No. DESCO/HQ/ADMIN-A(3)/OO-3/2013/1543

# অফিস আদেশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ২৮/০৪/২০১৩ইং তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক ডেসকো'র প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় সোলার সেল নিম্নোক্ত কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে পুনর্গঠন করা হলো। এই আদেশ Memo No:DESCO/HQ/ADMIN-A(3)/OO-3/2012/3374, Dated: October 22, 2012 ইং মোতাবেক জারীকৃত অফিস আদেশ এর স্থলাভিষিক্ত হবে।

| | | |
|---|---|---|
| ০১। নির্বাহী প্রকৌশলী, মনিটরিং সেল | - | আহবায়ক, কেন্দ্রীয় সোলার সেল এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ০২। ষ্টাফ অফিসার টু এমডি | - | সদস্য |
| ০৩। সহকারী প্রকৌশলী, মনিটরিং সেল | - | সদস্য |
| ০৪। অফিস সহকারী, মনিটরিং সেল | - | সদস্য |

বর্ণিত কমিটি সরেজমিনে ডেসকো'র আওতাধীন এলাকায় স্থাপিত সোলার প্যানেলসমূহ নমুনা হিসেবে পরিদর্শন করে এ সংক্রান্ত প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর দাখিল করবেন।

এছাড়াও প্রয়োজন অনুযায়ী সকল বি ও বি বিভাগের সোলার সেলের কার্যক্রমের সাথে সমন্বয় সাধনপূর্বক এতদসংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ এবং সরবরাহের দায়িত্ব পালন করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

৬/৬/১৩

(মোঃ সফিকুল ইসলাম চৌধুরী)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

**বিতরণঃ**

০১। নির্বাহী প্রকৌশলী, মনিটরিং সেল।
০২। ষ্টাফ অফিসার টু এমডি।
০৩। সহকারী প্রকৌশলী, মনিটরিং সেল।
০৪। অফিস সহকারী, মনিটরিং সেল।

**অনুলিপিঃ** সদয় অবগতির জন্য।

০১। ব্যবস্থাপনা পরিচালক।
০২। নির্বাহী পরিচালক (প্রশাসন/অপারেশন/ইঞ্জিনিয়ারিং/সংগ্রহ/অর্থ ও হিসাব)।
০৩। অফিস কপি/মাষ্টার কপি।

DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

POWER IS YOURS

House # 22/B, Faruk Sarani, Nikunja-2,
Dhaka-1229, Bangladesh.
PABX : +88 02 8900110-11, 8900820-23
Fax : +88 02 8900100
email: info@desco.org.bd; mddesco@desco.org.bd
www.desco.org.bd

তারিখ ঃ মে ০৯, ২০১৩ ইং।
স্মারক নং- ডেসকো/এমডি/সি ও আর- ২(৯)/২০১৩/১২৫৫

সচিব
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।

দৃষ্টি আকর্ষন ঃ জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, সমন্বয়-২ শাখা।

বিষয় ঃ <u>এয়ারকুলার এর বিপরীতে লোড বরাদ্দের নিষেধাজ্ঞা পুনঃবিবেচনা প্রসঙ্গে।</u>

সূত্র নংঃ ২৭.০৫২.০৩১.০০.০৫.০০১.২০১০-৮৪৭, তারিখঃ ০৭/১১/২০১০ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগের জারীকৃত আদেশের সময় হতে অদ্যাবধি ডেসকো'র ভৌগলিক এলাকায় নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে এয়ারকুলার ব্যবহারের বিপরীতে গ্রাহকপ্রান্তে কোন লোড বরাদ্দ করা হয় নাই। বর্ণিত আদেশ বাস্তবায়নের লক্ষ্যে ডেসকো কর্তৃপক্ষ এসি পয়েন্ট স্থায়ীভাবে বন্ধ করণ এবং এসি ব্যবহার হবে না- মর্মে গ্রাহক হতে অঙ্গীকারনামা গ্রহণ করে থাকে।

উক্ত আদেশের পর হতে ডেসকোর ১৬টি বিওবি বিভাগে ইতোমধ্যে সর্বমোট ১,২২,৭৫৩ টি হিসাবের বিপরীতে এয়াকুলার ব্যতীত ৪,১৭,৩৯৬ কিঃওঃ লোড বরাদ্দ করা হয়েছে। এ সকল গ্রাহকের এয়ারকুলার ব্যবহার দেখানো হলে আরও আনুমানিক ১৪০২০কিঃওঃ লোড বরাদ্দের প্রয়োজন হতো, যা নিষেধাজ্ঞা থাকায় বরাদ্দ করা সম্ভব হয় নাই। ফলে, কেবলমাত্র আবাসিক "এ" ট্যারিফ বিবেচনায় আনলেও, মাসিক ডিমান্ড চার্জ বাবদ *২১,০১,৩০০/- (একুশ লক্ষ তিনশত মাত্র)*, এককালীন নিরাপত্তা জামানত বাবদ *৫,২৫,০৭,৫০০/- (পাঁচ কোটি পচিশ লক্ষ সাত হাজার পাঁচশত মাত্র)* টাকার রাজস্ব এবং এই নিরাপত্তা জামানতের বিপরীতে FDR এর লভ্যাংশ বাবদ *৬৩,০০,৯০০/- টাকা* (তেষট্টি লক্ষ নয়শত টাকা মাত্র) বঞ্চিত হচ্ছে। বর্ণিত খাত সমূহের বিপরীতে অর্থ আদায় না হওয়ার কারনে অত্র প্রতিষ্ঠান আর্থিক ক্ষতির সম্মুখীন হচ্ছে, যার একটি তুলনামূলক চিত্র এতদ্‌সঙ্গে ছক আকারে সংযুক্ত করা হলো।

এছাড়া বর্তমান আর্থ-সামাজিক অবস্থার প্রেক্ষাপটে অধিকাংশ গ্রাহক সংযোগের পর অনুমোদন ছাড়া এসি ব্যবহার করে থাকেন, মাঠ পর্যায় যা নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে না। বিষয়টি নিয়ন্ত্রনের জন্য সময়ে সময়ে সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রমের উদ্যোগ নিতে হয়, এ কারনে প্রায়শঃই বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি করে। অবৈধ ভাবে এয়ারকুলার ব্যবহারের বিষয়ে সংযোগ বিচ্ছিন্ন করণ সংক্রান্ত বিজ্ঞপ্তি মাঝেমধ্যে পত্রিকায় প্রকাশ করা হয়। ফলশ্রুতিতে, বিভিন্ন মহল হতে বিরূপ প্রতিক্রিয়ার সম্মুখীন হতে হয়।

সার্বিক প্রেক্ষাপট বিবেচনান্তে এবং বর্তমানে বিদ্যুৎ সরবরাহের পরিস্থিতি পূর্বের তুলনায় উন্নতি হওয়ায়, গ্রাহকের লোড বরাদ্দের ক্ষেত্রে এসি ব্যবহার সংক্রান্ত নিষেধাজ্ঞা প্রত্যাহারের বিষয়টি বিবেচনা করা যেতে পারে।

ধন্যবাদান্তে,

০৯|০৫|১৩

(প্রকৌঃ মোঃ আরজাদ হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক(ভারপ্রাপ্ত)

সংযুক্তি ঃ বর্ণনামতে।

<u>অনুলিপিঃ</u>

১। পরিচালক (প্রশাসন/প্রকৌশল/অপারেশন/সংগ্রহ/অর্থ ও হিসাব), ডেসকো।
২। মহাব্যবস্থাপক (নেটওয়ার্ক অপারেশন), ডেসকো।
৩। উপ-মহাব্যবস্থাপক(গুলশান/মিরপুর/উত্তরা জোন), ডেসকো।
৪। অফিস কপি।

D:\MD Office_Shaimul\Letter of Ministry\Letter of Secretary (Bangla).doc

Summary of Load Sanction & its associated Effect

Period: November 2010- April 2013

| S & D Division | Number of consumer | Total Load (kw) | Load not sanctioned against A/C (kw) | Security deposite (amount) @ 375 | Demand charge tk. (monthly) @ 15 |
|---|---|---|---|---|---|
| Tongi East | 11475 | 53432 | 4200 | 1575000 | 63000 |
| Tongi West | 9694 | 29771 | 2200 | 825000 | 33000 |
| Uttara east | 7256 | 38716 | 10833 | 4062375 | 162495 |
| Uttara west | 10751 | 45241 | 17000 | 6375000 | 255000 |
| D.khan | 8156 | 20258 | 2150 | 806250 | 32250 |
| U. khan | 7915 | 19190 | 1870 | 701250 | 28050 |
| UTTARA ZONE | 55247 nos. | 206608 Kw. | 38253Kw. | Tk. 14344875 | Tk. 573795 |

| S & D Division | Number of consumer | Total Load (kw) | Load not sanctioned against A/C (kw) | Security deposite (amount) @ 375 | Demand charge tk. (monthly) @ 15 |
|---|---|---|---|---|---|
| Shahali | 5037 | 14219 | 600 | 225000 | 9000 |
| Pailabi | 7047 | 25787 | 3200 | 1200000 | 48000 |
| Agargaon | 5216 | 15868 | 895 | 335625 | 13425 |
| Rupnagar | 9801 | 29526 | 7614 | 2855250 | 114210 |
| Monipur | 5647 | 16544 | 2150 | 806250 | 32250 |
| Kafrul | 7200 | 19929 | 2823 | 1058625 | 42345 |
| MIRPUR ZONE | 39948 nos. | 121873 Kw. | 16682 Kw. | Tk. 6255750 | Tk. 250230 |

| S & D Division | Number of consumer | Total Load (kw) | Load not sanctioned against A/C(kw) | Security deposite (amount) @ 375 | Demand charge tk. (monthly) @ 15 |
|---|---|---|---|---|---|
| Baridhara | 11272 | 68350 | 22000 | 8250000 | 330000 |
| Badda | 7424 | 24634 | 3800 | 1425000 | 57000 |
| Gulshan | 3182 | 46713 | 12451 | 4669125 | 186765 |
| J. shahara | 5680 | 29218 | 46834 | 17562750 | 702510 |
| GULSHAN ZONE | 27558 | 168915 | 85085 | 31906875 | 1276275 |
| DESCO | 122753 nos. | 497396 Kw | 140020 kw | Tk 5,25,07,500 | Tk 21,00,300 |

Number of Account : 1,22,753 nos.

Load sactioned without air cooling : 497396 Kw

Load was not sactioned for air cooler : 140020 Kw

Amount of security deposite let pass : Tk 5,25,07,500/-

Amount of demand charge let pass : Tk 21,00,300/- Per Month

Dhaka Electric Supply Company Limited
DESCO

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা

OFFICE OF THE DIRECTOR

| | |
|---|---|
| DG | |
| D (A/F) | |
| D (O/M) | |
| D (DTP) | |
| P.D | |
| S.S.O | |

স্মারক নং-রাজউক/পরিঃ (উঃ নিঃ)/

তারিখঃ-

বিষয়ঃ- বহুতল ইমারত এর উচ্চতা নির্ধারণ ও পরিবেশ সংক্রান্ত ছাড়পত্র সম্পর্কিত বিষয়ে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের অভিমত প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ স্থপতি ইনষ্টিটিউট এর স্মারক নং: ২০/২০১৩/১৫/০৩০ তারিখ-১৬/০৯/২০১৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা মহানগর ইমারত (নির্মাণ, উন্নয়ন, সংরক্ষণ ও অপসারণ) বিধিমালা, ২০০৮ বহুতল ভবনের সংজ্ঞা (৬৩) এ উল্লেখ রয়েছে যে, 'বহুতল ইমারত' অর্থ ১০ তলা বা ৩৩ মিটারের উর্দ্ধে যে কোন ইমারত বা ভবন যাহাতে উচ্চতা নির্ধারণের ক্ষেত্রে সিড়িঘর, লিফট মেশিন রুম বা জলাধারের উচ্চতা গণ্য করা হইবে না'। উল্লেখ্য বিধি অনুযায়ী প্লট সংলগ্ন রাস্তার উপরিতল হতে ভবনের উচ্চতা নির্ধারণ করা হয়।

উক্ত বিধিমালার আলোকে আবাসিক ও বাণিজ্যিক ইমারতের নির্মাণ অনুমোদনে শুধুমাত্র বহুতল ভবনের ক্ষেত্রে এবং শিল্প ইমারতের নির্মাণ অনুমোদনে যে কোন তলা বিশিষ্ট ভবনের ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র রাজউকে দাখিল করতে হয়। সংশ্লিষ্ট সকল পেশাজীবি সংস্থাসমূহকে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

স্বাঃ
(মোঃ এহছানে এলাহী)
সচিব
রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা
ফোন-৯৫৬৯০৪৫

সভাপতি
বাংলাদেশ স্থপতি ইনষ্টিটিউট, ঢাকা।

স্মারক নং-রাজউক/পরিঃ (উঃ নিঃ)/১-এ২৮-২২০/০৭/৫১৮

তারিখঃ-২১/১০/২০১৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তি নয়):-

১। সভাপতি, ইনষ্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ, ঢাকা।
২। সভাপতি, বাংলাদেশ ইনষ্টিটিউট অব প্ল্যানার্স, ঢাকা।
৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৫। চেয়ারম্যান, সিভিল এভিয়েশন অথরিটি অব বাংলাদেশ, ঢাকা।
৬। চেয়ারম্যান, ডিপিডিসি/ডেসকো, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ওয়াসা ভবন, কারওয়ানবাজার, ঢাকা।
৮। ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী, ঢাকা।
৯। নির্বাহী পরিচালক, ডিটিসিবি, নগর ভবন, ঢাকা।
১০। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা সিটি কর্পোরেশন (উত্তর/দক্ষিণ), গাজীপুর সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
১১। কমিশনার, ডিএমপি, ঢাকা।
১২। লিয়াজো অফিসার, রাজউক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(11)

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

House # 22/B, Faruk Saroni, Nikunja-2
Dhaka-1229, Bangladesh
Phone: +880 28900110; +880 28900111
Fax: +88028900100
E-mail: info@desco.org.bd; mddesco@desco.org.bd
Website: www.desco.org.bd

Date : December 20, 2012
Memo No-DESCO/HQ/ADMIN-A(3)/OO-3/2012/3829

# অফিস আদেশ (সংশোধনী)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Memo No-DESCO/HQ/ADMIN-A(3)/OO-3/2012/3065, Dated: 07/10/2012ইং মূলে জারীকৃত অফিস আদেশের মধ্যেমে রাজউক কর্তৃক জারীকৃত নির্মাণ বিধিমালার আলোকে ডেসকো'র নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে সুপারিশমালা প্রনয়নের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ পর্যালোচনাসহ আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর পুনরায় প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

**নির্দেশনা ঃ**

ক) রাজউক এর অনুমোদন নেই, তবে অন্যান্য সংস্থা কর্তৃক অনুমোদিত ভবন সমূহে বিদ্যুৎ সংযোগ সুবিধা সৃষ্টির ক্ষেত্রে করনীয় ;

খ) বে-সরকারী অনুমোদিত হাউজিং প্রকল্পে নির্মিত/নির্মিতব্য ভবন সমূহে বিদ্যুৎ সংযোগ সুবিধা সৃষ্টি করন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

(মোঃ সফিকুল ইসলাম চৌধুরী)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

**বিতরণ ঃ**

প্রকৌঃ শামীম আহসান চৌধুরী, উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্টস) ও আহবায়ক সংশ্লিষ্ট কমিটি।

**অনুলিপি ঃ** সদয় অবগতির জন্য।

০১। পরিচালক (অপারেশন/ইঞ্জিনিয়ারিং)।
০২। মহাব্যবস্থাপক (ডেভেলপমেন্ট এন্ড প্রজেক্ট/নেট. অপারেশন)।
০৩। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক।
০৪। অফিস কপি।

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

House # 22/B, Faruk Saroni, Nikunja-2
Dhaka-1229, Bangladesh
Phone: +880 28900110; +880 28900111
Fax: +88028900100
E-mail: info@desco.org.bd; mddesco@desco.org.bd
Website: www.desco.org.bd

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে।

Date : December 20, 2012
Memo No-DESCO/HQ/ADMIN-A(3)/OO-3/2012/3829

File

# অফিস আদেশ (সংশোধনী)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Memo No-DESCO/HQ/ADMIN-A(3)/OO-3/2012/3065, Dated: 07/10/2012ইং মূলে জারীকৃত অফিস আদেশের মধ্যেমে রাজউক কর্তৃক জারীকৃত নির্মাণ বিধিমালা ও ডেসকো কর্তৃক অনুসৃত অন্যান্য নীতিমালার আলোকে ডেসকো'র নতুন সংযোগ প্রদানের ক্ষেত্রে সৃষ্ট জটিলতা নিরসনকল্পে সুপারিশমালা প্রনয়নের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটিকে নিম্নোক্ত নির্দেশনাসমূহের আলোকে আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর পুনরায় প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশনা ঃ

ক) রাজউক এর অননুমোদিত/অনুমোদনের ব্যত্যয় ঘটিয়ে নির্মানাধীন ভবন/নির্মিত ভবনে বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত।

খ) অন্যান্য সংস্থা কর্তৃক অনুমোদিত ভবন সমূহে বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত।

গ) বে-সরকারী অনুমোদন বিহীন হাউজিং এলাকায় রাজউক এর অনুমোদন বিহীন নির্মিত/নির্মিতব্য ভবন সমূহে বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত।

ঘ) বে-সরকারী অননুমোদিত হাউজিং এলাকায় রাজউক এর অনুমোদিত নির্মিত/নির্মিতব্য ভবনসমূহে বিদ্যুৎ সংযোগ সংক্রান্ত।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

(মোঃ সফিকুল ইসলাম চৌধুরী)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ ঃ

০১। প্রকৌঃ শামীম আহসান চৌধুরী, উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্টস) ও আহবায়ক সংশ্লিষ্ট কমিটি।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য।

০১। পরিচালক (অপারেশন/ইঞ্জিনিয়ারিং)।
০২। মহাব্যবস্থাপক (ডেভেলপমেন্ট এন্ড প্রজেক্ট/নেট. অপারেশন)।
০৩। উপ-মহাব্যবস্থাপক, এস এন্ড ডি অপারেশন (গুলশান/মিরপুর/উত্তরা জোন)
০৪। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক।
০৫। অফিস কপি।

অতীব জরুরী

DESCO A[illegible]
Received No. 8193
Date 26/07/12

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা।
[illegible]

নং-২৭.০৫২.০৩১.০০.০০.০২৭.২০১০- ৪৫৭ তারিখ ঃ ১৯/০৭/২০১২।

বিষয় ঃ নতুন বিদ্যুৎ সংযোগ বিষয়ক নির্দেশনা।

সূত্র ঃ (ক) ২৭.০৫২.০৩১.০০.০০.০০১.২০১০-৮৪৭, তারিখ ঃ ০৭/১১/২০১০।
(খ) ২৭.০৫২.০৩১.০০.০০.০০৪.২০১১ (অংশ-১)-৩০০, তারিখ ঃ ১৭/০৪/২০১১।
(গ) ২৭.০৫২.০৩১.০০.০০.০২৭.২০১০-৫০৮, তারিখ ঃ ২৯/৬/২০১১।

সম্প্রতি দেখা গেছে যে, বিপুল সংখ্যক বিদ্যুৎ সংযোগ প্রদানের ফলে কোথাও কোথাও সাব-স্টেশন, ট্রান্সফরমার এবং লাইন ওভারলোডেড হয়ে গেছে। ফলে কোন কোন সময় বিদ্যুৎ পর্যাপ্ত থাকা সত্ত্বেও স্থানীয় সাব-স্টেশন, ট্রান্সফরমার এবং লাইনের সীমিত ক্ষমতার কারণে সকল গ্রাহককে বিদ্যুৎ সরবরাহ করা যায় না ; অনেক সময় লো-ভোল্টেজে বিদ্যুৎ সরবরাহ করা হয়। কাজেই বিদ্যুৎ বিতরণ সিস্টেমের নিরাপত্তার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা জারী করা হ'ল ঃ

(ক) সকল বিদ্যুৎ বিতরণকারী সংস্থা আগামী এক বছর কত সংযোগ প্রদান করবে তার একটি লক্ষ্যমাত্রা সাব-স্টেশন ওয়ারী প্রনয়ণ করে (ছক-১) অনুমোদনের জন্য সত্বর মন্ত্রণালয়ে প্রেরণ করবে ;

(খ) বিদ্যুৎ সংযোগের আবেদন বর্তমানে যে পর্যায়ে অনুমোদিত হয়, উক্ত কর্তৃপক্ষ উপযুক্ত কারিগরী জ্ঞানসম্পন্ন কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট লাইন, ট্রান্সফরমার ও সাব-স্টেশনের সক্ষমতা যাচাই করে একটি প্রত্যয়ন প্রদান করবেন যে গ্রীষ্মের সর্বোচ্চ চাহিদা বিবেচনায় নিয়ে বর্তমান চাহিত লোড অনুমোদন করা যায়/যায় না (ছক-২) ;

(গ) [illegible] বিতরণ প্রতিষ্ঠানসমূহ লাইন, ট্রান্সফরমার এবং সাব-স্টেশনের সক্ষমতার সাধারন ষ্ট্যান্ডার্ড অনুসরণ করবে। প্রয়োজনে সংস্থাপ্রধান এই ষ্ট্যান্ডার্ড পুনঃ নির্ধারন করবেন ;

(ঘ) [illegible] অনুমোদন করা না [illegible] এমন আবেদনসমূহ বর্তমানে যে পর্যায়ে অনুমোদিত হয় তার একধাপ উপরে অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। শুধুমাত্র ০৫ (পাঁচ) মেগাওয়াটের উর্ধ্ব চাহিদার বিষয়ে সিদ্ধান্তের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে ;

(ঙ) প্রত্যয়নে উল্লেখিত কারিগরী বিষয়সমূহ সরেজমিনে যাচাইয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণকারী সংস্থা সকল পর্যায়ে একটি টীম গঠন করবে। উক্ত টীম উপ-অনুচ্ছেদ-ক এ উল্লেখিত লক্ষ্যমাত্রা অনুসরণ করে নুতন সংযোগ ও লোড বৃদ্ধির সুপারিশ প্রদান করবে ;

(চ) প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে সকল বিতরণকারী সংস্থা নুতন সংযোগ প্রদান সংক্রান্ত তথ্য মাঠ পর্যায় থেকে সংগ্রহ করে একটি সমন্বিত প্রতিবেদন মন্ত্রণালয়ে (পাওয়ার সেলে) দাখিল করবে (ছক ৩-৪) ;

(ছ) কারিগরী বিবেচনায় অনুপযুক্ত এবং উপ-অনুচ্ছেদ খ-ঙ এর ব্যত্যয় করে কোন নুতন সংযোগ দেয়া হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

(জ) এ আদেশ ১৯-০৭-২০১২ তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে ;

(ঝ) বিদ্যুৎ সংযোগ বিষয়ক সূত্রে উল্লেখিত নির্দেশের অনুবৃত্তিক্রমে এ আদেশ জারী করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনামতে।

১৯/০৭/২০১২
(মোঃ গিয়াস উদ্দিন মোল্লা)
সিনিয়র সহকারী সচিব (সম-২)
ফোন-৯৫৫৯৮৩৮।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। চেয়ারম্যান, বিউবো/পবিবো, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/ওজোপাডিকো, ঢাকা/খুলনা।

আদেশ কার্যকর হওয়ার তারিখে নুতন সংযোগ প্রদানের রেজিষ্টার যাচাই করে এই নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করবেন।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

০১। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।

E:\Bashir--2011\New Electric Rules-2012.doc\4

Office Of The MD DESCO
Received No. 4445 Date 26/07/12

File
01/02

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD.

Office of the General Manger
Network Operation
House-36, Road-18, Block-J,
Banani, Dhaka-1213.
Tel.: 9860794. Fax: 88-02-9860974.

তারিখঃ জানুয়ারী ৩০, ২০১২ ইং।
মেমো নং ঃ ডেসকো/জিএম (নেটওয়ার্ক অপারেশন)/০০২/২০১২/০৬৫

DESCO
Director (Operation)
Date: ৬/২

## অফিস আদেশ (সংশোধিত)

সূত্রঃ- ডেসকো/জিএম(ও এন এন্ড সি)/০০২/২০১১/০৬৬, তারিখঃ- ফেব্রুয়ারী ১৫, ২০১১ ইং।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে জারিকৃত অফিস আদেশ অনুযায়ী ডেসকোর আওতাধীন এলাকার বিদ্যুৎ বিতরন ব্যবস্থায় সকল ধরনের Interruption এর তথ্য নিম্নবর্নিত উর্ধ্বতন কর্তৃপক্ষের পরিবর্তিত ছক অনুযায়ী তাৎক্ষনিকভাবে ডেসকোর কেন্দ্রীয় নিয়ন্ত্রন কক্ষ কর্তৃক উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়। এই জন্য সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরন বিভাগের প্রধানগন স্থানীয় নিয়ন্ত্রন কক্ষকে ছকে বর্নিত বিচ্যুতি সমূহ তাৎক্ষনিকভাবে কেন্দ্রীয় নিয়ন্ত্রন কক্ষকে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করবে। উপরন্তু চালু করার পূর্বে কেন্দ্রীয় নিয়ন্ত্রন কক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

| ক্রমিক নং | Interruption (বিচ্যুতি) এর ধরন | কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। | যে কোন ১৩২ কেভি লাইন এবং ১৩২/৩৩ কেভি ট্রান্সফরমার সমূহের বিচ্যুতির সময় এবং চালু হওয়ার সময়। | ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক (অপারেশন), পরিচালক (প্রকৌশল), মহাব্যবস্থাপক(নেটওয়ার্ক অপারেশন), উপ-মহাব্যবস্থাপক (সাবষ্টেশন এন্ড নেটওয়ার্ক), সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান। |
| ২। | যে কোন ৩৩ কেভি ফিডার (Under Ground/ Overhead) এবং ৩৩/১১ কেভি ট্রান্সফরমার সমূহের বিচ্যুতির সময় এবং চালু হওয়ার সময়। | |
| ৩। | ১১ কেভি সুইচিং ষ্টেশন, স্পর্শকাতর ১১ কেভি ফিডার সমূহের বিচ্যুতির সময় এবং চালু হওয়ার সময় ও অন্যান্য সকল ১১ কেভি ফিডারের ১ (এক) ঘন্টার বেশী বিচ্যুতি। | |

এই নির্দেশনা প্রতিপালন করার জন্য ডেসকোর কেন্দ্রীয় ও সকল স্থানীয় নিয়ন্ত্রন কক্ষে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগনকে পরামর্শ দেওয়া হলো।

30/01/2012

(প্রকৌঃ এস. এম. হাবিবুর রহমান)
মহাব্যবস্থাপক(নেটওয়ার্ক অপারেশান)।

বিতরন ঃ উপ-মহাব্যবস্থাপক, জোন (গুলশান/উত্তরা/মিরপুর)/সাবষ্টেশন এন্ড নেটওয়ার্ক।
ব্যবস্থাপক, বি ও বি বিভাগ (গুলশান/বারিধারা/উত্তরা/টঙ্গী-পূর্ব/টঙ্গী-পশ্চিম/দক্ষিনখান/পল্লবী/কাফরুল/আগারগাঁও/শাহআলী/রুপনগর/মনিপুর)/ গ্রীড এন্ড প্রটেকশন/এমভি সাবষ্টেশন মেইন্টেনেন্স এন্ড কো-অর্ডিনেশন।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। ব্যবস্থাপনা পরিচালক।
২। পরিচালক (অপারেশন /প্রকৌশল/অর্থ ও হিসাব)।
৩। মহাব্যবস্থপক (প্রশাসন/প্ল্যানিং এন্ড ডিজাইন/ডেভেলপমেন্ট এন্ড প্রজেক্ট)।

# ঢাকা ইলেকট্রিক সাপপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)

তারিখ ঃ ২৬/০১/২০১২ইং
স্মারক নং-ডেসকো/এমডি/এমইইটি-৩(৩৯)/২০১২/৪১০

## সমন্বয় সভার কার্যপত্র

গত ২৫/০১/২০১২ইং তারিখ রোজ বুধবার সকাল ১০:৩০ ঘটিকার সময় ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক মোঃ মনজুর রহমান-এর সভাপতিত্বে ডেসকো'র প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে জানু'১২ইং মাসের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। বিভাগীয় সমন্বয় সভা ঃ

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ক) | বিভাগীয় সমন্বয় সভা | সকল বিভাগ/দপ্তর সমূহকে নিয়মিত মাসিক সমন্বয় সভা করার বিষয়ে আলোচনা হয়। | সকল বিভাগ/দপ্তর সমূহ নিয়মিত মাসিক সমন্বয় সভা করবে এবং গুরুত্বপূর্ন বিষয় সমূহ পরবর্তী সমন্বয় সভায় আলোচনার জন্য পৃথকভাবে উপ-মহাব্যবস্থাপক (ICT) বরাবর ই-মেইলে প্রেরণ করতে হবে। | সকল বিভাগ/দপ্তর |

০২। (ক) বিদ্যুৎ সাশ্রয় ও সোলার কার্যক্রম সংক্রান্ত।

| বি ও বি বিভাগের নাম | প্রতিবেদনাধীন মাসে ব্যবহৃত (ডিসেম্বর ২০১১) | | প্রতিবেদনাধীন মাসের পূর্ববর্তী মাসে ব্যবহৃত (নভেম্বর ২০১১) | | বিগত বৎসরে একই সময়ে ব্যবহৃত (ডিসেম্বর ২০১০) | | মন্তব্য | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ইউনিট (কিঃওঃআঃ) | মূল্য (টাকা) | ইউনিট (কিঃওঃআঃ) | মূল্য (টাকা) | ইউনিট (কিঃওঃআঃ) | মূল্য (টাকা) | গত মাসের তুলনায় (কমেছে/বেড়েছে) (%) | গত বছরের তুলনায় (কমেছে/বেড়েছে) (%) |
| হেড অফিস | ৬০৮০ | ৪০৮৩২ | ৭১২০ | ৩৯৪৯৯ | ৪৮৮০ | ২৭০৫৬ | -১৪.৬১ | ২৪.৫৯ |
| জিএম (O,N&C) | ২৫৯ | ১৯১১ | ৬৪১ | ৪২৫৭ | ৩০৫ | ২১০৭ | -৫৯.৫৯ | -১৫.০৮ |
| জিএম (Proc.&Store) | ২১৯ | ১২০৬ | ৫২৯ | ৩৬৭১ | ১৭৫ | ২২৬০ | -৫৮.৬০ | ২৫.১৪ |
| আগারগাঁও | ৬৮৯০ | ৪৭১৪৯ | ৭৬৬৭ | ৪৬৬৮৫ | ৪২৪০ | ৪১৫১৫ | -১০.১৩ | ৬২.৫০ |
| মনিপুর | ৫৫৫ | ৪৯৯৮ | ৪২৫ | ৩৭০৫ | ৭৯৭ | ৬২৪৫ | ৩০.৫৯ | -৩০.৩৬ |
| শাহআলী | ১৩৪০৪ | ৯১৮৯৫ | ১৫৯৩৫ | ৯১২৯৯ | ৯৬০৭ | ৫৬৫৪০ | -১৫.৮৮ | ৩৯.৫২ |
| রূপনগর | ১১৯২৬ | ৮৪৮৩১ | ৮১৫৫ | ৫০২৮০ | ১১২২৯ | ৬৬০১০ | ৪৬.২৪ | ৬.২১ |
| কাফরুল | ৫২৪১ | ৪৫২৮৯ | ৮৬৩১ | ৬০৫০৮ | ১১১৮২ | ৭১০৩০ | -৩৯.২৮ | -৫৩.১৩ |
| পল্লবী | ১২২১৫ | ৮৩২৭৭ | ১৩৭৯২ | ৭৬৬৭৯ | ২১৫২৮ | ১২২১৫৯ | -১১.৪৩ | -৪৩.২৬ |
| গুলশান | ১২৪২১ | ৯৩৬২৯ | ১২৭২৯ | ৭৭৪৫৯ | ১৮৬৫৭ | ১২১৩৪০ | -২.৪২ | -৩৩.৪২ |
| বারিধারা | ১২৬৮১ | ৮৪৫৪৫ | ২০০৩৮ | ১১৩০৩২ | ৮২৫০ | ৫৯৯৯৯ | -৩৬.৭২ | ৫৩.৭১ |
| উত্তরা | ৭২৩০ | ৫৭২০৬ | ৭৯৯৯ | ৫৫৭১১ | ৬০৯৫ | ৪২৭৫০ | -৯.৬১ | ১৮.৬২ |
| দক্ষিণখান | ৭২৫৩ | ৫৩৬৩৮ | ৬৫৯৬ | ৪৪০৯৩ | ৪৩৬৩ | ২৯৬২৯ | ৯.৯৬ | ৬৬.২৪ |
| টঙ্গী (পূর্ব) | ১০৪৭৭ | ৬৯৬৫৩ | ৮৯৭০ | ৫২৭৯২ | ৮১১২ | ৪৫৪০৯ | ১৬.৮০ | ২৯.১৫ |
| টঙ্গী (পশ্চিম) | ২৯৩৫ | ১৯৬০৬ | ৩৮৯৯ | ২২৪৩৭ | ৩৮৭৭ | ২১১১৪ | -২৪.৭২ | -২৪.৩০ |
| গ্রীড | ৮১২৪ | ৪৭০৪৯ | ১১০৭৯ | ৫৭২৫৬ | ১৫৯২৬ | ৭৯৪৫৯ | -২৬.৬৭ | -৪৮.৯৯ |
| স্টোর | ২২৯৭ | ১৪৭৭৩ | ৩০৮৯ | ১৭০৮৭ | ২৬৮৩ | ১৪৭৭২ | -২৫.৬৪ | -১৪.৩৯ |
| প্রি-পেইড মিটার প্রডাকশন ইউনিট | ১৩২২ | ৭৭৬০ | ১৫৮৯ | ৭৫০৬ | ১৪১৭ | ৬৮৭২ | -১৬.৮০ | -৬.৭০ |
| মোট | ১২১৫২৯ | ৮৪৯২৪৭ | ১৩৮৮৮৩ | ৮২৩৯৫৬ | ১৩৩৩২৩ | ৮১৬২৬৬ | -১২.৫০ | -৮.৮৫ |

(খ) সোলার কার্যক্রম

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ক. | সোলার কার্যক্রম | সোলার কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা হয়। | • বিভাগীয় প্রধান তাঁর অধীনস্থ কর্মকর্তাদের সমন্বয়ে স্থাপিত সোলার প্যানেল সমুহের পরিদর্শন পূর্বক রিপোর্ট দিতে হবে। অনুমোদিত লোড ২ কিঃ ওঃ গ্রাহকের ২%; ৩ কিঃওঃ-৪০ কিঃওঃ পর্যন্ত ৩টি স্থাপনা; ৪০কিঃওঃ থেকে ৪৮কিঃওঃ পর্যন্ত ৩টি সোলার স্থাপনা Sample চেক করে রিপোর্ট দাখিল করতে হবে।<br>• নতুন সংযোগের অনুমোদিত লোডের মধ্যে সোলার প্যানেল হিসাবের ক্ষেত্রে পানির পাম্প ও লিফ্টের লোড বাদ দিয়ে লোড হিসাব করতে হবে।<br>~~• ত হবে~~।<br>• নতুন সংযোগের ক্ষেত্রে রাজউক কর্তৃক ~~Vertical~~ অনুমোদিত Vertical বর্ধিতাংশ পর্যন্ত বিদ্যুৎ সংযোগের জন্য প্রযোজ্য হবে।<br>• নূন্যতম পক্ষে প্রতিমাসে ব্যবস্থাপক ১টি, উপ-ব্যবস্থাপক ২টি এবং সহকারী ব্যবস্থাপককে ৩টি সোলার স্থাপনা পরিদর্শন করতে হবে। | সকল বি ও বি বিভাগ |

০৩। পরিদর্শন ঃ

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | পরিদর্শন | ডেসকো'র সকল পর্যায়ের কর্মকর্তার মাঠ পর্যায়ের পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়। | • পরিদর্শন ফরমেটের নির্দেশনা অনুযায়ী দপ্তর প্রধানগণ কর্মকর্তাদের মাঠ পরিদর্শন প্রতিবেদন ই-মেইলে উপ-মহাব্যবস্থাপক (ICT) বরাবর প্রেরণ করবে।<br>• মহাব্যবস্থাপক (উন্নয়ন এবং প্রকল্প) অভ্যন্তরীন বিভাগ সমূহ পরিদর্শনের সিডিউল করে দিবেন এবং সে মোতাবেক কার্যকরী পদক্ষেপের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বিভাগ/দপ্তর |

০৪। (ক) অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত ঃ

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির ধরণ | পূর্বের অনিস্পন্ন | টাকার পরিমাণ (কোটি টাকা) | বিবেচ্য মাসের নতুন অডিট আপত্তি | মোট আপত্তি | নিস্পত্তির সংখ্যা | অনিস্পন্ন অডিট আপত্তি | টাকার পরিমাণ (কোটি টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ডেসকো | বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প সমূহ (ফাপাড) | ১৫টি | ১১৮.৩২ | - | ১৫টি | - | ১৫টি | ১১৮.৩২ | |
| | পূর্ত অডিট | ৭৯টি | ৭১৬.১১ | - | ৮১টি | - | ৭৯টি | ৭১৬.১১ | |
| | মোট | ৯৪টি | ৮৩৪.৪৩ | - | ৯৬টি | - | ৯৪টি | ৮৩৪.৪৩ | |

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ক) | অডিট | আভ্যন্তরীন অডিট বিভাগের বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা হয়। | • পেটিক্যাশ সব সময় Update থাকবে এবং দপ্তর প্রধানগণ Routine ক্যাশ ব্যালেন্স চেক করবেন। পর্যায়ক্রমে প্রতিটি দপ্তর ও বিভাগসমূহ অডিট করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বি ও বি বিভাগ এবং অডিট বিভাগ |
| | | | • Delegation of Authority'র পলিসি করার জন্য প্রশাসন বিভাগ থেকে দপ্তরাদেশ করতে হবে। | প্রশাসন বিভাগ |
| | | | • পেটিক্যাশ খরচের জন্য অর্থ ও হিসাব বিভাগে তৈরীকৃত পলিসি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বিভাগ/দপ্তর |

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | প্রশিক্ষন, | এইচ.আর.এম বিভাগের বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা হয়। | • এইচ.আর.এম বিভাগ তাদের টার্গেট অনুযায়ী প্রশিক্ষন কার্যক্রম পরিচালনা করবে।<br>• অগ্নী নির্বাপন এবং Safety কার্যক্রমের উপর কর্মকর্তাদের প্রশিক্ষণ দেয়ার জন্য সংশ্লিষ্ট সংস্থার সাথে দ্রুত যোগাযোগ করে ফেব্রুয়ারী ২০১২ইং মাসের মধ্যে প্রশিক্ষনের আয়োজন করতে হবে।<br>• সকল ট্রেনিং-এ দাপ্তরিক শৃঙ্খলা এবং নিয়মানুবর্তিতার উপর গুরুত্ব দিতে হবে।<br>• "Basic Office Communication in English" এর উপর সকল পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>• Key Performance Indicator (KPI) এর উপর নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী সহকারী ব্যবস্থাপক থেকে ব্যবস্থাপক পর্যায়ের সকল কর্মকর্তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ১৫ ফেব্রুয়ারী ২০১২ইং তারিখে ব্যবস্থাপকদের, ২০ ফেব্রুয়ারী ২০১২ইং তারিখে উপ-ব্যবস্থাপকদের ১ম গ্রুপ, ২৫ ফেব্রুয়ারী ২০১২ ইং তারিখে উপ-ব্যবস্থাপকদের ২য় গ্রুপ, মার্চ মাসের ১ম সপ্তাহে সহকারী ব্যবস্থাপকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশিক্ষন ও উন্নয়ন) |

১১। বিবিধ।

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ক) | ISO সার্টিফিকেট গ্রহণ প্রসঙ্গে | ISO সার্টিফিকেট গ্রহণের বিষয়ে কার্যকরী পদক্ষের গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | ISO সার্টিফিকেট গ্রহণের জন্য ডেসকো'র পক্ষ থেকে কি ধরনের প্রস্তুতি গ্রহণ করা দরকার সে বিষয়ে উপ-মহাব্যবস্থাপক প্রকৌঃ মোঃ মনজুরুল হক, কার্যকরী পদক্ষেপ গ্রহণ পূর্বক ব্যবস্থাপনা পরিচালক বরাবর রিপোর্ট দাখিল করবেন। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| খ) | স্টোর ব্যবস্থাপনা | স্টোর ব্যবস্থাপনায় সফটওয়ার ব্যবহার নিয়ে আলোচনা হয়। | আগামী সাত দিনের মধ্যে স্টোর ব্যবস্থাপনার প্রদত্ত Software চালু করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্টোর ব্যবস্থাপনা বিভাগ |
| গ) | দৈনিক হাজিরা | সকল পর্যায়ের কর্মকর্তাদের দৈনিক হাজিরা খাতায় স্বাক্ষর করার বিষয়ে আলোচনা হয়। | সকল পর্যায়ের কর্মকর্তাদের দৈনিক হাজিরা খাতায় স্বাক্ষর করতে হবে। দপ্তর/বিভাগীয় প্রধান সঠিক সময়ে অফিসে উপস্থিতি মনিটর করবে। | সকল বিভাগ/দপ্তর |
| ঘ) | যানবাহন সুবিধা বৃদ্ধি করণ | কর্মকর্তাদের যানবাহন সুবিধা বৃদ্ধি করার বিষয়ে আলোচনা হয়। | চলমান গাড়ী সংক্রান্ত টেন্ডার এবং অকশন কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগ |
| | | | সরকারী প্রতিষ্ঠান প্রগতি লিঃ থেকে ১০টি পিকআপ ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। গাড়ী ক্রয়ের পূর্ব পর্যন্ত ভাড়া ভিত্তিতে প্রয়োজনীয় গাড়ী সরবরাহের ব্যবস্থা নিতে হবে। | প্রশাসন বিভাগ |
| ঙ) | প্রি-পেইড মিটার প্রজেক্ট | • ডেসকো'র নিজস্ব ব্যবস্থাপনায় চালুকৃত প্রি-পেইড মিটার পাইলট প্রজেক্ট (পিএমপিপি) এর কার্যক্রম ইতঃপূর্বের পরিকল্পনা অনুযায়ী চালু করার বিষয়ে আলোচনা হয়। | ডেসকো'র নিজস্ব ব্যবস্থাপনায় চালুকৃত প্রি-পেইড মিটার পাইলট প্রজেক্ট (পিএমপিপি) এর কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী পুনরায় শুরু করতে হবে। | পিএমপিপি বিভাগ |
| | | | ডেসকো'র সকল গ্রাহককে প্রি-পেইড মিটারের আওতায় আনার পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পিএমপিপি বিভাগ |
| চ) | আন্ডার গ্রাউন্ড লাইন করার পরিকল্পনা | • ডেসকো'র আওতাধীন গুরুত্বপূর্ণ রাস্তার বৈদ্যুতিক লাইন সমূহ আন্ডার গ্রাউন্ড করার পরিকল্পনা নিয়ে আলোচনা হয়। | ডেসকো এলাকার গুরুত্বপূর্ণ রাস্তার বৈদ্যুতিক লাইন সমূহ ভূ-গর্ভস্থ করার জন্য একটি পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণের উদ্দেশ্যে ব্যবস্থাপনা পরিচালক বরাবর রিপোর্ট দাখিল করতে হবে। | পরিচালক (ইঞ্জি.) এর দপ্তর |
| ছ) | প্রধান কার্যালয় স্থানান্তর | • প্রধান কার্যালয় স্থানান্তরের বিষয়ে আলোচনা হয়। | জানুয়ারী ২০১২ইং মাসের মধ্যে ডেসকো'র প্রধান কার্যালয় ভাড়াকৃত কেডিএ ভবনে স্থানান্তরের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রধান কার্যালয়ের সকল বিভাগ/দপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় ব্যবস্থাপনা পরিচালক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মনজুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক

- সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণের নামের তালিকা সংযুক্ত।
- **বিতরণ** ঃ সভায় উপস্থিত সকল কর্মকতা।

অনুলিপি ঃ
১। পরিচালক (অর্থ ও হিসাব/ইঞ্জিনিয়ারিং), ডেসকো।
২। সকল বিভাগ/দপ্তর (MICT)
৩। অফিস কপি।

# ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)

তারিখ ঃ ১৮/১০/২০১১ইং
স্মারক নং-ডেসকো/এমডি/এম ই ই টি -৩ (৪২)/২০১১/৩৭৯৪

SDP 2504
Date 26/10/11

## ডেসকো'র ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণী

গত ১১-১০-২০১১ ইং তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকার সময় ডেসকো'র প্রধান কার্যালয়ের কনফারেন্স রুমে ব্যবস্থাপনা পরিচালক মোঃ মনজুর রহমান -এর সভাপতিত্বে অক্টোবর/২০১১ মাসের ব্যবস্থাপনা কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নে উল্লেখিত কর্মকর্তাগন উপস্থিত ছিলেন ঃ

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. জনাব মোঃ মনজুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক।
২. জনাব কুদরত-ই-খুদা, পরিচালক (সংগ্রহ, অর্থ ও হিসাব)।
৩. প্রকৌঃ মোঃ শাহজাহান মিয়া, পরিচালক (অপারেশন)।
৪. জনাব মোঃ সফিকুল ইসলাম চৌধুরী, মহা-ব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল)-(ভারপ্রাপ্ত) এবং উপ-মহাব্যবস্থাপক, গুলশান জোন।
৫. প্রকৌঃ এ, কে, এম মোস্তফা কামাল, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং মহা-ব্যবস্থাপক (পারসোনাল এন্ড এডমিনিস্ট্রেশন)-(ভারপ্রাপ্ত)।
৬. প্রকৌঃ নুর মহম্মদ, উপ-মহাব্যবস্থাপক, উত্তরা জোন এবং মহা-ব্যবস্থাপক (সংগ্রহ ও স্টোর)-(ভারপ্রাপ্ত)।
৭. প্রকৌঃ শাহ আলম, উপ-মহাব্যবস্থাপক (পি এন্ড ডি) এবং মহা-ব্যবস্থাপক (পি এন্ড ডি)- (ভারপ্রাপ্ত)।
৮. প্রকৌঃ এস.এম. হাবিবুর রহমান, উপ-মহাব্যবস্থাপক, মিরপুর জোন।
৯. জনাব এ. এইচ. এম. নূরুল হুদা, কোম্পানী সচিব।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্ন বর্ণিত বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ডিজিটাল নথি পদ্ধতি | • সুষ্ঠুভাবে নথি সংরক্ষন এবং নথির গোপনীয়তা বজায় রাখার জন্য সরকারী পর্যায়ে ডিজিটাল নথি নম্বর পদ্ধতি চালু হয়েছে। এরই ধারাবাহিকতায় ডেসকো'র প্রতিটি বিভাগ/দপ্তরে ডিজিটাল নথি নম্বর পদ্ধতি চালু করার বিষয়ে গঠিত কমিটির রিপোর্টের উপর বিস্তারিত আলোচনা হয়। | (ক) ডেসকো'র সর্বত্র ডিজিটাল নথি পদ্ধতি চালু করার লক্ষ্যে গঠিত কমিটির প্রস্তাবনার ৩য়, ৪র্থ এবং ৫ম কোডের বিষয়বস্তু সমূহ কমিটিকে ঠিক করে দিতে হবে। এ বিষয়ে প্রশাসন বিভাগ পৃথক দপ্তরাদেশ জারী করবে। | প্রশাসন বিভাগ ও গঠিত কমিটি |
| ০২ | অস্থায়ী সংযোগ | • নির্মাণ কাজের জন্য অস্থায়ী সংযোগের সময় বৃদ্ধি না করা এবং গ্রাহককে স্থায়ী সংযোগ গ্রহণের জন্য নোটিশ প্রদানের বিষয়ে আলোচনা হয়। | (ক) যে সকল অস্থায়ী সংযোগের মেয়াদ পূর্ণ হয়েছে জরুরী ভিত্তিতে তাদেরকে সংযোগ প্রত্যাহার পূর্বক স্থায়ী সংযোগ গ্রহণের জন্য নোটিশ প্রদান করতে হবে।<br>(খ) অস্থায়ী সংযোগের বিপরীতে অনুমোদিত লোডের চেয়ে বেশী লোড ব্যবহারকারীদের নোটিশ দিয়ে সংযোগ বিচ্ছিন্ন করতে হবে।<br>(গ) ইতঃপূর্বের নির্দেশনা অনুযায়ীএখন থেকে কোন অস্থায়ী সংযোগের ট্যারিফ পরিবর্তন করা যাবে না। প্রচলিত নিয়মানুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বি ও বি বিভাগ |
| ০৩ | সহঃ ব্যবস্থাপকদের মোটর সাইকেল চালানোর লাইসেন্স দাখিল করণ প্রসঙ্গে | • গত ১৩/০৯/২০১১ ইং তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা কমিটি সভার সিদ্ধান্ত অনুযায়ী সহঃ ব্যবস্থাপকদের মোটর সাইকেল চালানোর লাইসেন্স সংগ্রহ পূর্বক তিন মাসের মধ্যে প্রশাসন বিভাগে জমা দেওয়ার নির্দেশনা নিয়ে আলোচনা হয়। | (ক) গত ১৩/০৯/২০১১ ইং তারিখে অনুষ্ঠিত ব্যবস্থাপনা কমিটির সভার গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সকল সহঃ ব্যবস্থাপকদের মোটর সাইকেল চালানোর লাইসেন্স সংগ্রহ পূর্বক তিন মাসের মধ্যে প্রশাসন বিভাগে জমা দেওয়ার নির্দেশনা ছিল। বর্ণিত সিদ্ধান্ত নিম্নোক্তরূপে সংশোধন করা হয় ঃ<br>"মাঠ পর্যায়ে কর্মরত সহঃ ব্যবস্থাপক পদমর্যাদার সকল কর্মকর্তাদের মোটরসাইকেল চালানোর লাইসেন্স থাকা বাঞ্ছনীয়"। | সকল বি ও বি বিভাগ |
| ০৪ | সিস্টেম লসের লক্ষ্যমাত্রা | • বি ও বি বিভাগের সিস্টেম লসের লক্ষ্যমাত্রা চূড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়। | (ক) বিভাগওয়ারী চূড়ান্ত সিস্টেম লসের লক্ষ্যমাত্রার সার্কুলার জারী নিশ্চিত করতে হবে। | ব্যবস্থাপক (MIS) |

চলমান পাতা - ২

| ক্রঃ নং | বিষয়বস্তু | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৫ | হরতালের দিন ভাড়া গাড়ীর টাকা কর্তন প্রসঙ্গে | • Reliable Rent-A-Car কর্তৃক হরতালের কারনে গাড়ী ভাড়া না কর্তনের বিষয়ে দাখিলকৃত আবেদনের উপর আলোচনা হয়। | (ক) হরতালের সময় ভাড়া গাড়ী "স্ট্যান্ড বাই" থাকলে ভাড়া কর্তন করা যাবে না। এ বিষয়ে সমন্বয় সভায় নির্দেশনা প্রদান করা হবে। | সকল বিভাগ / দপ্তর |
| ০৬ | প্রি-পেইড মিটার স্থাপন | • বারিধারা বি ও বি বিভাগের আওতায় বারিধারা ডিপ্লোমেটিক এলাকায় ১০,০০০ (দশ হাজার) প্রি-পেইড মিটার স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | (ক) বারিধারা ডিপ্লোমেটিক এলাকায় ১০,০০০ (দশ হাজার) প্রি-পেইড মিটার স্থাপনের লক্ষ্যে ফিডার এবং এলাকা নির্ধারণ পূর্বক গ্রাহক সমীক্ষা সম্পন্ন করতে হবে। | ডি.জি.এম (মিরপুর জোন) এবং ব্যবস্থাপক, বারিধারা |
| ০৭ | ঠিকাদারী প্রতিষ্ঠানের দায়িত্ব পালনে অবহেলা প্রসঙ্গে | • বারিধারা ও আগারগাঁও বি ও বি বিভাগের COSS ঠিকাদার যথাক্রমে মেসার্স তামিম ইন্টারন্যাশনাল এবং মেসার্স উত্তরা টি ই এম এল কনসোর্টিয়াম চুক্তিপত্রের ধারা অমান্য করে কর্মকর্তা/কর্মচারীদের বেতন ভাতাদি ঠিকমত পরিশোধ করছে না। এতে বিভাগের দৈনন্দিন বানিজ্যিক কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে এবং গ্রাহক অসন্তোষ্টি বেড়ে যাচ্ছে। | (ক) মেসার্স তামিম ইন্টারন্যাশনাল এবং মেসার্স উত্তরা টি ই এম এল কনসোর্টিয়াম কর্তৃক এ পর্যন্ত চুক্তি অনুযায়ী যে সমস্ত ধারা লঙ্ঘন করছে তার বিস্তারিত পর্যালোচনা পূর্বক মালিক বরাবর চুড়ান্ত পত্র দিতে হবে। | মহাব্যবস্থাপক (ওএন এন্ড সি) |
| ০৮ | সাতারকুল এলাকায় অভিযোগ কেন্দ্র স্থাপন | • বারিধারা বি ও বি বিভাগের আওতায় সাতারকুল এলাকায় ডেসকো'র নিজস্ব স্থাপনার বাউন্ডারী ওয়াল এবং ঐ স্থানে অভিযোগ কেন্দ্র স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | (ক) সাতারকুল এলাকায় ডেসকো'র নিজস্ব জমিতে বাউন্ডারী ওয়াল এবং ঐ এলাকার জন্য উক্ত স্থানে অভিযোগ কেন্দ্র স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ডি.জি.এম (পি এন্ড ডি) |
| ০৯ | নতুন সংযোগ | • সিটি কর্পোরেশন বহির্ভুত পৌরসভা ও ইউনিয়ন পরিষদভুক্ত এলাকায় নতুন সংযোগের আবেদন গ্রহণের ক্ষেত্রে ভবন নির্মাণে রাজউকের অনুমোদনের বিভিন্ন দিক এবং গত ১৩.০৯.২০১১ ইং তারিখে ব্যবস্থাপনা কমিটির সভায় বর্ণিত বিষয়ে গৃহীত সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয়। | (ক)সিটি কর্পোরেশন বহির্ভুত পৌরসভা ও ইউনিয়নভুক্ত এলাকায় নতুন সংযোগের আবেদন গ্রহণের ক্ষেত্রে ভবন নির্মানে কর্তৃপক্ষের অনুমোদনের কপি জমা নেওয়ার বিষয়ে গত ১৩.০৯.২০১১ ইং তারিখের ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত নিম্নোক্তরূপে সংশোধন করা হলো ঃ<br>" সিটি কর্পোরেশন বহির্ভূত এলাকায় সম্পূর্ন ব্যক্তি মালিকানায় নির্মিত ভবনে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদনপত্র জমা নেওয়ার ক্ষেত্রে রাজউকের অনুমোদিত প্ল্যান আবশ্যক। তবে রাজউকের অনুমোদিত প্ল্যান দাখিল করা সম্ভব না হলে স্থানীয় পরিষদ প্রধান (মেয়র/চেয়ারম্যান) কর্তৃক অনুমোদিত প্ল্যানের কপি দাখিল করতে হবে। এক্ষেত্রে অবশ্যই ১৫০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এই মর্মে অঙ্গিকারনামা গ্রহণ করতে হবে যে ভবিষ্যতে রাজউক কর্তৃক আপত্তি/নিষেধাজ্ঞা আরোপ করা হলে কর্তৃপক্ষ সংযোগ বিচ্ছিন্ন করলে তার কোন আপত্তি থাকবে না। বহুতল ভবন অথবা হাউজিং প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত ভবন/এলাকার বিদ্যুৎ সংযোগের ক্ষেত্রে অবশ্যই রাজউকের অনুমোদনের কপি গ্রহণ করতে হবে "। | সকল বি ও বি বিভাগ |

সভায় আর কোন আলোচনা না থাকায় ব্যবস্থাপনা পরিচালক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মনজুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক

বিতরণ ঃ (১) সভায় উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দ।
(২) ব্যবস্থাপক, বি ও বি বিভাগ, ........................................।

অনুলিপি ঃ
১। পরিচালক (সংগ্রহ, অর্থ ও হিসাব / অপারেশন), ডেসকো।

D:\MD Office_Khairul\Co-ordination Meeting\Others Meeting dt. 11-10-11.doc

(18)

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

SDP 1258
Date 04/07/11

House # 3, Road # 24, Block-K, Banani R/A
Dhaka-1213, Bangladesh
Phone: +88028860341; +88028859642
Fax: +88028854648
email: info@desco.org.bd; mddesco@...
www.desco.org.bd

Memo No. DESCO/HQ/ADMIN-A(1)/OC&N-1/2011/2870 Date: June 30, 2011

## সার্কুলার

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ০৬/০৩/২০১১ ইং তারিখে Responsibility of Deputy General Manager (S&D Operation) সংক্রান্ত এক সভা উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন-গুলশান, উত্তরা ও মিরপুর জোন) সহ মহাব্যবস্থাপক (ওএনএন্ডসি) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনা পর্যালোচনা পূর্বক উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) গণের Responsibility নির্ধারণ সহ সংশ্লিষ্ট বিষয়ে কিছু প্রচলিত নীতিমালার সংশোধন আনয়নের প্রস্তাব করা হয়। পরবর্তীতে উল্লেখিত প্রস্তাবনা সমূহ ডেসকো'র ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। এতদবিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সিদ্ধান্তসমূহ নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | লাইন নির্মাণ | ২ (দুই) স্প্যান পর্যন্ত LT Line নির্মানের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) অনুমোদন প্রদান করবেন এবং ঠিকাদারের মাধ্যমে কার্য সম্পাদনের জন্য P&D বিভাগে প্রেরন করবেন। এ সংক্রান্ত বিদ্যমান Policy-তে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করতে হবে। এতদবিষয়ে পরিচালক (প্রকৌশল) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। |
| ০২ | Renovation & Capacity Buildup | LT Line Renovation/Under-Built লাইন নির্মানের ক্ষেত্রে ব্যবস্থাপক, বিওবি বিভাগ অনুমোদন প্রদান করবেন। HT Line Renovation এর ক্ষেত্রে ১০ (দশ) স্প্যান/০.৫ কিঃমিঃ পর্যন্ত উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) অনুমোদন করবেন এবং ঠিকাদারের মাধ্যমে কার্য সম্পাদনের জন্য P&D বিভাগে প্রেরন করবেন। এ সংক্রান্ত বিদ্যমান Policy-তে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করতে হবে। এতদবিষয়ে পরিচালক (প্রকৌশল) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।<br>তাছাড়া Overload/System Improvement সংক্রান্ত সকল তথ্য উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) এর মাধ্যমে মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) এর দপ্তরে প্রেরন করতে হবে।<br>সিষ্টেমের Capacity Build up এর জন্য উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) কর্তৃক প্রস্তাবনা প্রণয়ন পূর্বক অনুমোদনের জন্য মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) বরাবরে প্রেরন করবেন। |
| ০৩ | ট্রান্সফরমার প্রতিস্থাপন | কোন ট্রান্সফরমার নষ্ট হলে সাথে সাথে সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) কে অবহিত করতে হবে এবং Replacement এর ক্ষেত্রে অবশ্যই উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) এর অনুমোদন নিতে হবে। |
| ০৪ | ফিডার পাওয়ার ফ্যাক্টর | উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) গণ সংশ্লিষ্ট জোনের ফিডার ভিত্তিক পাওয়ার ফ্যাক্টর পর্যবেক্ষন করবেন এবং সকল ফিডারের পাওয়ার ফ্যাক্টরের মান প্রয়োজনীয় সীমার মধ্যে বিদ্যমান রাখার জন্য বিওবি বিভাগীয় প্রধানগনকে নির্দেশনা দিবেন। Capacitor Bank স্থাপনের প্রয়োজন হলে এ সংক্রান্ত প্রস্তাবনা মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) বরাবরে প্রেরন করবেন।<br>এছাড়াও যে সব ফিডারের পাওয়ার ফ্যাক্টর এর মান নির্দিষ্ট সীমার মধ্যে নাই তাদের তথ্য মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) বরাবরে প্রেরন করবেন। |
| ০৫ | Load Sanction | LT Connection/লোড বৃদ্ধির ক্ষেত্রে ৩০ কিঃওঃ পর্যন্ত লোডের অনুমোদন সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান প্রদান করবেন।<br>LT Connection/লোড বৃদ্ধির ক্ষেত্রে ৩১-৪৯ কিঃওঃ পর্যন্ত এবং HT Connection এর ক্ষেত্রে ৫১-১০০ কিঃওঃ পর্যন্ত লোডের অনুমোদন সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) গণ প্রদান করবেন।<br>মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) HT Connection/লোড বৃদ্ধির ক্ষেত্রে ১০১-৫০০ কিঃওঃ পর্যন্ত লোডের অনুমোদন প্রদান করবেন।<br>৫০০ কিঃওঃ এর উর্ধ্বে কিন্তু 05 MVA এর কম পর্যন্ত লোডের অনুমোদনের ক্ষেত্রে পরিচালক (অপারেশন) এর অনুমোদন লাগবে।<br>05 MVA বা তদুর্ধ্ব লোডের ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন নিতে হবে। |
| ০৬ | ষ্টোর হতে মালামাল উত্তোলন | LT CT / HT Meter, HT Cable এবং পোল কেন্দ্রীয় ভান্ডার হতে উত্তোলনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) এর অনুমোদন নিতে হবে। অন্যান্য ক্ষেত্রে বিওবি বিভাগীয় প্রধান এর অনুমোদন দিতে পারবেন।<br>বাৎসরিক বাজেটের বাইরে মালামাল নিতে হলে অবশ্যই উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।<br>ষ্টোর থেকে ট্রান্সফরমার উত্তোলনের ক্ষেত্রে উপ-মহাব্যবস্থাপক, (এসএন্ডডি অপারেশন) এর অনুমোদন নিতে হবে। |
| ০৭ | জরিমানা বিল | আবাসিক ও বানিজ্যিক ১-ফেজ গ্রাহকের ক্ষেত্রে ৩(তিন) মাস/২০০০ (দুই হাজার) ইউনিট পর্যনন্ত জরিমানা বিল প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিওবি বিভাগীয় প্রধান অনুমোদন দিবেন।<br>আবাসিক ও বানিজ্যিক ১-ফেজ গ্রাহকের ক্ষেত্রে ৩(তিন) মাস/২০০০ (দুই হাজার) ইউনিটের উর্দ্ধে এবং HT ও বানিজ্যিক ৩-ফেজ গ্রাহকের ক্ষেত্রে মাসিক (গড়) ব্যবহারের দুই গুন বা তদুর্ধ্ব ইউনিটের জরিমানা ধার্য করার প্রযোজ্য হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) এর অনুমোদন নিতে হবে। |

চলমান পাতা - ২

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

House # 3, Road # 24, Block-K, Banani R/A
Dhaka-1213, Bangladesh
Phone: +88028860341; +88028859642
Fax: +88028854648
email: info@desco.org.bd; mddesco@desco.org.bd
www.desco.org.bd



| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৮ | কিস্তি প্রদান সংক্রান্ত | ব্যবস্থাপক, বিওবি বিভাগ – ০৩ কিস্তি<br>উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) – ০৫ কিস্তি<br>মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) – ১০ কিস্তি<br>পরিচালক (অপারেশন) – ১১ বা তদুর্ধ্ব<br>সাধারনতঃ ১ম কিস্তির ৪০% এর কম বিল পরিশোধ করা হলে পূনঃসংযোগ হবে না। |
| ০৯ | Reporting | ক) COSS/LEM কার্যক্রমের প্রতিবেদন বিওবি বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) বরাবরে প্রেরন করতে হবে এবং উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) দপ্তর হতে ৩ (তিন) মাসের Consolidated প্রতিবেদন মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) কার্যালয়ে প্রেরন করা হবে ।<br>খ) Tools Inventory Report বি ও বি বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) বরাবরে প্রেরন করা হবে এবং উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) পর্যালোচনা পূর্বক এ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।<br>গ) MOD/Commercial Activity Report / OPS Report / System Report বি ও বি বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) বরাবরে প্রেরন করা হবে এবং সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) কর্তৃক ৩ (তিন) মাসের Consolidated প্রতিবেদন মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) কার্যালয়ে প্রেরন করা হবে। তবে System Report এর ক্ষেত্রে Consolidated প্রতিবেদন প্রতি মাসেই প্রদান করতে হবে। |
| ১০ | বিল সংশোধন | আবাসিক এবং বানিজ্যিক এক ফেজ গ্রাহকের ক্ষেত্রে মাসিক গড় ব্যবহারের ০৩ (তিন) গুনের অধিক এবং এইচটি গ্রাহকের ক্ষেত্রে মাসিক গড় ব্যবহারের ০২ (দুই) গুন বা তদুর্ধ্ব ইউনিট পরিমান বিল সংশোধনের প্রয়োজন হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) এর অনুমোদন নিতে হবে। গড় মাসিক ব্যবহার নির্ধারনের ক্ষেত্রে পূর্ববর্তী এক বৎসরের ব্যবহৃত ইউনিট বিবেচনা করতে হবে। |
| ১১ | ঠিকাদারের Bill/ Reward / Punishment | COSS / LEM ঠিকাদারের Bill / Reward / Punishment সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) থেকে সরাসরি অর্থ ও হিসাব বিভাগে প্রেরন করা হবে। |
| ১২ | ছুটি (Leave) | বি ও বি বিভাগীয় প্রধানগনের ৩ (তিন) দিন পর্যন্ত CL / SL সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) অনুমোদন করবেন। ৩ (তিন) দিন বা তদুর্ধ্ব CL / SL এর ক্ষেত্রে প্রশাসন বিভাগের মাধ্যমে পরিচালক/ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন নিতে হবে। |

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র সার্কুলার জারী হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২০/০৮/১২

(এ. কে. এম. মোস্তফা কামাল)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।
১। ব্যবস্থাপনা পরিচালক।
২। পরিচালক (সংগ্রহ, অর্থ ও হিসাব/অপারেশন)।
৩। মহাব্যবস্থাপক (ওএন এন্ড সি/পি এন্ড এস/পি এন্ড ভি/পি এন্ড এ), ভারপ্রাপ্ত।
৪। সকল জোন/বিভাগ -------------------------------।
৫। অফিস কপি।

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

House #3, Road #24, Block-K, Banani R/A
Dhaka-1213, Bangladesh
Phone: +88028860341; +88028859642
Fax: +88028854648
email: info@desco.org.bd; mddesco@desco.org.bd
www.desco.org.bd

Date : July 06, 2011
Memo No-DESCO/HQ/ADMIN-A(4)/IOM-4/2011/২৮৩৬

SDP. 1802
Date 07/07/11

# আন্তঃ অফিস স্মারক

প্রতি ঃ ১। উপ-মহাব্যবস্থাপক, এসএন্ডডি অপারেশন (গুলশান/মিরপুর/উত্তরা জোন)।
২। ব্যবস্থাপক, (গুলশান/বারিধারা/ উত্তরা/ দক্ষিণখান/ কাফরুল/ পল্লবী/টঙ্গী(পূর্ব)/ টঙ্গী(পশ্চিম)/ মনিপুর/ শাহআলী/রূপনগর/আগারগাঁও) বি ও বি বিভাগ।

হইতেঃ উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)।

বিষয় ঃ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ স্মারক নং- ২৭.০৫২.০৩১.০০.০০.০২৭.২০১০.৫০৭ তারিখঃ ২৯/০৬/২০১১ইং।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের বিষয়ে গত ২৬-০৬-২০১১ইং তারিখে জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রনালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অত্রসাথ সংযুক্ত করে সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

JAM-1 (Admn.)
Copy to all DMs and AMSO.
7/7/11

(এ. কে. এম মোস্তফা কামাল)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

অনুলিপি ঃ
০১। অফিস কপি।

বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

DESCO ADMINISTRATION
Received No. 7976
Date 03/07/11

Office of MD DESCO

অতি জরুরী
ফ্যাক্স মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা।
www.powerdivision.gov.bd

নং- ২৭. ০৫২. ০৩১. ০০. ০০. ০২৭. ২০১০. ৫০৭

তারিখঃ ২৯/০৬/২০১১।

*বিষয়ঃ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগেঃ*

নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান বিষয়ে গত ২৬.৬.১১ তারিখ বেলা ১২:০০ টায় মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এরসাথে প্রেরণ করা হ'ল।

২৯.৬.১১
(মোঃ আনোয়ারুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (সম-২)
ফোন-৯৫৫৯৮৩৮।
(anwarsaspd@yahoo.com)

Take n/a accordingly
DGM (Admin)
AM (Admin)

বিতরণঃ

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, বা/এ, ঢাকা।
০২। চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ (ডেসকো), হাউজ-৩, রোড-২৪, ব্লক-কে, বনানী, ঢাকা
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েষ্টজোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, মেইন রোড, খুলনা।
০৬। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, ১, আব্দুল গনি রোড, রমনা, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।

C:\Documents and Settings\Md. Anwar Hossain\My Documents\SAS-11\letter-5.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা।

*নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান বিষয়ে আলোচনার জন্য অনুষ্ঠিত সভার কার্যবিবরণী*

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব মোহাম্মদ এনামুল হক এম.পি., মাননীয় প্রতিমন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় |
| তারিখ | ঃ | ২৬/০৬/২০১১ |
| স্থান | ঃ | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (ভবন নং-৬, কক্ষ নং-১২১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)। |
| সময় | ঃ | বেলা ১২:০০ টা। |
| উপস্থিতি | ঃ | পরিশিষ্ট-'ক'। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ডঃ তৌফিক-ই-ইলাহী চৌধুরী, বীর বিক্রম উপস্থিত ছিলেন। সভাপতির অনুমতিক্রমে সচিব, বিদ্যুৎ বিভাগ নতুন বিদ্যুৎ সংযোগ প্রদানের ক্ষেত্রে বর্তমানে মাঠ পর্যায়ে কী ধরণের সমস্যা বা পরিস্থিতির সম্মুখীন হতে হচ্ছে সে বিষয়ে বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানীসমূহের প্রতিনিধিগণের মতামত আহবান করেন।

২.১। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি বলেন, সোলার সংযোগ গ্রহণের ক্ষেত্রে গ্রাহকগণের আগ্রহ কম। ফ্ল্যাট বাড়িগুলোতে সোলার বসানোর ক্ষেত্রে প্রয়োজন অনুযায়ী ফাঁকা জায়গা পাওয়া যাচ্ছে না এবং সেসব ক্ষেত্রে পরিদর্শন করে বাস্তব পরিস্থিতি অনুযায়ী সোলার প্যানেল বসানো হচ্ছে। কোন গ্রাহককে এসি লোড দেয়া হচ্ছে না, এসি ব্যবহার করবে না মর্মে অঙ্গীকারনামা নিয়ে সংযোগ দেয়া হচ্ছে। এ প্রেক্ষিতে সচিব, বিদ্যুৎ বিভাগ বলেন, যেসব ফ্ল্যাটে সোলার বসানো হয়েছে সেগুলোর তালিকা দিতে হবে এবং সরেজমিন পরিদর্শন করে দেখতে হবে সেগুলো ঠিকমত সংরক্ষণ করা হচ্ছে কী না। এম. ডি. নিজেও কিছু ক্ষেত্রে পরিদর্শন করবেন।

২.২। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো বলেন, মার্চ, এপ্রিল ও মে মাসে ১৯,০৫১ টি ডিমান্ড নোট ইস্যু করা হয়েছে যেগুলোর মধ্যে ২,০৯১ টি সংযোগ দেয়া হয়েছে। প্রাপ্ত নতুন আবেদন সংখ্যা ৩১,০৭০ টি এবং লোড চাহিদা ১৩৮ মেগাওয়াট। সোলারের কারণে নতুন সংযোগের গতি কম। ডেসকো নিয়ন্ত্রণাধীন এলাকায় এ পর্যন্ত ১০ থেকে ১৫ টি এপার্টমেন্ট ভবনে বিদ্যুৎ সংযোগ দেয়া হয়েছে । সোলার সংক্রান্ত নিয়মকানুন যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে। এ প্রেক্ষিতে সচিব, বিদ্যুৎ বিভাগ বলেন, প্রত্যেক বিক্রয় ও বিতরণ বিভাগের ম্যানেজারের আওতায় ০১ জন করে সোলার পরামর্শক নিয়োগ করতে হবে। এ জন্য সংশ্লিষ্ট প্রকৌশলীগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চলমান পাতা-২

২.৩। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো বলেন, মার্চ, এপ্রিল ও মে মাসে ২৪,২৩৮ টি ডিমান্ড নোট ইস্যু করা হয়েছে যেগুলোর মধ্যে ৯,০৫০ টি সংযোগ দেয়া হয়েছে। প্রাপ্ত নতুন আবেদন সংখ্যা ৩৮,৩২৩ টি এবং লোড চাহিদা ৭৯ মেগাওয়াট। তাঁর নিয়ন্ত্রণাধীন এলাকায় কিছু সংখ্যক গ্রাহক লোড বৃদ্ধি না করেই বিনানুমতিতে এসি লাগিয়েছে। এসব ক্ষেত্রে সরেজমিন তদন্ত করে সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে।

২.৪। চেয়ারম্যান, পবিবো বলেন, মার্চ, এপ্রিল ও মে মাসে ৩,২৪,৪৯১ টি ডিমান্ড নোট ইস্যু করা হয়েছে যেগুলোর মধ্যে ৪৮,৯১৬ টি সংযোগ দেয়া হয়েছে। বিদ্যুৎ সংযোগের জন্য পল্লী বিদ্যুৎ সমিতিসমূহে ৬,০৬,২১১ টি নতুন আবেদন জমা আছে যেগুলোর লোড চাহিদা প্রায় ১২৩৪ মেগাওয়াট। সকল আবেদনকারীকে সংযোগ দেয়া যাবে কী না এ সম্বন্ধে সভাপতি জানতে চাইলে তিনি বলেন, অধিকাংশ ক্ষেত্রে ট্রান্সফর্মার ওভারলোডেড থাকায় এবং প্রয়োজনীয় বিতরণ লাইন না থাকায় সকল আবেদনকারীকে সংযোগ দেয়া সম্ভব হবে না।

২.৫। চেয়ারম্যান, বিউবো বলেন, মার্চ, এপ্রিল ও মে মাসে ৪৭,৮০০ টি ডিমান্ড নোট ইস্যু করা হয়েছে যেগুলোর মধ্যে ১৮,৫৩০ টি সংযোগ দেয়া হয়েছে। বিদ্যুৎ সংযোগের জন্য বিউবোর নিয়ন্ত্রণাধীন অফিসসমূহে ১,৩৬, ৫৩৪ টি নতুন আবেদন জমা আছে যেগুলোর লোড চাহিদা প্রায় ৬০২ মেগাওয়াট। তিনি আরো বলেন, ৫ মে.ও. এর বেশি চাহিদাসম্পন্ন গ্রাহকগণকে সংযোগ প্রদানের জন্য এ মুহূর্তে বিবেচনায় না আনলে এবং অন্যান্য আবেদনকারীর লোড চাহিদার ডাইভার্সিটি ফ্যাক্টর হিসেব করলে পেন্ডিং আবেদনসমূহের জন্য সর্বোচ্চ ১০০০ মেগাওয়াট বাড়তি বিদ্যুৎ প্রয়োজন হতে পারে। সচিব, বিদ্যুৎ বিভাগ বিদ্যুৎ উৎপাদন সম্বন্ধে জানতে চাইলে তিনি বলেন, আশা করা যায়, চলতি বছরের ডিসেম্বরের মধ্যে জাতীয় গ্রীডে আরো ১০০০ মেগাওয়াট বিদ্যুৎ যুক্ত হবে যা গ্যাস নির্ভর নয়।

২.৬। সচিব, বিদ্যুৎ বিভাগ অভিমত প্রকাশ করেন যে, পেন্ডিং আবেদনসমূহ চলতি বছরের ডিসেম্বরের মধ্যে নিষ্পত্তি করা প্রয়োজন। তবে ৫ মে.ও. এর অধিক চাহিদাসম্পন্ন গ্রাহকগণকে এ পর্যায়ে সংযোগ প্রদান সঠিক হবে না। জরুরী প্রয়োজনে দিতে হলে সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানীর বোর্ডের সুপারিশক্রমে বিদ্যুৎ বিভাগের অনুমতি সাপেক্ষে দেয়া যেতে পারে। নতুন সংযোগের জন্য আবেদনের ক্রমানুযায়ী ডিমান্ড নোট ইস্যু করা প্রয়োজন। সোলার ব্যবহারে উৎসাহ প্রদানের লক্ষ্যে যে সকল গ্রাহক সোলার প্যানেল স্থাপন করে বিদ্যুৎ বিতরণকারী অফিসকে অবহিত করবে তাদের সংযোগ প্রদানে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বিউবো, ডিপিডিসি ও ডেসকো যৌথভাবে সোলার কোম্পানী করতে পারে। ফ্ল্যাট বাড়ীতে যারা সোলার সংযোগ গ্রহণ করেছে তাদের প্রতি ফ্ল্যাটে সোলার বাবদ কত খরচ হয়েছে এ বিষয়ে ডিপিডিসি ও ডেসকো রিপোর্ট দিবে।

চলমান পাতা-৩

২.৭। উপদেষ্টা মহোদয় বলেন, ভবিষ্যতের জন্য বিল্ডিং কোডে এনার্জি এফিসিয়েন্সি ও কনজার্ভেশন অব এনার্জির বিষয়টি অন্তর্ভূক্ত করা যেতে পারে। বহুতল ভবনসমূহে ওয়াটার হিটার বা গিজারের পরিবর্তে সোলার থারমাল ব্যবহার উৎসাহিত করা যেতে পারে। সোলার হিটার ব্যবহার করলে তা সোলার প্যানেল বসানোর বিকল্প হিসেবে গণ্য হবে। বিদ্যুৎ বিলের সাথে এ সংক্রান্ত নোটিশ দেয়া যেতে পারে।

২.৮। সভাপতি অভিমত প্রকাশ করেন যে, পেন্ডিং আবেদনসমূহের ক্রমানুসারে ডিমান্ড নোট ইস্যুকরণ ও নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান ১ জুলাই থেকে শুরু করা যায়। তবে ৫ মে.ও. এর অধিক চাহিদার আবেদনসমূহ মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী নিষ্পত্তি হওয়া প্রয়েজন। সোলার প্যানেল ব্যবহারকে উৎসাহিত করা প্রয়োজন।

<u>সিদ্ধান্ত ঃ</u>

৩। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

ক) বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানীসমূহ প্রাপ্ত আবেদনসমূহের ক্রমানুসারে পর্যায়ক্রমে আগামী ১ জুলাই থেকে ডিমান্ড নোট ইস্যু করবে যাতে আগামী ডিসেম্বর নাগাদ কোন পেন্ডিং আবেদন না থাকে। বিতরণকারী সংস্থাসমূহ বিদ্যমান নীতিমালা অনুযায়ী শীঘ্র সংযোগ প্রদান শুরু করবে।

খ) সোলার এনার্জি ব্যবহারকে উৎসাহিত করার লক্ষে যে সকল গ্রাহক সোলার প্যানেল স্থাপন সম্পন্ন করে রিপোর্ট করবে তাদের সংযোগ প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।

গ) ৫ মেগাওয়াটের বেশি চাহিদা হলে সেসব ক্ষেত্রে বিদ্যুৎ সংযোগ দেয়া যাবে না। তবে অধিক শ্রমঘন ও জনকল্যানমূলক প্রতিষ্ঠানে ৫ মেগাওয়াটের বেশি চাহিদার সংযোগের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানীর বোর্ডের সুপারিশ বিদ্যুৎ বিভাগের সিদ্ধান্তের জন্য প্রেরণ করতে হবে।

ঘ) প্রত্যেক বিক্রয় ও বিতরণ বিভাগের ম্যানেজারের আওতায় ০১ জন করে সোলার পরিদর্শক/কর্মী নিয়োগ করতে হবে এবং এ জন্য সংশ্লিষ্ট ব্যক্তিগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই কর্মীগণ প্রতিনিয়ত স্থাপিত সোলার প্যানেলসমূহ পরিদর্শন করবেন এবং প্যানেলসমূহ পরিষ্কার করাসহ অন্যান্য সহযোগিতা প্রদান করবেন।

ঙ) বহুতল ভবনসমূহে সোলার স্থাপন কার্যক্রমের অগ্রগতি ও প্রতি ফ্ল্যাটে সোলার সংযোগের খরচ সংক্রান্ত তথ্যাদি ডেসকো এবং ডিপিডিসি সরবরাহ করবে; পাওয়ার সেল তা সমন্বয় করে রিপোর্ট দাখিল করবে এবং রিহ্যাবের সাথে এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হবে।

৫। আর কোনো আলোচনা না থাকায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/২৮.০৬.১১

(মোহাম্মদ এনামুল হক এম.পি.)
প্রতিমন্ত্রী

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

House # 3, Road # 24, Block-K, Banani
Dhaka-1213, Bangladesh
Phone: +88028860341; +8802885964 2
Fax: +88028854648
email: info@desco.org.bd; mddesco@desco.org
www.desco.org.bd

Memo No. DESCO/HQ/ADMIN-A(1)/OC&N-1/2011/2890

Date: June 30, 2011

# সার্কুলার

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ০৬/০৩/২০১১ ইং তারিখে Responsibility of Deputy General Manager (S&D Operation) সংক্রান্ত এক সভা উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন-গুলশান, উত্তরা ও মিরপুর জোন) সহ মহাব্যবস্থাপক (ওএনএন্ডসি) এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনা পর্যালোচনা পূর্বক উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) গণের Responsibility নির্ধারণ সহ সংশ্লিষ্ট বিষয়ে কিছু প্রচলিত নীতিমালার সংশোধন আনয়নের প্রস্তাব করা হয়। পরবর্তীতে উল্লেখিত প্রস্তাবনা সমূহ ডেস্কো'র ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। এতদবিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সিদ্ধান্তসমূহ নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | লাইন নির্মাণ | ২ (দুই) স্প্যান পর্যন্ত LT Line নির্মানের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) অনুমোদন প্রদান করবেন এবং ঠিকাদারের মাধ্যমে কার্য সম্পাদনের জন্য P&D বিভাগে প্রেরন করবেন। এ সংক্রান্ত বিদ্যমান Policy-তে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করতে হবে। এতদবিষয়ে পরিচালক (প্রকৌশল) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। |
| ০২ | Renovation & Capacity Buildup | LT Line Renovation/Under-Built লাইন নির্মানের ক্ষেত্রে ব্যবস্থাপক, বিওবি বিভাগ অনুমোদন প্রদান করবেন। HT Line Renovation এর ক্ষেত্রে ১০ (দশ) স্প্যান/০.৫ কিঃমিঃ পর্যন্ত উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) অনুমোদন করবেন এবং ঠিকাদারের মাধ্যমে কার্য সম্পাদনের জন্য P&D বিভাগে প্রেরন করবেন। এ সংক্রান্ত বিদ্যমান Policy-তে প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করতে হবে। এতদবিষয়ে পরিচালক (প্রকৌশল) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।<br>তাছাড়া Overload/System Improvement সংক্রান্ত সকল তথ্য উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) এর মাধ্যমে মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) এর দপ্তরে প্রেরন করতে হবে।<br>সিস্টেমের Capacity Build up এর জন্য উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) কর্তৃক প্রস্তাবনা প্রণয়ন পূর্বক অনুমোদনের জন্য মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) বরাবরে প্রেরন করবেন। |
| ০৩ | ট্রান্সফরমার প্রতিস্থাপন | কোন ট্রান্সফরমার নষ্ট হলে সাথে সাথে সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) কে অবহিত করতে হবে এবং Replacement এর ক্ষেত্রে অবশ্যই উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) এর অনুমোদন নিতে হবে। |
| ০৪ | ফিডার পাওয়ার ফ্যাক্টর | উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) গণ সংশ্লিষ্ট জোনের ফিডার ভিত্তিক পাওয়ার ফ্যাক্টর পর্যবেক্ষন করবেন এবং সকল ফিডারের পাওয়ার ফ্যাক্টরের মান প্রয়োজনীয় সীমার মধ্যে বিদ্যমান রাখার জন্য বিওবি বিভাগীয় প্রধানগনকে নির্দেশনা দিবেন। Capacitor Bank স্থাপনের প্রয়োজন হলে এ সংক্রান্ত প্রস্তাবনা মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) বরাবরে প্রেরন করবেন।<br>এছাড়াও যে সব ফিডারের পাওয়ার ফ্যাক্টর এর মান নির্দিষ্ট সীমার মধ্যে নাই তাদের তথ্য মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) বরাবরে প্রেরন করবেন। |
| ০৫ | Load Sanction | LT Connection/লোড বৃদ্ধির ক্ষেত্রে ৩০ কিঃওঃ পর্যন্ত লোডের অনুমোদন সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান প্রদান করবেন।<br>LT Connection/লোড বৃদ্ধির ক্ষেত্রে ৩১-৪৯ কিঃওঃ পর্যন্ত এবং HT Connection এর ক্ষেত্রে ৫১-১০০ কিঃওঃ পর্যন্ত লোডের অনুমোদন সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) গণ প্রদান করবেন।<br>মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) HT Connection/লোড বৃদ্ধির ক্ষেত্রে ১০১-৫০০ কিঃওঃ পর্যন্ত লোডের অনুমোদন প্রদান করবেন।<br>৫০০ কিঃওঃ এর উর্ধ্বে কিন্তু 05 MVA এর কম পর্যন্ত লোডের অনুমোদনের ক্ষেত্রে পরিচালক (অপারেশন) এর অনুমোদন লাগবে।<br>05 MVA বা তদুর্ধ্ব লোডের ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন নিতে হবে। |
| ০৬ | ষ্টোর হতে মালামাল উত্তোলন | LT CT / HT Meter, HT Cable এবং পোল কেন্দ্রীয় ভান্ডার হতে উত্তোলনের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) এর অনুমোদন নিতে হবে। অন্যান্য ক্ষেত্রে বিওবি বিভাগীয় প্রধান এর অনুমোদন দিতে পারবেন।<br>বাৎসরিক বাজেটের বাইরে মালামাল নিতে হলে অবশ্যই উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।<br>ষ্টোর থেকে ট্রান্সফরমার উত্তোলনের ক্ষেত্রে উপ-মহাব্যবস্থাপক, (এসএন্ডডি অপারেশন) এর অনুমোদন নিতে হবে। |
| ০৭ | জরিমানা বিল | আবাসিক ও বানিজ্যিক ১-ফেজ গ্রাহকের ক্ষেত্রে ৩(তিন) মাস/২০০০ (দুই হাজার) ইউনিট পর্যন্ত জরিমানা বিল প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিওবি বিভাগীয় প্রধান অনুমোদন দিবেন।<br>আবাসিক ও বানিজ্যিক ১-ফেজ গ্রাহকের ক্ষেত্রে ৩(তিন) মাস/২০০০ (দুই হাজার) ইউনিটের উর্দ্ধে এবং HT ও বানিজ্যিক ৩-ফেজ গ্রাহকের ক্ষেত্রে মাসিক (গড়) ব্যবহারের দুই গুন বা তদুর্ধ্ব ইউনিটের জরিমানা ধার্য করার প্রযোজ্য হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) এর অনুমোদন নিতে হবে। |

চলমান পাতা - ২

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD.

House # 3, Road # 24, Block-K, Banani R/A
Dhaka-1213, Bangladesh
Phone: +88028860341; +88028859642
Fax: +88028854648
email: info@desco.org.bd; mddesco@desco.org.bd
www.desco.org.bd



| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৮ | কিস্তি প্রদান সংক্রান্ত | ব্যবস্থাপক, বিওবি বিভাগ — ০৩ কিস্তি<br>উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) — ০৫ কিস্তি<br>মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) — ১০ কিস্তি<br>পরিচালক (অপারেশন) — ১১ বা তদুর্ধ্ব<br>সাধারনতঃ ১ম কিস্তির ৪০% এর কম বিল পরিশোধ করা হলে পুনঃসংযোগ হবে না। |
| ০৯ | Reporting | ক) COSS/LEM কার্যক্রমের প্রতিবেদন বিওবি বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) বরাবরে প্রেরন করতে হবে এবং উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) দপ্তর হতে ৩ (তিন) মাসের Consolidated প্রতিবেদন মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) কার্যালয়ে প্রেরন করা হবে।<br>খ) Tools Inventory Report বি ও বি বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) বরাবরে প্রেরন করা হবে এবং উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) পর্যালোচনা পূর্বক এ সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।<br>গ) MOD/Commercial Activity Report / OPS Report / System Report বি ও বি বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) বরাবরে প্রেরন করা হবে এবং সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) কর্তৃক ৩ (তিন) মাসের Consolidated প্রতিবেদন মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল) কার্যালয়ে প্রেরন করা হবে। তবে System Report এর ক্ষেত্রে Consolidated প্রতিবেদন প্রতি মাসেই প্রদান করতে হবে। |
| ১০ | বিল সংশোধন | আবাসিক এবং বানিজ্যিক এক ফেজ গ্রাহকের ক্ষেত্রে মাসিক গড় ব্যবহারের ০৩ (তিন) গুনের অধিক এবং এইচটি গ্রাহকের ক্ষেত্রে মাসিক গড় ব্যবহারের ০২ (দুই) গুন বা তদুর্ধ্ব ইউনিট পরিমান বিল সংশোধনের প্রয়োজন হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) এর অনুমোদন নিতে হবে। গড় মাসিক ব্যবহার নির্ধারনের ক্ষেত্রে পূর্ববর্তী এক বৎসরের ব্যবহৃত ইউনিট বিবেচনা করতে হবে। |
| ১১ | ঠিকাদারের Bill/ Reward / Punishment | COSS / LEM ঠিকাদারের Bill / Reward / Punishment সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) থেকে সরাসরি অর্থ ও হিসাব বিভাগে প্রেরন করা হবে। |
| ১২ | ছুটি (Leave) | বি ও বি বিভাগীয় প্রধানগনের ৩ (তিন) দিন পর্যন্ত CL / SL সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক (এসএন্ডডি অপারেশন) অনুমোদন করবেন। ৩ (তিন) দিন বা তদুর্ধ্ব CL / SL এর ক্ষেত্রে প্রশাসন বিভাগের মাধ্যমে পরিচালক/ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন নিতে হবে। |

সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র সার্কুলার জারী হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২০/০৮/১২

(এ. কে. এম. মোস্তফা কামাল)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।
১। ব্যবস্থাপনা পরিচালক।
২। পরিচালক (সংগ্রহ, অর্থ ও হিসাব/অপারেশন)।
৩। মহাব্যবস্থাপক (ওএন এন্ড সি/পি এন্ড এস/পি এন্ড ডি/পি এন্ড এ), ভারপ্রাপ্ত।
৪। সকল জোন/বিভাগ ------------------------------।
৫। অফিস কপি।

DESCO ADMINSTRATION
Received No. 796
Date 23/07/11

Office of MD DESCO
Received No. 1051 Date 03/07/11

অতি জরুরী
ফ্যাক্স মারফত

S & D Dakshinkhan Division
D E S C O
Received No 1030
Date 06.07.11

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা।
www.powerdivision.gov.bd

নং- ২৭. ০৫২. ০৩১. ০০.০০. ০২৭. ২০১০. ৫০৭

তারিখ ঃ ২৯/০৬/২০১১।

**বিষয় ঃ নতুন বিদ্যুৎ সংযোগপ্রদান বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে ঃ**

নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান বিষয়ে গত ২৬.৬.১১ তারিখ বেলা ১২:০০ টায় মাননীয় প্রতিমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এরসাথে প্রেরণ করা হ'ল।

২৯.৬.১১
(মোঃ আনোয়ারুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (সম-২)
ফোন-৯৫৫৯৮৩৮।
(anwarsaspd@yahoo.com)

S&D ... Take the record ... DGM (Admin) ... AM (Admin) 4/7/11

বিতরণ ঃ

০১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ওয়াপদা ভবন, মতিঝিল, বা/এ, ঢাকা।
০২। চেয়ারম্যান, পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃ (ডিপিডিসি), বিদ্যুৎ ভবন, আব্দুল গণি রোড, রমনা, ঢাকা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ (ডেসকো), হাউজ-৩, রোড-২৪, ব্লক-কে, বনানী, ঢাকা
০৫। ব্যবস্থাপনা পরিচালক, ওয়েষ্টজোন পাওয়ার ডিষ্ট্রিবিউশন কোম্পানী লিঃ, বিদ্যুৎ ভবন, বয়রা, মেইন রোড, খুলনা।
০৬। মহাপরিচালক, পাওয়ার সেল, বিদ্যুৎ ভবন, ১, আব্দুল গনি রোড, রমনা, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

০১। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ ।

২.৩। ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো বলেন, মার্চ, এপ্রিল ও মে মাসে ২৪,২৩৮ টি ডিমান্ড নোট ইস্যু করা হয়েছে যেগুলোর মধ্যে ৯,০৫০ টি সংযোগ দেয়া হয়েছে। প্রাপ্ত নতুন আবেদন সংখ্যা ৩৮,৩২৩ টি এবং লোড চাহিদা ৭৯ মেগাওয়াট। তাঁর নিয়ন্ত্রণাধীন এলাকায় কিছু সংখ্যক গ্রাহক লোড বৃদ্ধি না করেই বিনানুমতিতে এসি লাগিয়েছে। এসব ক্ষেত্রে সরেজমিন তদন্ত করে সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে।

২.৪। চেয়ারম্যান, পবিবো বলেন, মার্চ, এপ্রিল ও মে মাসে ৩,২৪,৪৯১ টি ডিমান্ড নোট ইস্যু করা হয়েছে যেগুলোর মধ্যে ৪৮,৯১৬ টি সংযোগ দেয়া হয়েছে। বিদ্যুৎ সংযোগের জন্য পল্লী বিদ্যুৎ সমিতিসমূহে ৬,০৬,২৯১ টি নতুন আবেদন জমা আছে যেগুলোর লোড চাহিদা প্রায় ১২৩৪ মেগাওয়াট। সকল আবেদনকারীকে সংযোগ দেয়া যাবে কী না এ সম্বন্ধে সভাপতি জানতে চাইলে তিনি বলেন, অধিকাংশ ক্ষেত্রে ট্রান্সফর্মার ওভারলোডেড থাকায় এবং প্রয়োজনীয় বিতরণ লাইন না থাকায় সকল আবেদনকারীকে সংযোগ দেয়া সম্ভব হবে না।

২.৫। চেয়ারম্যান, বিউবো বলেন, মার্চ, এপ্রিল ও মে মাসে ৪৭,৮০০ টি ডিমান্ড নোট ইস্যু করা হয়েছে যেগুলোর মধ্যে ১৮,৫৩০ টি সংযোগ দেয়া হয়েছে। বিদ্যুৎ সংযোগের জন্য বিউবোর নিয়ন্ত্রণাধীন অফিসসমূহে ১,৩৬, ৫৩৪ টি নতুন আবেদন জমা আছে যেগুলোর লোড চাহিদা প্রায় ৬০২ মেগাওয়াট। তিনি আরো বলেন, ৫ মে.ও. এর বেশি চাহিদাসম্পন্ন গ্রাহকগণকে সংযোগ প্রদানের জন্য এ মুহূর্তে বিবেচনায় না আনলে এবং অন্যান্য আবেদনকারীর লোড চাহিদার ডাইভার্সিটি ফ্যাক্টর হিসেব করলে পেন্ডিং আবেদনসমূহের জন্য সর্বোচ্চ ১০০০ মেগাওয়াট বাড়তি বিদ্যুৎ প্রয়োজন হতে পারে। সচিব, বিদ্যুৎ বিভাগ বিদ্যুৎ উৎপাদন সম্বন্ধে জানতে চাইলে তিনি বলেন, আশা করা যায়, চলতি বছরের ডিসেম্বরের মধ্যে জাতীয় গ্রীডে আরো ১০০০ মেগাওয়াট বিদ্যুৎ যুক্ত হবে যা গ্যাস নির্ভর নয়।

২.৬। সচিব, বিদ্যুৎ বিভাগ অভিমত প্রকাশ করেন যে, পেন্ডিং আবেদনসমূহ চলতি বছরের ডিসেম্বরের মধ্যে নিষ্পত্তি করা প্রয়োজন। তবে ৫ মে.ও. এর অধিক চাহিদাসম্পন্ন গ্রাহকগণকে এ পর্যায়ে সংযোগ প্রদান সঠিক হবে না। জরুরী প্রয়োজনে দিতে হলে সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানীর বোর্ডের সুপারিশক্রমে বিদ্যুৎ বিভাগের অনুমতি সাপেক্ষে দেয়া যেতে পারে। নতুন সংযোগের জন্য আবেদনের ক্রমানুযায়ী ডিমান্ড নোট ইস্যু করা প্রয়োজন। সোলার ব্যবহারে উৎসাহ প্রদানের লক্ষ্যে যে সকল গ্রাহক সোলার প্যানেল স্থাপন করে বিদ্যুৎ বিতরণকারী অফিসকে অবহিত করবে তাদের সংযোগ প্রদানে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বিউবো, ডিপিডিসি ও ডেসকো যৌথভাবে সোলার কোম্পানী করতে পারে। ফ্ল্যাট বাড়ীতে যারা সোলার সংযোগ গ্রহণ করেছে তাদের প্রতি ফ্ল্যাটে সোলার বাবদ কত খরচ হয়েছে এ বিষয়ে ডিপিডিসি ও ডেসকো রিপোর্ট দিবে।

চলমান পাতা-৩

২.৭ । উপদেষ্টা মহোদয় বলেন, ভবিষ্যতের জন্য বিল্ডিং কোডে এনার্জি এফিসিয়েন্সি ও কনজার্ভেশন অব এনার্জির বিষয়টি অন্তর্ভূক্ত করা যেতে পারে। বহুতল ভবনসমূহে ওয়াটার হিটার বা গিজারো পরিবর্তে সোলার থারমাল ব্যবহার উৎসাহিত করা যেতে পারে। সোলার হিটার ব্যবহার করলে তা সোলার প্যানেল বসানোর বিকল্প হিসেবে গণ্য হবে। বিদ্যুৎ বিলের সাথে এ সংক্রান্ত নোটিশ দেয়া যেতে পারে।

২.৮ । সভাপতি অভিমত প্রকাশ করেন যে, পেন্ডিং আবেদনসমূহের ক্রমানুসারে ডিমান্ড নোট ইস্যুকরণ ও নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান ১ জুলাই থেকে শুরু করা যায়। তবে ৫ মে.ও. এর অধিক চাহিদার আবেদনসমূহ মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী নিস্পত্তি হওয়া প্রয়েজন। সোলার প্যানেল ব্যবহারকে উৎসাহিত করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ

৩ । সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

ক) বিদ্যুৎ বিতরণকারী সংস্থা/কোম্পানীসমূহ প্রাপ্ত আবেদনসমূহের ক্রমানুসারে পর্যায়ক্রমে আগামী ১ জুলাই থেকে ডিমান্ড নোট ইস্যু করবে যাতে আগামী ডিসেম্বর নাগাদ কোন পেন্ডিং আবেদন না থাকে। বিতরণকারী সংস্থাসমূহ বিদ্যমান নীতিমালা অনুযায়ী শীঘ্র সংযোগ প্রদান শুরু করবে।

খ) সোলার এনার্জি ব্যবহারকে উৎসাহিত করার লক্ষে যে সকল গ্রাহক সোলার প্যানেল স্থাপন সম্পন্ন করে রিপোর্ট করবে তাদের সংযোগ প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।

গ) ৫ মেগাওয়াটের বেশি চাহিদা হলে সেসব ক্ষেত্রে বিদ্যুৎ সংযোগ দেয়া যাবে না। তবে অধিক শ্রমঘন ও জনকল্যানমূলক প্রতিষ্ঠানে ৫ মেগাওয়াটের বেশি চাহিদার সংযোগের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানীর বোর্ডের সুপারিশ বিদ্যুৎ বিভাগের সিদ্ধান্তের জন্য প্রেরণ করতে হবে।

ঘ) প্রত্যেক বিক্রয় ও বিতরণ বিভাগের ম্যানেজারের আওতায় ০১ জন করে সোলার পরিদর্শক/কর্মী নিয়োগ করতে হবে এবং এ জন্য সংশ্লিষ্ট ব্যক্তিগণের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এই কর্মীগণ প্রতিনিয়ত স্থাপিত সোলার প্যানেলসমূহ পরিদর্শন করবেন এবং প্যানেলসমূহ পরিষ্কার করাসহ অন্যান্য সহযোগিতা প্রদান করবেন।

ঙ) বহুতল ভবনসমূহে সোলার স্থাপন কার্যক্রমের অগ্রগতি ও প্রতি ফ্ল্যাটে সোলার সংযোগের খরচ সংক্রান্ত তথ্যাদি ডেসকো এবং ডিপিডিসি সরবরাহ করবে; পাওয়ার সেল তা সমন্বয় করে রিপোর্ট দাখিল করবে এবং রিহ্যাবের সাথে এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হবে।

৫ । আর কোনো আলোচনা না থাকায় সকলের সার্বিক সহযোগিতা কামনা করে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/২৮.০৬.১১

(মোহাম্মদ এনামুল হক এম.পি.)
প্রতিমন্ত্রী

File 09.05.2011

# ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)

তারিখ ঃ ০৫/০৫/২০১১ইং
স্মারক নং-ডেসকো/এমডি/২০১১/১২৮৬

DESCO
Office of the Director (Operation)
Received No: ৯১৮ Date: ৮/৫

## সমন্বয় সভার কার্যবিবরণী

গত ২৭-০৪-২০১১ ইং তারিখ রোজ বুধবার সকাল ১০:০০ ঘটিকার সময় ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মনজুর রহমান-এর সভাপতিত্বে ডেসকো'র প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে এপ্রিল'১১ইং মাসের সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্ন বর্ণিত বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

**০১। বিভাগীয় সমন্বয় সভা ঃ**

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিভাগীয় সমন্বয় সভা | • সকল বিভাগ/দপ্তর সমুহের নিয়মিতভাবে মাসিক সমন্বয় সভা করার বিষয়ে আলোচনা হয়। | • সকল বিভাগ/দপ্তর সমুহ নিয়মিত মাসিক সমন্বয় সভা করবে।<br>• মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ডিজিএম বরাবর প্রেরণ করতে হবে। জোনাল ডিজিএম অফিস সমন্বয় সভার গুরুত্বপূর্ন বিষয় এবং আলোচিত হয়নি কোন গুরুত্বপূর্ন বিষয় থাকলে তার প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের জন্য ব্যবস্থাপক, ICT বিভাগ বরাবর প্রেরণ করবে। | জোনাল ডিজিএম এবং সকল বিভাগ/দপ্তর |

**০২। (ক) বিদ্যুৎ সাশ্রয় ও সোলার কার্যক্রম সংক্রান্ত।**

| বি ও বি বিভাগের নাম | প্রতিবেদনাধীন মাসে ব্যবহৃত (ফেব্রুয়ারী ২০১১) | | প্রতিবেদনাধীন মাসের পূর্ববর্তী মাসে ব্যবহৃত (জানুয়ারী ২০১১) | | বিগত বৎসরে একই সময়ে ব্যবহৃত (ফেব্রুয়ারী ২০১০) | | মন্তব্য | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ইউনিট (কিঃওঃ আঃ) | মূল্য (টাকা) | ইউনিট (কিঃওঃ আঃ) | মূল্য (টাকা) | ইউনিট (কিঃওঃ আঃ) | মূল্য (টাকা) | গত মাসের তুলনায় (কমেছে/ বেড়েছে) (%) | গত বছরের তুলনায় (কমেছে/ বেড়েছে) (%) |
| হেড অফিস | ৪৭২০ | ২৭৬২৫ | ৫২৮০ | ২৮৩৮৭ | ৬০০০ | ৩০৮৮৬ | -১০.৬১ | -২১.৩৩ |
| জিএম (O,N&C) | ২৪৫ | ১৭৫৫ | ২৯৯ | ২০৭১ | ২২১ | ১৩৯৯ | -১৮.০৬ | ১০.৮৬ |
| জিএম (S&D Open) | ২১৪ | ২২৬০ | ২১৪ | ২২৬০ | ৩১১ | ১১৬৬ | ০.০০ | -৩১.১৯ |
| কল্যাণপুর | ১১৫৪৩ | ৭০৬৯২ | ১১৩২০ | ৬৮৯১০ | ১০৪৪৮ | ৫৯৯৮৪ | ১.৯৭ | ১০.৪৮ |
| কাফরুল | ১০৮০২ | ৬৮১৪২ | ১১৮৩১ | ৭১২৫৫ | ১৫৮৯৩ | ৯৭৮৬৯ | -৮.৭০ | -৩২.০৩ |
| পল্লবী | ১৮৬৮৩ | ১১২৬২৭ | ২০৭৬৩ | ১১৯৬৭৯ | ২১১১৩ | ১২৪৩৬৭ | -১০.০২ | -১১.৫১ |
| গুলশান | ১১৮২৪ | ৬৮৯৫৯ | ১২৯৩২ | ৭১২০৮ | ১৩৪১৯ | ৭২০২৬ | -৮.৫৭ | -১১.৮৯ |
| বারিধারা | ১১৬৩৫ | ৬২৪৮৬ | ১০৬২১ | ৬৬২৩৬ | ১৬৩২৮ | ৮১৭৭৩ | ৯.৫৫ | -২৮.৭৪ |
| উত্তরা | ৬০১৫ | ৪২৭৪১ | ৬৪৪৯ | ৪৪১৩০ | ৬৪১৫ | ৪২৯০২ | -৬.৭৩ | -৬.২৪ |
| দক্ষিণখান | ৭৭৭৮ | ৪৩৭৮২ | ৬৯৪০ | ৪৩৯৪৪ | ৫৩৩৭ | ৩২৭৬৪ | ১২.০৭ | ৪৫.৭৪ |
| টঙ্গী (পূর্ব) | ৩৮০২ | ২৩৬৪৬ | ৭৪১৩ | ৪১২৫৯ | ২৮২৬ | ১৫৪৭৩ | -৪৮.৭১ | ৩৪.৫৪ |
| টঙ্গী (পশ্চিম) | ৩১৬২ | ১৭৮৮৪.৫০ | ২৭৮৬ | ১৫১৯৪ | ৪৭৯০ | ১৮০০১ | ১৩.৫০ | -৩৩.৯৯ |
| গ্রীড | ১১৭০৬ | ৬৬৭৭৩ | ১০৮৯৪ | ৫৮৬৯১ | | | ৭.৪৫ | |
| স্টোর | ৩৬৬২ | ২০৮৯৭ | ৪২৫২ | ২৩৩৮০ | | | -১৩.৮৮ | |
| প্রি-পেইড মিটার প্রডাকশন ইউনিট | ১৫৩৯ | ৭৬৯৯ | ১৭৩৬ | ৮২৫২ | ২৭১৭ | ১৪৫৪৩ | -১১.৩৫ | -৪৩.৩৬ |
| মোট | ১০৭৩৩০ | ৬৩৭৯৬৮.৫ | ১১৩৭৩০ | ৬৬৪৮৫৬ | ১০৮০৯২ | ৬০৬০৯৫ | -৫.৬৩ | -০.৭০ |

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | সোলার কার্যক্রম | • সরকারী নির্দেশনা অনুযায়ী ডেসকো'র সকল অফিস/স্থাপনার লাইট এবং ফ্যান লোডের বিপরীতে সোলার প্যানেল স্থাপনের বিষয়ে আলোচনা হয়। | • সরকারী সার্কুলার অনুযায়ী ডেসকো'র স্থাপনা সমূহে স্থাপনযোগ্য সোলার প্যানেলের তালিকা আগামী ১২ (বার) কর্ম দিবসের মধ্যে পরিচালক (অপারেশন) বরাবর প্রেরণ করতে হবে। | পরিচালক (অপারেশন) এবং সকল বিভাগ/দপ্তর |

**০৩। পরিদর্শন ঃ**

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | পরিদর্শন | • ডেসকো'র সকল পর্যায়ের কর্মকর্তাদের Field Visit এর উপর গুরুত্ব আরোপ করা হয়। | • পরিদর্শন ফরমেটের নির্দেশনা অনুযায়ী দপ্তর প্রধানগণ কর্মকর্তাদের মাঠ পরিদর্শন নিশ্চিতপূর্বক প্রতিবেদন দাখিল করবে। | সকল বিভাগ/দপ্তর |

০৪ । (ক) অডিট আপত্তি নিস্পত্তি সংক্রান্ত ঃ

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির ধরণ | পূর্বের অনিস্পন্ন | টাকার পরিমাণ (কোটি টাকা) | বিবেচ্য মাসের নতুন অডিট আপত্তি | মোট আপত্তি | নিস্প্রত্তির সংখ্যা | অনিস্পন্ন অডিট আপত্তি | টাকার পরিমাণ (কোটি টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৫ | ৬ | ৭ | ৮ | ৮ |
| ডেসকো | বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প সমূহ (ফাপাড) | ১৭টি | ১১৮.৪৩ | - | ১৭টি | - | ১৭টি | ১১৮.৪৩ | ফাপাড এর একটি অডিট আপত্তির কিছু অংশ নিস্পত্তি হয়েছে। |
| | পূর্ত অডিট | ৮২টি | ৭১৭.৩০ | - | ৮২টি | - | ৮২টি | ৭১৭.৩০ | |
| | মোট | ৯৯টি | ৮৩৫.৭৩ | - | ৯৯টি | - | ৯৯টি | ৮৩৫.৭৩ | |

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ক. | অডিট | • পূর্ত অডিট নিস্পত্তির বিষয়ে আলোচনা হয়। | • পূর্ত অডিট দ্রুত নিস্পত্তির বিষয়ে বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব মহোদয়ের সদয় হস্তক্ষেপ কামনা করে বর্তমান Status তুলে ধরে পত্র প্রেরণ করতে হবে। | অডিট শাখা |
| খ. | | • চুরি যাওয়া এবং নষ্ট ট্রান্সফরমারের ডাটাবেস তৈরীর বিষয়ে আলোচনা। | • সকল বি ও বি বিভাগ ট্রান্সফরমাররের হালনাগাদ একটি ডাটাবেস তৈরী করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে মহাব্যবস্থাপক (ও,এন এন্ড সি), ভারপ্রাপ্ত বরাবর প্রেরণ করবে। | মহাব্যবস্থাপক (ও,এনএন্ডসি) ভারপ্রাপ্ত, সকল বি ও বি বিভাগ |

০৫ । (ক) বিভাগীয় মোকদ্দমা (Disciplinary Action) ।

| সংস্থা/ কোম্পানীর নাম | পূর্বের পেন্ডিং | বিবেচ্য মাসে নতুন মামলা | মোট মামলা | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিস্পন্ন মামলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| প্রশাসন বিভাগ | ০১ | - | ০১ | - | ০১ | |

০৫ । (খ) আদালতে চলমান কোমদ্দমা ।

| সংস্থা/ কোম্পানীর নাম | আদালতের নাম | পূর্বের পেন্ডিং | বিবেচ্য মাসে নতুন মামলা | মোট মামলা | বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিস্পন্ন মামলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ডেসকো | উচ্চ আদালত | ৩৭ | ০২ | ৩৯ | - | ৩৯ | ফেব্রুয়ারী ২০১১ পর্যন্ত |
| | নিম্ন আদালত | ৫৯ | ০১ | ৬০ | - | ৬০ | |
| | মোট মামলা | ৯৬ | ০৩ | ৯৯ | - | ৯৯ | |
| ডেসকো | বিদ্যুৎ আদালত, ডেসকো | ২৮৪১ | ১০ | ২৮৫১ | ৪৮ | ২৮০৩ | ফেব্রুয়ারী ২০১১ পর্যন্ত |

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ক. | আদালতে চলমান মামলা | • উচ্চ আদালত এবং নিম্ন আদালতে চলমান মামলার কাজের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। | • উচ্চ এবং নিম্ন আদালতে চলমান পূরনো মামলার তথ্যাদি পূর্বের আইন উপদেষ্টার নিকট থেকে সংগ্রহ পূর্বক নিস্পত্তির বিষয়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (S,E & L)। |

০৬ । সিস্টেম লস ।

| সংস্থা/ কোম্পানীর নাম | ২০০৯-১০ সালের লক্ষ্য মাত্রা (%) | ২০০৯-১০ সালের অর্জন (%) | ২০১০-১১ সালের লক্ষ্য মাত্রা (%) | ফেব্রু /১১ মাসের লক্ষ্যমাত্রা | প্রকৃত লস | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ফেব্রু/১১ মাসে(%) | জানু/১০ মাসে (%) | বিগত বছরের একই মাস ফেব্রু /১০মাসে(%) | পূর্ববর্তী অর্থ বছরের একই মাস পর্যন্ত ফেব্রু/১০ মাস পর্যন্ত (%) | চলতি অর্থ বছরের ফেব্রু/১১ পর্যন্ত (%) | |
| কল্যাণপুর | ১২.৫০ | ১৩.৭১ | ১৩.৩৫ | ৬.০০ | ৮.১১ | ৪.৪৫ | ১৩.৩৯ | ১৩.৯৪ | ১২.৯১ | |
| কাফরুল | ১১.৭৫ | ১১.৬০ | ১১.৬০ | ৮.০৩ | ১০.৬০ | ৭.০২ | ৬.৯৮ | ১০.২৭ | ১০.৫৫ | |
| পল্লবী | ৮.৯০ | ৮.৬৪ | ৮.৭০ | ৮.০৫ | ৮.২৪ | ৬.২৭ | ৮.১৯ | ৮.১৪ | ৮.০৮ | |
| গুলশান | ৩.৭৫ | ২.৯৩ | ৩.৪৫ | ২.১০ | ১.৩৬ | ২.৫৫ | ২.৩৯ | ২.৭১ | ২.৮৬ | |

চলমান পাতা-৩

| সংস্থা/ কোম্পানীর নাম | ২০০৯-১০ সালের লক্ষ্য মাত্রা (%) | ২০০৯-১০ সালের অর্জন (%) | ২০১০-১১ সালের লক্ষ্য মাত্রা (%) | ফেব্রু /১১ মাসের লক্ষ্যমাত্রা | প্রকৃত লস | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | ফেব্রু/১১ মাসে(%) | জানু/১০ মাসে (%) | বিগত বছরের একই মাস ফেব্রু /১০মাসে(%) | পূর্ববর্তী অর্থ বছরের একই মাস পর্যন্ত ফেব্রু/১০ মাস পর্যন্ত (%) | চলতি অর্থ বছরের ফেব্রু/১১ পর্যন্ত (%) | |
| বারিধারা | ১৩.০০ | ১১.৬৬ | ১১.৬০ | ১০.৪২ | ৯.৪৯ | ১২.৯১ | ১১.২৮ | ১১.৭৮ | ১০.৬১ | |
| উত্তরা | ৬.২৫ | ৪.৯১ | ৫.০০ | ২.৩৫ | ৭.১৬ | ৫.৪০ | ২.৪৫ | ৪.২১ | ৪.৪৪ | |
| দক্ষিণখান | ১২.১০ | ১০.৩১ | ১০.১২ | ৫.০৮ | ১.০৫ | ৪.৬৫ | ২.৭০ | ৯.৩৩ | ৬.৯৫ | |
| টঙ্গী (পূর্ব) | ১২.৬০ | ১১.৯৬ | ১১.৬০ | ৭.৫০ | ৪.৯৫ | ১১.২২ | ২.৭৫ | ১০.০২ | ১০.৭৭ | |
| টঙ্গী (পঃ) | ১২.৪৫ | ১০.৩৯ | ১০.১২ | ৩.৫০ | ৫.৫৪ | ৯.৭১ | ৩.৬১ | ৯.০৩ | ৯.০৯ | |
| মোট | ৯.৫০ | ৮.৮৬ | ৮.৮৫ | ৫.২৯ | ৬.৩৭ | ৬.৭৬ | ৬.৩৮ | ৮.৩৫ | ৮.০৩ | |

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | সিস্টেম লস | • কয়েকটি বি ও বি বিভাগের সিস্টেম লস চলতি মাসে অতিরিক্ত বেড়ে গেছে, এর কারন মাঠ পর্যায়ের কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে না। | • সিস্টেম লস বেড়ে যাওয়ায় সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানকে সিস্টেম লস কমিয়ে আনার বিষয়ে পত্র প্রদান করা সহ মন্ত্রণালয়ের ফরমেট অনুযায়ী বি ও বি বিভাগকে মুল্যায়ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (ও,এন এন্ড সি) ভারপ্রাপ্ত |
| | | | • সিস্টেম লস হ্রাস করনে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট বি ও বি বিভাগকে নির্দেশ দেওয়া হয়। | সংশ্লিষ্ট বি ও বি বিভাগ |

**০৭। কালেকশন রেশিও (%)।**

| সংস্থা/ কোম্পানীর নাম | ২০০৯-১০ সালের অর্জন (%) | প্রকৃত অর্জন | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | ফেব্রুয়ারী/১১ মাসে (%) | জানুয়ারী /১১ মাসে (%) | বিগত বছরের একই মাস ফেব্রু/১০ মাসে(%) | পূর্ববর্তী অর্থ বছরের একই মাস পর্যন্ত ফেব্রুয়ারী/১০ মাস পর্যন্ত (%) | চলতি অর্থ বছরের ফেব্রুয়ারী /১১ পর্যন্ত (%) | |
| কল্যাণপুর | ৯৭.৩২ | ৯৫.২০ | ১২৯.২২ | ১০৪.৪৫ | ৯৯.৯০ | ১০৫.২০ | |
| কাফরুল | ৯৬.৩৯ | ৮৭.৩৯ | ১০৩.৯১ | ৯৯.২৮ | ৯৩.৫৬ | ৯১.৯৪ | |
| পল্লবী | ১০২.৫১ | ১০১.৭৫ | ১১২.১৯ | ১০৬.৩০ | ১০৪.৮০ | ১০১.৪৮ | |
| গুলশান | ৯৮.২৬ | ১০৩.৮৮ | ১৩৪.১৮ | ১০২.১১ | ১০২.৯০ | ১০৭.৯৯ | |
| বারিধারা | ৯৯.৭৩ | ৯৭.৫৯ | ১২৭.৮২ | ৯৭.৮৫ | ১০৪.৩০ | ১০১.২১ | |
| উত্তরা | ৯৮.৬২ | ৯৭.২৬ | ১১২.০৬ | ১০৫.৮৫ | ১০২.৯৫ | ১০৩.৮১ | |
| দক্ষিণখান | ৯৮.৫৭ | ৮৭.৩৬ | ১১৭.১৭ | ১১০.৪১ | ১০৩.৫৮ | ১০০.৮৪ | |
| টঙ্গী (পূর্ব) | ৯৮.১৭ | ৯২.৮৯ | ১০৭.৯৩ | ৯৬.৬৫ | ৯৯.৮৮ | ১০১.০৩ | |
| টঙ্গী (পশ্চিম) | ৯৯.৭১ | ৯১.০২ | ১১২.১২ | ৯৭.৭৩ | ১০৩.৪৪ | ১০১.২৫ | |
| মোট | ৯৮.৭৫ | ৯৬.৫৭ | ১১৯.৯৬ | ১০২.৩১ | ১০১.৮৬ | ১০২.৬৫ | |

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | কালেকশন | • মিরপুর বিহারী ক্যাম্পের বকেয়া আদায়ের বিষয়ে ত্রান মন্ত্রানলয়ে পত্র প্রেরণ করা হয় এবং একাধিকবার Pursue করেও কোন অগ্রগতি হয়নি। | • বিহারী ক্যাম্পের বকেয়া আদায়ে গৃহীত পদক্ষেপের বর্ননা দিয়ে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয় বরাবর ০৩(তিন) কর্মদিবসের মধ্যে পত্র প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপক, ICT বিভাগ |

**০৮। বকেয়া বিদ্যুৎ বিল আদায়।**

| বি ও বি বিভাগ | ক্যাটাগরী | পূর্বের বকেয়া (মিলিয়ন টাকা) | সমমাস | বিবেচ্য মাসে বকেয়া (মিলিয়ন টাকা) | মোট বকেয়া (মিলিয়ন টাকা) | বিবেচ্য মাসে আদায় (মিলিয়ন টাকা) | অবশিষ্ট বকেয়া (মিলিয়ন টাকা) | সমমাস (অবশিষ্ট বকেয়ার) | মন্তব্য (সম মাস) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| কল্যাণপুর | সরকারী | ৫২.৬১ | ৭.৯১ | ২.৮০ | ৫৫.৪১ | ০.৭৮ | ৫৪.৬৩ | ৮.২১ | ফেব্রুয়ারী ২০১১ |
| | আধা সরকারী | ৪৩.৪৮ | ৫.১১ | ৪.৩৩ | ৪৭.৮১ | ৪.০৫ | ৪৩.৭৬ | ৫.১৫ | |
| | প্রাইভেট | ২৯২.৯৩ | ২.৯০ | ৭৭.৯৭ | ৩৭০.৯০ | ৯৫.৯৪ | ২৭৪.৯৬ | ২.৭২ | |
| | মোট | ৩৮৯.০২ | ৩.৩৫ | ৮৫.১০ | ৪৭৪.১২ | ১০০.৭৭ | ৩৭৩.৩৫ | ৩.২১ | |
| কাফরুল | সরকারী | ১৪৫.৩৪ | ১৩.৭০, ৫.৪৭* | ১০.৪৮ | ১৫৫.৮২ | ০.৬৮ | ১৫৫.১৪ | ১৪.৬০ | ফেব্রুয়ারী ২০১১ |
| | আধা সরকারী | ১৯.৭১ | ৩.৩৩ | ৭.৪৭ | ২৭.১৮ | ৭.২৩ | ১৯.৯৫ | ৩.৩২ | |
| | প্রাইভেট | ১৩৯.৯৯ | ১.৮৮ | ৬২.৯০ | ২২০.৮৪ | ৬৩.২৫ | ১৫৭.৫৯ | ১.৯৬ | |
| | মোট | ৩০৫.০৪ | ৩.৩৩ ২.৮৯* | ৮০.৮৫ | ৪০৩.৮৪ | ৭১.১৬ | ৩৩২.৬৮ | ৩.৪৮ | |



চলমান পাতা - ৪

| বি ও বি বিভাগ | ক্যাটাগরী | পূর্বের বকেয়া (মিলিয়ন টাকা) | সমমাস | বিবেচ্য মাসে বকেয়া (মিলিয়ন টাকা) | মোট বকেয়া (মিলিয়ন টাকা) | বিবেচ্য মাসে আদায় (মিলিয়ন টাকা) | অবশিষ্ট বকেয়া (মিলিয়ন টাকা) | সমমাস (অবশিষ্ট বকেয়ার) | মন্তব্য (সম মাস) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| পল্লবী | সরকারী | ১৭.১৫ | ৩.৩২ | ৪.২৯ | ২১.৪৪ | ১.৬১ | ১৯.৮৩ | ৪.১৩ | ফেব্রুয়ারী ২০১১ |
| | আধা সরকারী | ৩৮.৬৪ | ৪.৩২ | ৮.৮৩ | ৪৭.৪৭ | ১৪.৪৮ | ৩২.৯৯ | ৩.৯৬ | |
| | প্রাইভেট | ২৩০.৬০ | ২.২৮ | ৭৫.৬৫ | ৩০৬.২৫ | ৭৫.১৩ | ২৩১.১২ | ২.৪৪ | |
| | মোট | **২৮৬.৩৯** | **২.৪৯** | **৮৮.৭৭** | **৬৭৫.১৬** | **৯১.২২** | **২৮৩.৯৪** | **২.৬৩** | |
| গুলশান | সরকারী | ৬৯.৩০৬ | ২.৬৯ | ২০.৮৫২ | ৯০.১৫৮ | ২২.৮৩৮ | ৬৭.৩২০ | ২.৬১ | ফেব্রুয়ারী ২০১১ |
| | আধা সরকারী | ৪৬.৩৫৮ | ৬.৬২ | ৭.৩৭৪ | ৫৩.৭৩২ | ১৩.৭৬২ | ৩৯.৯৭০ | ৫.৭১ | |
| | প্রাইভেট | ২৯৬.৩২৯ | ১.৫৬ | ১৪২.৪১০ | ৪৩৮.৭৩৮ | ১৪১.১০৮ | ২৯৭.৬৩০ | ১.৫৭ | |
| | মোট | **৪১১.৯৯২** | **১.৮৫** | **১৭০.৬৩৬** | **৫৮২.৬২৮** | **১৭৭.৭০৮** | **৪০৪.৯২০** | **১.৮২** | |
| বারিধারা | সরকারী | ১.৪৬ | ১১.২৬ | ০.০৮ | ১.৫৪ | ০.১৪ | ১.৪০ | ১০.৭৭ | ফেব্রুয়ারী ২০১১ |
| | আধা সরকারী | ৩০.৭৪ | ৪.৫৪ | ৬.৯৯ | ৩৭.৭৩ | ৭.৪৮ | ৩০.২৫ | ৪.৪৮ | |
| | প্রাইভেট | ২৬০.৯৩ | ১.৭৯ | ১০৫.৪২ | ৩৬৬.৩৫ | ৯৮.৫১ | ২৬৭.৮৪ | ১.৮৮ | |
| | মোট | **২৯৩.১৩** | **১.৯৩** | **১১২.৪৯** | **৪০৫.৬২** | **১০৬.১৩** | **২৯৯.৪৯** | **২.০০** | |
| উত্তরা | সরকারী | ১০.০১ | ৭.৮৩ | ০.৯০ | ১০.৯১ | ০.৬১ | ১০.৩০ | ৮.৪৩ | ফেব্রুয়ারী ২০১১ |
| | আধা সরকারী | ১৫.২০ | ০.৬৫ | ১৭.৪৮ | ৩২.৬৮ | ১৩.৭৩ | ১৮.৯৫ | ০.৭৬ | |
| | প্রাইভেট | ১০৮.৬৬ | ০.৯৯ | ৮৪.৩৯ | ১৯৩.০৪ | ৮১.৩৬ | ১১১.৬৯ | ১.০১ | |
| | মোট | **১৩৩.৮৭** | **১.০০** | **১০২.৭৭** | **২৩৬.৬৩** | **৯৫.৭০** | **১৪০.৯৪** | **১.০৪** | |
| দক্ষিণখান | সরকারী | ১.৮৬ | ২.১৫ | ১.৩৭ | ৩.২২ | ০.৭৫ | ২.৪৭ | ২.৮৬ | ফেব্রুয়ারী ২০১১ |
| | আধা সরকারী | ৯.৪৮ | ৪.২২ | ২.৮৯ | ১২.৩৭ | ২.৪৩ | ৯.৯৩ | ৪.৪০ | |
| | প্রাইভেট | ১১৯.৯৫ | ২.১০ | ৫১.৭৯ | ১৭১.৭৪ | ৪৬.৮৩ | ১২৪.৯২ | ২.২০ | |
| | মোট | **১৩১.২৯** | **২.১৮** | **৫৬.০৫** | **১৮৭.৩৪** | **৫০.০২** | **১৩৭.৩২** | **২.২৯** | |
| টঙ্গী (পূর্ব) | সরকারী | ০.৩৮ | ১.৪৬ | ০.২৫ | ০.৬৩ | ০.১৪ | ০.৪৯ | ১.৯০ | ফেব্রুয়ারী ২০১১ |
| | আধা সরকারী | ১২.৯৪ | ৩.৩৮ | ৩.৯১ | ১৬.৮৫ | ৩.৬৩ | ১৩.২১ | ৩.৪৫ | |
| | প্রাইভেট | ১০৭.০০ | ১.৯২ | ৬০.৩৯ | ১৬৭.৩৯ | ৫৬.৭০ | ১১০.৭০ | ১.৯৯ | |
| | মোট | **১২০.৩১** | **২.০১** | **৬৪.৫৫** | **১৮৪.৮৬** | **৬০.৪৭** | **১২৪.৩৯** | **২.০৮** | |
| টঙ্গী (পশ্চিম) | সরকারী | ১.১৯১ | ৩.৫৭৬ | ০.২৮৪ | ১.৪৭৫ | ০.১৯৭ | ১.২৭৮ | ৩.৪২৬ | ফেব্রুয়ারী ২০১১ |
| | আধা সরকারী | ১.৯৩৮ | ৩.৫৩ | ০.৫৫০ | ২.৪৮৮ | ০.২৬২ | ২.২২৬ | ৩.৫৫০ | |
| | প্রাইভেট | ৬২.৮২৯ | ১.০৯৪ | ৫৩.৯১৭ | ১১৬.৭৪৬ | ৪৯.৬৬৩ | ৬৭.০৮৩ | ১.০২৯ | |
| | মোট | **৬৫.৯৫৮** | **১.১৩১** | **৫৪.৭৫১** | **১২০.৭০৯** | **৫০.১২২** | **৭০.৫৮৭** | **১.০৬৭** | |
| ডেসকো | সরকারী | ২৬৯.১১৬ | ৫.৩৭ | ৪৪.৫৩৯ | ৩১৩.৬৫৫ | ১৭.৩০২ | ২৯৬.৩৫২ | ৫.৮৭ | ফেব্রুয়ারী ২০১১ |
| | আধা সরকারী | ১৮৪.২০৭ | ২.৯৭ | ৬১.৯৬৫ | ২৪৬.১৭২ | ৭৫.৫২৫ | ১৭০.৬৪৭ | ২.৭১ | |
| | প্রাইভেট | ১৮৫৪.৮৮৩ | ২.১৬ | ৭০৬.৩৭৭ | ২৫৬১.২৬ | ৮৮২.৩৩৫ | ১৬৭৮.৯২৬ | ১.৯৩ | |
| | মোট | **২৩০৮.২০৬** | **২.৩৮** | **৮১২.৮৮১** | **৩১২১.০৮৭** | **৯৭৫.১৬২** | **২১৪৫.৯২৫** | **২.১৮** | |

০৯। আন্তঃ সংস্থার দেনা-পাওনা সংক্রান্ত তথ্য ছক।

| পাওনাদার সংস্থা/ কোম্পানীর নাম | দেনাদার সংস্থা/ কোম্পানীর নাম | পূর্বের জের | বিবেচ্যমাসে পাওনা/বিল | | মোট পাওনা | আদায় | | | বর্তমানে মোট বকেয়া | বর্তমানে বকেয়া (২ মাসের বকেয়া বাদে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নভেম্বর '১০ | ডিসেম্বর '১০ | জানুয়ারী '১১ | | ডিসেম্বর '১০ | জানুয়ারী '১১ | মোট আদায় | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| বিউবো | ডেসকো | ১২৩৮.৫২ | ৪৯৯.১৬ | ৪৯৪.০৪ | ২২৩১.৭২ | ৫৫১.৪০ | ৪৯৯.১৬ | ১০৫০.৫৬ | ১১৮১.১৬ | ১৮৭.৯৬ | |
| পিজিসিবি | ডেসকো | ১১৬.০৪ | ৪৬.৭৭ | ৪৬.২৯ | ২০৯.১০ | ৫১.৬৬ | ৪৬.৭৭ | ৯৮.৪৩ | ১১০.৬৭ | ১৭.৬১ | |

১০। প্রশিক্ষণ।

| বিভাগের নাম | মোট কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | জন প্রতি ৪০ ঘন্টা হিসাবে মোট প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা (Man-Hour = কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা x ৪০) | প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের Man-Hour | বিবেচ্য মাস পর্যন্ত (ফেব্রুয়ারী' ১১) Man-Hour | অবশিষ্ট Man-Hour | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| এইচআরএম এন্ডডি | ৯৮৭ জন | ৩৯,৪৮০ | ৪২৬৪ | ২৮০৭৪ | ১১৪০৬ | ফেব্রুয়ারী ২০১১ মাস পর্যন্ত ৭১.১০% সম্পন্ন হয়েছে। |

চলমান পাতা - ৫

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | প্রশিক্ষন | • সাব-স্টেশন এটেনডেন্ট এবং কমপ্লেইন এটেনডেন্টদের আচার, ব্যবহার, কথাবার্তা ইত্যাদির বিষয়ে ট্রেনিং দেওয়ার বিষয়ে আলোচনা হয়। | • কমপ্লেইন এটেন্ডডেন্ট এবং সাব-স্টেশন এটেন্ডডেন্টদের একটি প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>• ডেসকো'র অভ্যন্তরে দক্ষ প্রশিক্ষক না থাকলে "Out Sourcing" থেকে দক্ষ প্রশিক্ষক আনার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক, এইচআরএম বিভাগ |
| | | | • প্রশিক্ষনে অংশগ্রহনকারীদের ভাতা প্রদানের বিষয়ে ওয়ার্কিং পেপার তৈরী করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) |

১১। বিবিধ।

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ক) | বার্ষিক Procurement Plan | • সকল দপ্তর থেকে Procurement Plan পাওয়া গেছে। | • আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে Procurement Plan এর Summery রিপোর্ট তৈরী করতে করবে। | ব্যবস্থাপক, সংগ্রহ ও চুক্তি ব্যবস্থাপনা বিভাগ |
| খ) | সিকিউরিটি ম্যানুয়াল | • সিকিউরিটি ম্যানুয়ালের খসড়া তৈরী চুড়ান্ত করা হয়েছে বলে জানানো হয়।<br>• প্রত্যেক KPI এবং সাব-স্টেশনগুলো Random পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়। | • আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সিকিউরিটি ম্যানুয়েল চুড়ান্ত করতে হবে।<br>• কেন্দ্রীয় নিরাপত্তা বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগন গুরুত্বপূর্ন স্থাপনা সমূহ Random পরিদর্শন করবে। কোন অনিয়ম পরিলক্ষিত হলে তাৎক্ষনিক ব্যবস্থা নিতে হবে। | ব্যবস্থাপক (S,E & L) ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| গ) | CC TV | • ডেসকো'র সকল KPI, সাব-স্টেশন/ সুইচিং স্টেশনগুলো CCTV -র আওতায় নিয়ে আসার বিষয়ে আলোচনা হয়। | • ডেসকো'র সকল KPI, সাব-স্টেশন, সুইচিং স্টেশনগুলোতে CC TV স্থাপনের জন্য টেন্ডার রিভিউ কমিটিকে দ্রুততার সাথে কাজ করার নির্দেশ দেওয়া হয়। | উপ-মহাব্যবস্থাপক, মিরপুর জোন। |
| ঘ) | Smoke ডিটেক্টর স্থাপন | • গুরুত্বপূর্ন স্থাপনায় Smoke ডিটেক্টর স্থাপন করা যায় কিনা সে বিষয়ে আলোচনা হয়। | • বর্তমানে বাজারে কি ধরনের Smoke ডিটেক্টর ও আধুনিক অগ্নিনির্বাপক যন্ত্রপাতি পাওয়া যায় তার একটি বর্ননা পরবর্তী মিটিংয়ে দাখিল করতে হবে। | ব্যবস্থাপক, শেয়ার ও পলিসি এবং সহঃ ব্যবস্থাপক (নিরাপত্তা) |
| ঙ) | COSS ঠিকাদারের লোকবল নিয়োগ | • দাখিলকৃত COSS ঠিকাদারের লোকবলের নিয়োগ চুড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়। | • COSS ঠিকাদারের লোকবলের তালিকা দ্রুত চুড়ান্ত করতে হবে। | মহা-ব্যবস্থাপক (ও,এনএন্ডসি) ভারপ্রাপ্ত এবং সকল বি ও বি বিভাগ। |
| চ) | সিস্টেম লস (%) হ্রাস করনে প্রস্তাবিত উৎসাহ বোনাস | • ২০০৯-২০১০ইং অর্থ বছরের সিস্টেম লসের অর্জিত লক্ষ্যমাত্রার প্রেক্ষিতে উৎসাহ বোনাস প্রদানের বিষয়টি সভায় আলোচনা হয়। | • ২০০৯-২০১০ইং অর্থ বছরের অর্জিত সিস্টেম লসের উপর উৎসাহ বোনাস প্রদানের বিষয়ে ডেসকো বোর্ড কর্তৃক গঠিত কমিটি'র আহবায়ককে মিটিং করে উৎসাহ বোনাসের প্রস্তাব বোর্ড বরাবর রিপোর্ট দাখিলের অনুরোধ জানাতে হবে। | কোম্পানী সচিব। |
| ছ) | গাড়ী ব্যবহার | • কর্মকর্তাদের গাড়ী ব্যবহার যথাযথ হচ্ছেনা মর্মে সভায় আলোচনা হয়। | • গাড়ী ব্যবহারে সকলকে সাবধানতা অবলম্বন করার পরামর্শ প্রদান করা হয়। | সকল বিভাগ/ দপ্তর |
| জ) | E-Governance চালু করন | • সকল বিওবি বিভাগে E-Governance চালুর বিষয়ে আলোচনা হয়। | • E-Governance কবে কোথায় চালু হবে তা নির্ধারন পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক, ICT বিভাগ। |
| ঝ) | BERC-এ ট্যারিফ বৃদ্ধির প্রস্তাব প্রেরণ | • BERC এ Domestic ট্যারিফ বৃদ্ধির জন্য ডেসকো'র পক্ষ থেকে একটি প্রস্তাব চুড়ান্ত করার বিষয়ে আলোচনা হয়। | • BERC এ ডেসকো'র ট্যারিফ বৃদ্ধির প্রস্তাব আগামী ১৫ (পনের) দিনের মধ্যে চুড়ান্ত করে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | অর্থ ও হিসাব বিভাগ এবং ব্যবস্থাপক, ICT বিভাগ। |
| ঞ) | আবাসিক ভবনে লোড অনুমোদন | • প্রতি ফ্ল্যাটে ২ কিঃওঃ লোড বিশিষ্ট এপার্টমেন্ট ভবনে বিদ্যুৎ সংযোগের সরকারী নির্দেশনা সকলকে অবহিত করা হয়। | • আবাসিক ভবনে ২ কিঃওঃ লোড বরাদ্দের ক্ষেত্রে সরকারী নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট বি ও বি বিভাগ |
| ট) | রাজউক বহির্ভূত এলাকায় নতুন সংযোগের আবেদন গ্রহণ। | • রাজউক বহির্ভূত পৌর / ইউনিয়ন পরিষদ এলাকার নতুন সংযোগের আবেদনপত্র জমা নেওয়ার ক্ষেত্রে ভবন নির্মাণের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনমতিপত্র গ্রহনের বিষয়ে আলোচনা হয়। | • রাজউক বহির্ভূত পৌর / ইউনিয়ন পরিষদ এলাকার নতুন সংযোগের আবেদন গ্রহণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের অথবা পৌর এলাকার মেয়রের নিকট থেকে ভবন নির্মানের অনাপত্তি ছাড়পত্র গ্রহণ পূর্বক গ্রাহকের নিকট থেকে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে রাজউকের কোন ধরনের আপত্তি উত্থাপিত হলে সংযোগ বিচ্ছিন্ন করা হবে মর্মে অঙ্গিকার নামা নিতে হবে। | সংশ্লিষ্ট বি ও বি বিভাগ |

চলমান পাতা - ৬

| ক্রঃ নং | বিষয়বস্তু | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ঠ) | অস্থায়ী সংযোগ | • অস্থায়ী সংযোগ প্রদানের ক্ষেত্রে বর্তমান নীতিমালা বিস্তারিতভাবে আলোচনা হয়। | • অস্থায়ী সংযোগের ২ কিঃওঃ পর্যন্ত লোড বিভাগীয় প্রধান অনুমোদন দিবে এবং এর বেশী লোড প্রদানের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে। | সকল বি ও বি বিভাগ |
| ড) | পিক আওয়ারে কলকারখানায় বিদ্যুৎ ব্যবহার না করা প্রসঙ্গে | • পিক আওয়ারে কলকারখানায় বিদ্যুৎ ব্যবহার না করার বিষয়ে সরকারী নির্দেশনা প্রতিপালনের বিষয়ে আলোচনা হয়। | • পিক আওয়ারে কলকারখানায় বিদ্যুৎ ব্যবহার না করার বিষয়ে গ্রাহককে পত্র প্রদান এবং ভিজিলেন্স টীমের কার্যক্রম জোরদার করতে হবে। | সকল বি ও বি বিভাগ |
| ঢ) | টঙ্গী এলাকায় গ্রাহক দিবসে উত্থাপিত বিভিন্ন বিষয়াদী। | • টঙ্গীর এলাকার গ্রাহক দিবসে বিদ্যুৎ বিভাগের মাননীয় সচিব মহোদয়ের নির্দেশনা সকলকে অবহিত করা হয়। | • ৩৩ কেভি ইনকামিং সাইডে আন্ডার ফ্রিকোয়েন্সি Relay অপসারনের জন্য পিজিসিবি-কে পত্র দিতে হবে। | পরিচালক (অপারেশন) |
| | | | • টঙ্গী পৌর এলাকায় রাস্তার বাতির জন্য একটি অতিরিক্ত তার বিতরণ লাইনের সাথে সংযোজন করতে হবে। | পিএন্ড ডি বিভাগ এবং সংশ্লিষ্ট বি ও বি বিভাগ |
| | | | • যে সমস্ত লিখিত অভিযোগ পাওয়া গেছে তার জবাব পত্র মারফত গ্রাহককে অবহিত করতে হবে। | টঙ্গী (পূর্ব/পশ্চিম) বি ও বি বিভাগ |
| | | | • লোড শেডিং এর সিডিউল এলাকা ভিত্তিক গ্রাহককে জানানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | টঙ্গী (পূর্ব/পশ্চিম) বি ও বি বিভাগ |
| | | | • প্রতিটি অভিযোগ কেন্দ্রে ০২ (দুই)টি করে ফোন রাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বি ও বি বিভাগ |
| | | | • ডেসকো'র নিয়ন্ত্রনাধীন এলাকায় ডিপিডিসি'র স্থাপনা ডেসকো'র নিকট হস্তান্তরের বিষয়ে মন্ত্রণালয়ের হস্তক্ষেপ চেয়ে পত্র প্রেরণ করতে হবে। | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| | | • Bill Pay সেন্টারের মাধ্যমে বিল পরিশোধ করলে সাথে সাথে Update হয়না। | • Bill Pay সেন্টারগুলোর সাথে যোগাযোগ করে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক, ICT বিভাগ। |
| | | • গ্রাহকদের Estimated বিল দেওয়া হয়। | • ০৩ (তিন) মাসের বেশী Estimated বিল হচ্ছে এমন গ্রাহকের তালিকা তৈরী করে সরজমিন পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সকল বি ও বি বিভাগ |

সভায় আর কোন আলোচনা না থাকায় ব্যবস্থাপনা পরিচালক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫/৫/১১
(মোঃ মনজুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক

• সভায় উপস্থিত সকল কর্মকর্তাগণের নামের তালিকা (সংযুক্ত পাতায় দ্রষ্টব্য)।

• বিতরণ ঃ সভায় উপস্থিত সকল কর্মকর্তাবৃন্দ।

অনুলিপি ঃ
১। পরিচালক (সংগ্রহ, অর্থ ও হিসাব / অপারেশন), ডেসকো।
২। সকল দপ্তর/বিভাগ .................................................... ।
৩। অফিস/মাষ্টার কপি।

(সভায় উপস্থিত সকল কর্মকর্তাগনের নামের তালিকা ঃ

(জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়)

১. জনাব মোঃ মনজুর রহমান, ব্যবস্থাপনা পরিচালক ।
২. জনাব কুদরত-ই-খুদা, পরিচালক (সংগ্রহ, অর্থ ও হিসাব) ।
৩. প্রকৌঃ মোঃ শাহজাহান মিয়া, পরিচালক (অপারেশন) ।
৪. জনাব মোঃ সফিকুল ইসলাম চৌধুরী, মহা-ব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল)-(ভারপ্রাপ্ত) এবং উপ-মহাব্যবস্থাপক, গুলশান জোন ।
৫. প্রকৌঃ এস.এম. হাবিবুর রহমান, উপ-মহাব্যবস্থাপক, মিরপুর জোন ।
৬. প্রকৌঃ শাহ আলম, উপ-মহাব্যবস্থাপক (এস ই এন্ড ডি) এবং মহা-ব্যবস্থাপক (পি এন্ড ডি)- (ভারপ্রাপ্ত) ।
৭. প্রকৌঃ নুর মহম্মদ, উপ-মহাব্যবস্থাপক, উত্তরা জোন এবং মহা-ব্যবস্থাপক (সংগ্রহ ও ষ্টোর)-(ভারপ্রাপ্ত) ।
৮. প্রকৌঃ এ,কে,এম মোস্তফা কামাল, উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং মহা-ব্যবস্থাপক (পারসোনাল এন্ড এডমিনিষ্টেশন)-(ভারপ্রাপ্ত) ।
৯. জনাব এ.এইচ.এম নুরুল হুদা, কোম্পানী সচিব ।
১০. জনাব মোঃ রফি উদ্দিন, উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) ।
১১. প্রকৌঃ মোঃ জাকির হোসেন, ব্যবস্থাপক (বিভাগীয় প্রধান), কাফরুল বি ও বি বিভাগ ।
১২. প্রকৌঃ মোঃ আখেরুল ইসলাম, ব্যবস্থাপক, কোম্পানী সচিবালয় ।
১৩. জনাব খন্দকার নজিবুল আলম, ব্যবস্থাপক (টেস্টিং এন্ড রিপেয়ার) বিভাগ ।
১৪. জনাব আব্দুস ছালাম, ব্যবস্থাপক (আইসিটি) ।
১৫. প্রকৌঃ মোঃ মোস্তাফিজুর রহমান, ব্যবস্থাপক (বিভাগীয় প্রধান) আগারগাঁও বি ও বি বিভাগ ।
১৬. জনাব মোঃ মমিনুল ইসলাম, ব্যবস্থাপক (এস্টেট এন্ড সিকিউরিটি) ।
১৭. প্রকৌঃ মোঃ কামরুজ্জামান, ব্যবস্থাপক (বিভাগীয় প্রধান) রূপনগর বি ও বি বিভাগ ।
১৮. প্রকৌঃ মোঃ গোলাম রব্বানী, ব্যবস্থাপক, প্রি-পেইড মিটারিং প্রোডাকশন ইউনিট ।
১৯. জনাব এস.এম জামিল হুসাইন, ব্যবস্থাপক (এইচআরএম এন্ড ডি) ।
২০. প্রকৌঃ মোঃ সাদেকুল ইসলাম, ব্যবস্থাপক (বিভাগীয় প্রধান) দক্ষিণখান বি ও বি বিভাগ ।
২১. প্রকৌঃ শামীম আহসান চৌধুরী, ব্যবস্থাপক, (বিভাগীয় প্রধান), উত্তরা বি ও বি বিভাগ ।
২২. প্রকৌঃ মোঃ মফিজুল ইসলাম ভুঁইয়া, ব্যবস্থাপক, (বিভাগীয় প্রধান), বারিধারা বি ও বি বিভাগ ।
২৩. প্রকৌঃ মোঃ এনামুল হক, ব্যবস্থাপক (বিভাগীয় প্রধান), টংগী (পূর্ব) বি ও বি বিভাগ ।
২৪. জনাব মোঃ তৌফিক আব্দুল্লাহ, ব্যবস্থাপক (এল এন্ড জিএস) ।
২৫. প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম, ব্যবস্থাপক, টংগী (পশ্চিম) বি ও বি বিভাগ ।
২৬. প্রকৌঃ মোঃ রশিদুর রহমান, ব্যবস্থাপক (স্টোর ম্যানেজম্যান্ট) বিভাগ ।
২৭. প্রকৌঃ মোঃ শরিফুল ইসলাম, ব্যবস্থাপক (সংগ্রহ) ।
২৮. জনাব মোঃ মিনহাজ উদ্দিন, উপ-ব্যবস্থাপক (অডিট), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর ।
২৯. প্রকৌঃ মোহাম্মদ নাসির উদ্দিন মিয়া, উপ-ব্যবস্থাপক (স্টাফ অফিসার টু এমডি) ।
৩০. জনাব সাজেদুল করিম, সহঃ ব্যবস্থাপক (নিরাপত্তা), প্রশাসন বিভাগ ।

DESCO
POWER IS YOURS
DHAKA ELECTRIC SUPPLY COMPANY LTD

House#3, Road#24, Block-K, Banani R/A
Dhaka-1213, Bangladesh
Phone: +88028860341; +88028859642
Fax: +88028854648
email: info@desco.org.bd; mddesco@desco.org.bd
www.desco.org.bd

স্মারক নং-ডেসকো/প্রশাসন/৩১/২০১১/৯৭৭

তারিখঃ ০৩/০৪/২০১১ইং।

S & D Dakshinkhan Division
D E S C O
Received No... 533
Date... 6.0.4.11

# অফিস আদেশ

**বিষয় ঃ- মেইন মিটারের লোড ও নিরাপত্তা জামানত সাব-মিটারের বিপরীতে বিভাজন প্রসংঙ্গে।**

লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন বিক্রয় ও বিতরন বিভাগে মেইন মিটারের বিপরীতে বরাদ্দকৃত লোড সাব-মিটার সমূহের বিপরীতে বিভাজনের ক্ষেত্রে পূনরায় নিরাপত্তা জামানত আদায় পূর্বক সংযোগ প্রদান করা হচ্ছে এবং গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে মেইন মিটারের বিপরীতে পরিশোধিত জামানত ফেরৎ দেয়া হচ্ছে।

উপরোক্ত জটিলতা পরিহার করার জন্য এবং গ্রাহক সেবার মান উন্নয়নের লক্ষ্যে মেইন মিটারের বিপরীতে বরাদ্দকৃত সমস্ত লোডের বিপরীতে পরিশোধিত নিরাপত্তা জামানত পরবর্তী সময়ে সাব-মিটার সমূহের বিপরীতে লোড ও নিরাপত্তা জামানত বিভাজনের ক্ষেত্রে গ্রাহক কর্তৃক সংযুক্ত ফরমেট পূরন পূর্বক এর ফটোকপি প্রতিটি গ্রাহক ফাইলে সংরক্ষন করতে হবে। এক্ষেত্রে গ্রাহকের নিকট থেকে পূনরায় নিরাপত্তা জামানত গ্রহনের প্রয়োজন হবে না।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

(এ. কে. এম মোস্তফা কামাল)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

(i) DMSO
(ii) All AM
(iii) O/C

AM-1(M)

06.04.11

সংযুক্তিঃ বর্ণনামতে।

অনুলিপি ঃ সদয় অবগতি জন্য।

০১। ব্যবস্থাপনা পরিচালক, ডেসকো।
০২। পরিচালক (সংগ্রহ, অর্থ ও হিসাব/অপারেশন), ডেসকো।
০৩। মহাব্যবস্থাপক (অপারেশন, নেটওয়ার্ক এন্ড কন্ট্রোল), ডেসকো।
০৪। সকল বি ও বি বিভাগ/সিপিএন্ডএমআইএস।
০৫। অফিস কপি।

# লোড ও নিরাপত্তা জামানত বিভাজনের সম্মতিপত্র

| *পরিশোধকৃত জামানতের তথ্য* | |
|---|---|
| নাম ঃ | ট্যারিফ ঃ |
| ঠিকানা ঃ | লোড (কিঃওঃ) ঃ |
| পরিশোধিত নিরাপত্তা জামানতের পরিমান (টাকা) ঃ | বিল নং ঃ |

আমি এই মর্মে সম্মতি জ্ঞাপন করিতেছি যে, আমার স্থাপনায় ইতোপূর্বে বরাদ্দকৃত...............কিঃওঃ লোডের বিপরীতে পরিশোধিত নিরাপত্তা জামানতের.........................টাকা এবং লোড নিম্নবর্নিতভাবে............টি হিসাবের বিপরীতে বিভাজন পূর্বক বরাদ্দ করা হলে আমার কোন প্রকার আপত্তি থাকবে না।

| ক্রমিক নং | গ্রাহকের নাম | ফ্লোর | ফ্ল্যাট নং | *অফিস কর্তৃক পূরনীয়* | | লোড (কিঃওঃ) | নিরাপত্তা জামানতের পরিমান | গ্রাহকের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | হিসাব নং | মিটার নং | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | মোট | | | |

নিরাপত্তা জামানত পরিশোধকারীর স্বাক্ষর

Office of MD DESCO
Received No. 1475 Date 13-03-11

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড
বিক্রয় ও বিতরন বিভাগ, গুলশান

DESCO
DT. No. 255
Date 02.3.11

তারিখ-২২-০২-২০১১ ইং।

বিষয় ঃ ঢাকা সেনানিবাসে ৫০০ শয্যা বিশিষ্ট কুর্মিটোলা জেনারেল হাসপাতালে ১৬০০ কিঃওঃ লোডের আবেদন প্রসঙ্গে।
সূত্র ঃ ৪০০৩/৩৭/ই-৪ তারিখ-১৯-০১-১১, অত্র দপ্তরের রিসিভ নং-১৯৩ তারিখ-১৯-০১-১১ ইং।

- বিশেষ কোন কারণে ২ (দুই) মাসের অতিরিক্ত সময়ের প্রয়োজন হলে, দ্বিগুণ হারে ভাড়া প্রযোজ্য হবে।
- নির্ধারিত ভাড়া অগ্রিম পরিশোধ করতে হবে।
- ভাড়ায় গৃহীত ট্রান্সফরমার গ্রাহকের ব্যবহার জনিত কারণে ক্ষতিগ্রস্থ হলে গ্রাহককে ক্ষতিগ্রস্থ মালামালের মূল্য পরিশোধ করতে হবে।

Pole/Trolly Mount Transformer ভাড়ায় প্রদানের ক্ষেত্রে উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরনের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৪/৯/০৬
মোঃ মনজুর রহমান
পরিচালক (কারিগরী), ডেসকো।

বিতরনঃ উপ-মহাব্যবস্থাপক, বিক্রয় ও বিতরন বিভাগ (কাফরুল/কল্যাণপুর/গুলশান/উত্তরা/দক্ষিণখান/বারিধারা/পল্লবী)।

অনুলিপিঃ
১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, ডেসকো।
২। পরিচালক (অর্থ), ডেসকো।
৩। উপ-মহাব্যবস্থাপক, (প্রশাসন)/(পিএন্ডডি), ডেসকো।

E:\Circular File\All Circular.doc Page - 4 -

House # 3, Road # 24, Block-K, Banani Model Town, Dhaka-1213. Phone: 8854648, 8859642 E-mail: mddesco@bdcom.com

পাতা-২৫৫

# ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো)

(35)

বিক্রয় ও বিতরন বিভাগ, কাফরুল

২৯ মে ২০০৬ইং
স্মারক নং ডেসকো/বিওবি(কাফরুল)/২০০৬/ ৪০৭

**বিষয় ঃ ডেসকোর সকল বিক্রয় ও বিতরন বিভাগের অভিন্ন কার্যক্রম গ্রহন পূর্বক Uniform System এ পরিচালনার বিষয়ে উপ-মহাব্যবস্থাপকগনের দ্বিতীয় মাসিক সভার কার্যবিবরনী।**

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিমিটেড (ডেসকো) এর বিক্রয় ও বিতরন বিভাগ সমূহের বিভিন্ন কার্যক্রমের ভিন্নতায় উদ্ভূত সমস্যা নিরসন কল্পে স্মারক নং-ডেসকো/বিওবি(কাফরুল)/২০০৬/৩৭৬ এর আলোকে সকল বিক্রয় ও বিতরন বিভাগ কর্তৃক পরিচালিত কার্যক্রম সমূহের অভিন্ন Uniform System এ পরিচালনার নিমিত্তে ০৩/০৫/২০০৬ইং তারিখ বেলা ২:০০ ঘটিকায় বারিধারা বিক্রয় ও বিতরন বিভাগে উপ-মহাব্যবস্থাপক জনাব এম শাহজাহান মিয়া এর সভাপতিত্বে উপ-মহাব্যবস্থাপক গনের দ্বিতীয় মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্ন বর্ণিত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন ঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | জনাব মোঃ সফিকুল ইসলাম চৌধুরী | - | উপ-মহাব্যবস্থাপক, বিওবি কল্যানপুর |
| ২। | জনাব এ কে এম মোস্তফা | - | উপ-মহাব্যবস্থাপক, বিওবি গুলশান |
| ৩। | জনাব নুর মহম্মদ | - | উপ-মহাব্যবস্থাপক, বিওবি উত্তরা |
| ৪। | জনাব এস এম হাবিবুর রহমান | - | উপ-মহাব্যবস্থাপক, বিওবি বারিধারা |
| ৫। | জনাব শামীম আহসান চৌধুরী | - | উপ-মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বিওবি পল্লবী |
| ৬। | জনাব মোঃ শরিফুল ইসলাম | - | উপ-ব্যবস্থাপক, বিওবি বারিধারা |
| ৭। | জনাব মোঃ মোমিনুল ইসলাম | - | উপ-ব্যবস্থাপক, বিওবি বারিধারা |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং কুশল বিনিময়ের মধ্য দিয়ে সভার প্রারম্ভিক আলোচনা শুরু করেন। নিম্ন বর্নিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনা/পর্যালোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়।

## ১। এ্যাপার্টমেন্ট বিল্ডিং এর সামগ্রিক বিলিং পদ্ধতি ঃ

আলোচনা ঃ
এ্যাপার্টমেন্ট বিল্ডিং এর এইচ.টি গ্রাহকের বিল কোন ট্যারিফে হবে তা নিয়ে উপ-মহাব্যবস্থাপকগন বিশদ আলোচনা করেন। আলোচনায় আবেদনকারীগনকে ডিমান্ড নোট ইস্যু করার পদ্ধতি, কতটি সাব মিটারের বিপরীতে চেক মিটার দিতে হবে, চেক ও কমন মিটারের বিলের ধরন কিরূপ হবে, আরসি/ডিসি বিল কি হারে আদায় করা হবে তা নিয়েও আলোচনা করেন। আলোচনায় সম্মিলিত ভাবে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ ঃ

সিদ্ধান্ত সমূহ ঃ

ক) যদি আবেদনকারী একই নামে সকল এ্যাপার্টমেন্টের সংযোগ নিতে চান তবে ফরমের দাম একটি বিবিধ বিলের মাধ্যমে আদায়ের ব্যবস্থা হবে। প্রতিটি সংযোগের জন্য আলাদা আবেদন ফরম ব্যবহার করতে হবে। ভিন্ন ভিন্ন নামে সংযোগ গ্রহনে আগ্রহী হলে আলাদা আলাদা বিবিধ বিলের মাধ্যমে ফরমের দাম আদায় করা হবে। ১-ফেজ সংযোগের জন্য ফরম প্রতি ১০০ টাকা ও ৩ ফেজ/এইচ.টি সংযোগের জন্য ফরম প্রতি ১০০০ টাকা নির্ধারন করা হয়।

খ) নতুন সংযোগের জন্য প্রয়োজনীয় ছবি ও দলিলাদি ইউনিয়ন পরিষদের মেম্বার/চেয়ারম্যান, সিটি কর্পোরেশনের কমিশনার বা গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে। সরকারী/ আধাসরকারী প্রতিষ্ঠানে সংযোগ আবেদনের ক্ষেত্রে ছবির প্রয়োজন নেই।

গ) এ্যাপার্টমেন্টের প্রতিটি ইউনিট ও কমন/চেক মিটারের জন্য আলাদা আলাদা সিকিউরিটি ডিপোজিট ও Bill of Materials (BOM) Bill ইস্যু করা হবে। সকল সংযোগের আলাদা ফাইল হবে এবং সকল ফাইলকে একটি Bunch আকারে একত্রে রাখার ব্যবস্থা হবে।

ঘ) কোন এ্যাপার্টমেন্ট বিল্ডিং এর জন্য ০৬টি মিটার বা ২০ কিঃওঃ লোড অনুমোদন চাওয়া হলেই একটি কমন/চেক মিটার দিতে হবে। এই কমন/চেক মিটারের আওতায় কমন ব্যবহার যেমন পানির মটর, সিড়ি ঘরের বাতি সিকিউরিটি বাতি, লিফট ইত্যাদি থাকবে। কমন মিটারটি যেকোন এ্যাপার্টমেন্ট মালিক বা সমিতির নামে থাকবে।

ঙ) এ্যাপার্টমেন্টের প্রতি ইউনিটে বিদ্যুৎ ব্যবহারের ধরনের উপরই উহার ট্যারিফ নির্ধারিত হবে। কমন/চেক মিটারের ট্যারিফ ইহার আওতাধীন মিটার সমূহের সর্বোচ্চ ট্যারিফ অনুযায়ী হবে। যদি কোন ভবনের সকল সাব মিটার আবাসিক হয় তবে সেক্ষেত্রে কমন/চেক মিটারের বিল আবাসিক হারেই হবে।

চ) এ্যাপার্টমেন্ট ভবনের লোড ২০০কেভিএ এর কম হলে কমন/চেক মিটার হিসাবে এল.টি সি.টি মিটার ব্যবহার করা হবে। এ্যাপার্টমেন্ট ভবনের অনুমোদিত লোড ২০০ কেভিএ এর অধিক লোডের জন্য ১১ কেভি মিটারিং ইউনিট ব্যবহার করা হবে। এ্যাপার্টমেন্ট ভবনের অনুমোদিত লোড ৫০ কিঃওঃ এর উর্দ্ধে হলে কমন/চেক মিটারের স্থাপনা খরচ বর্তমান নিয়ম অনুযায়ী ~~৫৭৬০০~~.০০ টাকা আদায় করা হবে।

ছ) বিল খেলাপী গ্রাহকের সংযোগ তার মিটার থেকেই বিচ্ছিন্ন করা হবে। কমন/চেক মিটারের বিল বকেয়া থাকলে ভবনের সার্ভিস ড্রপ বিচ্ছিন্ন করা হবে।

জ) ট্যারিফ অনুযায়ী ১-ফেজ বিল খেলাপী গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করন এবং পূনঃসংযোগের চার্জ ৬০০ টাকা ও ৩- ফেজ সংযোগ বিচ্ছিন্ন করন এবং পূনঃসংযোগের চার্জ ১২০০ টাকা ধার্য্য করা হয়েছে।

ঝ) ভবনের মোট লোড ৫০ কিলোওয়াটের উর্দ্ধে হলে কমন/চেক মিটারের সংযোগ বিচ্ছিন্ন করন এবং পুনঃসংযোগের চার্জ হবে ৬০০০ টাকা যদি স্থাপনার সকল মিটারের বকেয়ার কারনে এল.টি সার্ভিস ড্রপ বিচ্ছিন্ন করা হয় তাহলে ধার্যকৃত চার্জ হবে ১২০০ টাকা।

বিল খেলাপী না হলে যেকোন প্রয়োজনে সরবরাহ সংযোগে স্থগিতের ক্ষেত্রে সংযোগ বিচ্ছিন্ন করন এবং পুনঃসংযোগের চার্জ হবে ঃ

| ক্রঃ নং | | গ্রাহক শ্রেণী | ধার্যকৃত টাকা |
|---|---|---|---|
| ক. | ১ - ফেজ | এ, বি, সি, ডি, ই, জে | ১২০.০০ |
| খ. | ৩ - ফেজ | এ, বি, সি, ডি, ই, জে | ২৫০.০০ |
| গ. | উচ্চ চাপ (১১ কেভি) | এফ, জি, এইচ | ৬০০.০০ |

## ২। একই ভবনে দোকান/বিভিন্ন প্রতিষ্ঠানের বাণিজ্যিক সংযোগ ঃ

**আলোচনা ঃ**

একই ভবনে একাধিক দোকান থাকলে তার জন্য কতটি মিটার স্থাপন করা যাবে এবং একই ভবনে একাধিক বাণিজ্যিক প্রতিষ্ঠান থাকলে সেক্ষেত্রে কতটি মিটার স্থাপন করা যাবে তা নিয়ে কর্মকর্তাগন বিশদ আলোচনা করেন। আলোচনায় সম্মিলিত ভাবে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপ ঃ

**সিদ্ধান্ত ঃ**

একই ভবনে অবস্থিত একাধিক দোকানের সব কটির জন্য একটি "ই" ট্যারিফের মিটার এবং আলাদা আলাদা বাণিজ্যিক প্রতিষ্ঠানের জন্য আলাদা আলাদা বাণিজ্যিক মিটার স্থাপন করা যাবে। বিশেষ প্রয়োজনে একাধিক ফ্লোরে অবস্থিত দোকানের জন্য ফ্লোর ভিত্তিক মিটার স্থাপন করা যাবে। তবে ফ্লোর ভিত্তিক সকল মিটার গ্রাউন্ড ফ্লোরে একই স্থানে স্থাপন করতে হবে।

একই স্থাপনায়/ভবনে একাধিক এইচ.টি সংযোগ, দেয়া যাবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। তবে একই ভবনে এইচ.টি এবং এল.টি সংযোগ দেয়া যাবে না।

৩। চিঠির আদান প্রদান সহজতর করন ঃ

আলোচনা ঃ

বিভিন্ন বিক্রয় ও বিতরন বিভাগ হতে জরুরী চিঠি প্রেরণের বিষয়টি কিরূপে সহজতর করা যায় সে বিষয়ে উপ-মহাব্যবস্থাপকগন আলোচনা করেন।

সিদ্ধান্ত ঃ

প্রত্যেকটি বিক্রয় ও বিতরন বিভাগের জন্য প্রধান কার্যালয়ে চিঠির জন্য একটি করে বক্স স্থাপন করা হবে সেখান থেকে সংশ্লিষ্ট বিভাগের ডাকবাহক সকল চিঠি সংগ্রহ করবেন। পাশাপাশি জরুরী প্রয়োজনে চিঠি পত্র ই-মেইল করার ব্যবস্থা গ্রহন করা হবে।

সভার নির্ধারিত বিষয়ের আলোচনা শেষে সভাপতি সকল বিক্রয় ও বিতরন বিভাগের উপ-মহাব্যবস্থাপকগনসহ এ সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আগামী সভা ০৭ জুন ২০০৬ইং তারিখে উত্তরা বিক্রয় ও বিতরন বিভাগে অনুষ্ঠিত হবার আশা ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে।

.05.06

(প্রকৌঃ এম শাহজাহান মিয়া)
উপ-মহাব্যবস্থাপক, কাফরুল

অনুলিপি ঃ

১। ব্যবস্থাপনা পরিচালক।
২। পরিচালক (কারিগরী/অর্থ)।
৩। উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন/বিওবি কল্যানপুর/পল্লবী/গুলশান/বারিধারা/উত্তরা/গুলশান)/অর্থওহিসাব/পিএন্ডডি/কোম্পানী সচিব
৪। উপ-ব্যবস্থাপক (ষ্টোর/মনিটরিং সেল)।

সংশ্লিষ্ট সকলকে অবহিতকরন সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

SYSTEM OPERATION
Received No: 1842
Date: 15.9.03

Attention – Raihan Mondol (Am) Monitoring Sell

# ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ (ডেসকো)

বাড়ী নং-৫, রোড নং-১১/২, ব্লক-বি, সেকশন-১০, মিরপুর, ঢাকা।

(38)

ব্যবস্থাপনা সভা নং- ১৫ তারিখ-০৬/০৯/২০০৩ ইং।

বিষয়ঃ- ব্যবস্থাপনা সভার কার্য্যবিবরনী।

০৬/০৯/২০০৩ ইং তারিখ বেলা ১০ঃ৩০ ঘটিকায় ডেসকোর প্রধান কার্য্যালয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ১৫তম ব্যবস্থাপনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্ন বর্নিত কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

| | | | |
|---|---|---|---|
| ০১। | জনাব সালেহ আহমেদ | -- | ব্যবস্থাপনা পরিচালক |
| ০২। | জনাব মোঃ মনজুর রহমান | -- | পরিচালক (কারিগরী) |
| ০৩। | জনাব মোঃ শওকত হোসেন | -- | পরিচালক (অর্থ) |
| ০৪। | জনাব এফ এম ফরিদুল হক | -- | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ০৫। | জনাব মোঃ শাহজাহান মিয়া | -- | ব্যবস্থাপক (পদ্ধতি পরিচালন) |
| ০৬। | জনাব মোঃ সফিকুল ইসলাম চৌধুরী | -- | ব্যবস্থাপক (বানিজ্যিক পরিচালন) |
| ০৭। | জনাব মোঃ আবদুল মান্নান | -- | ব্যবস্থাপক (তথ্য প্রযুক্তি) |
| ০৮। | জনাব এ কে এম মোস্তফা কামাল | -- | ব্যবস্থাপক (বিঃ ও বিঃ), গুলশান ডিভিশন |
| ০৯। | জনাব নূর মোহাম্মদ | -- | ব্যবস্থাপক (বিঃ ও বিঃ), উত্তরা ডিভিশন |
| ১০। | জনাব এস এম হাবিবুর রহমান | -- | ব্যবস্থাপক (বিঃ ও বিঃ), বারিধারা ডিভিশন |
| ১১। | জনাব মোঃ রফিউদ্দিন | -- | প্রধান হিসাব রক্ষক |
| ১২। | জনাব মোঃ শাহ আলম | -- | সিনিয়র ইঞ্জিনিয়ার |

সভার প্রারম্ভে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে সভায় স্বাগত জানান এবং সকলের সাথে কুশল বিনিময় করেন। অতঃপর ডেসকোর সমস্যা ও করনীয় সম্পর্কে নিম্নবর্নিত বিষয়াদি নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। অস্থায়ী মিটারকে স্থায়ী মিটারে রূপান্তর এবং অস্থায়ী সংযোগের বিপরীতে গ্রাহক সংযোগ হালনাগাদ করন প্রসংগে।
০২। এ্যাকাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ প্রসংগে।
০৩। ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে গ্রাহকগনের লোড সার্ভে প্রসংগে।
০৪। মিরপুর, গুলশান, উত্তরা ও বারিধারা বিভাগের HT ও LTI বিল কেন্দ্রীয় ভাবে তৈরী হওয়া প্রসংগে।
০৫। সরকার কর্তৃক গঠিত ভিজিলেন্স টীম এর কার্য্যক্রমে সহযোগিতা করন প্রসংগে।
০৬। বিবিধ।

## কার্য্যবিবরনী

০১। অস্থায়ী মিটারকে স্থায়ী মিটারে রূপান্তর এবং অস্থায়ী সংযোগের বিপরীতে গ্রাহক সংযোগ হালনাগাদ করন প্রসংগে।

রাস্তাঘাট, কালভার্ট, ব্রীজ, ভবন ইত্যাদি নির্মান কাজের জন্য নিয়মানুযায়ী অস্থায়ী বিদ্যুৎ সংযোগ প্রদান করা যাবে। অস্থায়ী সংযোগের ক্ষেত্রে প্রাথমিক ভাবে তিন মাসের জন্য সংযোগ প্রদান করা হবে। অস্থায়ী সংযোগ প্রদানের পূর্বে নিয়মানুযায়ী লোড সার্ভে করে জামানত হিসাবে তিন মাসের প্রাককলিত বিদ্যুৎ বিল, সংযোগের জন্য ব্যবহৃত বৈদ্যুতিক মালামাল এবং মিটারের মূল্য বাবদ মোট অর্থ নির্ধারন পূর্বক ডিমান্ড নোটের মাধ্যমে গ্রহন করা হবে।

অস্থায়ী সংযোগ প্রদানের পর প্রতি মাসে ব্যবহৃত বিদ্যুৎ বিল সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তির অনুকূলে পরিশোধের নিমিত্তে প্রেরন করা হবে। সংশ্লিষ্ট ডিভিশনের ব্যবস্থাপকগন সর্বোচ্চ এক বৎসর পর্যন্ত অস্থায়ী সংযোগের সময় সীমা বৃদ্ধি করতে পারবেন। এক বৎসরের অধিক সময়ের অস্থায়ী সংযোগের ক্ষেত্রে পরিচালক (কারিগরী/অর্থ) এর অনুমোদন প্রয়োজন হবে। অস্থায়ী সংযোগের বিদ্যুৎ বিল যথাসময়ে পরিশোধ না করা হলে নিয়মানুযায়ী সংযোগ বিচ্ছিন্ন করা হবে এবং ব্যবহৃত মালামাল খুলে আনা হবে। গ্রাহকের অস্থায়ী সংযোগের প্রয়োজনীয়তা শেষে/সংযোগ বিচ্ছিন্নের পর ব্যবহার যোগ্য মালামালের মূল্য (১০% অবচয়/সার্ভিস চার্জ হিসেবে কর্তন পূর্বক) এবং ব্যবহৃত বিদ্যুৎ ইউনিটের মূল্য (প্রযোজ্য ক্ষেত্রে) জমাকৃত জামানত হতে সমন্বয় করা হবে।

চলমান পাতা - ২

All AMS & TSOS
For info & n/a pl.
16.09.03

একটি বাড়ীর কয়েকটি Floor পূর্বে হয়ে থাকলে ও তাতে স্থায়ী সংযোগ থাকলে পরবর্তীতে ভবন সম্প্রসারনের (Floor বৃদ্ধির) ক্ষেত্রে 2E রেটে বিল হবে না এবং একই অবস্থানে কোন অস্থায়ী সংযোগ প্রদান করা যাবে না । এই ক্ষেত্রে নির্মান কাজের জন্য কমন সার্ভিস এর মিটার ব্যবহার করা যেতে পারে । সে সময়ে কমন সার্ভিসের জন্য আলাদা মিটার না থাকলে কমন সার্ভিসের জন্য স্থায়ী মিটার ইস্যু করা যেতে পারে ।

উল্লেখ্য যে, অস্থায়ী সংযাগ বিচ্ছিন্নের পূর্বে সংযোগ স্থায়ী/নতুন সংযোগের আবেদনের জন্য ন্যূনতম ১০ (দশ) দিন সময় দেয়া হবে । এ ক্ষেত্রে লোড বরাদ্দ/সংযোগের বিষয়ে সংশ্লিষ্ট এস এন্ড ডি ডিভিশন/ সিস্টেম অপারেশন ও কমার্শিয়াল অপারেশন ডিভিশন, মিরপুর অগ্রাধিকার ভিত্তিতে স্থায়ী/নতুন সংযোগ প্রদানের ব্যবস্থা নিবেন ।

০২। এ্যাকাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ প্রসংগে ।

বিল পরিশোধের সর্বশেষ তারিখের ন্যূনতম ০৩ (তিন) দিন পূর্বে অফিস/ব্যাংক কর্তৃক চেকের মাধ্যমে সকল শ্রেনীর গ্রাহকদের বিদ্যুৎ বিল গ্রহন করা যাবে । তবে যদি বিদ্যুৎ বিল কালেকশন ব্যাংক শাখায় সংশ্লিষ্ট গ্রাহকের এ্যাকাউন্ট থাকে এবং বিদ্যুৎ বিলের অর্থ ঐ দিনই ডেসকোর হিসাবে ট্রান্সফার করা সম্ভব হয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক পরিশোধের সর্বশেষ তারিখেও এলপিসি (Late Payment Charge) ব্যতীত চেকের মাধ্যমে বিদ্যুৎ বিল গ্রহন করতে পারবেন । উল্লেখ্য যে, গ্রাহকের এলপিসি ধার্য্য হবার পরও এলপিসি সহ চেকের মাধ্যমে ব্যাংক/অফিস কর্তৃক বিদ্যুৎ বিল গ্রহন করা যাবে । বিষয়টি গ্রাহকদের জ্ঞাতার্থে এবং কার্য্যকরী ব্যবস্থা গ্রহনার্থে ডেসকোর সকল অফিসের নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচার করা হবে এবং সংশ্লিষ্ট ব্যাংক সমুহকে এ বিষয়ে স্ব স্ব ডিভিশন কতর্কৃ নির্দেশনা প্রদান করা হবে । বিদ্যুৎ বিলের বিপরীতে গ্রহনকৃত চেক ব্যাংক কর্তৃক ক্যাশ করে ডেসকোর হিসেবে জমা না হওয়া পর্যন্ত কালেকশন হিসেবে গন্য করা যাবে না । সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বিদ্যুৎ বিল পরিশোধের তারিখ কেবল মাত্র সংশ্লিষ্ট ব্যবস্থাপক কর্তৃক সীলমোহর দিয়ে নির্দিষ্ট তারিখ উল্লেখ পূর্বক বৃদ্ধি করা যাবে ।

০৩। ঠিকাদারী প্রতিষ্ঠানের মাধ্যমে গ্রাহকগনের লোড সার্ভে প্রসংগে ।

গ্রাহকগনের লোড সার্ভে করে প্রকৃত তথ্য প্রদানের জন্য ডেসকো কর্তৃক গ্রাহক তথ্য ফরম প্রদান করা হলেও ঠিকাদারী প্রতিষ্ঠানের কর্মচারীগন সংশ্লিষ্ট নির্দেশনা যথাযথ ভাবে প্রতিপালন করছেন না । অযথা গ্রাহককে ভয়ভীতি প্রদর্শন করা হচ্ছে বলে অভিযোগ পাওয়া যাচ্ছে । এতদবিষয়ে ঠিকাদারী প্রতিষ্ঠানকে সুষ্ঠু দিক নির্দেশনা এবং মৌখিক ভাবে সতর্ক করতে হবে । প্রতি শনিবার ঠিকাদারী প্রতিষ্ঠান বিগত সপ্তাহের কাজের অগ্রগতি জানাবেন । প্রাথমিক ভাবে গ্রাহক তথ্য ফরম দিয়ে গ্রাহক নথি খুলতে হবে । আপাততঃ ফিডার/ওয়াকিং অর্ডার অনুযায়ী তা সংরক্ষন করতে হবে । প্রাপ্ত তথ্য সমূহ অফিস কর্তৃক নমুনা ভিত্তিক পরীক্ষা করতে হবে । লোড সার্ভে পর্য্যালোচনা করে কোন গ্রাহক অনুমোদিত লোডের অতিরিক্ত লোড ব্যবহার করলে সে ক্ষেত্রে নিয়মানুযায়ী অতিরিক্ত লোডের জামানত প্রদান পূর্বক লোড বৃদ্ধির জন্য নির্দিষ্ট সময় দিয়ে আবেদন করে নিয়মিত করার জন্য সংশ্লিষ্ট গ্রাহককে এস এন্ড ডি ডিভিশন/বানিজ্যিক পরিচালন বিভাগ কর্তৃক চিঠি দিতে হবে ।

০৪। মিরপুর, গুলশান, উত্তরা ও বারিধারা বিভাগের এইচটি ও এলটিআই গ্রাহকের বিল কেন্দ্রীয় ভাবে তৈরী হওয়া প্রসংগে ।

এইচটি ও এলটিআই সহ সকল শ্রেনীর গ্রাহকের বিদ্যুৎ বিল সংশ্লিষ্ট ডিভিশন কর্তৃকই প্রনয়ন করা হবে । তবে কোন ডিভিশন এইচটি ও এলটিআই গ্রাহকের বিদ্যুৎ বিল প্রনয়নের পর্য্যায়ে উপনীত না হওয়া পর্যন্ত কেন্দ্রীয় ভাবে আইটি বিভাগ কর্তৃক প্রনয়ন করা হবে । সংশ্লিষ্ট ব্যবস্থাপক এর লিখিত অনুমোদন ব্যতিত কোন এইচটি ও এলটিআই গ্রাহকের বিদ্যুৎ বিল সংশোধন করা যাবে না । এইচটি ও এলটিআই গ্রাহকের বিল প্রনয়নে কারিগরী দক্ষতা অর্জনের পর সংশ্লিষ্ট এস এন্ড ডি ডিভিশন কর্তৃক উক্ত বিল প্রনয়ন করা হবে ।

চলমান পাতা- ৩

(40)

০৫। সরকার কর্তৃক গঠিত ভিজিলেন্স টীম এর কার্য্যক্রমে সহযোগিতা করন প্রসংগে ।

সরকার কর্তৃক গঠিত ভিজিলেন্স টীমকে সর্বাত্মক সহযোগিতা করার নিমিত্তে সংশ্লিষ্ট ব্যবস্থাপকগন প্রয়োজনীয় তথ্য সংগ্রহে রাখবেন । ভিজিলেন্স টীম কর্তৃক প্রদত্ত সুপারিশ সমূহ এক সপ্তাহের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যবস্থাপকগন তড়িৎ ব্যবস্থা গ্রহন করবেন ।

০৬) বিবিধ ঃ

ক) অধিগ্রহনকৃত গুলশান সার্কেলের গ্রাহকদের বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত ছাড়পত্র প্রদানের নিমিত্তে ডেসা কর্তৃক তথ্য প্রদান না করায় উক্ত সার্কেলের গ্রাহকদের বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত ছাড়পত্র প্রদান করা সম্ভব হচ্ছে না । বিষয়টি অবহিত করে মন্ত্রনালয়কে চিঠি দিতে হবে ।

খ) ডেসকোর বিভিন্ন অফিসে গ্রাহক নথি সংরক্ষনের জন্য ফাইল র‍্যাক ক্রয় করা প্রয়োজন । এতদলক্ষ্যে প্রতিযোগিতামূলক দরপত্র আহবান করে ক্রয়ের ব্যবস্থা গ্রহন করতে হবে । ফাইল র‍্যাক এর স্পেসিফিকেশন এবং ডিজাইন ব্যবস্থাপক (বারিধারা বিক্রয় ও বিতরন বিভাগ) প্রনয়ন করবেন । বিভিন্ন ডিভিশনের জন্য প্রয়োজনীয় সংখ্যক আলমারী ও ফাইল ক্যাবিনেট OTOBI থেকে নির্ধারিত মূল্যে ক্রয় করা যাবে ।

গ) বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা পূনঃ বিন্যাসের আওতায় নিকুঞ্জ-১ ও নিকুঞ্জ-২ এবং খিলক্ষেত এর সংশ্লিষ্ট ফিডার/গ্রাহকদের পর্য্যায়ক্রমে বারিধারা এস এন্ড ডি ডিভিশনের আওতায় আনা হবে ।

ঘ) মিটার পরীক্ষা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী এবং মিটার পরীক্ষার পর Slow/Fast পাওয়া গেলে পূর্ববর্তী তিন মাসের বিল আদায়/সমন্বয় করতে হবে (পল্লী বিদ্যুতায়ন বোর্ডের নিয়মে) । এ ক্ষেত্রে মিটার পরীক্ষার পর মিটার নির্দিষ্ট মাত্রার চেয়ে দ্রুতগতি সম্পন্ন বলে প্রতীয়মান হলে মিটার পরীক্ষা ফি ফেরৎ প্রদানের বিধান চালু করতে হবে ।

ঙ) ব্যক্তি মালিকানাবিহীন বস্তিতে অবস্থিত দোকানে বানিজ্যিক সংযোগ প্রদানের ক্ষেত্রে বস্তিতে আবাসিক সংযোগের অনুরূপ স্ট্যাম্পে অংগীকার গ্রহন সাপেক্ষে সংযোগ প্রদান করা যাবে । এ ক্ষেত্রে বস্তিতে সংযোগ প্রদানের ডেসকোর প্রচলিত নিয়ম বলবৎ থাকবে ।

চ) পরবর্তী সংশোধনী না হওয়া পর্যন্ত ইতিপূর্বে জারীকৃত ক্রয়/সেবা সংক্রান্ত দপ্তরাদেশ সমূহ বহাল থাকবে ।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

14/9/03

সালেহ আহমেদ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নং- ডেসকো/এমডি/২০০৩/৪৯৮-৬ তারিখ- সেপ্টেম্বর ১৪, ২০০৩ ইং ।

অনুলিপিঃ

০১। পরিচালক (অর্থ/কারিগরী) ।
০২। ব্যবস্থাপক (প্রশাসন/সিস্টেম অপারেশন/বানিজ্যিক পরিচালন/ তথ্য প্রযুক্তি/বিক্রয় ও বিতরন (গুলশান/বারিধারা/উত্তরা ডিভিশন) ।
০৩। প্রধান হিসাব রক্ষক/সিনিয়র ইঞ্জিনিয়ার/কোম্পানী সচিব ।

সংশ্লিষ্ট সকলকে অবহিতকরন সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো ।

SL. No. 2.

# Dhaka Electric Supply Company Limited ( DESCO )

Dhaka Electric Supply Company Limited has taken over the Electric Distribution System of Mirpur area on 24th September 1998. DESCO will perform all the Operation & Maintenance and Commercial operation functions of Electrical Distribution System in that area.
In order to perform our above mentioned functions We are need your kind approval the Estimated rate for Service connection .
We propose to follow the existing Estimate rate (Appooved by DESA) which are as follows :

| Sl. No. | Description | Estimated amount for collection (TK.) | Remarks |
|---|---|---|---|
| 1. | **Single phase one (1) meter**<br>**Domestic / Commercial / Industry :**<br>Meter Installation charge<br>Labour charge<br>Supervision charge (15% of labour charge)<br>Transportaion charge<br>**Total TK.** | <br><br>250.00<br>200.00<br>30.00<br>100.00<br>580.00 | If number of meter more than one Installation charge will be : Quantity x 250. Other charges will remain unchanged. |
| 2. | **Three phase one (1) meter 8 kw**<br>**Domestic / Commercial / Industry :**<br>Meter Installation charge<br>Labour charge<br>Supervision charge (15% of labour charge)<br>Transportaion charge<br>**Total TK.** | <br><br>500.00<br>400.00<br>60.00<br>150.00<br>1110.00 | If number of meter more than one Installation charge will be : Quantity x 500. Other charges will remain unchanged |
| 3. | **Three phase one (1) meter 9-20 kw**<br>**Domestic / Commercial / Industry :**<br>Meter Installation charge<br>Labour charge<br>Supervision charge (15% of labour charge)<br>Transportaion charge<br>**Total TK.** | <br><br>1500.00<br>1000.00<br>150.00<br>350.00<br>3000.00 | If number of meter more than one Installation charge will be : Quantity x 1500. Other charges will remain unchanged |
| 4. | **Three phase one (1) meter 21-49 kw**<br>**Domestic / Commercial / Industry :**<br>Meter Installation charge<br>Labour charge<br>Supervision charge (15% of labour charge)<br>Transportaion charge<br>**Total TK.** | <br><br>2500.00<br>1800.00<br>270.00<br>430.00<br>5000.00 | If number of meter more than one Installation charge will be : Quantity x 2500. Other charges will remain unchanged. |
| 5. | **High Tention Connection**<br>Checking and commissioning charge<br>Survey and Inspection charge<br>Connection fee<br>Total TK. | <br>6000.00<br>4000.00<br>2500.00<br>12500.00 | Cartage 500·00<br>Labour 4000·00<br>Installation 40,000·00<br>Supervision 600·00. |

Submitted for necessary approval.

Moddu

Dhaka Electric Supply Company Ltd. (DESCO)
House # 5, Road # 11/2, Block-B, Section-10, Mirpur, Dhaka-1216.

DESCO
SYSTEM OPERATION
Received No [illegible]
Date [illegible]

May 11, 2003
Memo No. DESCO/CS/2003/1494

# Office Order

The DESCO Board of Directors has approved the following list of charges vide its 65th Board Meeting held on February 24, 2003:

| Sl. No. | Consumer category | Type of Service: Application fee for new connection per meter | Application fee for load extension/ reconnection per meter | Application fee for line shifting etc. | Load retention fee per month |
|---|---|---|---|---|---|
| 01 | Domestic | Tk. 50.00 | • Single Phase Tk. 100.00 • Three Phase Tk. 300.00 | Tk. 1000.00 | Tk. [illegible] of [illegible] Tk. 500/- |
| 02 | Small Industry | Tk. 200.00 | • Single Phase Tk. 100.00 • Three Phase Tk. 300.00 | Tk. 1000.00 | Same as above |
| 03 | Charitable Institution | Tk. 100.00 | • Single Phase Tk. 100.00 • Three Phase Tk. 300.00 | Tk. 1000.00 | Same as above |
| 04 | Commercial | Tk. 100.00 | • Single Phase Tk. 100.00 • Three Phase Tk. 300.00 | Tk. 1000.00 | Same as above |
| 05 | Medium Voltage/High Tension | Tk. 1000.00 | • Single Phase Tk. 1000.00 • Three Phase Tk. 1000.00 | Tk. 1000.00 | Same as above |
| 06 | Street Lights/Water Pump | Tk. 50.00 | • Single Phase Tk. 100.00 • Three Phase Tk. 100.00 | Tk. 100.00 | Same as above |

[illegible] with effect from the date [illegible] office order [illegible] put forward [illegible]

[illegible]

A.K.M. Nurul Huda
Company Secretary

Distribution:
1. Manager (O&M)/ Commercial [illegible]
2. Manager Sales & Distribution [illegible]
3. Chief Accountant/Senior Engineer [illegible]

Copy to:
1. Managing Director
2. Director (Technical/Finance)

[illegible] Electric Supply Company Ltd. (DESCO)
House #5, Road #11/2, Block-B, Section-10, Mirpur, Dhaka-1216.

DESCO
SYSTEM OPERATION
received No. [illegible]

March 1, 2003
Memo No.: DESCO/CS/2003/1491

## Office Order

The DESCO Board of Directors has approved the following list of charges vide its 65th Board Meeting held on February 24, 2003:

| Sl. No. | Consumer category | Type of Service: Application fee for new connection per meter | Application fee for load extension/ reconnection per meter | Application fee for line shifting etc. | Load retention fee per month |
|---|---|---|---|---|---|
| 01 | Domestic | Tk. 50.00 | • Single Phase Tk. 100.00<br>• Three Phase Tk. 300.00 | Tk. 1000.00 | Tk. 2.50/kw upto 06 months. For additional period upto [illegible] years Tk. 5.00/kw |
| 02 | Small Industry | Tk. [illegible]00.00 | • Single Phase Tk. 100.00<br>• Three Phase Tk. 300.00 | Tk. 1000.00 | Same as above |
| 03 | Charitable Institution | Tk. 100.00 | • Single Phase Tk. 100.00<br>• Three Phase Tk. 300.00 | Tk. 1000.00 | Same as above |
| 04 | Commercial | Tk. 100.00 | • Single Phase Tk. 100.00<br>• Three Phase Tk. 300.00 | Tk. 1000.00 | Same as above |
| 05 | Medium Voltage/ High Tension | Tk. 2000.00 | • Single Phase Tk. 1000.00<br>• Three Phase Tk. 1000.00 | Tk. 1000.00 | Same as above |
| 06 | Street Light/ Water Pump | Tk. [illegible] | • Single Phase Tk. 100.00<br>• Three Phase Tk. 300.00 | Tk. 1000.00 | Same as above |

[illegible] will be effective with effect from the [illegible] of [illegible].

By order of the Board

[illegible]

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ৬, ২০০৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২২শে ফাল্গুন, ১৪০৯/৬ই মার্চ, ২০০৩

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২২শে ফাল্গুন, ১৪০৯ মোতাবেক ৬ই মার্চ, ২০০৩ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

২০০৩ সনের ৭নং আইন

## অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ এবং অগ্নি হইতে উদ্ধার কার্যের জন্য বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন

যেহেতু অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ এবং অগ্নি হইতে উদ্ধার কার্যের জন্য বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**— (১) এই আইন অগ্নি প্রতিরোধ ও নির্বাপণ আইন, ২০০৩ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে এলাকা নির্ধারণ করিবে সেই এলাকায়, প্রজ্ঞাপনে উল্লিখিত তারিখ হইতে, এই আইন কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**— বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে—

(ক) **"অধিদপ্তর"** অর্থ অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা অধিদপ্তর ;

(খ) **"অপারেশনাল কর্মকান্ড"** অর্থ অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ, অগ্নি হইতে উদ্ধার কার্য, এ্যাম্বুলেন্স সার্ভিস পরিচালনা, অগ্নি নির্বাপণী সাজ-সরঞ্জাম মেরামত ও রক্ষণাবেক্ষণ, তদন্ত, পরিদর্শন, তদারকি, মিডিয়ার মাধ্যমে যোগাযোগ কার্যক্রম, ইত্যাদি ;

(গ) **"কারখানা"** (workshop) অর্থ দাহ্যবস্তুর প্রক্রিয়াকরণের জন্য ব্যবহৃত ভবন বা স্থান ;

(ঘ) **"দাহ্যবস্তু"** অর্থ এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক দাহ্যবস্তু হিসাবে ঘোষিত কোন দ্রব্য বা রাসায়নিক দ্রব্য ;

(ঙ) **"ডেপুটি কমিশনার"** অর্থ কোন জেলার ডেপুটি কমিশনার ;

(চ) **"নির্ধারিত"** অর্থ বিধি দ্বারা নির্ধারিত ;

(ছ) **"প্রক্রিয়াকরণ"** অর্থ দাহ্যবস্তুর রূপান্তর, মেরামত, পরিবর্তন বা প্রস্তুতকরণ ;

(জ) **"বহুতল ভবন"** অর্থ অন্যূন ৭ তলাবিশিষ্ট ভবন ;

(ঝ) **"বাণিজ্যিক ভবন"** অর্থ ব্যাংক, বীমা বা অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, শপিং কমপ্লেক্স বা ব্যবসা-বাণিজ্য বা সরকারী কাজে ব্যবহৃত কোন ভবন ;

(ঞ) **"ব্রিগেড"** অর্থ অগ্নি নির্বাপণ ব্রিগেড ;

(ট) **"বিধি"** অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি ;

(ঠ) **"ব্যক্তি"** অর্থে কোন কোম্পানী, সমিতি বা সংস্থাও, সংবিধিবদ্ধ হউক বা না হউক, অন্তর্ভুক্ত হইবে ;

(ড) **"ভবন"** অর্থে ইমারত, টিনের ঘর, বহুতল ভবন, কুঁড়েঘর, কাঁচা, আধাপাকা ও পাকাঘর অন্তর্ভুক্ত হইবে ;

(ঢ) **"মহাপরিচালক"** অর্থ অধিদপ্তরের মহাপরিচালক ;

(ণ) **"মালগুদাম"** (warehouse) অর্থ দাহ্যবস্তুর সংরক্ষণ, মজুদকরণ, সংকোচন (pressing), বাছাইকরণ ও বেচাকেনার জন্য ব্যবহৃত কোন ভবন বা স্থান ;

(ত) **"লাইসেন্স"** অর্থ এই আইনের অধীন প্রদত্ত লাইসেন্স ;

(থ) **"সহায়তা প্রদানকারী সংস্থা"** অর্থ পুলিশ বাহিনী, আনসার বাহিনী বা গ্রাম প্রতিরক্ষা দল।

৩। অগ্নি নির্বাপণ ব্রিগেড সংরক্ষণ।— (১) দেশের যে এলাকায় এই আইন কার্যকর হইবে সেই এলাকার জন্য সরকার এক বা একাধিক অগ্নি নির্বাপণ ব্রিগেড সংরক্ষণ করিবে।

(২) প্রতিটি ব্রিগেডের জন্য অগ্নি নির্বাপণী গাড়ী, পাম্প, জীপ, মটরকার, এ্যাম্বুলেন্স, ইত্যাদির সংখ্যা ও অন্যান্য সরঞ্জামাদির পরিমাণ এবং ব্রিগেডের সদস্য সংখ্যা সরকার কর্তৃক সময় সময় সরকারী আদেশ দ্বারা নির্ধারিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, ক্ষেত্রমত, বিভিন্ন এলাকার জন্য ব্রিগেডের সরঞ্জামাদি ও উহার সদস্য সংখ্যা কম বেশী হইতে পারে।

৪। **মালগুদাম (warehouse) ও কারখানার লাইসেন্স।**—(১) কোন ব্যক্তি কোন ভবন বা স্থানকে মালগুদাম (warehouse) বা কারখানা (workshop) হিসাবে ব্যবহার করিতে চাইলে এই আইন বা বিধির অধীনে মহাপরিচালকের নিকট হইতে লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে বলবৎ কোন আইনের অধীন কোন ভবন বা স্থানকে মালগুদাম ও কারখানা হিসাবে ব্যবহার করার জন্য লাইসেন্স প্রাপ্ত হইয়াছেন এমন কোন ব্যক্তি এই আইন সংশ্লিষ্ট এলাকায় কার্যকর হইবার ৩ (তিন) মাসের মধ্যে নির্ধারিত ফিস প্রদান করিয়া লাইসেন্সের জন্য আবেদন করিবেন এবং আবেদনটি বিবেচনাধীন থাকাবস্থায় বিদ্যমান লাইসেন্সের অধীন সংশ্লিষ্ট ভবন বা স্থানকে মালগুদাম বা কারখানা হিসাবে ব্যবহার করা যাইবে।

(৩) লাইসেন্সের আবেদন নির্ধারিত ফরমে এবং পদ্ধতিতে করিতে হইবে।

(৪) লাইসেন্সের আবেদন প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে মহাপরিচালক এই আইন ও বিধি অনুযায়ী সন্তুষ্ট হইলে নির্ধারিত মেয়াদের জন্য নির্ধারিত ফরমে লাইসেন্স প্রদান করিবেন।

(৫) এই ধারা অনুসারে মহাপরিচালক লাইসেন্স প্রদানের বিষয়ে সন্তুষ্ট না হইলে লাইসেন্সের আবেদন প্রাপ্তির ১২০ (একশত বিশ) দিনের মধ্যে মহাপরিচালক আবেদনকারীকে শুনানীর সুযোগ প্রদান করিয়া তদসম্পর্কে সিদ্ধান্ত প্রদান করিবেন।

(৬) এই ধারায় যাহা কিছুই থাকুক না কেন,—

(ক) কোন আবেদন গ্রহণযোগ্য হইবে না যদি উহার জন্য নির্ধারিত ফিস মহাপরিচালক বরাবরে নির্ধারিত পদ্ধতিতে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করিয়া চালানের একটি অনুলিপি আবেদনের সহিত সংযুক্ত করা না হয়; এবং

(খ) কোন লাইসেন্স প্রদান করা হইবে না যদি নির্ধারিত লাইসেন্স ফিস নির্ধারিত পদ্ধতিতে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করিয়া চালানের একটি অনুলিপি মহাপরিচালকের বরাবরে জমা করা না হয়।

(৭) মহাপরিচালকের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তার কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি, সিদ্ধান্ত সংক্রান্ত স্মারক প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, মহাপরিচালকের নিকট তাহার সিদ্ধান্ত পুনর্বিবেচনার (Review) জন্য আবেদন করিতে পারিবেন।

(৮) উপ-ধারা (৭) এর অধীন আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মহাপরিচালক তদসম্পর্কে সিদ্ধান্ত প্রদান করিবেন।

(৯) মহাপরিচালকের কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি, সিদ্ধান্ত সংক্রান্ত স্মারক প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে, সরকারের নিকট আপীল দায়ের করিতে পারিবেন।

(১০) উপ-ধারা (৯) এর অধীন আপীল প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সরকার তদসম্পর্কে সিদ্ধান্ত প্রদান করিবে এবং সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

(১১) কোন লাইসেন্স নষ্ট হইলে বা হারাইয়া গেলে, নির্ধারিত ফিস নির্ধারিত পদ্ধতিতে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করিয়া চালানের একটি অনুলিপি মহাপরিচালকের বরাবরে জমা প্রদান করিলে, মহাপরিচালক লাইসেন্সের একটি ডুপ্লিকেট প্রদান করিবেন।

(১২) মহাপরিচালক ভিন্নরূপ কোন মন্তব্য না করিলে নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে প্রতি বৎসর লাইসেন্স নবায়ন করা যাইবে।

৫। **লাইসেন্স বাতিল, ইত্যাদি।**— (১) মহাপরিচালক নির্ধারিত পদ্ধতিতে কোন লাইসেন্স বাতিল করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিকে শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদান না করিয়া কোন লাইসেন্স বাতিল করা যাইবে না।

(২) লাইসেন্স বাতিলের কারণে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি লাইসেন্স বাতিল আদেশ প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মহাপরিচালকের নিকট পুনর্বিবেচনার জন্য আবেদন করিতে পারিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে মহাপরিচালক উহা মঞ্জুর বা না-মঞ্জুর করিবেন।

(৪) মহাপরিচালক কর্তৃক প্রদত্ত কোন সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি, সিদ্ধান্ত সংক্রান্ত স্মারক প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে, সরকারের নিকট আপীল দায়ের করিতে পারিবেন।

(৫) উপ-ধারা (৪) এর অধীন আপীল প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সরকার তদ্‌সম্পর্কে সিদ্ধান্ত প্রদান করিবে এবং সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

৬। **লাইসেন্স হস্তান্তর যোগ্য নয়।**— (১) এই আইনের অধীন প্রদত্ত কোন লাইসেন্স হস্তান্তর যোগ্য হইবে না।

(২) কোন ভবন বা স্থানের মালিকানা হস্তান্তর হইলে উক্ত ভবন বা স্থানের নূতন মালিক, এই আইনের অধীন লাইসেন্স প্রাপ্ত না হইলে, উক্ত ভবন বা স্থানকে মালগুদাম বা কারখানা হিসাবে ব্যবহার করিতে পারিবেন না বা ব্যবহৃত হইবার সুযোগ দিতে পারিবেন না।

৭। **বহুতল বা বাণিজ্যিক ভবনের নক্‌শা অনুমোদন, ইত্যাদি।**— আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ এবং এতদ্‌সম্পর্কিত নির্ধারিত বিষয়াদির ক্ষেত্রে মহাপরিচালকের ছাড়পত্র ব্যতিরেকে কোন বহুতল বা বাণিজ্যিক ভবন নির্মাণের নক্‌শা অনুমোদন বা অনুমোদিত নক্‌শার সংশোধন করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, নির্ধারিত সময়সীমার মধ্যে মহাপরিচালক ছাড়পত্র সম্পর্কে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বা ব্যক্তিকে অবহিত করিবেন।

৮। **বিদ্যমান বহুতল বা বাণিজ্যিক ভবন সংক্রান্ত বিধান।**—(১) এই আইন কার্যকর হওয়ার তারিখে বিদ্যমান সকল বহুতল বা বাণিজ্যিক ভবনের মালিক বা দখলদার সংশ্লিষ্ট ভবনের অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ ও জননিরাপত্তা ব্যবস্থা বিষয়ে, এই আইন কার্যকর হওয়ার ৬ মাসের (১৮০ দিন) মধ্যে, মহাপরিচালককে লিখিতভাবে রিপোর্ট প্রদান করিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রাপ্ত রিপোর্ট বিবেচনাক্রমে মহাপরিচালক, প্রয়োজনবোধে, সংশ্লিষ্ট বহুতল বা বাণিজ্যিক ভবন পরিদর্শন করিবেন বা করাইবেন এবং তদভিত্তিতে ভবনের মালিক বা দখলদারকে উপ-ধারা (১) এ উল্লিখিত ব্যবস্থাদি নিশ্চিতকরণকল্পে পরামর্শ প্রদান করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন প্রদত্ত পরামর্শ অনুযায়ী সংশ্লিষ্ট ভবনের মালিক বা দখলদার ভবনটির অগ্নি নির্বাপণ, অগ্নি প্রতিরোধসহ অন্যান্য জননিরাপত্তামূলক ব্যবস্থার প্রয়োজনীয় সংযোজন বা সংশোধন করিতে বাধ্য থাকিবেন।

(৪) এই ধারার অধীন যাবতীয় কার্যক্রম নির্ধারিত সময় সীমার মধ্যে সম্পন্ন করিতে হইবে, অন্যথায় ভবনটির অগ্নি নির্বাপণের ক্ষেত্রে অনুপযোগিতার কারণে ব্যবহারোপযোগী নয় মর্মে মহাপরিচালক ঘোষণা করিতে পারিবেন।

(৫) উপ-ধারা (৪) এর অধীন কোন ভবন ব্যবহার উপযোগী নয় মর্মে ঘোষণা করার কারণে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি উক্তরূপ ঘোষণার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সরকারের নিকট আপীল দায়ের করিতে পারিবেন।

(৬) উপ-ধারা (৫) এর অধীন আপীল প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে সরকার তদসম্পর্কে সিদ্ধান্ত প্রদান করিবে এবং সরকারের সিদ্ধান্ত চূড়ান্ত হইবে।

৯। **অগ্নি নির্বাপণের সময় কতিপয় ক্ষমতা প্রয়োগ।**—কোন ভবন বা স্থানে আগুন লাগিলে বা লাগিয়াছে বলিয়া বিশ্বাস করার কারণ থাকিলে মহাপরিচালক বা ঘটনাস্থলে উপস্থিত ব্রিগেডের ভারপ্রাপ্ত কর্মকর্তা—

(ক) ব্রিগেডের অপারেশন কাজে বিঘ্ন সৃষ্টিকারী বা বিঘ্ন সৃষ্টি করিতে পারে এমন কোন ব্যক্তিকে তাহার অবস্থান হইতে সরাইয়া দিতে পারিবেন ;

(খ) অগ্নি নির্বাপণ নিশ্চিত করার স্বার্থে কোন স্থাপনা, যত সম্ভব কম ক্ষতিসাধনক্রমে, স্থানচ্যুত করিতে পারিবেন ;

(গ) অগ্নি প্রজ্বলন স্থানে পানির প্রবাহ বাড়ানোর উদ্দেশ্যে পার্শ্ববর্তী এলাকার পানি সরবরাহের পাইপ বন্ধ করিতে বা করিবার আদেশ দিতে পারিবেন ;

(ঘ) ব্রিগেডের দায়িত্ব পালনে বাধা সৃষ্টি করিতে পারে মানুষের এমন সমাবেশ ছত্রভঙ্গ করিবার উদ্দেশ্যে একজন পুলিশ কর্মকর্তার বে-আইনী সমাবেশের ক্ষেত্রে যে ক্ষমতা থাকে সেই ক্ষমতা প্রয়োগ করিতে পারিবেন ;

(ঙ) অগ্নি নির্বাপণের স্বার্থে প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

১০। **সার্ভিস চার্জ প্রদান সাপেক্ষে সেবা প্রদান।**— এই আইন কার্যকর হয় নাই এমন কোন এলাকায় ভবন, প্রতিষ্ঠান, সংস্থা এবং কৃষিপণ্য, বাণিজ্য মেলাসহ যে কোন মেলা ও প্রদর্শনীতে অগ্নি নির্বাপণের জন্য অনুরুদ্ধ হইলে মহাপরিচালক কোন ব্রিগেড হইতে প্রয়োজনীয় সংখ্যক সদস্য ও সরঞ্জামাদি পাঠাইতে পারিবেন এবং এইরূপ সেবার জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা কর্তৃপক্ষকে সার্ভিস চার্জ হিসাবে নির্ধারিত ফিস প্রদান করিতে হইবে।

১১। **অগ্নি নির্বাপণের কাজে পানি ব্যবহার বাধা প্রদান নিষিদ্ধ।**— অগ্নি নির্বাপণের জন্য প্রয়োজন হইলে সংশ্লিষ্ট এলাকার কোন ডোবা, পুকুর, নালা বা লেক হইতে পানি ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট মালিক, দখলদার বা অন্য কোন ব্যক্তি কোন প্রকার বাধা প্রদান করিতে পারিবেন না।

১২। **প্রবেশ, ইত্যাদির ক্ষমতা।**—এই আইন বা বিধির বিধানাবলী এবং লাইসেন্সের শর্তাবলী যথাযথভাবে পালিত হইতেছে কিনা তাহা যাচাইয়ের জন্য মহাপরিচালক বা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে সাধারণ বা বিশেষভাবে ক্ষমতাপ্রাপ্ত অধিদপ্তরের চাকুরীতে কর্মরত কোন ব্যক্তি কোন ভবন বা স্থানে নির্ধারিত পদ্ধতি এবং সময়ে প্রবেশ, প্রয়োজনীয় পরিদর্শন, জরিপ, পরীক্ষা-নিরীক্ষা ও পরিমাপ করিতে এবং অন্যান্য তথ্য সংগ্রহ করিতে পারিবেন।

১৩। **অগ্নিকান্ডের তদন্ত, ইত্যাদি।**— (১) মহাপরিচালক যে কোন অগ্নিকান্ডের তদন্ত করিতে বা করাইতে পারিবেন এবং এইরূপ তদন্ত পরিচালনাকালে তদন্ত কর্মকর্তা যে কোন ব্যক্তিকে তলব বা সমন করিতে পারিবেন এবং প্রয়োজনে অগ্নিকান্ডের সহিত সংশ্লিষ্ট আলামত জব্দ করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন তদন্তের ১৫ (পনের) দিনের মধ্যে তদন্তকারী কর্মকর্তা তৎসম্পর্কে মহাপরিচালকের নিকট লিখিতভাবে তদন্ত প্রতিবেদন দাখিল করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের অনুলিপি কোন ব্যক্তি বা বীমা কোম্পানীসহ যে কোন কর্তৃপক্ষকে, নির্ধারিত হার ও পদ্ধতিতে ফিস প্রদান সাপেক্ষে, সরবরাহ করা যাইবে।

১৪। **ব্রিগেডের সাহায্যে সহায়তা প্রদানকারী সংস্থা ইত্যাদি।**— মহাপরিচালক বা ব্রিগেডের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক মৌখিক বা অন্যভাবে অনুরুদ্ধ হইলে, সহায়তা প্রদানকারী সংস্থাসহ যে কোন ব্যক্তি, বা প্রতিষ্ঠান তাহার বা উহার পক্ষে সম্ভব সকল প্রকারে ব্রিগেডের অপারেশনাল কর্মকান্ডে প্রয়োজনীয় সাহায্য সহযোগিতা প্রদান করিবে।

১৫। **অধিদপ্তরের সদস্য শ্রমিক হিসাবে গণ্য না হওয়া।**— অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, অধিদপ্তরের কোন কর্মকর্তা ও কর্মচারী Industrial Relations Ordinance, 1969 (XXIII of 1969) এর বিধান মোতাবেক শ্রমিক হিসাবে গণ্য হইবেন না এবং তাহারা কোন ট্রেড ইউনিয়নের সদস্য হইতে পরিবেন না।

১৬। **জনসেবক।**— এই আইনের অধীনে কর্মরত যে কোন ব্যক্তি এবং অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণ Penal Code, 1860 (Act XLV of 1860) এর section 21 এ public servant (জনসেবক) কথাটি যে অর্থে ব্যবহৃত হইয়াছে সে অর্থে public servant (জনসেবক) বলিয়া গণ্য হইবেন।

১৭। **ধারা ৪ এর বিধান ভংগের শাস্তি।**— যদি কোন ব্যক্তি ধারা ৪ এর অধীন লাইসেন্সপ্রাপ্ত না হইয়া কোন ভবন বা স্থানকে মালগুদাম বা কারখানা হিসাবে ব্যবহার করেন, তাহা হইলে তিনি অন্যূন ৩ (তিন) বৎসরের কারাদন্ড এবং ইহার অতিরিক্ত অর্থ দন্ডেও দন্ডনীয় হইবেন এবং উক্ত ভবন বা স্থানের যাবতীয় মালামাল বাজেয়াপ্তযোগ্য হইবে।

১৮। **লাইসেন্সের শর্ত পালন না করার শাস্তি।**— কোন ব্যক্তি এই আইনের অধীন প্রদত্ত লাইসেন্সের কোন শর্ত পালন করিতে ব্যর্থ হইলে তিনি, এই আইনের বিধান সাপেক্ষে, অন্যূন ৬ (ছয়) মাসের কারাদন্ড এবং ইহার অতিরিক্ত অর্থ দন্ডেও দন্ডনীয় হইবেন।

১৯। **অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী এবং ধারা ১৪ এ বর্ণিত সহায়তা প্রদানকারী সংস্থা বা কর্তৃপক্ষের কাজে বাধা প্রদানের শাস্তি।**— যদি কোন ব্যক্তি অধিদপ্তরের কোন কর্মকর্তা বা কর্মচারী এবং ধারা ১৪ তে বর্ণিত সহায়তা প্রদানকারী সংস্থা, প্রতিষ্ঠান বা কর্তৃপক্ষকে তাহার বা, ক্ষেত্রমত, উহার কার্য-সম্পাদনে ইচ্ছাপূর্বক বাধা প্রদান করেন বা অপারেশনাল কাজে ব্যবহৃত সাজ-সরঞ্জাম বা গাড়ী, এ্যাম্বুলেন্স, ইত্যাদি ভাংচুর করেন, তাহা হইলে তিনি অন্যূন ১ (এক) বৎসর এবং অনূর্ধ্ব ৭ (সাত) বৎসরের কারাদন্ড এবং ইহার অতিরিক্ত অর্থ দন্ডেও দন্ডনীয় হইবেন।

২০। **শাস্তির ব্যবস্থা করা হয় নাই এই রকম অপরাধের শাস্তি।**— কোন ব্যক্তি যদি এমন কোন কাজ করেন বা করিতে বিরত থাকেন যাহা এই আইনের কোন বিধান বা বিধানের অধীন প্রদত্ত কোন আদেশ বা নির্দেশ অমান্য করার সামিল কিন্তু তজ্জন্য এই আইনে কোন স্বতন্ত্র দন্ডের ব্যবস্থা রাখা হয় নাই, তাহা হইলে তিনি অন্যূন ১ (এক) বৎসরের কারাদন্ড এবং ইহার অতিরিক্ত অর্থ দন্ডেও দন্ডনীয় হইবেন।

২১। **দাহ্যবস্তু সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, বাছাইকরণ, সংকোচন, ইত্যাদির শাস্তি।**— যদি কোন ব্যক্তি এই আইন বা নির্ধারিত বিধান লংঘন করিয়া কোন ভবন বা স্থানে দাহ্যবস্তু সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, সংকোচন বা বাছাই করেন, তাহা হইলে তিনি অন্যূন ২ (দুই) বৎসরের কারাদন্ড এবং ইহার অতিরিক্ত অর্থ দন্ডেও দন্ডনীয় হইবেন এবং উক্ত দাহ্যবস্তু সরকার বরাবরে বাজেয়াপ্ত যোগ্য হইবে।

২২। **ক্ষতিপূরণ ইত্যাদির দাবী অগ্রহণযোগ্য।**— ধারা ৫ এর অধীন প্রদত্ত কোন আদেশের ফলে লাইসেন্সপ্রাপ্ত কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে তিনি তজ্জন্য, অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, কোন ক্ষতিপূরণ দাবী করিতে পারিবেন না বা তৎকর্তৃক প্রদত্ত কোন ফিস ফেরত চাহিতে পারিবেন না।

২৩। **কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন।**— এই আইনের অধীন কোন বিধান লংঘনকারী ব্যক্তি যদি কোম্পানী হয়, তাহা হইলে উক্ত লংঘন যে কার্য সম্পর্কিত সেই কার্যের দায়িত্বে নিয়োজিত উক্ত কোম্পানীর প্রত্যেক পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা এজেন্ট উক্ত বিধান লংঘন করিয়াছেন বলিয়া গণ্য হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত লংঘন তাহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা লংঘন রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

ব্যাখ্যা— এই ধারায়—

(ক) "কোম্পানী" বলিতে কোন সংবিধিবদ্ধ সংস্থা, বাণিজ্য প্রতিষ্ঠান, সমিতি বা সংগঠনকে বুঝাইবে; এবং

(খ) বাণিজ্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে, "পরিচালক" বলিতে উহার কোন অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যকেও বুঝাইবে।

২৪। **অপরাধ বিচারার্থ গ্রহণ, ইত্যাদি।**— (১) মহাপরিচালক বা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তির লিখিত অভিযোগ ছাড়া কোন আদালত এই আইনের অধীন কোন অপরাধ বিচারের জন্য গ্রহণ করিবে না।

(২) অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন দন্ডনীয় অপরাধ আমলযোগ্য বা ধর্তব্য (cognizable) অপরাধ হইবে।

২৫। **সরল বিশ্বাসে কৃত কাজকর্ম রক্ষণ।**— এই আইন বা বিধির অধীন সরল বিশ্বাসে কৃত কাজের ফলে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হইলে বা ক্ষতিগ্রস্ত হইবার সম্ভাবনা থাকিলে তজ্জন্য ব্রিগেড বা অধিদপ্তরের কোন কর্মকর্তা বা কর্মচারী অথবা অন্য কোন সংস্থার বিরুদ্ধে দেওয়ানী বা ফৌজদারী মামলা বা, অন্য কোন আইনগত কার্যক্রম গ্রহণ করা যাইবে না।

২৬। **ক্ষমতা অর্পণ।**— মহাপরিচালক, প্রয়োজনবোধে এবং তৎকর্তৃক নির্ধারিত শর্ত সাপেক্ষে, এই আইনের অধীন তাহার উপর অর্পিত যে কোন ক্ষমতা বা দায়িত্ব লিখিত আদেশ দ্বারা অধিদপ্তরের অন্য কোন কর্মকর্তাকে বা, ক্ষেত্রমত, ডেপুটি কমিশনারকে অর্পণ করিতে পারিবেন।

২৭। **প্রতিবেদন।**— (১) প্রতি বৎসর ৩১শে আগস্ট এর মধ্যে মহাপরিচালক তদকর্তৃক পূর্ববর্তী বৎসরের সম্পাদিত কার্যাবলীর খতিয়ান সম্বলিত একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবেন।

(২) সরকার, প্রয়োজনবোধে, মহাপরিচালকের নিকট হইতে যে কোন সময়ে অধিদপ্তরের যে কোন বিষয়ের উপর প্রতিবেদন এবং বিবরণী আহ্বান করিতে পারিবে এবং মহাপরিচালক উহা সরকারের নিকট সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

২৮। **বিধি প্রণয়নের ক্ষমতা।**— (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

(২) বিশেষ করিয়া, এবং উপ-ধারা (১) এর সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া, সরকার নিম্নবর্ণিত যে কোন বিষয়ে বিধি প্রণয়ন করিতে পারিবে, যথা ঃ—

(ক) ব্রিগেড সদস্যদের নিয়োগ, শৃঙ্খলা ও চাকুরীর অন্যান্য শর্তাদি ;

(খ) ব্রিগেড সদস্যদের প্রশিক্ষণ ;

(গ) লাইসেন্স সম্পর্কিত এমন কোন বিষয় যাহা অন্য কোন ধারায় সুস্পষ্টভাবে উল্লেখ করা হয় নাই ;

(ঘ) লাইসেন্স নবায়ন পদ্ধতি এবং এতদুদ্দেশ্যে লাইসেন্সধারী কর্তৃক পালনীয় শর্তাবলী ;

(ঙ) অগ্নি প্রতিরোধ, নির্বাপণ ও জননিরাপত্তা ব্যবস্থা ও উদ্ধার কার্য সম্পর্কিত পদ্ধতি নিরূপণ ;

(চ) অপারেশনাল কর্মকান্ডে ব্রিগেডের দায়িত্ব ও কার্যাবলী নির্ধারণ ;

(ছ) এই আইনের আওতা বহির্ভূত এলাকায় অগ্নি নির্বাপণ সার্ভিস প্রদানের জন্য সার্ভিস চার্জ সম্পর্কিত বিষয়াবলী ;

(জ) কোন ভবন বা স্থানে প্রবেশক্রমে জরিপ, পরীক্ষা-নিরীক্ষা, পরিদর্শন, পরিমাপ ইত্যাদি সম্পর্কিত বিষয়াবলী ;

২৯। **অগ্নি নির্বাপণ অধিদপ্তর**।— (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে অগ্নি নির্বাপণ ও বেসামরিক প্রতিরক্ষা অধিদপ্তর নামে একটি অধিদপ্তর থাকিবে, যাহার প্রধান হইবেন একজন মহাপরিচালক।

(২) মহাপরিচালক সরকার কর্তৃক নিযুক্ত হইবেন এবং তাহার চাকুরীর শর্তাদি সরকার কর্তৃক স্থিরীকৃত হইবে।

(৩) মহাপরিচালকের পদ শূন্য হইলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোন কারণে মহাপরিচালক তাহার দায়িত্ব পালনে অসমর্থ হইলে শূন্য পদে নবনিযুক্ত মহাপরিচালক কার্যভার গ্রহণ না করা পর্যন্ত কিংবা মহাপরিচালক স্বীয় দায়িত্ব পালনে সমর্থ না হওয়া পর্যন্ত, সরকার কর্তৃক মনোনীত কোন ব্যক্তি মহাপরিচালক রূপে দায়িত্ব পালন করিবেন।

(৪) অধিদপ্তরের কার্যাবলী সুষ্ঠুভাবে পালনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতি ও শর্তে নিয়োগ করা হইবে।

(৫) মহাপরিচালকের দায়িত্ব হইবে, এই আইন এবং Civil Defence Act, 1952 (XXXI of 1952) এর উদ্দেশ্য পূরণকল্পে প্রয়োজনীয় কার্যাদি এবং সরকার কর্তৃক প্রদত্ত অনুরূপ অন্যান্য কার্য সম্পাদন করা।

৩০। **রহিতকরণ ও হেফাজত**।— (১) Fire Service Ordinance, 1959 (E.P.Ord. No. XVII of 1959), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিত হইবার সঙ্গে সঙ্গে—

(ক) Fire Service and Civil Defence Department, অতঃপর বিলুপ্ত Department বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে ;

(খ) বিলুপ্ত Department এর সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুবিধাদি এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল দাবী ও অধিকার অধিদপ্তরে হস্তান্তরিত হইবে এবং অধিদপ্তর উহার অধিকারী হইবে ;

(গ) বিলুপ্ত হইবার অব্যবহিত পূর্বে বিলুপ্ত Department এর যে সকল ঋণ, দায় এবং দায়িত্ব ছিল তাহা অধিদপ্তরের ঋণ, দায় এবং দায়িত্ব হইবে ;

(ঘ) বিলুপ্ত হইবার পূর্বে বিলুপ্ত Department কর্তৃক অথবা উহার বিরুদ্ধে দায়েরকৃত যে সকল মামলা-মোকদ্দমা চালু ছিল, সেই সকল মামলা-মোকদ্দমা অধিদপ্তর কর্তৃক অথবা অধিদপ্তরের বিরুদ্ধে দায়েরকৃত বলিয়া গণ্য হইবে ;

(ঙ) বিলুপ্ত Department এর মহাপরিচালক এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীর চাকুরী অধিদপ্তরে হস্তান্তরিত হইবে এবং তাঁহারা সরকার বা ক্ষেত্রমত, মহাপরিচালক কর্তৃক নিযুক্ত কর্মকর্তা ও কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং তাঁহারা

এই হস্তান্তরের পূর্বে যে শর্তে চাকুরীতে নিয়োজিত ছিলেন, অধিদপ্তর কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে অধিদপ্তরের চাকুরীতে নিয়োজিত থাকিবেন ;

(চ) উক্ত Ordinance এর অধীন প্রণীত সকল বিধি, আদেশ, প্রজ্ঞাপন বা নোটিশ, এই আইনের বিধানাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

কাজী রকিবউদ্দীন আহমদ
সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।